বাংলা ভাষায় আরবি-ফারসি-তুর্কি-হিন্দি (উর্দু) শব্দের অভিধান

কাজী রফিকুল হক*

[গত সংখ্যার পর]

তন্‌হা—বিণ. ক্রি-বিণ., একাকী। [তন্‌হা تنها ফা.]। **তন্‌হাই**— বি. নিঃসঙ্গতা, একাকীত্ব, নির্জনতা। [তন্‌হাঈ تنہائی ফা.]।

তন্দুর—বি. পাউরুটি ইত্যাদি সেঁকার চুল্লী (তন্দুরে পাকায় রুটি নুহুর ঘরনী—হেয়াত)। [তন্নুর تنّور আ. এবং ফা.]।

তন্দুরস্ত—বিণ. সুস্থ, নীরোগ (উভয়েই তন্দুরস্ত শরীর — শওকত)। [তন্‌দুরস্ত تندرست ফা.]। **তন্দুরস্তি**—বি. স্বাস্থ্য, সুস্থতা। [তন্‌দুরস্তী تندرستی ফা.]।

তপাস—বি. খোঁজ, অন্বেষণ, অনুসন্ধান, তালাশ (খুল্লনা চলিল বন্দি দুধের তপাসে —কঙ্কণ)। [তফহ্‌হুস تفحّص আ.]।

তফছির, তফছীর—দ্র. **তফসীর**।

তফরা—অব্য. তড়পান, আছাড়পিছাড়, অস্থিরতা, উল্লম্ফন, লাফালাফি, দাপাদাপি (প্রলয়তুফানে জেলে ডিঙ্গির তফরা খাওয়ার মত — কালীসিং)। [তফ্‌রহ্‌ طفرہ আ.]।

তফসিল, তফসীল, তফশিল, তফশীল—বি. বিবরণ, তালিকা (সুবার উসুল তহসিল সুমার তফশিল ওয়াকিফ হএন—রামরাম)। [তফসীল تفصیل আ.]।

তফসিলী—১বি. তফসিল ভুক্ত সম্প্রদায়

তফসির—দ্র. **তফসীর**।

তফসীর, তফসির, তফছির, তফছীর—বি. ব্যাখ্যা (তাঁহার জীবনী কোরআন শরিফের একটি বৃহৎ তফছির স্বরূপ—আহসানুল্লাহ্‌)। [তফসীর تفسیر আ.]।

তফাত্‌, তফাৎ—১বি. দূরত্ব, দূরবর্তী স্থান (প্রায় বিশজন লোক দশ হাত তফাত থেকে সাঁ সাঁ করে চলে গেল—মশাররফ)। ২বি. পার্থক্য, প্রভেদ, ব্যবধান, অন্তর (মানুষে মানুষে নাহিক তফাৎ— সত্যেন্দ্র)। ৩বি. পৃথক (যতনের খাটুনি, অযতনের খাটুনি দুয়ের ফল তফাত—অবনীন্দ্র)। ৪বিণ. দূরগত (তফাত হওয়া)। ৫বিণ. আলাদা (তফাত করা আনারসগুলো তোমার)। [তফাওত্‌ تفاوت আ.]।

তফিল—দ্র. **তহবিল**।

তবক—বি. সোনা বা রূপার সূক্ষ্মপাত (সুগন্ধি পান তৈয়ার করিয়া সোনার তবকে মোড়াইয়া— শিরাজী)। [তবক্‌ طبق আ.]।

তবন—দ্র. **তহ্‌বন্দ**।

* অবসরপ্রাপ্ত অধ্যক্ষ, সরকারি বি.এল. কলেজ, খুলনা।

তবররক, তবর্‌রুক—বি. প্রসাদ, পুণ্যবান ব্যক্তির স্পর্শ-পূত খাদ্যাদি (ভক্ষণ আমি করেছি-ও; তবে সে তবর্‌রক জ্ঞানে—ইব্রাহিম)। [তবর্‌রুক تبرک আ.]।

তবল$_১$—বি. কুড়াল, কুঠার। [তবর تبر ফা.]। **তবলাদার**—বি. কুঠারী, কাষ্ঠছেদনকারী, কাঠুরিয়া। [তবরদার تبردار ফা.]।

তবল$_২$—দ্র. **তবলা**।

তবলচী—বি. তবলবাদক, ঢুলি। [তব্‌ল طبل আ. + চী তু.]।

তবলা, তবল$_২$—১বি. একদিকে চর্মাবৃত একপ্রকার বাদ্যযন্ত্র বি.। ২বি. বৃহদাকার ঢাক বিশেষ। [তবলহ্‌ طبله আ.]।

তবলীগ—বি. প্রচার, ধর্মপ্রচার (শিক্ষা প্রচারকে তারা তবলীগের কাজ মনে করতেন—ইব্রাহিম)। [তবলীগ تبليغ আ.]।

তবাহ্‌—দ্র. **তাবা**।

তবিঅৎ—দ্র. **তবিয়ত**।

তবিব, তবীব—বি. চিকিৎসাশাস্ত্রে অভিজ্ঞ, চিকিৎসক, হাকীম, তিব্বী চিকিৎসাশাস্ত্রবিৎ (এমরান খেদমত করে, দাওয়া পানি তবিব আনিয়া—হামজা)। [তবীব طبيب আ.]।

তবিয়ত, তবিয়ৎ, তবিঅৎ, তবীয়ত—১বি. স্বাস্থ্য, শারীরিক অবস্থা (আপনার তবিয়ত ভাল তো—ইমদাদ)। ২বি. মিযাজ, মানসিক অবস্থা (এ-সব দেখে তবিয়ত খোশ হয়ে যায়)। [তবীঅ'ত طبيعت আ.]। **বহালতবিয়ত**—বি. সুস্থদেহে ও সজ্ঞানে, আনন্দের সহিত (খোশপোষাকে সজ্জা করি বহাল তবিয়ত—হেম)। [بحال ফা.+—]

তবিল—দ্র. **তহবিল**।

তবীব—দ্র. **তবিব**।

তবীয়ত—দ্র. **তবিয়ত**।

তমগা, তমঘা, তকমা, তখমা—বি. মেডেল, পদক, সম্মান-সূচক খেতাব, [তম্‌গাহ্‌ تمغه আ.]। **তমগা-তাবিজ, তকমা-তাবিজ**—বি. পরিচয়পত্র, পদবী, Certificate (ভদ্রলোকের তকমা-তাবিজ ছিঁড়ে—রবীন্দ্র)। [—আ. + ত'বীয় تعويز আ.]।

তমদ্দুন—বি. নাগরিকতা, নগর সভ্যতা, সভ্যতা, সংস্কৃতি (আরবীই হবে আমাদের তমদ্দুনের ভাষা—আবু রুশদ)। [تمدّن আ.]। বিণ. **তমদ্দুনিক**।

তমবীহ—দ্র. **তম্বি**।

তমসুক—বি. ঋণের দলিল, ঋণস্বীকারপত্র, খত। [তমস্‌সুক تمسّک আ.]। **বন্ধকী তমসুক্‌**—বি. বন্ধক নামা, বন্ধকী খত, mortgage deed. [বন্‌ধক بندھک হি.+ ঈ (বাং) + —আ.]।

তমাদি—দ্র. **তামাদি**।

তমাম—দ্র. **তামাম**।

তমিজ, তমীয—বি. বিবেচনা, সম্ভ্রমবোধ, ভদ্রব্যবহার (মুসলমান পরিবারে এসে আদবকায়দা, লেহাজ তমিজ তাহজিব আখলাক শিখে সভ্য হয়ে যায়—শিরাজী)। [তমীয্‌ تميز আ.]।

তমীয—দ্র. **তমিজ**।

তম্বি, তম্বী, তম্বিহ, তমবীহ—১বি. ভর্ৎসনা, তিরস্কার, তর্জনগর্জন (আমাকে বহুৎ তম্বিহ করেন—মনসুর)। ২বি. জুলুম, তাড়না, শাসন। [তম্বীহ্‌ تنبيه আ.] **তম্বিতম্বা, তম্বিতাম্বি**—বি. ভর্ৎসনা, তর্জনগর্জন (অনেক তম্বিতম্বার পর, একে একে সমস্ত কথা বাহির হইয়া পড়িল—সুকুমার)।

তম্বু—দ্র. **তাঁবু**।

তম্বুরা, তাম্বুরা—বি. তানপুরা, প্রাচীন বাদ্যযন্ত্র বিশেষ (পুরাতন তম্বুরাটি গেলাপ পরাইয়া বন্ধুহীন বৃহৎ সংসারে বাহির হইয়া পড়িলেন— রবীন্দ্র)। [তম্বুরাহ্ تنبورہ ফা.]।

তম্বুরিন—বি. তানপুরা (খানাপিনা গান আর তম্বুরিনের বাজনা— মনোজ)। [তম্বুরিন تنبورین ফা.]।

তযদিক—দ্র. **তজদিগ**।

তয়খানা—দ্র. **তহ্‌খানা**।

তয়নাত—১বি. নিয়োগ। ২বি. সিপাহী, সৈন্যদল। [ত'ঈনাত্ تعینات আ.]। **তয়নাতি** —১বি. কর্মে নিয়োগ। ২বি. নির্ধারিত কর্ম। ৩বি. নিযুক্ত সৈন্যদল। [ত'ঈনাতী تعیناتی আ.]।

তয়ফা—১বি. নাচওয়ালীর দল, নর্তকীদল। ২বিণ. নর্তকীসুলভ (তারে ঘিরে অপ্সরীরা তয়ফা নেচে যায়—সত্যেন্দ্র)। [তায়্‌ফহ্ طائفہ আ.]।

তয়ম্মুম, তৈয়াম্মুম, তৈয়ম্মম— ১বি. পানি অভাবে উযুর পরিবর্তে ধুলোবালি দিয়ে বিধিমতে পবিত্র হওয়া (তাহাদেরি সেই খাকেতে খালেদ করিয়া তয়ম্মুম, বাহিরিয়া এস — নজরুল)। [তয়ম্মুম্ تیمّم আ.]।

তয়ের—দ্র. **তৈয়ার**।

তর১— বিণ. ভিজা, সিক্ত। [তর্ تر ফা.]।

তর২— বিণ. প্রকারের, ধরনের (কেমনতর লোক)। [তরহ্ طرح আ.]। **তরো-বেতরো**—বিণ. নানা প্রকারের, হরেক রকম (আলোর নিশেন ঝুলছে — চৌকো লম্বা চওড়া সরু তরো-বেতরো — অবনীন্দ্র)। [তরহ্ বতরহ্ طرح بطرح আ.]।

তরক্—বি. লঙ্ঘন, পরিত্যাগ (তরক্ করেছিলি তোরা কে কে ভোগ-বিলাস—নজরুল)। [তর্‌ক্ ترک আ.]।

তরকচ—দ্র. **তরকশ**।

তরকশ, তোরকশ তোরকস, তরকচ—বি. তূণীর, বাণাধার যার ভিতরে তীর থাকে (নেজাগোর্জ কামান তোরকস ভরা তীর — হামজা)। [তীরকশ্ تیرکش ফা.]।

তরকারি, তরকারী—১বি. আনাজ, ব্যঞ্জন রন্ধনের উপযুক্ত শাক-সব্জী ইত্যাদি, Vegetable, ফলমূল। ২বি. ব্যঞ্জন, রাঁধা তরকারি (তোর তরকারিতেও সরকারি কোন্ ট্যাক্স বুঝি বসে— নজরুল)। [তরকারী ترکاری হি.]।

তরক্কি, তরক্কী—বি. উন্নতি (সমাজের তরক্কির জন্য দরকার তিনটি জিনিসের—এস. ওয়াজেদ; খোদা, দাও সে ঈমান, সেই তরক্কী, দাওসে একিন— নজরুল)। [তরক্‌ক্কী ترقی আ.]।

তরকিব, তরকীব—বি. কৌশল, প্রণালী, ব্যবস্থা; একাধিক বস্তুর সংযোগে অন্য বস্তু প্রস্তুত-ব্যবস্থা। [তরকীব ترکیب আ.]।

তর্‌কে মাওয়ালাত—বি. অসহযোগিতা, non-co-operation (শরীফ ঘরের মুসলমানদের উচিত অন্তত:পক্ষে তার সঙ্গে তরকে মাওয়ালাত ... করা —ইমদাদ)। [তর্‌ক্-ই-মোওয়ালাত ترک موالات আ.]।

তর্‌গীব—বি. উৎসাহ, প্রেরণা, প্ররোচনা (কোনো কাজে তরগীব দেওয়া)। [ترغیب আ.]।

তরজমা, তর্জমা,—বি. অনুবাদ, ভাষান্তর। [তর্‌জমহ্ ترجمہ আ.]।

তরজা—বি. কবিগান জাতীয় লোক-সঙ্গীত বিশেষ, এতে দুটি দলের মধ্যে শ্লোকের মাধ্যমে পরস্পরকে আক্রমণ

প্রতি আক্রমণ চলে। [তর্‌জী' ترجيع আ.]।

তরতফাৎ—বি. ভেদাভেদ, পার্থক্য। [তর্‌তফাওত ترتفاوت আ.]।

তরতাজা—১বিণ. নবীন, জীবন্ত, টাটকা। [তর্‌তাযহ্‌ ترتازه ফা.]।

তরতিব, তরতীব, তর্তিব—১বি. ক্রম, পর্যায়, একটার পর একটা এই নিয়ম (তরতিব করিয়া আনে খিলাইতে খানা—হামজা)। ২বি. শৃংখলা, নিয়ম। ৩বি. ব্যবস্থা, ধারা (মদিনাতে জেয়ারত মোস্তফার গোর করিয়া তর্তিব ভাবে— আলাওল)। [তর্‌তীব ترتيب আ.]।

তরফ—১বি. পক্ষ (তার আগের তরফের বিবির এক মেয়ে ছাড়া কেউ নেই)। ২বি. দিক, পার্শ্ব, প্রান্ত (খোদার তরফ থেকে)। ৩বি. জমিদারের খাজনা আদায়ের মহাল (তরফ কাশিমপুর)। ৪বি. জমিদারীর অংশ বা তার মালিক (বড় তরফ)। [তরফ طرف আ.]। **তরফসানী**—বি. দ্বিতীয় পক্ষ, দ্বিতীয়া স্ত্রী। [—ছানী ثانى আ.]।

তরফদার—১বি. তরফের রাজস্ব আদায়কারী লোক, গোমস্তা। ২বি. দলের বা পক্ষের লোক। ৩বি. উপাধি বিশেষ। [তরফ্‌ طرف আ.+ দার· دار ফা.]।

তরফা—১বিণ. দিকের বা পক্ষের (এক তরফা)। ২বিণ. একপেশে। [তরফ্‌ طرف আ.]।

তরিবৎ—দ্র. **তরবিয়ত**।

তরবিয়ত, তরিবৎ—বি. শিক্ষাদীক্ষা, সভ্যতা-ভব্যতা শিক্ষা। [তরবিয়ত تربيت আ.]।

তরবুজ—দ্র. **তরমুজ**।

তরমিম, তরমীম—বিণ. সংশোধন, পুন:পরীক্ষা (যা হয়েছে তা হচ্ছে তরমিম ডিক্রি—প্রমথ)। [তর্‌মীম ترميم আ.]।

তরমুজ, তরবুজ—বি. ফুটি জাতীয় সরস ফল বিশেষ। [তরবূয্‌ تربوز ফা.]।

তর্‌সান/তরসানো—ক্রি. দুঃখ দেওয়া, জ্বালাতন করা, মিথ্যা আশায় রাখা (মরা জান্‌কে এ মিছে তর্‌সানো আর— নজরুল)। [তর্‌সানা ترسانا হি.]।

তরাজ, তারাজ—বি. লুণ্ঠন, ধ্বংস (মল্লুক তারাজ করে তামাম লস্কর—হামজা) [তারাজ تاراج ফা.]।

তরাজু, তরাজু, তারাজু—বি. তুলাদণ্ড, দাঁড়িপাল্লা, নিক্তি (তরাজুতে তুলিয়া তৌলেতে আদেশিল—আলাওল) [তরায়্‌ ترازو ফা.]।

তরানা—বি. সুর, সঙ্গীত, উদ্বোধন সঙ্গীত বা কবিতা (মোগলাই সংগীতের তরানা—এনামুল)। [তরানাহ্‌ ترانه ফা.]।

তরাস—বি. ত্রাস, ভয়, শংকা (তরাস নেই— ফজলল)। [তর্‌স্‌ ترس ফা.]।

তরিকা, তরীকা—বি. পদ্ধতি, পথ, পন্থা, নিয়ম, প্রণালী (চার তরিকা মানিয়া চলিতে হয়—মনসুর)। [তরীক্বহ্‌ طريقه আ.]।

তর্জমান, তর্জ্জমান—বি. অনুবাদক, ব্যাখ্যাতা, interpreter (নিজেকে চেনো, হও তুমি ভাই আল্লা-তালার তর্জমান—মোস্তফা)। [তর্জুমান ترجمان আ.]।

তর্তিব—দ্র. **তরতিব**।

তলওয়ার—দ্র. **তলোয়ার**।

তলপ—দ্র. **তলব**।

তলব, তলপ (বিরল)—১বি. ডেকে পাঠানো, হাজির হওয়ার হুকুম, আহ্বান। ২বি. বেতন (এ জন্য তলব কিছুই মিলিতনা—শেখ হাবিব)। [طلب আ.]।

তলবার—দ্র. **তলোয়ার**।

তলাও—দ্র. **তলাব**।

তলাক—দ্র. **তালাক**।

তলাব, তালাব, তলাও, তালাও— বি. পুকুর, দীঘি (ভরিয়া উঠিবে তলাব— পূগী; পুরান তালাবের ঘাটলায়— ইব্রাহিম)। [তালাব تالاب ফা.]।

তলাশ, তলাস, তালাশ, তালাস, তল্লাশ, তল্লাস— বি. খোঁজখবর, অনুসন্ধান (লোকে তল্লাস করিয়া দিল্লী যাইতেছে— টেকচাঁদ)। [তলাশ تلاش আ.]। **তল্লাশী, তল্লাসী**— ১বি. অনুসন্ধানের কাজ, তল্লাস। ২বি. অনুসন্ধানের অধিকার সংবলিত পত্র (তল্লাসী পরোয়ানা)। **খানা তল্লাশ**— বি. অবৈধভাবে লুকানো কোনো লোক বা বস্তুর খোঁজে কারো ঘরে বা আস্তানায় অনুসন্ধান। [খানহ্ خانه ফা. + আ.]।

তলোয়ার, তলওয়ার, তলবার— বি. তরবারি, অসি (পেয়ালায় হেথা শহিদী খুন, তলোয়ার-চোঁয়া তাজা তরুণ— নজরুল; তল্ওয়ার নাই, বহিছে কটিতে কেবল শূন্য খাপ— নজরুল)। [তল্ওয়ার تلوار হি.]।

তল্লাক— দ্র. **তালাক**।

তল্লাশ, তল্লাস— দ্র. **তলাশ**।

তশ্‌ত— বি. হাত ধোয়ার বড় পাত্র বিশেষ, চিলিম্‌চি। [তশ্‌ত تشت ফা.]।

তশ্‌তরি, তশতরী— বি. ছোট রেকাবি, পিরিচ (চালের ফিরনী তশ্‌তরী ভরি— নজরুল)। [تشتری ফা. অথবা طشتری ফা.]।

তশবিহি, তশবীহি— বিণ. বাহ্যিক আকৃতিগত উপমা দেওন ('তশবিহি' রূপ এই যদি তাঁর 'তনজিহি' কিবা হয়— নজরুল)। [তশ্‌বীহ্ تشبیه আ.+ঈ.]।

তশরিফ, তশরীফ, তসরিফ, তসরীফ— ১বি. মহত্ত্ব-দান : ২বি. উপস্থিত, পদার্পণ, হাজির (মেহেরবাণী করে তশরিফ আনুন অর্থাৎ দয়া করে আসুন)। (তশরীফ রাখুন অর্থাৎ বসতে আজ্ঞা হোক)। [তশরীফ تشریف আ.]।

তশাহ্‌হুদ— দ্র. **তস্‌হুদ**।

তসদিক, তস্‌দীক— দ্র. **তজদিগ**।

তসনস— দ্র. **তছনছ**।

তস্‌নীফ, তছনীফ— বি. রচনা, প্রণয়ন, গ্রন্থন। [তসনীফ تصنیف আ.]।

তসবি, তসবী, তস্‌বিহ্, তসবীহ্ তছবি, তছবিহ্, তছবী— ১বি. মুসলমানি জপমালা, আল্লাহ্‌র নাম বা দো'আ-দরূদ পাঠের সময় নির্দিষ্ট সংখ্যা গণনার জন্য দানাগুটির মালা বিশেষ (তসবি'তে জপি যত তার নাম তত ঝরে আঁখিনীর— নজরুল)। ২বি. নামের স্মরণ, জিকির (হজরতের নাম তসবি ক'রে, যাবরে মিস্‌কিন বেশে— নজরুল)। [তস্‌বীহ تسبیح আ.]।

তসবির, তসবীর— বি. ছবি, চিত্র, প্রতিকৃতি, প্রতিমূর্তি, Photo(মঞ্জিলে এনে দেখাইলে কার অপরূপ তসবির— নজরুল)। [তস্‌বীর تصویر আ.]।

তসবী, তসবীহ্— দ্র. **তসবি**।

তসরিফ, তসরীফ— দ্র. **তশরিফ**।

তসরুফ, তসরুপ— দ্র. **তছরুপ**।

তসলিম, তসলীম— ১বি. মুসলমানি প্রথার অভিবাদন, সালাম (মরণের তব স্মরণ তীর্থে মরমের তসলীম— শাহাদাত; সেই মুসলিম থাকে যদি কেউ, তসলিম করি

তারে— নজরুল)। ২বি. বাদশাহের দরবারে অবনত হ'য়ে শ্রদ্ধা নিবেদনের পদ্ধতি বি.। **তসলিমাৎ, তসলিমাত**— বি. বারবার সালাম, সালামসমূহ। [তস্‌লীমাত تسليمات আ.]।

তসল্লি, তসল্লী— বি. সান্ত্বনা, প্রবোধ (কত সে ক্লান্ত বেদনাদগ্ধ মুসাফির এরই মূলে, বসিয়া পেয়েছে মা'র তসল্লি, সব গ্লানি গেছে ভুলে— নজরুল)। [তসল্লী تسلّى আ.]।

তসহদ, তশাহ্‌হুদ— বি. সাক্ষ্যবাণী, আমি সাক্ষ্য দিই যে আল্লাহ্ ছাড়া উপাস্য নেই, আরো সাক্ষ্য দিই যে, মুহম্মদ (সঃ) তাঁর বান্দা ও রসুল (চতুর্থে তসহদ আত্তাহিয়াত পড়ায়— হেয়াত)। [তশহ্‌হুদ تشهّد আ.]।

তসিল— দ্র. **তহসিল**।

তস্ত— বি. তশতরি, পাত্র, থালা (সুবর্ণের তস্তে করি দিল তার আগে— হেয়াত)। [তশ্‌ত্ تشت ফা.]।

তহ্— ১বি. খরচ, খাজনা, Toll । ২বি. ভাঁজ, তল, নীচু। [তহ্ تَه ফা.]। **তহ্-ই-বাজারি**— বি. বাজারে বা হাটে কোন কিছু বিক্রি করতে গেলে যে ইজারাদারকে খাজনা দিতে হয়। [— বাযারী بازاری ফা.]। **তহ্‌খরচ, ত-খরচ**— বি. হিসাবের অতিরিক্ত খরচ, বাজে খরচ, আনুষঙ্গিক খরচ। [خرچ تَه ফা.]।

তহকিক, তহ্‌কিক, তহকীক— ১বি. সত্য নির্ণয়ের চেষ্টা, তদন্ত, গবেষণা। ২ক্রি-বিণ. বাস্তবিক (নহেত আলীর হাতে হারাইবে জান। তহকিক জানিবে আজি মউত নিদান— হামজা)। [তহক্বীক্ব تحقيق আ.]।

তহ্‌খানা, তয়খানা, তায়খানা— বি. মাটির নীচে ঘর, ভূগর্ভস্থিত কক্ষ (বালাখানায় ও তহ্‌খানায় লোক পরিপূর্ণ— রামরাম)। [তহ্‌খানাহ্ تَه خانه ফা.]।

তহফা, তোহ্‌ফা— ১বি. তোহ্‌ফা, উপহার, উপঢৌকন (বিস্তর বিস্তর তহফা আদি দিয়া বাদশাহের হুজুরে দরপেস হইলেন— রামরাম)। ২বি. উপহারযোগ্য অতি উৎকৃষ্ট বস্তু। ৩বিণ. উৎকৃষ্ট, খাসা। [তুহ্‌ফহ্ تحفه আ.]।

তহ্‌বন্দ, তবন— বি. নিম্নাঙ্গের পরিচ্ছদ, লুঙ্গি (পরনে গেরুয়া তহবন্দ— শওকত;, স্বামীর পরনে মারকিনের তবন— মশাররফ)। [তহ্‌বন্দ تَه بند ফা.]।

তহবিল, তহবীল/তবিল, তফিল— বি. সঞ্চিত নগদ টাকাকড়ি, ধনভান্ডার, পুঁজি (চাকুরির তবিলে জমা ছিল না কিছু— অচিন্ত্য)। [তহ্‌বীল تحويل আ.]। **তহবিলদার/ তবিলদার**—বি. জমা টাকার হেফাজতকারী, কোষাধ্যক্ষ, Cashier। [— দার دار ফা.]। **তহবিলদারি / তবিলদারি** — বি. তহবিলের কাজ, কোষাধ্যক্ষের কাজ।

তহমত, তোহ্‌মৎ— বি. অপবাদ, মিথ্যা দোষারোপ বা দুর্নাম (আমি তাহাদিগের লেখাপড়ার ও ঔষধপত্রের জন্য বিশেষ ব্যয় করিতেছি, আবার আমার উপর এই তহমত— টেকচাঁদ; কেন ওসমান, সরকার তোমার নামে এই তহমত দিতেছে— মনসুর)। [তুহ্‌মত

تهمت আ.]। **তহমতী**— ১বিণ. অপরাধী। ২বিণ. আসামী।

তহরিমা, তহরীমা— ১বি. নামাজের প্রারম্ভে আল্লাহু আকবর বলে বুকে হাত বেঁধে নামাজের নিয়ত করা (আসরে ক্লান্ত ঢুলিয়াছি শুধু বৃথা তহ্‌রিমা বেঁধে — নজরুল)। ২বি. হাজীদের হজের উপযোগী কাপড় পরা। [তহ্‌রীমহ্ تحريمه আ.]।

তহরির, তহ্‌রীর— বি. লেখা, রচনা। [তহরীর تحرير আ.]।

তহশিল— দ্র. তহসিল।

তহসিল, তহশিল, তসিল, তহ্‌সীল— ১বি. আদায়কৃত খাজনা। ২বি. খাজনা আদায় (পুঁজিপতিদের টাকা তহ্‌সিলের ব্যবস্থা করিলেন; তহশিল সম্বন্ধে পূর্বে এত কষাকষি কোনো দিন ছিল না— রবীন্দ্র)। ৩বি. খাজনা আদায়ের বা দাখিলের দফতর। [তহ্‌সীল تحصيل আ.]। **তহসিলদার**— ১বি. তহসিলের ভারপ্রাপ্ত কর্মচারী। ২বি. খাজনা আদায়কারী। [তহ্‌সীলদার تحصيل دار আ.+ফা]। **তহসিলদারি, তহসীলদারী**— বি. তহসিলদারের কাজ।

তহুরা— ১বি. পাক পবিত্রতা, বিশুদ্ধ। ২বি. বেহেশ্‌তী সুরা, পবিত্র মদ (দাঁড়ায়ে র'বে ল'য়ে তহুরার পিয়ালা— নজরুল)। [তুহ্‌রাতুন طهرة আ.]।

তহুরা-শরাব— বি. বেহেশ্‌তের পবিত্র পানীয় বিশেষ, পবিত্র সুরা (কওসর বারি তহুরা-শরাব তুমি পান কর, জুড়াও বুক—মোহিত)। [শরাবন্‌তুহ্‌রাতুন شرابًا طهرة আ.]।

তা—বি. একগোটা, কাগজের সম্পূর্ণ একফালি (এক তা কাগজ)। [তহ্ তه ফা.]।

তাইদ— ১বি. তাকিদ, তাগাদা। ২বি. স্মারকলিপি, reminder. ৩বি. সহায়তা, পক্ষপাতিত্ব, সমর্থন। ৪বি. পৃষ্ঠপোষকতা। ৫বি. সমর্থক প্রমাণপত্র। [তাঈদ تعيد আ.] **তাইদ-ই-দাওয়া**— বি. দাবীর সমর্থক প্রমাণ পত্রাদি। [— দ'ওয়া دعوىٰ আ.]। **তাইদ এজাহার**— ১বি. পৃষ্ঠপোষক বিবরণ। ২বি. সমর্থক বিবৃতি। [— ইয্‌হার اظهار আ.]। **তাইদগির**— সহায়ক, সাহায্যকারী। [— গীর]। **তাইদনবীশ**— বিণ. তাইদ লেখক (ভজগোবিন্দ চক্রবর্তী নামে একজন তাইদনবীশ সেই কালেক্টরী অফিসে থাকে— বঙ্কিম)। [— নবীস نويس ফা.]। **তাইদনবীশি**— বি. তাইদ লেখকের বৃত্তি।

তাইদাদ— দ্র. তায়দাদ।

তাওক্কাল— দ্র. তওয়াক্কল।

তাওয়া— ১বি. রুটি প্রভৃতি আগুনে সেঁকার জন্য ধাতুনির্মিত পাত্র বিশেষ। ২বি. তুষ, কাঠ, কয়লা ইত্যাদির আগুন জ্বালিয়ে রাখার জন্য মাটির পাত্র বিশেষ। ৩বি. ধূমপানের কলিকায় তামাকের উপর বসাবার চাকতি বিশেষ। [তাওয়াহ্ تاوه ফা.]।

তাওয়াক্‌কুল— দ্র. তওয়াক্কল।

তাঁবু, তাম্বু, তম্বু— ১বি. বস্ত্রগৃহ, শিবির, tent (তাম্বু খাড়া করিবার চিন্তিত উপায়— হেয়াত; ওমর খৈয়ামের পিতা তাম্বু নির্মাণ করতেন— এস. ওয়াজেদ)। [তম্‌বু تنبو হি.]।

তাঁবে, তাবে—বি. অধীন (ওঁদেরই তাঁবে আছি—মনোজ)। [তাবি' تابع আ.]। **তাঁবেদার, তাবেদার**— ১বি. অধীন বা অনুগত ব্যক্তি। ২বি. ভৃত্য। ৩বিণ. আজ্ঞাবহ, অধীন (কুল মখলুক তাঁবেদার তোর কাহারে ডরিস বল্— শাহাদাত)। [তাবি'দার تابعدار আ. + ফা.]। **তাঁবেদারি, তাবেদারি**— বি. অধীনতা, তাবেদারের কাজ (বুদ্ধি আত্মার তাঁবেদারি করেছে— মোতাহের)। [— আ. + দারী داری ফা.]।

তাক— বি. থাক, দেয়াল, আলমারি প্রভৃতিতে জিনিসপত্রাদি রাখার জন্য তক্তা দিয়ে তৈরী দ্রব্যাধার বিশেষ, shelf। [তাক্ تاق আ.]।

তাকওয়া— বি. ধর্মনিষ্ঠা, পরহেজগারী, কর্তব্যনিষ্ঠা। [তাক্ওয়া تقوىٰ আ.]।

তাকত, তাকৎ, তাকদ, তাগত— বি. শক্তি, ক্ষমতা, সামর্থ্য, বল (উঠিয়া পথ্য করিবার তাকত নাই— বিদ্যা)। [তাক্ত طاقت আ.]।

তাকতঈ— বি. স্বাস্থ্যরক্ষা সম্পর্কে বিধিনিষেধ, শরীর রক্ষা বিষয়ে যত্ন ও সাবধানতা। [তাকীদ تاكيد +তঈীহ্ تنبيه আ.]।

তাকনিমে— বিণ. আধচাওয়া, চোখ অর্ধেক বন্ধ করে দেখা। [তাক تاک হি.+নীম نيم ফা.]।

তাকাদা— দ্র. তাগাদা।

তাকাবি, তাকাবী— দ্র. তগাবি।

তাকাব্বরি, তকাব্বরী, তাকব্বরি, তাকাব্বরী, তাকাব্বুরি— দ্র. তকব্বরি।

তাকিদ, তাকীদ— দ্র. তাগিদ।

তাখাল্লুস— দ্র. তখল্লুস।

তাগড়া, তাগড়াই— বিণ. নবীন ও বলিষ্ঠ, লম্বা চওড়া (সে তাগড়া জোয়ান— মুজতবা)। [তগড়া تگڑا হি.]।

তাগত— দ্র. তাকত।

তাগা— ১বি. উপর হাতে পরিধান করার অলঙ্কার বিশেষ, অনন্ত। ২বি. হাত কোমর প্রভৃতি শরীরের বিভিন্ন স্থানে বাঁধার মন্ত্রপূত তাবীয্-মাদুলি ইত্যাদি। ৩বি. ভোর, সর্পাঘাত ইত্যাদিতে রক্ত চলাচল রোধ করার বন্ধনী (শিরে কৈল সর্পাঘাত কোথায় বাঁধবি তাগা— কৃত্তিবাস)। [তাগা, ধাগা تاگا، دھاگا হি.]।

তাগাড়— ১বি. অট্টালিকা ইত্যাদি নির্মাণের জন্য চুন-সুরকি ইত্যাদি পানিতে মিশিয়ে প্রস্তুত মসলা। ২বি. ঐ মসলা প্রস্তুত করার পাত্র। ৩বি. ধানের চারা রোপণ করবার সময়ে কর্ষিত ভূমিতে জল সিঞ্চন দিয়ে যে কাদা তৈরী করা হয়। [তগার تغار ফা.]।

তাগাদা, তাকাদা, তকাজা— ১বি. স্মরণ করিয়ে দেওয়া। ২বি. বারংবার কিছু দিতে অনুরোধ, প্রাপ্য বস্তু বারংবার দাবী (টেকার তাগাদা করিতে করিতে আমাদের পায়ের বাঁধন ছিঁড়িয়া গেল— টেকচাঁদ)। [তক্বাযা تقاضا আ.]।

তাগারী— বি. বৃহৎ গামলা বিশেষ, বৃহৎ রন্ধনপাত্র। [তগারী تغاری ফা.]।

তাগিদ, তাকিদ, তাকীদ— ১বি. কোন কাজের জন্য বারবার অনুরোধ, পীড়াপীড়ি, আদেশ (এখান হইতে খাজনার তাগিদে যায়— রামরাম; তুই আপনাকে আজ বিলিয়ে দে শোন্ আস্‌মানী তাকিদ— নজরুল)। ২বি. জরুরী প্রয়োজন। ৩বি.

প্রেরণা (ভিতরের তাগিদে যে মানুষ কর্ম করেছে তার লক্ষ্য মনিব নয়— অবনীন্দ্র)। [তাকীদ تاكيد আ.]।

তাছাওফ— দ্র. তাসাওফ।

তাছির, তাছীর, তাসির— বি. প্রভাব, ফলাফল, কার্যকারিতা, ছাপ (তাছির হয় যেন কিছু আমার ক্রন্দনের— মোস্তফা)। [তাছীর تاثير আ.]।

তাজ— ১বি. মস্তকের আবরণ বিশেষ, টুপি। ২বি. মুকুট. crown (সম্রাটের রত্নময়ী তাজ— সত্যেন্দ্র)। **তাজমহল**— বি. মোগল সম্রাট শাহ্‌জাহান কর্তৃক সম্রাজ্ঞী মমতাজ মহল-এর স্মৃতিরক্ষার্থে আগ্রায় নির্মিত স্বনামধন্য মর্মর প্রাসাদ। [তাজমহল تاج محل আ.]।

তাজা— ১বিণ. টাটকা, সদ্য (পেয়ালায় হেথা শহিদী খুন, তলোয়ার-চোঁয়া তাজা তরুণ—নজরুল)। ২বিণ. সদ্য, নতুন (তাজা খবর)। ৩বিণ. জীবন্ত (তাজা মাছ)। ৪বিণ. সতেজ, স্ফূর্তিযুক্ত (তাজা প্রাণ, তাজা মন)। [তাযহ্ تازه ফা.]। **তাজা-ব-তাজা**— বিণ. নবনব, নূতন সজীব, প্রাণোচ্ছল (স্বাধীনতা পরে হবে আগে গাও 'তাজা-ব-তাজা'র বাঁশি— নজরুল)। [তাযহ্-ব-তা-যহ্ تازه بہ تازه ফা.]।

তাজাল্লী— দ্র. তজল্লী।

তাজি, তাজী— ১বি. আরবী ঘোড়া, উৎকৃষ্ট স্বাস্থ্যবান অশ্ব (তিন লক্ষ তাজা তাজি তুরগী তুরঙ্গ— ঘন)। ২বিণ. বেগবান তেজীয়ান ঘোড়া (আরবী তাজীর পিঠে সে যে বেঁধেছে চলবার ঘর— ফররুখ)। [তাযী تازى ফা.]।

তাজিম, তাযীম— ১বি. সম্মান, সম্ভ্রম, শ্রদ্ধা, আদব (খালেদ! খালেদ! তাজিমের সাথে ফরমান পড়ে চুমি— নজরুল)। ২বি. সমাদর (তাজিম করিয়া তারে, বসায় বিছানা পরে— হামজা)। ৩বি. ভদ্রতা, শিষ্টতা। [তা'যীম تعظيم আ.]।

তাজিয়া, তা'যিয়া— বি. মুহররমের মিছিলে বাহিত হাসান হোসেনের নকল কবর (ঐ যে মহরমের নিশান তাজিয়া দেখা যায়— রোকেয়া)। ২বি. শোক। ৩বি. শোকে সান্ত্বনা। [তা'যিয়া تعزيه আ.]।

তাজী—দ্র. **তাজি**।

তাজ্জব— ১বি. বিস্ময় (আমার তাজ্জব লেগে গেছে— রবীন্দ্র)। ২বিণ. বিস্ময়কর, অদ্ভুত (তাজ্জব ব্যাপার)। ৩বিণ. বিস্মিত (সে তাজ্জব হয়ে গেল— হাবীব)। [তা' আজ্জুব تعجّب আ.]।

তাঞ্জাম— ১বি. পাল্কী, শিবিকা (চলে আঞ্জাম. দোলে তাঞ্জাম— নজরুল)। ২বি. সুসজ্জিত চতুর্দোলা (তাঞ্জাম ভরা আঞ্জাম এযে কিছুই রাখেনি বাকী— নজরুল)। [তাম্‌ঝাম্ تام جهام হি.]।

তাব— বিণ. তাপ, উত্তাপ, শক্তি, ক্ষমতা। [তাব تاب ফা.]।

তাবা, তবাহ্— বি. ধ্বংস, বিধ্বস্ত (কত উজ তাতে ডুবে ম'ল হায়, কত নূহ হল তাবা —নজরুল)। [তবাহ্ تباه ফা.]।

তাবিজ, তাবীয— ১বি. বাহুর অলঙ্কার বিশেষ। ২বি. কবচ, মাদুলি (ভয় নাই তোর গলায় তাবিজ বাঁধা যে রে তোর পাক্ কোরান— নজরুল)। [ত'বীয تعويذ আ.]।

তাবিন—দ্র. তাবেঈন।

তাবির, তাবীর— বি. আলোচনা, ব্যাখ্যা (তজকিরা তাবির আজি শুনিল শ্রবণে— হেয়াত)। [ত'বীর تعبير আ.]।

তাবীয— দ্র. তাবিজ।

তাবে— দ্র. তাঁবে।

তাবেঈন, তাবিন—১বি. আজ্ঞাবাহকগণ। ২বি. অনুসারিগণ, অধীনস্থ (সাবেঈন্ তাবেঈন হয়ে চিল্লায় জোর "ওই ওই নাবে দীন্!"— নজরুল)। ৩বি. হযরত মুহম্মদ (সঃ) -এর প্রত্যক্ষ অনুসারীদের অনুসারী। ৪বি. অনুসরণ করা (তৃতীয় রেকাত পড়ে এমাম যখন, তাহার তাবিন করে উচিত যেমন— হেয়াত)। [তাবি'ঈন تابعين আ.]। এক. **তাবি'ঈ, তাবেয়ী** (তাবেয়ীদের যুগ— আকরম)।

তাবুত, তাবূত— ১বি. শবাধার, কফিন (মৃতদেহের সদগতি উপাসনা (জানাজা) করাইতে তাবুতশায়ী করাইয়া সাধারণের সম্মুখে আনয়ন করিলেন— মশাররফ)। ২বি. তাযিয়া বা কবরের প্রতীক। ৩বি. পতাকা, নিশানা। [তাবূত تابوت আ.]।

তামতানাওল— বি. খাওয়া-দাওয়া (কোন কোন স্থলে বিবাহের পূর্বেই তামতানাওলের ব্যবস্থা থাকে— মোস্তফা)। [ত'আম তনাবুল طعام تناول আ.]।

তামদারি—বি. আপ্যায়ন, অভ্যর্থনা, ভোজন করানো (অভ্যর্থনার আয়োজনের এক পয়সাও সরকার সাহেবের তামদারীর তহবিল হইতে খরচ না হয়— মনসুর)। [ত'আমদারী طعامداری আ+ ফা.]।

তামাচা, তামেচা— বি. থাপ্পড়, চপেটাঘাত (বেয়াদবের দুই গালে দুটি তামেচা না লাগলে— ইব্রাহীম; কুদিয়া যাইয়া জোরে তামেচা মারিল তার গালে— হামজা)। [তমাঁচহ্ تمانچه ফা.]।

তামাদি, তমাদি— ১বি. দাবি করার নির্দিষ্ট সময়ে উত্তরে যাওয়া (এই তামাদির মুখে বিস্তর টাকা বাকি পড়বে— রবীন্দ্র)। ২বিণ. দাবি করার যে নির্দিষ্ট সময় উত্তরে গিয়েছে এমন, time-barred (তামাদি দলিল)। [তমাদী تمادی আ.]।

তামান্না— বি. আশা, অভিলাষ, বাসনা, আকাঙক্ষা, কামনা (শোন, তামান্না আমার—তালিম)। [তমান্না تمنّا আ.]।

তামাম, তমাম— ১বিণ. সমগ্র, সমস্ত, সমুদয় (ময়দানে হইল খাড়া তামাম ফউজ— হামজা)। ২বিণ. সম্পূর্ণ, শেষ। [তমাম تمام আ.]। **তামামি, তামামী**— বি. অবসান, সমাপ্তি (তামাম সালের সাল্‌তামামী হয়নিরে তোর মোটেই মনের মত— সত্যেন্দ্র)। [তমামী تمامی আ. +ফা.]।

তামাশা, তামাসা— ১বি. খেলা, বাজি (আপনারা পাশে দাঁড়াইয়া বেশ তামাশা দেখাইতেছেন—মনসুর)। ২বি. প্রদর্শনী। ৩বি. কৌতুক, মজা, পরিহাস, ঠাট্টা (পাল্টা তামাশা করা তাঁহার অভ্যাস ছিল না—বরকত)। [তমাশা تماشا আ.]।

তামিল— ১বি. সম্পাদন, মান্য, রক্ষা, পালন (একটু পরে ভেতরে গেল হুকুম তামিল করবার জন্য— আজাদ)। ২বিণ. অনুষ্ঠিত, পালিত, সম্পাদিত (হুকুম তামিল হওয়া)। [ত'মীল تعميل আ.]।

তামেচা—দ্র. তামাচা ।

তাম্বু— দ্র. তাঁবু ।

তায়খানা— দ্র. তহ্‌খানা ।

তাযিয়া— দ্র. তাজিয়া ।

তাযীম— দ্র. তাজিম ।

তায়দাদ, তাইদাদ—১বি. সংখ্যা, পরিমাণ (জিনিসপত্রের অমন ঠিক ঠিক তায়দাদ করতে বুড়োরাও পারেনা— নরেন্দ্র)। ২বি. সীসা। ৩বি. জমির চৌহদ্দি বা চতু:সীমার বিবরণ সম্বলিত দলিল। [ত'দাদ تعداد আ.]।

তায়ারিখ— দ্র. তওয়ারিখ ।

তার— ১বি. ধাতুনির্মিত সূত্র বা রজ্জু (তামার তার; টেলিগ্রামের তার; সেতারের তার)। ২বি. টেলিগ্রাম (জরুরী তার পেয়ে চলে গেছে)। [তার تار হি.]।

তারাজ— দ্র. তরাজ ।

তারাজু— দ্র. তরাজু ।

তারাবি, তারাবী, তারাবীহ— বি. রমজান মাসের বিশ রাকাত বিশেষ নামাজ যা সমগ্র মাসব্যাপী এশার নামাজান্তে পড়া হয় এবং সাধারণত সেই নামাজের মধ্যে ইমাম সাহেব সমস্ত কুরআন শরীফ আবৃত্তি করেন (তারাবি নামাজ পড়িতে যাইব মোল্লা বাড়িতে আজ— জসীম)। [তরাবীহ্‌ تراويح আ.]। **খতম তারাবীহ**— যে তারাবীহতে রমজান মাসের ত্রিশ রাতে কোরআন শরীফ সম্পূর্ণ পাঠ করা হয়। [ختم تراويح আ.]।

তারিফ, তারিপ, তারীফ— ১বি. প্রশংসা, বাহবা, সুখ্যাতি (আমার নবী মোহাম্মদ, যাঁহার তারিফ জগতময়— নজরুল)। [তা'রীফ تعريف আ.]।

তালকিন— বি. দীক্ষা, শিক্ষা, ধর্মোপদেশ (মোহাম্মদ হানিফা তারে করেন তালকিন— হামজা)। [তল্‌ক্বীন تلقين আ.]।

তালাও— দ্র. তলাব ।

তালাক, তল্লাক, তাল্লাক, তলাক— বি. মুসলমানদের বিবাহ-বিচ্ছেদ (ছাড়িনু ছাড়িনু বুলি কহে তিনবার, তল্লাক করিয়া ছাড়ে সভার মাঝার— হেয়াত)। [তলাক্ব طلاق আ.]। **তালাকনামা**— বি. স্ত্রী-পরিত্যাগপত্র, বিবাহবিচ্ছেদপত্র (মুখের কথা কেন, তালাকনামা এখনই লিখিয়া দিতেছি— মশাররফ)। [তলাক্ব طلاق আ.+ নামহ্‌ نامه ফা.]।

তালাফি, তালাফী— ১বি. খবরদারী, আদরযত্ন (আপন দেহের দেলে করিয়া নজর, তালাফি করিবে তারে বেটি বরাবর— হামজা)। ২বি. পরিচর্যা, সেবা। ৩বি. ক্ষতিপূরণ। [তলাফী تلافي আ.]।

তালাব— দ্র. তলাব ।

তালাশ, তালাস— দ্র. তলাশ ।

তালিকা— বি. নির্ঘন্ট, ফর্দ, লিস্ট, list [ত'লীক্বহ্‌ تعليقه আ.]।

তালিব— বি. বিণ. শিক্ষার্থী, প্রার্থী, অনুসন্ধানকারী, প্রশ্নকারী ছাত্র(নবীর খাদেম আমি দীনের তালিব— হামজা)। [طالب আ.]।

তালিম, তালীম— বি. শিক্ষা, উপদেশ (কাফির আমানউল্লাহ্‌ তালিম পেয়ে কাফির হয়ে গিয়েছে— মুজতবা)। [ত'লীম تعليم আ.]। **তালিমী** —

বিণ. তালিম বা শিক্ষা বিষয়ক। [ত'লীমী تعليمى আ.]।

তালীম— দ্র. তালিম।

তালুক— ১বি. জমিদারী, সরকার বা জমিদারের কাছ থেকে বন্দোবস্ত ক'রে নেয়া সম্পত্তি (তালুক-মুলুক যা আছে সব মণির নামে লিখে দাও— রবীন্দ্র)। ২বি. ভূসম্পত্তি। [ত'আল্লুক্বহ تعلقه আ.]। **তালুকদার**—বি. তালুকের মালিক। **তালুকদারি**—বি. তালুকদারের বৃত্তি বা জমিদারী। **তালুকদারী**— বিণ. তালুক, তালুকদার বা তালুকদারি সংক্রান্ত। [— دارى ফা.]।

তালেনামা — ১বি. ভাগ্যনির্দেশক পুস্তক (হুকুম করিল বাদশা নজ্জুমে ডাকিয়া, তালেনামা দেখ সবে রমল খুলিয়া— হামজা)। [তালি' طالع আ.+ نامه ফা.]।

তালেব আলেম, তালের এলম, তালেবুল ইল্‌ম, তালিবুল ইল্‌ম— বি. ছাত্র, বিদ্যার্থী, শিক্ষার্থী, জ্ঞানান্বেষী (হাদিস কোরান পড়ার জন্য চারিদিক হইতে তালেবুল ইল্‌ম এই মাদ্রাসায় আসিয়া থাকে— মনসুর)। [তালিব 'ইল্‌ম্ طالب علم আ.]।

তালেবর— ১বিণ. সৌভাগ্যবান, প্রতিপত্তিশালী, গণ্যমান্য (পেটে অসীম এলেম তুখোড় ছোকরা তালেবর ব্যক্তি— মুজতবা)। ২বিণ. ধনী। [তালি طالع আ.+ওয়র ور ফা.]।

তাল্লাক— দ্র. তালাক।

তাসাওফ, তাসাওওফ, তাছাওফ— বি. সুফী মতবাদ, সুফিদের সাধনা (তাছাওফের যে নূরানী ইল্‌মে তনুমন একাকার— ফররুখ)। [তসওউফ্ تصوّف ফা.]।

তাসির— দ্র. তাছির।

তাহজিব, তাহযীব— বি. শিষ্টাচার, ভব্যতা, সভ্যতা, ভদ্রতা। [তহ্‌যীব্ تهذيب আ.]।

তাহজিল, তাহযিল— বি. লাঞ্ছনা, অসম্মান, শাস্তি, অপমান (না দিলে জওয়াব তারে করিল তাহযিল— হামজা)। [তাহ্‌জীল تهجيل আ.]।

তাহযীব— দ্র. তাহজিব।

তাহাজ্জত, তাহাজ্জদ, তাহাজ্জুদ— বি. শেষ রাতের নফল নামাজ বিশেষ (শেষ রাত্রিতে আমি তাহাজ্জতের নামাজ পড়িতে উঠি— নজিবর)। [তহজ্জুদ্ تهجّد আ.]।

তিজারত, তিজারৎ, তিজারতি, তিজারতী— দ্র. তেজারত।

তিলাওত, তেলায়ত—বি. পাঠ, আবৃত্তি, সম্ভ্রম সহকারে পাঠ, কোরআন মজীদ পাঠ (পবিত্র কোরান তেলাওতের পর— ওয়াসেক)। [তিলাওত تلاوت আ.]।

তিলিছমাত, তিলিসমাত — দ্র. তেলেসমাত।

তীর— বি. বাণ, শর। [তীর تير ফা.]। **তিরন্দাজ, তীরন্দায**—বি. বিণ. তীর নিক্ষেপক, ধনুর্ধর, ধানুকী। [তীরান্দায্ تيرانداز ফা.]।

তুগরা—দ্র. তোগরা।

তুজুক—দ্র. তুযুক।

তুঝ—সর্ব. তোর, তোমার। [তুঝ্হ্ تجھہ উ.]।

তুতী, তূতী—বি. স্ত্রী তোতাপাখী, সারী (তুতীকে নামাতে যদি পারে কেউ তীরের আঘাতে—ফররুখ)। [তূতী توتی ফা.]।

তুন্দ, তুন্দি, তুন্দী— ১বিণ. উগ্র।২বিণ. দ্রুত। ৩বিণ. তেজ [তুনদ্ تند ফা.]।

তুফান—১বি. ঘূর্ণিবাত্যা, প্রবল ঝড় (বিশ্বডুবান আসল তুফান উছ্‌লে উজান—নজরুল)। ২বি. ঝড়জনিত প্রবল ঢেউ, বন্যা। ৩বি. তুমুল ঝগড়া (চায়ের কাপে তুফান উঠেছে)। [তূফান طوفان আ.]।

তুবা১— ১বি. বেহেশ্‌তের বৃক্ষ বিশেষ (রেজওান গেল্‌মান দরক্ত তুবার —আলাওল)। [তূবা طوبیٰ আ.]

তুবা২—দ্র. তওবা।

তুযুক, তুজুক—১বি. বিধান। ২বি. প্রতিষ্ঠান। ৩বি.রাজসভা। ৪বি. গৌরব। ৫বি. রাজরচনা। [তুযুক تزک তু.]।

তুয়াক্কা— দ্র. তওয়াক্কা।

তুরক—১বি. তুর্কী জাতি (ঘুরছে ধাঁধায় হিন্দু তুরক লাঞ্ছনা আর সইছে গ্লানির বাণী—সত্যেন্দ্র)। ২বি. তুর্কী জাতীয় লোক, তুরস্কের লোক। [তুর্ক ترک তু.] **তুরক সওয়ার**—বি. অশ্বারোহী তুর্কী সৈন্য। [— + سوار ফা.]।

তুরকি—দ্র. তুর্ক।

তুরন্ত, তূরন্ত—ক্রি. বিণ. সত্বর, শীঘ্র, দ্রুত, বিলম্ব না করে (তুরন্ত শরাব আন সাকী—নজরুল)। [তুরন্ত ترنت হি.]।

তুরপুন, তুরপূন, তুরপন—বি. কাষ্ঠাদি ছিদ্র করার জন্য ছুতারের যন্ত্র বিশেষ, ভোমর (মাথার ভসভসে ঘিলুতে তুরপুন সিঁধোলো —মুজতবা)। [তর্‌ফান ترفان উ.]।

তুরুক—বি. তুরক, তুর্কী জাতীয় লোক (মা বাপ ছাড়িয়া মেলে তুরুকের সাথে, খারাব করিল মুঝে তুরুকের হাতে—হামজা)। [তুর্ক ترک তু.]।

তুর্ক, তুর্কী, তুর্কি, তুরকি—১বি. তুর্কী জাতি, তুরস্কদেশের লোক (তুরকিস্তানে তুরকি ভাসে আপনার —সুলতান)। ২বি. তুরস্কের ভাষা। ৩বিণ. তুরস্ক দেশীয়। [তুর্ক ترک তু.] **তুর্কিস্তান**—বি. তুরস্কদেশ। [তুর্কিস্তান ترکستان তু.+ফা.]।

তুলকালাম — বি. তুমুল ঝগড়া, বাগাড়ম্বর, দীর্ঘ আলোচনা। [তূল কলাম্ طول کلام আ.]।

তূতী—দ্র. তুতী।

তূরন্ত—দ্র. তুরন্ত।

তেগ—বি. তলোয়ার, তরবারি (জুলফিকার সে দু'খান হয়েছে, ও তেগ টুটেনি তবু—নজরুল)। [তেগ্ تیغ ফা.]।

তেগারি—বি. পাত্র (তেগারি ভরিয়া পানি দিল আগে লয়া—হেয়াত)। [তগার تغار ফা.]।

তেজ—১বিণ. তীক্ষ্ণতা, ঝাঁঝ। ২বি. শক্তি, বিক্রম, প্রতিপত্তি, প্রভাব, দর্প। ৩বি. দীপ্তি, উত্তাপ। [তেয্ تیز ফা.]।

তেজারত, তিজারত, তিজারৎ— ১বি. ব্যবসাবাণিজ্য। ২বি. সুদী কারবার। [তিজারত تجارت আ.]। **তেজারতি, তিজারতি**—বি. টাকাকাড়ির লেনদেন, সুদে টাকা লগ্নীকরণ, কুসীদবৃত্তি (সামান্য তেজারতি থেকে চালের কারবার

গড়ে তুলেছে—অচিন্ত্য)। [তিজারতী تجارتی ফা.]।

তেজি-মন্দি—বি. বাজারে দ্রব্যাদির মূল্যের হ্রাস বৃদ্ধি বা উঠানামা (তুচ্ছ বিষয়ে নির্লিপ্ত থাকিয়া কেনা বেচা তেজি-মন্দি আদায় উসুল ইত্যাদি —পরশু)। [তেযী মন্দী تیزی مندی ফা.]।

তেপায়া—দ্র. সেপায়া।

তেরিজ—১বি. অঙ্কের সমষ্টি বা যোগ (ঠাকুরানী এখন আয়ব্যয়ের হিসাব তাঁর কাছে বুঝিয়ে দিতে চান; সেই জন্যই তাঁর তেরিজ খারিজ শেখা দরকার—প্রমথ)। ২বি. বৃদ্ধি। [তা'রীয্ تعریض আ.]।

তেলায়ত—দ্র. তিলাওত।

তেলেছমাত—দ্র. তেলেসমাত।

তেলেসমাত, তেলেছমাত, তিলিসমাত, তিলিছমাত—১বি. যাদু। ২বি. আশ্চর্য (এযে দেখি তেলেসমাত ব্যাপার)। ৩বিণ. ভরপুর, মাতোয়ারা (শিরনি রাঁধেন বড়বিবি বাড়ী গন্ধে তেলেসমাত —নজরুল)। [তিলিস্‌মাত طلسمات আ.]। **তেলেছমাতি, তেলেসমাতি**—বিণ. ঐন্দ্রজালিক, যাদু সম্বন্ধীয় (কি দেখিলে কেহ তেলেছমাতি কারবার—হামজা)। [তিলিস্‌মাতী طلسماتی আ.]।

তেসরা, তেছরা—বি., বিণ. মাসের তৃতীয় তারিখ বা তারিখের। [তীস্‌রা تیسرا হি.]।

তৈয়ব—১বি. "আল্লাহ্‌ছাড়া কেহ উপাস্য নাই এবং মুহম্মদ আল্লাহর রসূল"—এই মতবাদ। ২বিণ. ভালো, পবিত্র (কলেমা তৈয়ব লেখা পৃষ্ঠের উপর—হেয়াত)। [তইয়ব্ طیّب আ.]।

তৈয়ম্মম, তৈয়াম্মুম—দ্র. তয়ম্মুম।

তৈয়ার, তয়ের, তৈয়ারি, তৈরী—১বিণ. প্রস্তুত, নির্মিত। ২বিণ. ব্যবহারোপযোগী (তিনি সাক্ষীদিগকে যেন পাখী পড়াইয়া তৈয়ার করেন—টেকচাঁদ)। ৩বিণ. শিক্ষাপ্রাপ্ত, যোগ্য, লায়েক (লোক তৈরী না হলে কাজ করবে কে?)। [তইয়ার طیّار আ.]।

তোক—বি. অপরাধীর হস্তবন্ধন শৃঙ্খল বিশেষ (লুঠি নিল নারী গাবী দিল বেড়ি তোক—ভারত)। [তওক্ব طوق আ.]।

তোকমা—দ্র. **তোকমারি**।

তোকমারি, তোকমা—বি. প্রধানত পুলটিসে ব্যবহৃত ইসবগুলের মত বীজ বিশেষ। [তুখ্‌ম-ই-রয়হান تخم ریحان ফা.+আ.]

তোগরা, তুগরা—বি. অলংকৃত আরবী লিপি বিশেষ, বাদশাহী স্বাক্ষর, দস্তখত, মোহর; [তুগ্‌রা طغرا ফা.]।

তোড়া—১বি. থলি (টাকার তোড়া)। ২বি. গোছা, তাড়া, স্তবক (ফুলের তোড়া)। ৩বি. পায়ের অলংকার বিশেষ [তুব্‌রহ্ طرّہ ؏ আ.]।

তোতা—বি. টিয়া, শুকপাখী [তোতা طوطا ফা.]।

তোপ—বি. আগ্নেয়াস্ত্র, কামান (তোর ঘুর চাকাতে বল-দর্পীর তোপ কামানের টুটুক্ জোর—নজরুল)।২বি. বন্দুক (গরজে কামান তোপ, গোলাগুলি ছোটে দিগ্বিদিকে —নজরুল)। [তোপ توپ ফা., তু.]। **তোপখানা**—বি. যেখানে কামান রাখা হয়, কামান শালা [توپ خانہ ফা.]। **তোপচি**—বি. যারা কামান দাগে, গোলন্দাজ। [توپچی ফা.+তু.]।

তোপচিনি, তোপচিনী—বি. চীন ও জাপানের একপ্রকার লতার মূল, চীনা মূল, China root। [চুব্ চীনী چوب چینی ফা.]।

তোফা, তোহফা—১বিণ. চমৎকার, অতি উপাদেয়, খুব সুন্দর বা ভাল (একটু জোরেই হেসে বললেন, তোফা! তোফা! ওগো আর এক কাপ চা দাও—নজরুল)। [তুহ্‌ফহ্ تحفه আ.]। দ্র. **তহফা**।

তোফাঙ্গ—বি. পিস্তল, হাতবন্দুক (অত:পর তোফাঙ্গ চালাইয়া দুইজনকে বধ করিলেন —শিরাজী)। [তফঙ্গ্ تفنگ ফা.]।

তোবড়া—১বি. ঘোড়ার দানা খাওয়ার থলি (গালে চুনকালি ওমরার গলে দেখেছে ঘোড়ার তোবড়া বাঁধা—সত্যেন্দ্র)। ২বিণ. চুপ্‌সান, টোল খাওয়া, শুকিয়ে কুঁকড়ে যাওয়া। [তূবরহ্ توبره ফা.]।

তোবা—দ্র. **তওবা**।

তোয়াক্কা—দ্র. **তওয়াক্কা**।

তোয়াজ—বি. স্বার্থসিদ্ধির জন্য যত্ন, আদর, খাতির, মনোরঞ্জন (সাহেব টাকার খাতিরে মুৎসুদ্দিকে তোয়াজ করেন— টেকচাঁদ)। [তওয়াযু' تواضع আ.]।

তোরকশ, তোরকস—দ্র. **তরকশ**।

তোররা—বি. পুষ্পগুচ্ছ, ফুলের তোড়া (প্যালানাথ বাবু আতোর, পান, গোলাব ও তোররা দিয়ে খাতির কল্লেন —কালীসিং)। [তুররহ্ طرّه আ.]।

তোশক, তোষক—বি. বিছানায় পাতবার তুলার গদি বিশেষ (ফরাস বিছানা করে শানানা গালিচা পরে পুষ্পমলি তোষক ডালে—হামজা)। [তোশক্ توشک তু.]।

তোশ্‌দান, তোসদান—বি. ভিক্ষার ঝুলি, ভোজদ্রব্যের থলি। [তুশ্‌দান্ توشدان ফা.]।

তোশা, তোষা, তোসা—বি. মূল্যবান জিনিসপত্র (রথ হস্তী আর কি কাজে তোষার কে বুড়া বলদ আছে — ভারত)। [তুশহ্ توشه ফা.]। **তোষাখানা, তোসাখানা**—বি. মূল্যবান জিনিসপত্র রাখার ভাণ্ডার (টাকা আর তোশাখানায় ধরছেনা — জগলুল)। [— + খানহ্ خانه ফা.]।

তোষক—দ্র. **তোশক**।

তোষা—দ্র. **তোশা**।

তোসদান—দ্র. **তোশদান**।

তোসা—দ্র. **তোশা**।

তোহফা—দ্র. **তোফা**।

তোহ্‌মৎ—দ্র. **তহমত**।

তোহর—বি. পবিত্রতা, স্ত্রীলোকের দুই ঋতুর মধ্যবর্তী কাল। [তুহ্‌র طهر আ.]।

তৌজ, তৌজি, তৌজী—বি. সৈন্য, প্রজা, জমিজমা খাজনার পরিমাণ ইত্যাদির তালিকা। [তওযীহ্ توضيح আ.]। **তউযীহ্ নবিস**—বিণ. তৌজি লেখক, কর্মচারী। [— + নবীস نويس ফা.]। **তৌজি-মহাল**—বি. যে মহাল কালেক্টরের রক্ষিত বিবরণ-পত্রের অন্তর্গত। [— + মহাল محال আ.]।

তৌফীক—বি. ক্ষমতা, শক্তি, সামর্থ্য (তৌফিক দাও খোদা ইসলামে মুসলিম জাহাঁ পুন: হোক আবাদ—নজরুল)। [তৌফীক্ توفيق আ.]।

তৌবা—দ্র. **তওবা**।

তৌরাত—দ্র. **তওরাত**।

তৌহিদ, তৌহীদ—দ্র. **তওহীদ**।

[থ]

থলি, থলী, থলিয়া, থলে—বি. বস্ত্র, চট প্রভৃতির দ্বারা নির্মিত ছোট ঝুলি, bag। [থয়্‌লী تھیلی হি.]।

থাক—বি. স্তর, শ্রেণী। ২বি. তাক, দেওয়াল, আলমারী ইত্যাদিতে দ্রব্যাদি রাখার খাঁজ বিশেষ। [তাক্ طاق আ.]। **থাকবস্তী**— জমির সীমাদি নির্ধারণ। [طاق بستی আ.+ ফা.]।

থান—বি. পাড়হীন সাদাধুতি (হঠাৎ দেখি এক চোখ-ঝলসানো সুন্দরী, বিধবার থান পরে—মুজতবা)। [থান تھان হি.]।

থাপড়, থাপ্পড়, থাপড়া, থাবড়, থাবড়া—বি. চড়, চাপড়, চপেটাঘাত। [থপ্পড় تھپڑ হি.]।

থাপ্পড়—দ্র. থাপড়।

থাবড়, থাবড়া—দ্র. থাপড়।

থোক—১বি. মোট, একুন (থোক টাকা)। ২বি. থোকা, গুচ্ছ। ৩বি. পাইকারী বা এককালে বিক্রয়। [থোক تھوک হি.]।

থোড়া—বিণ. অল্প, কিঞ্চিৎ, সামান্য (তোমার সাথে থোড়া বাতচিত্ আছে—মাইকেল)। [تھوڑا হি.]।

থোরি—বিণ. অল্প, একটু (থোরি দরশনে আশা না পুরণ—বিদ্যাপতি)। [থোড়ী تھوڑی হি.]

[দ]

দইয়ম, দুয়ম — বিণ. দ্বিতীয়। [দুওম্ دوم আ.]।

দওর, দৌর—বি. চক্র, পরিক্রমা, ঘূর্ণন (আলওদুদের পিয়ালার দৌর চলুক বিরামহীন—নজরুল)। [দওর دور আ.]।

দওরা—১বি. সেশন কোর্ট, সেশনের বিচার। ২বি. বৈঠক। ৩বি. পর্যটন। [দওরহ্ دورہ হি.]।

দওলত—দ্র. দৌলত।

দংগল, দঙ্গল— ১বি. দল, পাল, ভীড় (পিশাচের দঙ্গল সহসা গুরুভারে জেগে ওঠে—বুদ্ধদেব)। ২বি. অনুচর দল (দঙ্গল ফেরে সুলতানসহ উল্লাসে মাতোয়ারা—সত্যেন্দ্র)। ৩বি. কুশ্‌তী, মল্লযুদ্ধ, গোলমাল (দংগল বাঁধিলেও পুলিশকে বলা সহজ হইত যে ইহাতে চৌধুরী সাহেবের কোন হাত নাই—আফসার)। [দঙ্গল دنگل হি.]।

দঃ—দ্র. **দরুদ**।

দক্তি, দপ্তি —বি. বই বাঁধার শক্ত কাগজ বা বোর্ড, Pasfe board। [তখতী تختی ফা.]।

দখল—১বি. অধিকার, আয়ত্তি (বাদশা তোমার গোলাম জেনো, করেছ তার দিল দখল—সত্যেন্দ্র)। ২বি. ব্যুৎপত্তি, জ্ঞান, পটুত্ব (শাস্ত্রে যেমন দখল, পাপেও তেমন প্রবৃত্তি—বিদ্যা)। [দখল دخل আ.]। **দখল নামা**— বি. অধিকার সূচক দলিল, স্বত্বাধিকার প্রদায়ক আদেশ পত্র। [দখল دخل আ. +নামহ্ نامہ ফা.]। **দখলিদার, দখলদার**—বিণ. অধিকারী, দখল করে আছে এমন (বেহেশ্‌ত হুরীর দখলদার— নজরুল)। [— + দার ফা.]। **দখলি, দখলী**—বিণ. অধিকার ভুক্ত, দখলে আছে এমন (দখলি স্বত্ব)। [—+ই, ঈ বাং.]।

দঙ্গল—দ্র. **দংগল**।

দছমাল—বি. রুমাল, ন্যাকড়া (আমি এই ভাতটা দছমাল দিয়ে নামিয়ে নি—মোস্তফা)। [দস্‌ত্‌মাল دستمال ফা.]।

দজ্জাল—১বি. মিথ্যাবাদী। ২বি. দুর্দান্ত অত্যাচারী ও একচোখা লোক যে কেয়ামতের অব্যবহিত পূর্বে হযরত ইমাম মেহেদীর সময় জন্মগ্রহণ করে নিজকে খোদা বলে দাবি করবে ও বহুলোকের ঈমান নষ্ট করবে। ৩বিণ. দুর্দান্ত, অত্যাচারী (তোমার পিছনে মরিছে ডুবিয়া ফেরাউন দজ্জাল—নজরুল)। ৪বিণ. অবাধ্য, দুর্বিনীত, দস্যি, শাসনের বহির্ভূত (দজ্জাল মেয়ে)। [দজ্‌জাল دجّال আ.]।

দপ্তর, দপ্তরখানা, দপ্তরি, দপ্তরী—দ্র. **দফতর**।

দপ্তি—দ্র. **দক্তি**।

দফ্—বি. আরবী বাদ্যযন্ত্র বিশেষ (বালক বালিকারা দফ্ বাজাইয়া হযরতকে ঘেরিয়া ধরিল—মোস্তফা)। [দফ্ دف আ.]।

দফতর, দপ্তর—১বি. অফিস, কাছারি, কার্যালয়, কর্মস্থল। ২বি. অফিসের বা কাছারির কাগজপত্র। ৩বি. বাঁধা কাগজপত্র, কাগজপত্রের বাণ্ডিল (আমরা স্বতন্ত্র দফতরে হাদিস লিপিবদ্ধ করিয়াছিলাম—আকরম)। ৪বি. বইপুস্তক ও খাতাপত্র (অপু ভয়ে ভয়ে দপ্তর লইয়া বসে—বিভূতি)। [দফ্‌তর دفتر আ.]। **দফতরখানা, দপ্তর খানা**—১বি. অফিস, কার্যালয়, কাছারি, Secretariat (মহারাজের দস্তখতি হুকুমনামা দপ্তরখানায় রয়েছে—অবনীন্দ্র)। ২বি. পুরাতন নথিপত্র রাখার ঘর। [— + খানহ خانه ফা.]। **দফতরী, দপ্তরি, দপ্তরী**—১বি. দফতরের কাগজ, কালি কলম ইত্যাদির রক্ষক ও পরিবেশ, অফিসের নথিপত্র যে সাজিয়ে গুছিয়ে রাখে (আমার স্কুলে মেয়ে দফতরী দেওয়া যাবে—নজরুল)। ২বি. যে পুস্তক বাঁধাইয়ের ব্যবসা করে। ৩বি. পিয়ন, যে অফিসের কাগজে রুলটানে ও অন্যান্য ছোটখাট কাজ করে (কল্পনার যেখানে প্রসার নেই সেখানে রেখা শুধু দপ্তরীর রুল টানা আলোছায়া—অবনীন্দ্র)। [দফ্‌তরী دفترى আ.]।

দফন—দ্র. **দাফন**।

দফা—১বি. বার, কিস্তি, পালা, ক্ষেপ (এ অঙ্কের প্রতিটি দফা পরিশোধের জন্যে—মোতাহের)। ২বি. রকম, অবস্থা, গতিক (উপার্জিত খ্যাতিটির দফা, একেবারে রফা হইতেছে—বিদ্যা)। [দফ 'অহ্ دفعه আ.]: **দফাওয়ারি**—বিণ. দফা বা প্রকরণের অনুক্রম রক্ষা করে, যাতে প্রত্যেকটি দফা উল্লেখিত হচ্ছে এমন (দফাওয়ারি হিসাব)। [— + وار ফা. +ই বাং.]। **দফা রফা**—বি. একেবারে ধ্বংস বা বিনাশ। [— + রফ' رفع আ.]। **দফে, দফেদফে**—বিণ. বারে বারে। [দফ'অহ্ ওয়া দফ' اوهو دفعه آ.]।

দফাদার—১বি. চৌকিদারদের সর্দার (দফাদার জামাদার চলে সদীয়াল—ভারত)। ২বি. অশ্বারোহী সৈন্যের উচ্চ কর্মচারী বিশেষ। ৩বি. মজুরদের সর্দার। [দফ্'অহ্ دفعه আ. + দার دار ফা.]।

দফে, দফেদফে—দ্র. **দফা**।

দবদবা—১বি. প্রতাপ, প্রতিপত্তি, প্রভুত্ব। ২বি. ঢোল-শোহরতের গোলমাল। [দব্‌দবহ্ دبدبه আ.] **দবদবাই**—বি.

জাঁকজমক (শ্বশুরবাড়ীর দবদবাই না দেখালে চলছিল না—রশীদ)।

দবা—বি. দাওয়া, ওষুধ (কত দোয়া দবা দিনু তবু নাহি ছাড়ে— ভারত)। [দওয়া' دواء আ.]।

দবির-খাস—বি. নবাবি সরকারে খাস মুন্সী, Private Secretary। [দবীর دبير ফা. + খাস্‌স خاص আ.]।

দম—১বি. নি:শ্বাস প্রশ্বাস (দম বন্ধ হওয়া)। ২বি. প্রাণ, জীবন, প্রাণবায়ু, জীবনীশক্তি (দম বের হওয়া)। [দম্ دم ফা.]।

দমকল—১বি. পুকুর ইত্যাদি হতে পানি তোলার যন্ত্রবিশেষ, পম্প। ২বি. অগ্নিনির্বাপণের জন্য পানি নিক্ষেপণ-যন্ত্র বিশেষ, fire-engine (বুকের ভিতর জ্বলছে আগুন দমকল ডাক্ ওলো সই— নজরুল)। [দম دم ফা.+কল হি.]।

দম্‌দমা—বি. ধনুক, বন্দুক ইত্যাদির সাহায্যে রণকৌশল আয়ত্ত করার জন্য নির্মিত মৃত্তিকাস্তূপ, চাঁদমারির জন্যে তৈরী মাটির উঁচু ঢিবি। [দম্‌দমহ্ دمدمه ফা.]।

দমন—দ্র. **দামন**।

দমাদম— ক্রি. বিণ. অবিরাম, প্রতিমুহূর্ত, একটু পর পর (দমাদম কিল ও ঘুষি লাগালাম চোরটাকে)। [دما دم ফা.]।

দর-ইজারা—বি. ইজারাদারের অধীনস্থ ইজারা, নির্ধারিত মূল্যে লীজ (lease), দরপত্তনি। [দর্-ইজারহ دم اجارہ হি. + আ.]।

দরওয়াজা—দ্র. **দরজা**।

দরওয়ান—দ্র. **দরোয়ান**।

দরকার—বিণ. প্রয়োজন, আবশ্যক। [দরকার دركار ফা.]।

দরকসর—বি. দাম কমানোর জন্য ক্রেতা ও বিক্রেতার মধ্যে বাদানুবাদ (তখন বাদ দরকসর টাকায় বারো আনা—মুজতবা)। [দর্ در হি. + কসর قصر আ.]।

দরখ্‌ত্—বি. বৃক্ষ, গাছ। [দরখ্‌ত্ درخت ফা.]।

দরখাস্ত—১বি. আবেদনপত্র (দরখাস্ত পেশ করা)। ২বি. আবেদন, আর্জি (দরখাস্ত করা)। [দর্‌খাস্ত درخواست ফা.]।

দরগা, দর্গা—১বি. পীরের সমাধি ও তৎসংলগ্ন পবিত্র স্থান, মাজার। ২বি. নিকট, কাছ, সমীপ (আল্লার দর্গায় ভেজে হাজার শোকরানা—হামজা)। [দরগাহ্ درگاه ফা.]

দরজা, দরওয়াজা, দরোজা—বি. দ্বার, দুয়ার, কপাট, দোর (হানিবে আঘাত তোর স্বপ্নের শিশমহলের দরওয়াজায়—নজরুল; পর্দা ছেড়ে, দরজা ধাক্কায়— বুদ্ধদেব)। [দরওয়াযহ্ دروازه ফা.]।

দরজি, দরজী; দর্জি—বি. কাপড় সেলাই করা ও পোশাক তৈরী করা যার পেশা, সৌচিক, সূচীকর্মজীবী (কাটিয়া কাপড় জোড়ে দরজির বেটা—কঙ্কণ)। [দরযী درزی ফা.]।

দরদ—১বি. ব্যথা, বেদনা, যন্ত্রণা। ২বি. টান, মমতা, আকর্ষণ (একটু দরদ পৌঁছলো দেখা শোনা ছোঁয়ার মধ্যে—অবনীন্দ্র)। ৩বি. সমবেদনা। [দর্‌দ্ درد ফা.] **দরদমন্দ** —বিণ. দরদী, সহানুভূতিশীল, সমব্যথী (তুমি বিনে দরদমন্দ আর কেবা আছে— হামজা)। **দরদি, দরদী, দরদিয়া**—১বিণ. ব্যথার ব্যথী, সমব্যথী, সমবেদনাযুক্ত (মানুষ এমন মেতে যায় দরদি মানুষদের কাছে পেয়ে—মনোজ; নিখিল-দরদী ছিলেন আম্মা—নজরুল; তিনি এমন উপযুক্ত দরদী অধ্যাপক লাভ

করিলেন— মু. শ.)। ২বিণ. যার ব্যথা বা যন্ত্রণা আছে। ৩বিণ. মরমী। [— + ই, ঈ, ইয়া বাং. প্রত্যয়]।

দরদি, দরদিয়া—দ্র. **দরদ**।

দরদালান—বি. ঘরের ন্যায় আচ্ছাদিত বড় বারান্দা বিশেষ (কাতরমুখে চাঁদিমা রাকা ভোর গগনের দরদালানে—নজরুল; তোর দরদালানে কাঁদে ভুখা হাজারো মুসলিম— নজরুল)। [দরদালান دردالان ফা.]

দরদী—দ্র. **দরদ**।

দরপত্তনি, দরপত্তনী—বি. পত্তনিদারের অধীনস্থ জমির পত্তনি। [দর্ در হি.+ পত্তনী پٹنی উ;]। **দরপত্তনিদার**. — বি. পত্তনিদারের অধীন পত্তনিদার, দরপত্তনি সম্পত্তির মালিক [— + دار ফা.]।

দরপরদা—১অব্য. পর্দার আড়ালে, যবনিকার অন্তরালে। ২অব্য. গোপনে। [দর পর্দঃ در پردہ ফা]।

দরপাট্টা—বি. পাট্টাদারের অধীনস্থ জমির পাট্টা বা ইজারানামা। [দর্ در ফা. + পট্টা پٹہ হি.]।

দরপেশ, দরপেস—বিণ. বিচারাধীন, বিচারের জন্য যা আদালতে পেশ করা হয়েছে (বাদশাহের হুজুরে দরপেস হলেন— রামরাম)। [দর্পেশ্ در پیش ফা.]।

দর বদর—ক্রি. বিণ. দ্বারে দ্বারে (সব পুণ্যের ভাণ্ডারী ফেরে পণ্য লইয়া দরবদর— নজরুল)। [দর্বদর্ دربدر ফা.]।

দরবার—১বি. রাজসভা (দরবারে বার দিলে তুমি রইলে নাকো পর্দাতে—সত্যেন্দ্র)। ২বি. সভা। ৩বি. উচ্চপদস্থ ব্যক্তির বৈঠকখানা বা কাছারী ঘর কিংবা তৎকর্তৃক আহূত সভা। ৪বি. আদালত, বিচারালয়। ৫বি. কোন বিষয়ে তদবির, আবেদন বা আলোচনা (ইনিই রাজা গণেশ, এঁকে যা দরবার করতে হয় কর — অবনীন্দ্র)। [দর্বার دربار ফা.] **দরবারি, দরবারী**— ১বি. রাগিণী বিশেষ, সংগীতের সুর বিশেষ। ২বিণ., বি. যে দরবার করে বা দরবারে আসা যাওয়া করে (দরবারী সব চটল মনে, উঠল জ্বলে ওমরাদল— সত্যেন্দ্র)। ৩বিণ. দরবারে যোগ্য বা দরবারে ব্যবহৃত (দরবারি কায়দা, দরবারি পোশাক)।

[دربار ফা.]।

দরবেশ—বি. ফকির, মুসলমান তাপস (দরবেশ হঞা মক্কায় যাইব—কৃষ্ণদাস)। [দরবেশ্ درویش ফা.]।

দরমাহা, দরমা—বি. মাসিক বেতন, মাহিনা (তিনি অনুমতি দিলেই আপনার দরমাহা চুকাইয়া দেওয়া হইবে—দীনবন্ধু)। [দরমাহাঃ درماھہ ফা.]।

দরমিয়ান—১অব্য. মধ্যে। ২বিণ. মধ্যবর্তী। [দরমিয়ান درمیان ফা.]।

দরহাল—অব্য., ক্রি-বিণ. তৎক্ষণাৎ, ফিলহাল (ফকিরের ডেরে গিয়া, মালমাত্তা উঠাইয়া, হুজুরে আনিল দরহাল — হামজা)। [দর্ ফা. + হাল حال আ.]।

দরাজ, দারাজ—১বিণ. উদার (যেমন তার অগাধ বিদ্যা, তেমনি তার দরাজ দিল— বজলু)। ২বিণ. অকৃপণ, দানশীল, খরচে (আজি পরীক্ষা কাহার দস্ত হয়েছে কত দরাজ—নজরুল)। ৩বিণ. প্রশস্ত, বিস্তৃত। ৪বিণ. বেশি, অধিক, অপরিমিত (ওর প্রয়োজন ছিল দরাজ—রবীন্দ্র)। ৫বিণ.

দীর্ঘ, লম্বা (দরাজ দস্ত যেদিকে বাড়ায় সেই দিক পড়ে ভেঙে—নজরুল)। ৬বিণ. উদাত্ত, উচ্চস্বর বিশিষ্ট (তাঁহার গলা যেমন দরাজ, তেমনি মিষ্ট—ইমদাদ)। [দরায় دراز ফা.]। **দরাজদস্ত, দারাজহস্ত**—বিণ. মুক্ত হস্ত, অকৃপণ, অকুণ্ঠ, দানশীল (তুই দানাদার, দারাজহস্ত এই দুনিয়ায়—কালিদাস)। [দরাজ دراز ফা. + دست —ফা.]। **দরাজদিল, দারাজদিল**—বিণ. উদার হৃদয়, প্রশস্ত আত্মা (শুকনো সবুজ খোর্মা চিবায়ে উমর দরাজ-দিল—নজরুল)। **দারাজ দিলী**—বি. দরাজ বা উদারপ্রাণতা, প্রশস্ত বা বিশাল হৃদয়তা (দারাজদিলী এক দুর্লভ ও মহৎ গুণ)। [দরাজ ফা. + দিলী دلی ফা.]।

দরিয়া—১বি. সমুদ্র (কতোকাল ধরি বালুকার তালু আমুশির দরিয়ায়—মোহিত)। ২বি. নদী, বড় নদী (দরিয়ায় গলিয়া পড়ে আমার গলার হার—মৈ. গী.)। [দর্‌য়া دریا ফা.]।

দরুদ, দরূদ, দঃ—বি. সালাম, শান্তিবাণী, হযরত মুহম্মদ (সঃ) এর নাম উচ্চারণ বা শ্রবণ করার পর সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম—এই বাক্য সংক্ষেপে 'দঃ' বা 'সঃ' রূপে উচ্চারণ (আল্লার দোস্ত মোহাম্মদ মানহু তাহার পদ, দরুদ সালাম বহুতর — দৌলত)। [দরূদ درود আ.]।

দরুন—অব্য. জন্য, নিমিত্ত, হেতু। [দরুন درون ফা.]।

দরেগ, দেরেগ—বি. আক্ষেপ, দুঃখ (তা আমার সে 'দরেগ' মাখা 'রোনা' শুনে শুনে আর কি হবে বহিন্ — নজরুল)। [দরেগ دریغ ফা.]।

দরুদ, দঃ—দ্র. **দরুদ**।

দরোজা—দ্র. **দরজা**।

দরোবস্ত—১বিণ. সমগ্র, সমস্ত, মোট (লোক পাঠাইয়া দরোবস্ত জঙ্গল কাটাইলেন—রামরাম)। ২ক্রি-বিণ. সম্পূর্ণ রূপে। [দর্‌বস্ত্‌ دربستہ ফা.]।

দরোয়ান, দরওয়ান, দারোয়ান, দারওয়ান—১বি. দ্বাররক্ষক, দরজার প্রহরী, প্রতিহার (এবং কোচমান, দারোয়ান, মালী ইত্যাদি— পরশু; তাড়ায় তাদেরে, গাল দিয়ে দরওয়ান—নজরুল)। ২বি. পিয়ন। [দরওয়ান্ دروان হি.]। **দারোয়ানি**—বি. প্রহরীর কাজ।

দর্গা—দ্র. **দরগা**।

দর্জ্জামত—ক্রি-বিণ. শ্রেণীমত, ছোট ও বড় এই ক্রম অনুসারে (সেখানকার সকলকে দর্জ্জামত সালাম দোওয়া দেবে—নজরুল)। [দর্‌জাহ্‌ درجہ আ. + মত বাং.]।

দর্জি—দ্র. **দরজি**।

দলিজ, দলিজ ঘর, দলিজা—দ্র. **দহ্‌লিজ**।

দলিল, দলীল—১বি. লিখিত প্রমাণপত্র, প্রমাণ স্বরূপ কাগজপত্র, document ২বি. স্বত্বাস্বত্ব নির্দেশক পত্র, প্রমাণপত্র। [দলীল্‌ دلیل আ.]। **দলিল-দস্তাবেজ**—বি. দলিল ও এর আনুষঙ্গিক গুরুত্বপূর্ণ কাগজপত্র, বিবিধ প্রমাণপত্র (এই দলিল-দস্তাবেজ তাহাদের হাতে দিব—রবীন্দ্র)। [দলীল دلیل আ. + দস্তাবীয্‌ دستاویز ফা.]।

দলীল—দ্র. **দলিল**।

দলুজ—দ্র. **দহ্‌লিজ**।

দস্তক—বি. পরওয়ানা, সমন, গ্রেফ্‌তারী পরওয়ানা (বাণিজ্য তথা অর্থনীতিতে দস্তকের প্রভাব অপরিসীম—মান্নান)। [দস্তক دستک ফা.]।

দস্ত—বি. হস্ত, হাত (দরাজ দস্ত যেদিকে বাড়ায় সেই দিক পড়ে ভেঙে—নজরুল)। [দস্ত্ دست ফা.]। **দস্তে-মুবারক**—বি. পূত বা পবিত্র হাত (ইহা হইতেছে হজরত মুহম্মদের দস্ত-মুবারককেই চুম্বন দান—মোস্তফা.)। [— ফা. مبارک+আ.]।

দস্তরখান—বি. যে-বস্ত্রখণ্ড বিছিয়ে তার উপর খাওয়া হয় (সব খাবার মাঝারি সাইজের প্লেটে করে সেই দস্তরখানে সাজিয়ে দেয়— মুজতবা)। [দস্তর খ্বান دسترخوان ফা.]।

দস্তরি—দ্র. **দস্তুরি**।

দস্তা—বি. তরবারি ইত্যাদির হাতল। [দস্তহ্ دسته ফা.]।

দস্তানা—বি. হাতমোজা, gloves (দস্তানার ভেতর থেকে হাতের আঙুলগুলো ঠাণ্ডায় ফেটে যেতে চাচ্ছে— হাই)। [দস্তানহ্ دستانه ফা.]।

দস্তাবিজ, দস্তাবেজ—বি. দলিল (সুরু দস্তাবিজ গুজরাইব মিছিল কালে রামরাম)। [দস্তাবীয্ دستاویز ফা.]।

দস্তার—বি. পাগড়ি। [দস্তার دستار ফা.]। **দস্তার বন্দী**—বি. শেষ বা চূড়ান্ত পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর ছাত্রের মাথায় পাগড়ী বাঁধার অনুষ্ঠান। [دستاربندی ফা.]।

দস্তিদার—১বি. রাজকীয় সিল বা মোহর যার জিম্মায় থাকত এবং যার দস্তখতে রাষ্ট্রীয় দলিলপত্র শাহী দফতরখানা থেকে প্রেরিত হত। ২বি. উপাধি বিশেষ। ৩বি. মশালচী। [দস্তী دستی ফা. (মশাল) + দার دار ফা. (ধারক) — মশালধারী]।

দস্তুর—বি. নিয়ম, প্রথা, রীতি (ভাবল এক্ষেত্রে হাঁ বলাটাই পাকা দস্তুর — রবীন্দ্র)। [দস্তূর دستور ফা.]। **দস্তুর মাফিক**—অব্য. নিয়ম বা রীতি অনুসারে [— ফা.+ মোওয়াফিক্ব موافق আ.]।

দস্তুরি, দস্তুরী, দস্তরি—১বি. দ্রব্যাদি বিক্রয়ের সময় বিক্রেতা মূল্যের যে অংশ ছেড়ে দেয়, discount। ২বি. দালালি, কমিশন, ক্রেতা সংগ্রহ করে দেওয়ার পারিশ্রমিক বাবদ প্রাপ্য দ্রব্যাদির মূল্যের অংশ বিশেষ (পেমেন্টের সময় দাওয়ানজী শতকরা দু' টাকার হিসাবে দস্তুরী কেটে ন্যান—কালীসিং)। [দস্তূরী دستوری ফা.]।

দহরম—১বি. ঘনিষ্ঠ মেলামেশা, আত্মীয়তা। ২বি. বন্ধুত্ব। [দরহম درهم ফা.]। **দহরম-মহরম**—বি. গভীর আন্তরিকতা, মাখামাখি, ঘনিষ্ঠ বন্ধুত্ব (রাজার সঙ্গে যত দহরম-মহরম থাক— মনোজ)। [দরহম درهم ফা.+ বরহম برهم ফা.]।

দহলিজ, দলিজ, দলিজঘর, দলিজা, দলুজ—১বি. বৈঠকখানা, বাইরের ঘর, বহির্বাটী (নাজির সাহেব দহলিজে এসে যুবককে দেখে—নজরুল; গাঁয়ের চাষীরা মিলিয়াছে আসি, মোড়লের দলিজায়— জসীম; দলিজ-ঘরের মাচার উপরে শুতে হয়—অচিন্ত্য; দরবার হৈতে পাত্র দলুজে বসেছে মাত্র—ঘন)। ২বি. দরবারগৃহ (দলুজ দুয়ারে রাজা আছে দাঁড়াইয়া—ঘন)। ৩বি. বারান্দা, ঘরের দাওয়া (দলুজে বসিয়া দুঃখভারে মহামদ— ঘন)। ৪বি. চণ্ডীমণ্ডপ। [দহ্লীয্ دهلیز ফা.]।

দহ্শত্—দ্র. **দহসত**।

দহসত, দহশত, দৈসত—বি. ভয় (দহসত হইল ছেলে দেখিয়া ময়দান—হামজা; দৈসতে ভাগিয়া আইনু তোমার হুজুরে—হামজা)। [দহ্শত دهشت আ.]।

দাই—বি. ধাত্রী : [দাঈ دائی হি.]।

দাওত—দ্র. দাওয়াত।

দাওনা—বি. পাগল (দাওনা হইয়া দেওয়ান কাইন্দ্যা ভিজায় মাটি—মৈ. গী.)। [দীওয়ানাঃ دیوانہ ফা.]।

দাওয়া১—বি. পাওনা, অধিকার, স্বত্ব। ২বি. দাবি (কৃষ্ণদাসকে আমার হস্তে সমর্পণ করিতে হইবেক, এই দাওয়া করিয়া কলিকাতায় দূত প্রেরণ করিলেন—বিদ্যা)। [দ'ওয়া: دعویٰ আ.]।

দাওয়া২, দাওয়াই, দাবাই—১বি. ওষুধ (আমার রোগের এলাজ কর, পিইয়ে দাওয়াই লাল সুরা—নজরুল; হাকিম আনাও ... দাবাই পেলাক—অবনীন্দ্র)। ২বি. প্রতিকার, প্রতিবিধান। [দওয়া' دواء আ.]।

দাওয়াত, দাওত—বি. নিমন্ত্রণ, আমন্ত্রণ (দাওত এসেছে নয়া জমানার ভাঙা কিল্লায় ওড়ে নিশান— নজরুল)। [দ'ওয়ত্ دعوت আ.] **দাওয়াত্তি**—বিণ. নিমন্ত্রিত।

দাংগা—দ্র. **দাঙ্গা**।

দাখিল—১বি. উপস্থাপন, পেশ (যথাস্থানে অর্পণ কর ও শওগাত দাখিল করণেতে তুষ্ট—রমরাম)। ২বিণ. উপস্থাপিত, অর্পিত : ৩বিণ. শামিল, তুল্য, প্রায় (স্টিমার জলতলে যাবার দাখিল হয়েছিল —মনোজ)। ৪বিণ. প্রবেশ, উপনীত (পত্রখানি গোয়ালিনী গাইটে বান্ধিয়া/ কন্যার মন্দিরে পরে দাখিল হইল গিয়া—মৈ. গী. (কমলা)। [দাখিল داخل আ.]। **দাখিল-খারিজ**—বি. জমিদারী সেরেস্তায় বা সরকারী রেকর্ডে পুরাতন অধিকারীর নাম কাটিয়ে নতুন অধিকারীর নাম লেখা (এই দাখিল-খারিজ সূত্রে প্রজাকে যে কি পর্যন্ত হয়রান-পেরিশান করা যায়—প্রমথ)। [— + خارج আ.]। **দাখিলি, দাখিলী**—বিণ. উপস্থাপিত, পেশ করা হয়েছে (রাধা কুমুদবাবুর দাখিলি বৈদিক দলিলগুলির কোন তারিখ নেই—প্রমথ)। [داخلی ফা.]।

দাখিলা—বি. যে খাজনা দেয়া হয়েছে তার প্রাপ্তিস্বীকারপত্র, খাজনা আদায়ের রশিদ (দাখিল আজ কাটব নাকো, টাকায় আনায় কম না নিয়ে—জসীম)। [দাখিলহ্ داخلہ আ.]।

দাখিলি, দাখিলী—দ্র. **দাখিল**।

দাগ—১বি. চিহ্ন, ছাপ, নিশানা। ২বি. কলঙ্ক, দুর্নাম (চরিত্রের দাগ)। ৩বি. ক্ষত, আঘাত (লাল ফুল সম দাগ-খাওয়া দিল্ —নজরুল)। ৪বি. মরিচা (লোহায় দাগ ধরে)। ৫বি. পরিচয়-চিহ্ন; মার্কা (কাপড়ের থানে দাগ দেওয়া)। ৬বি. রেখা, আঁক, আঁচড়। ৭বি. জমির খণ্ড বা কিতা, plot (একদাগে অনেক জমি)। ৮বি. গরু, মহিষ ইত্যাদির গায়ে দেয়া লোহা পোড়ানো সেঁকা : ৯বি. (আল.) মালিন্য, অভিমান, দুঃখ (কাতর হিয়ার দাগ ধুয়ে ফেল—মু. শ.)। [দাগ داغ ফা.]। **দাগি, দাগী**—১বিণ. দাগযুক্ত, পচন ইত্যাদির চিহ্নযুক্ত। ২বিণ. কলংকিত। [দাগী داغی ফা.]।

দাগ্‌দার—বিণ. দাগ বা চিহ্নযুক্ত। [— ফা + دار ফা.]।

দাগান, দাগানো—১ক্রি. চিহ্নিত করণ। ২ক্রি. অঙ্কিত করা। ৩ক্রি. ছড়ানো। ৪ক্রি. নিক্ষেপ করা। [উ. نا + داغ ফা.]।

দাগা—১বি. গভীর মর্মবেদনা, ক্লেশ, সন্তাপ, মানসিক আঘাত (হুযুর বড় দাগা পেয়েছেন — জোবেদা)। ২বি. প্রতারণা, বঞ্চনা, বিশ্বাসঘাতকতা (খাইয়া তোমার ধন না পালায় যেন জন অবশেষে নাহি পাবে দাগা —কঙ্কণ)। [দগা دغا ফা.]। **দাগাদার** —১বিণ. অনিষ্টকারী, দুষ্ট (বিশেষ বামন জাতি বড় দাগাদার— ভারত)। ২বিণ. কলঙ্কদাতা। [দগাদার— دغادار ফা.]। **দাগাদারি, দাগাদারী**—বি. বিশ্বাসঘাতকতা (মেরা সাথে করে এয়ছা দাগাদারি **কাম**—হামজা)। **দাগাবাজ, দাগাবায**—বিণ. বিশ্বাসঘাতক, প্রবঞ্চক, শঠ, প্রতারক (মারা গেল দাগাবাজ হাবশী গোলাম—হামজা)। [দগাবায় دغاباز ফা.]। **দাগাবাজি, দাগাবাজী, দাগাবাযি, দাগাবাযী**— বি. বিশ্বাসঘাতকতা, প্রতারণা, শঠতা (কিন্তু দাগাবাজির জন্য সংসারের উপর ঈশ্বরের রাগটা রহিয়া গেল—বঙ্কিম)। [দগাবাযী دغابازی ফা.]।

দাগি, দাগী—দ্র. দাগ।

দাঙ্গা, দাংগা—বি. দলবদ্ধ হয়ে মারামারি, কাজিয়া [দঙ্গা دنگا হি.]। **দাঙ্গা-ফসাদ, দাঙ্গাফেসাদ, দাঙ্গা-ফাসাদ** — বি. মারামারি ও এর আনুষঙ্গিক কাজকর্ম, বিবাদ, মারপিট ও মামলা-মোকদ্দমা। [দাঙ্গা + ফা.হি + فساد আ.]। **দাঙ্গাবাজ, দাঙ্গাবায**—বিণ. ঝগড়া ও মারামারিতে অভ্যস্ত এমন, দাঙ্গা করাই যার স্বভাব। [— + باز ফা.]।

দাদ—বি. প্রতিশোধ (কাকে না কহিলে দাদ দিবেক ঈশ্বর—তোহ্‌ফা)। [দাদ داد ফা.]। **দাদ-ফরিয়াদ, দাদ-ফরেদ** — বি. প্রতিকারের জন্য ফরিয়াদ, ন্যায় বিচারের জন্য নালিশ (এ খোদার মার, এর তো কোন দাদ-ফরেদ নেই — ওদুদ)। [দাদ داد ফা.+ ফরেদ =ফরিয়াদ فریاد ফা.]।

দাদখানি—বি. সুলতান দাউদ খানের নামে প্রসিদ্ধ সরু চাল বিশেষ, দিনাজপুরে উৎপন্ন চাল। [দাউদখান داودخان আ.+ই. বাং]।

দাদন—বি. বায়না, দ্রব্যাদির অগ্রিম মূল্য বা মূল্যাংশ (যিনি নীলকরের, কুঠীতে যাইয়া একবার দাদন লইয়াছেন, তাঁহার দফা একেবারে রফা হয়— টেকচাঁদ)। [দাদন دادن ফা.]। **দাদনদার**—বি. যে দাদন দেয়, দাদনদাতা। [—+ دار ফা.]। **দাদনি, দাদনী**— ১বিণ. যে-কাজ বা দ্রব্যের জন্য দাদন দেওয়া আছে। ২বি. অগ্রিম প্রদত্ত অর্থাদি (দাদনি না দেয় এবে মহাজন সবে— কঙ্কণ)। [দাদনী دادنی ফা.]।

দাদা— ১বি. পিতামহ। ২বি. বড় ভাই। [دادا হি.]। **দাদি, দাদী**— ১বি. পিতামহী, মাতামহী বা তৎস্থানীয়া (কেমন হল লাচন দাদী— সত্যেন্দ্র)। [দাদী دادی হি.]।

দানা১— বিণ. জ্ঞানী, বুদ্ধিমান। [দানা دانا ফা.]। **দানাই**—বি. জ্ঞান, বুদ্ধিমত্তা, বিচক্ষণতা। [দানাঈ دانائی ফা.]। **দানাদার**—বিণ. বিচক্ষণ, বুদ্ধিমান, বিজ্ঞ। [—+ دار ফা.]।

দানা২—বি. গোটা, কণা, দানা। [দানহ্ دانه ফা.]। **দানাদার**—বিণ. গোটাযুক্ত, দানাময়। **দানাপানি**— বি. আহার ও পানীয়, অন্নজল। [দানহ্ دانه +পানি پانی হি.]।

দানিশবন্দ, দানিশমন্দ—দ্র. **দানেশমন্দ**।

দানেশমন্দ, দানিশমন্দ, দানিশবন্দ— ১বিণ. জ্ঞানী, বিজ্ঞ, পণ্ডিত। ২বিণ. ধর্মাত্মা, পুণ্যবান (বড়ই দানিশবন্দ কারে নাহি করে ছন্দ প্রাণ গেলে রোজা নাহি ছাড়ে—কঙ্কণ)। ৩বি. জ্ঞানী বা পণ্ডিত ব্যক্তি (দেখহ দানেশমন্দ, কোদরতের এক বন্দ, পছন্দ করিয়া বুঝ দেলে— হামজা)। [দানিশমন্দ دانشمند ফা.] **দানেশমন্দি, দানেশমন্দী**—বি. পাণ্ডিত্য, বিচক্ষণতা, বিজ্ঞতা, জ্ঞানবত্তা (দানেশমন্দী তাজ সেদেশের অকালে আজ হচ্ছে গুঁড়া— সত্যেন্দ্র)। [دانشمندی ফা.]।

দান্দান্— বি. দন্ত, দাঁত (দান্দান্ ভেঙে লহু ঝরিয়াছে— মোস্তফা)। [দন্দান دندان ফা.]।

দাফন, দফন— বি. মৃতদেহ সৎকার বা গোরদান, লাশ সমাহিতকরণ (নবীর আশ্রমে যায় করিতে দাফন— হেয়াত)। [দফন دفن আ.]।

দাব—১বি. চাপ। ২বি. দমন, আধিপত্য, শাসন। ৩বি. ভর্ৎসনা, তাড়না (অন্য যদি পাত্র হতো পেত খুব দাব— ঘন)। [দবাও دباؤ উ., হি.]।

দাবাই— দ্র. **দাওয়া**২।

দাবি, দাবী— ১বি. স্বত্ব, অধিকারী, দাওয়া (আমি আমার দাবি ছাড়বো না)। ২বি. ন্যায্য পাওনার জন্য অভিযোগ বা প্রার্থনা। ৩বি. অধিকার ঘোষণা (আমি আমার প্রাপ্ত অংশের দাবি করছি)। [দ'ওয়া دعوٰی আ. (এক.)]। **দাবীদার**—১বিণ.বি. ওয়ারিশ, অংশীদার। ২বিণ. বি. যে স্বত্বের দাবী করে, Claimant। ৩বি. দাবী সম্পন্ন লোক। [দ'ওয়াদার دعوٰی دار আ.+ফা.]।

দামন, দমন— বি. বস্ত্রাদির প্রান্তভাগ, আঁচল, কোর্তার অগ্রভাগ (মাওলানা সাহেব চওগার দমনে চোখ মুছিলেন—মনসুর; ঐ নামের দামন ধরে আছি, আমার কিসের ভয়—নজরুল)। [দামন دامن ফা.]। **দামনগির, দামনগীর**— ১বিণ. (আল.) দাবিদার, আপত্তিকারী (দামনগীর না হইবে তোমরা তাহার— হামজা)। ২বিণ. (আল.) নির্ভরশীল, অন্যের গলগ্রহ। [দামনগীর دامنگیر ফা.]।

দামাদ, দামান্দ, দামান (বিরল)—বি. জামাতা, জামাই, কন্যার স্বামী (তেসরা ওসমান গনি, নবীর দামান তিনি— হামজা)। [দামাদ داماد ফা.]।

দামামা—বি. নাগরা, ঢাক জাতীয় রণবাদ্য বিশেষ (বাজিছে দামামা বাঁধরে আমামা— নজরুল)। [দমামহ্ دمامه ফা.]।

দামাল—১বিণ. দুর্দান্ত, দুরন্ত, অশান্ত, দুর্দম (ঐ ক্ষেপেছে পাগলী মায়ের দামাল ছেলে কামাল ভাই— নজরুল)। [দমাল دمال ফা. = নষ্ট]।

দায়মুল— বি. যাবজ্জীবন কারাবাস বা দ্বীপান্তর বাসরূপ দণ্ড (ধারা একটু বদলাইয়া দিলে তার দায়মূলও হইতে পারে— মনসুর)। **দায়মুলী**— বিণ., স্থায়ী বন্দীদশা।। [দাইমুল হবস্ دائم الحبس আ.]।

দায়রা— ১বি. উচ্চ ফৌজদারী আদালত, সেশনকোর্ট। ২বি. উচ্চ ফৌজদারী আদালতের বিচার। [দাইরহ্ دائرہ আ.]। **দায়রা সোপর্দ, দায়রা সোপরদ্দ**— বিণ. বিচারার্থে উচ্চ ফৌজদারী আদালতে প্রেরিত। [দাইরহ্ دائرہ +সুপুর্দ سپرد ফা.]।

দায়ের—বিণ. রুজু, বিচারের জন্য আদালতে উপস্থাপিত (মামলা দায়ের করা)। [দা'ইর دائر আ.]।

দার—১অব্য. বিশিষ্ট, যুক্ত (নকশাদার, চুড়িদার)। ২অব্য. মালিক, অধিকারী অধ্যক্ষ (জমিদার, আড়ৎদার, থানাদার, দফাদার)। ৩অব্য. বৃত্তিমুক্ত, কর্মচারী (দোকানদার, জমাদার)। ৪অব্য. পাত্র (পাওনাদার)। ৫অব্য. ওয়ালা। [দার دار ফা.] বিণ. **দারী** داری ফা.]।

দারওয়ান, দারোয়ান— দ্র. **দরোয়ান**।

দারাজ, দারাজ দিল, দারাজদিলী— দ্র. **দরাজ**।

দারু—বি. ওষুধ, মদ, সুরা। [দারু دارو ফা.]।

দারুল ইসলাম— বি. এমন স্থান যেখানে ইসলাম বিনা বাধায় আচরিত হয় (ইসলামী রাষ্ট্র, হিন্দুস্তান আজ অবধি দারুল ইসলাম— জাফর)। [দারুল ইসলাম دار الاسلام আ.]।

দারুল উলুম—বি. শিক্ষাক্ষেত্র, বিশ্ববিদ্যালয় (এই বাজারটাকে এ-অঞ্চলে একটা কালচারেল সেন্টার দারুল উলুমে পরিণত করিয়া তুলিয়াছেন— মনসুর)। [দারুল্উলূম্ دار العلوم আ.]।

দারোগা, দারগা— বি. থানার অধ্যক্ষ বা ভারপ্রাপ্ত কর্মচারী, পুলিশের ইন্সপেক্টর বা সাব ইন্সপেক্টর [দারোগহ্ داروغہ ফা.]।

দারোয়ান— দ্র. **দরোয়ান**।

দালান— ১বি. পাকাবাড়ি, ইটের তৈরী ঘর। ২বি. মন্ডপতুল্য ঘর (রাজার দুইদিকে দালান, একদিকে ব্রাহ্মণ পণ্ডিত আর একদিকে দেশবিদেশের রাজা আর রাজাপুত্তুর— অবনীন্দ্র)। ৩বি. বারান্দা। ৪বি. দরদালান। [দালান دالان ফা.]।

দালাল— ১বি. কমিশনের বিনিময়ে যে ব্যক্তি ক্রেতা ও বিক্রেতাকে ক্রয়-বিক্রয়ে সাহায্য করে, ব্যবসা-বাণিজ্যে যে ব্যক্তি মধ্যস্থতা করে। ২বি. ক্রেতা বা মালপত্র সংগ্রহকারী। ৩বি. (ব্যঙ্গ) অন্যায়ভাবে পক্ষ-সমর্থনকারী। [দল্লাল دلّال আ.]। **দালালি, দালালী**— ১বি. দালালের বৃত্তি। ২বি. দালালের পারিশ্রমিক বা দস্তুরী। ৩বি. (ব্যঙ্গ) গায়ে প'ড়ে মধ্যস্থতা (তোমাকে আর দালালি করতে হবে না)। [دلّال আ +ফা.]।

দাস্ত— বি. মলত্যাগ, ভেদ, ডায়রিয়া। [দস্ত্ دست ফা.]।

দাস্তে কারবালা— বি. কারবালার প্রান্তর, কারবালা নামক মরু প্রান্তর (এমাম হোসেন পথ ভুলিয়া 'দাস্ত-কারবালা' অভিমুখে যাইতেছেন— মশাররফ)। [দশ্ত্-ই করবালা دشت کربلا ফা.]।

দিক, দিক্— বি. বিরক্ত, উত্যক্ত, জ্বালাতন। [দিক্ ضق আ.]। **দিকদার**— বিণ. তিক্ত-রিক্ত (যারা ছিল দুর্দম আজ তারা দিকদার—নজরুল)। [— আ. + দার دار ফা.]। **দিকদারি, দিকদারী**— বি. বিরক্তি (দুত্তোর, বড় দিকদারি লাগে—মশাররফ)। [— আ.+দার ফা.+ ই, ঈ বাং.]।। **দিগদারী**— বি. দিকদারীর অনুরূপ।

দিগর, দীগর— ১বি. আদালতের ভাষায় গণ. অন্য, আরও প্রভৃতি। ২বি. অঞ্চল, তল্লাট। ৩বি. দ্বিতীয় সত্তা (যিগর ছেঁড়া দিগর তোমার আজ কি এলো ঘর ফিরে? —নজরুল)। [দীগর دیگر ফা.]।

দিদার, দীদার—বি. দর্শন, সাক্ষাৎকার (আমার কারার যেই, বাহাল রাখিবে সেই, পাইবে সে আমার দীদার— হামজা; পায় ঘরে বসে খোদা আর রসুলের দিদার—নজরুল)। [দীদার دیدار ফা.]।

দিন গুজরান— বি. দিন অতিবাহন (কোন প্রকারে দিন গুজরান করিতে লাগিলেন—মুস্তাফিজ)। [দিন গুজরান گذارنا হি.]।

দিন, দীন, দ্বীন— বি. ধর্ম (আপোনা দিনের বোল এক না বুঝিল— সুলতান; শারাব দাও, যদি মোর খারাব করিলে দীন—নজরুল; তান দ্বীন প্রচারে কুফর হৈল নাশ—আলাওল; ইয়া আল্লাহ্ তুমি রক্ষা করো দুনিয়া ও দ্বীন—নজরুল)। [দীন دین আ.]। **দীন আখেরি, দ্বীন-আখেরী**— বি. ধর্ম ও পরকাল (সবার চোখেই জলের ধারা দীন আখেরীর ভাবনা লয়ে— জসীম)। [دین আ. + آخری আ+ফা.]। **দিনদার, দীনদার**—বিণ. ধার্মিক (তিনি দিনদার পরহেজগার মানুষ—ইমদাদ)। [দীন دین আ.+দার دار ফা.]। **দিন-দুনিয়া, দীন-দুনিয়া**— বি. কিয়ামত ও পৃথিবী, পরকাল ও ইহকাল। **দিনপানা, দীন-পানা**—বি. ধর্মের মালিক, ধর্মের আশ্রয়, আল্লাহ্ (দীনহীন বেশে আছে দাঁড়াইয়া 'দীন-পানা' আর 'জাহান-পানা'—সত্যেন্দ্র)। [দীন دین আ. + পানাহ্ پناہ ফা.]। **দিনি, দীনি, দ্বীনি**— বিণ. ধর্মীয় (আন্ নয়া দীনী ফরমান দরাজ দিলের দৃপ্তগান— নজরুল; নাই ইসলাম-জাহানে গো আজ এমন দ্বীনি সর্দার— নজরুল)। **দিনি ইলম, দীনি ইল্‌ম্**— বি. ধর্মীয় শিক্ষা (পাশ করা মৌলবী হতে পারতো— দীনি ইল্‌ম হাসিল করতো— ইমদাদ)। [— আ.+ই (বাং.)+'ইল্‌ম্ علم আ.]।

দিনার, দীনার— বি. আরব দেশে প্রচলিত স্বর্ণমুদ্রা বিশেষ (আশিটি দিনার ছিল কামিজের তলে— আজহার)। [দীনার دینار আ.]।

দিমাগ— দ্র. **দেমাক**।

দিরহাম— বি. আরব দেশের বিশেষ (লক্ষ দিরহাম তুমি দেবে লক্ষ সায়েলের হাতে— ফররুখ)। [দিরহম درهم আ.]।

দিল, দিল্, দীল, দেল—১বি. হৃদয়, মন, আত্মা (করেছ তার দিল দখল— সত্যেন্দ্র; তোর দীল খুলবে পরে, ওরে আগে খুলুক হাত— নজরুল)। ২বি. মহাপ্রাণতা, হৃদয়ের উদারতা (লোকটার দিল আছে)। [দিল্ دل ফা.]। **দিল-আফরোজ**—বি. যা হৃদয়কে উজ্জ্বল করে (দিল্ চাহে সদা দিল- আফরোজ— নজরুল)। [দিল-

আফরোয্ دل افروز ফা.]। **দিল্ওয়ার, দিলাওয়ার, দিলাবার, দেলোয়ার**— ১বিণ. সাহসী (দিলওয়ার তুমি, জোর তল্ওয়ার হানো, আর নেস্ত-ও-নাবুদ করো, মারো যত জানোয়ার— নজরুল; লহ বিদায়ের সালাম আজিকে দিলাবার মুসলিম— শাহাদাত; মোরা দিলাবার খাঁড়া তলওয়ার হাতে আমাদেরি শোভা পায়— নজরুল) । ২বিণ. হৃদয়বান্ (আল্লার মত দিলাওয়ার যেই— মোহিত)। [**দিলাওর্** دلاور ফা.]। **দিলখোশ, দেলখোশ, দেলখোস**— বি. হৃদয়গ্রাহী, সুন্দর, আকর্ষণীয়। [দিল্কশ্ دلکش ফা.]। **দিল-দরাজি**— বি. বদান্যতা, সদাশয়তা (নওয়াবের দিল দরাজির অন্ত নেই— জগলুল) [দিল্ দরাযী دل دراز ফা.]। **দিলদরিয়া**— বিণ. ব্যয়ে বা দানে মুক্তহস্ত, বদান্য, যার মন সমুদ্রের মত উদার (সত্যই কি প্যারিস-সুন্দরীরা খুব দিলদরিয়া— মুজতবা; শারাব পিয়ে দিল্-দরিয়া উড়িয়ে দি ভয় ভাবনায়—নজরুল)। **দিল-দাগা**— বিণ. হৃদয়ে আঘাত করে এমন (চিবুকের সেই তিলটি যে তার দিল্-দাগা— মোহিত)। [— + দগা داغ ফা.]। **দিলদার**— ১বিণ. উদার হৃদয়, মহানুভব (তুমি ভারি দরাজ, দিলদার— অচিন্ত্য)। ২বি. প্রিয় বা প্রিয়া (দিল গিয়েছে দিলদারেতে প্রাণ মিশেছে প্রাণে— মু.শ.)। [দিল্দার دلدار ফা.]। **দিল-পিয়ারা**— বি. অন্তরঙ্গ বন্ধু (দুশ্মন তবু দিল্-পিয়ারা হামেশা তার রবে না— মু.শ.)। [— + পিয়ারা پیارا হি.]। **দিলবন্দ, দেলবন্দ**— বিণ. প্রিয়, স্নেহাস্পদ (হানিফা আলীর বেটা,মরতবা নাহি ছোটা, দেলবন্দ নাতি সে আমার — হামজা)। [দিল্বন্দ دلبند ফা.]। **দিল্-মোহর**—বি. (আল.) চুম্বন (সাহস ভরে অধর পরে দিলাম চুপে দিল-মোহর— মোহিত)। [— +মোহর مهر ফা.]। **দিলরুবা**— বি. দয়িতা (তারি জয়-গাথা গেয়ে যায় চিরদিন মোর দিলরুবা— নজরুল)। [দিল্রুবা دلربا ফা.]। **দিল্লগী, দিল্লগী**— বি. ঠাট্টা তামাশা (দিলে দিলে আজ খুনসুড়ি করে দিল্লগী— নজরুল)। [দিল্লগী دل لگی ফা.]।

দিলাবার— দ্র. দিল্।

দিলাসা, দেলাসা, দেলাছা— বি. সান্ত্বনা, ভরসা। [দিল্আসা دلآسا ফা.]।

দিলির, দিলীর— বিণ. সাহসী, নির্ভীক, অসম সাহসী (নাহি নাচে কি রে তোর মরদের ওরে দিলীরের গোর্দায়?— নজরুল; দিলীরের খুন ঢেলেছে যেখানে আরব বীর— নজরুল)। [**দিলীর** دلیر ফা.]।

দিস্তা/দিস্তে—১বি., বিণ. চব্বিশ তা বা চব্বিশ খানা (এক দিস্তা কাগজ, এক দিস্তা লুচি)। ২বি. মুষল (হামান দিস্তা)। [দস্তহ্ دسته ফা.]।

দীওয়ানা, দীউয়ানা— দ্র. দেওয়ানা।

দীগর— দ্র. দিগর।

দীন, দীন আখেরী, দীনদার, দীন-দুনিয়া, দীন-পানা, দীনি, দীনী, দীনি-ইল্ম্— দ্র. দিন।

দীনার— দ্র. দিনার।

দীল— দ্র. দিল।

দুআব— দ্র. দো।

দুতরফা— দ্র. দো।

দুনিয়া—বি. পৃথিবী, জগৎ (দুনিয়ার লোক রুধিল দুয়ার পাইল তোমার সাড়া—সত্যেন্দ্র; দুনিয়াতে নত নয় মুসলিম কারো শির—নজরুল)। **দুনিয়াদার**— ১বিণ. সংসারী, সাংসারিক বিষয়বুদ্ধি সম্পন্ন। ২বিণ. স্বার্থপরায়ণ, নিজের লাভক্ষতির ব্যাপারে বিশেষ সচেতন। [দুনয়াদার دنیادار আ. + ফা.]। **দুনিয়াদারি, দুনিয়াদারী**—১বি. সাংসারিক জ্ঞান। ২বি. সংসারধর্ম পালন (দুনিয়াদারীর শেষে আমার নামাজ রোজার বদলতে—নজরুল; ... আর দুনিয়াদারী কর্তে ইচ্ছা হয়না— মশাররফ)। ৩বি. বিষয়বুদ্ধি, স্বার্থপরতা। **দুনিয়াবী**—বিণ. সাংসারিক, পার্থিব (আমি গরীব কথায় দুনিয়াবী গোরবৎ বুঝাই নাই— মনসুর)। [দুনয়াবী دنیاوی আ.+ফা.]।

দু'পেয়ে— দ্র. দো।

দুব্‌লা—বিণ. কৃশ. দুর্বল। [দুব্‌লা دبلا হি.]।

দুয়ম— দ্র. **দইয়ম**।

দুরস্ত, দোরস্ত— বি. ঠিক, উপযুক্ত, যথার্থ। [দুরুস্‌ত্ درست ফা.]।

দুলদুল—বি. হযরত মুহম্মদ (সঃ) -এর জামাতা শেরে খোদা হযরত আলী (রাঃ) -এর যুদ্ধাশ্ব (উন্মাদ দুলদুল ছুটে ফেরে মদিনায়—নজরুল)। [দুলদুল دُلدُل আ.]।

দুলা, দুলাহ, দুলহা, দূলহা—বি. বর, স্বামী (নতুন দুলার রূপ দেখিয়া চক্ষে লাগে তাক— জসীম)। [দূল্‌হা دولها হি.]। **দুল্‌হিন, দুলহন, দুলাইন, দুলানি, দুলহানি**— বি. কনে, বিবাহের পাত্রী (তোমার আমার সাদির দুলাইন কর‍্যাছি থির— মৈ. গী.; দেখাইয়া দাও— মৃত্যুযথায় রাঙা দুলহিন সাজে / করে প্রতীক্ষা আমাদের তরে রাঙা রণভূমি মাঝে—নজরুল)। [দুল্‌হিন, দুল্‌হন دولہن হি.]। **দুলামিয়া** —বি. মেয়ের স্বামী, জামাতা, ছোট বোনের স্বামী। [—মিয়াঁ میاں হি.]।

দুলারি, দুলারী— বি. স্ত্রী, আদরিণী বা সোহাগিনী কন্যা, দুলালী। [দুলারী دلاری হি.]।

দুশমন, দুষমন—১বি. শত্রু, বিপক্ষ, বৈরী, প্রতিকূল (মোর অপরাধে অপরাধী তুমি—রাজ্যেরি দুষ্‌মন— মোহিত; বুজ্‌দিল ঐ দুশ্‌মন সব বিল্‌কুল সাফ হো গিয়া—নজরুল)। ২বি. শয়তান, দুর্বৃত্ত। ৩বিণ. বিকট, ভীষণ, ভয়ঙ্কর। [দুশ্‌মন دشمن ফা.]। **দুশমনি, দুষমনি**—১বি. শত্রুতা, বৈরিতা। ২বি. দুর্বৃত্ততা, শয়তানি। [দুশ্‌মনী دشمنی ফা.]।

দুস্‌রা—বিণ. দ্বিতীয় (বল্ আল্লা ছাড়া দুস্‌রা আর, মা'বুদ কেহ নাই আমার —: মোস্তফা)। [دوسرا হি.]।

দুস্তি— দ্র. **দোস্ত**।

দূর— ১বি. নিকটে নয় এমন স্থান বা দেশ (দূর হতে দূরে বাজে পথ শীর্ণ তীব্র দীর্ঘ তান সুরে— রবীন্দ্র)। ২বি. অন্তর, ব্যবধান (দূরে দূরে থাকা)। ৩বিণ. অনিকট (দূরদেশ, সুদূর)। ৪বিণ. গভীর, ব্যাপক, দূরব্যাপী (দূরদৃষ্টি)। ৫বিণ. বিতাড়িত, বহিষ্কৃত। ৬বিণ. দূরীভূত, অপগত (দূর হওয়া)। [দূর دور ফা.]। **দূর-দারাজ**— বি. অনেক দূর, দূরবর্তী (দূর দারাজের রাহা কি ডর আমার— হামজা)। [—+ দরায دراز ফা.]।

দূরবীন— বি. দূরবীক্ষণ যন্ত্র। [দূরবীন دوربین ফা.]।

দেও— বি. দৈত্য। [দেও دیو ফা.]।

দেওদার— বি. দেবদারু গাছ (দেওদার তরু সারে সারে— রবীন্দ্র)। [দেওদার دیودار হি.]।

দেওয়ান১, দেয়ান—১বি. খাজনাদি আদায়ের প্রধান কর্মচারী। ২বি. রাজস্ব বিভাগের মন্ত্রী। ৩বি. রাজদরবার, মন্ত্রণাসভা (দুধেভাতে ভাল ছিল হেন বুদ্ধি কেবা দিল পাতশার দেয়ানে আসিতে— ভারত)। [দিওয়ান دیوان ফা.]। **দেওয়ান-ই-আম**—১বি. সাধারণ রাজদরবার, যেখানে সর্বসাধারণের প্রবেশাধিকার থাকে। ২বি. মোগল সম্রাট শাহ্‌জাহান নির্মিত অন্যতম দরবার গৃহ। [দিওয়ান্-ই-আম্ دیوان عام ফা. + আ.]। **দেওয়ান-ই-খাস্**—১বি. রাজা ও রাজমন্ত্রীদের বিশেষ সভাগৃহ। ২বি. মোগল সম্রাট শাহ্‌জাহান নির্মিত অন্যতম দরবার গৃহ। [— খাস্ خاص আ.]। **দেওয়ানখানা**—বি. কাছারী, দরবারগৃহ (নিজ দেওয়ানখানা মছনদে বসিয়া— বঙ্কিম)। [— খানহ্ خانه ফা.]।

দেওয়ান২, দিওয়ান— বি. কাব্য সংগ্রহ— 'দিওয়ান-ই-হাফিয'। [দিওয়ান دیوان + হাফিয্ حافظ আ.]।

দেওয়ানা, দীউয়ানা, দীওয়ানা—১বি. পাগল, পাগলবৎ, উন্মাদ (শুনিয়া আশক ছিনু দেখিয়া দেওয়ানা হইনু জীউ মেরা হৈল বেকারার— হামজা; হয়তো জ্বলন্ত তার ক্ষুব্ধ বুকে দীউয়ানা সে সুর — ফররুখ; যাঁহার নামে যাঁদের ধ্যানে সারা দুনিয়া দীওয়ানা প্রেমে মশগুল — নজরুল)। ২বি. বিকৃত মস্তিষ্ক (মোর মালুম হয় উনা দেওয়ানা হয়েছে— টেকচাঁদ)। [দীওয়ানহ্ دیوانه ফা.]।

দেওয়ানি, দেওয়ানী— ১বি. দেওয়ানের পদ, কাজ বা অধিকার (১৭৫৬ খ্রীস্টাব্দে ইংরেজদের দেওয়ানি লাভের পূর্ব পর্যন্ত— আনিস; কোম্পানী বাংলা, বিহার ও উড়িষ্যার দেওয়ানী লাভ করেন— আনিস)। ২বিণ. বিষয়াদির অধিকার বা সম্বন্ধীয়, ফৌজদারি বা অপরাধমূলক ঘটনা সম্বন্ধীয় নয় এমন, Civil (দেওয়ানি আদালত)। [দীওয়ানী دیوانی ফা.]।

দেওয়াল, দেয়াল— ১বি. প্রাচীর। ২বি. প্রাচীর গাত্র। [দীওয়ার دیوار ফা.]। **দেওয়ালগির, দেওয়ালগিরি, দেয়ালগিরি, দেওয়ালগীর, দেয়ালগীর**—বি. প্রাচীরগাত্র সংলগ্ন চিমনিযুক্ত ঝুলন্ত প্রদীপ বিশেষ (সাপের মেজে, সাপের বাড়ী, সাপের মণির দেয়ালগিরি— দক্ষিণা; দেয়ালগীর শোভিছে সুন্দর শ্রেণীমত— কায়কোবাদ)। [দীওয়ারগীর, গীরী دیوارگیر، گیری ফা.]।

দেনমোহর— বি. বিয়ের সময় স্বামী স্ত্রীকে যে অর্থ দিতে প্রতিশ্রুত হয়। [দয়ন্ মহর্ دین مهر আ.]।

দেনা— বি. ঋণ, ধার, কর্জ (দেনা-পাওনার হিসাব করিয়া 'বানিয়া' খুলিল দ্বার— জসীম)। [দয়ন্ دین আ.]।

দেমাক, দেমাগ, দিমাগ— ১বি. মস্তিষ্ক, মাথার মগজ (তার দিমাগ বড়ই তাজা)। ২বি. অহংকার, গর্ব, আত্মাভিমান (পথের ধূলায় লুটায় তবু দেমাগ না ফুরায়— মোস্তফা)। ৩বি. বুদ্ধি, মেধা (দুইগুণ হইল জোর, বাড়িল দেমাগ— হামজা)।

[দিমাগ دماغ আ.]। **দেমাকি, দেমাকে, দেমাগি, দেমাগে**— বিণ. অহংকারী, গর্বিত, আত্মাভিমানী (এটার মত দেমাকে, অদ্ভুত জানোয়ার আর দুটি দেখা যায় না— অবনীন্দ্র; নবাব বাহাদুরের প্রজারা ভারি দেমাগি—মশাররফ)। [—+ ی ফা.]।

দেয়াড়, দেয়াড়া— বি. পলিমাটি প'ড়ে নদীর তটভূমি গ'ড়ে ওঠে। [দিয়ার دیار আ. এক. دار (উচ্চ জমি) ফা.]।

দেয়ান— দ্র. দেওয়ান১।

দেয়ালগিরি, দেয়ালগীর— দ্র. দেওয়াল।

দের— বি. বিলম্ব, দেরী (ইয়াদ হইল আর নাহি সহে দের— হামজা)। [দের دیر ফা.]।

দেরাক্ত, দরক্ত, দরখত— বি. গাছ, বৃক্ষ (শূন্যের পর এক দেরাক্ত পয়দা দেখতে কি মজা— কানাই)। [দরখ্ত درخت ফা.]।

দেরাজ— বি. টেবিল, আলমারি প্রভৃতির মধ্যগত বাক্সের মত আধার বিশেষ টেনে খোলা এবং ঠেলে বন্ধ করা যায়, টানা drawer (পুরাতন দেরাজের মত—আশরাফ)। [দুরজ্ درج আ.]।

দেরি, দেরী—বি. বিলম্ব। [দের دیر ফা.; দেরী دیری হি.]।

দেরেগ— বি. দুঃখ, পরিতাপ (দেরেগ হইল বড় দেলেতে আমার— হামজা)। [দরেগ دریغ ফা.]।

দেরেঙ্গ— বি. বিলম্ব, দেরী (একটু দেরেঙ্গ করেন আপনারা ঐ যে আরও কজন মুসল্লি আসিতেছেন—ইমদাদ)। [দরঙ্গ درنگ ফা.]।

দেলাসা, দেলাছা— দ্র. দিলাসা।

দেল— দ্র. দিল।

দেলখোশ, দেলখোস, দেলবন্দ—দ্র. দিল।

দেলোয়ার— দ্র. দিল।

দেহাত— বি. গ্রাম, পাড়াগাঁ। [দিহাত دیهات ফা.]। **দেহাতি, দেহাতী**— ১বিণ. গাঁয়ে বাস করে এমন (তিনি দেখতে চান এদেশের দেহাতী আদিমের দুঃসাহস— আজাদ)। ২বিণ. গাঁয়ে ব্যবহৃত। ৩বিণ. গ্রাম্য, গেঁয়ো, গাঁয়ে অবস্থিত (দেহাতি বালির রাস্তা— অচিন্ত্য)। [— +ই, ঈ, বাং.]।

দৈসত— দ্র. দহসত।

দো— ১বিণ. দুই, ২বি. সংখ্যা বিশেষ। [দো دو ফা.]। **দোকাতারি**— বিণ. দুই সারি বিশিষ্ট (দোকাতারি আসা-বরদার ও চোপদার... — রামরাম)। [— ফা.+কৃতার قطار আ. + ই. বাং.]। **দোতর্‌ফা, দোতরফি, দুতরফা**— ১বিণ. উভয় পক্ষ সম্বন্ধীয়। ২বিণ. উভয় পক্ষই অংশ গ্রহণ করেছে বা উভয় পক্ষের বক্তব্য শোনা হয়েছে এমন (দোতরফি শালিসে বাদশাহ ক্রোধান্বিত হইয়া— রামরাম)। **দো-দেল**— বি. দু'মনা, কপট, দ্বিধান্বিত (দো-দেল বান্দা বোঁচকা-চোর, না পায় বেহেশ্‌ত্, না পায় গোর)। [— + দিল্ دل ফা.]। **দোপেয়ে, দু'পেয়ে**— ১বিণ. দুটি পা আছে যার, দ্বিপদ (মানুষ দু'পেয়ে জীব)। ২বিণ. (আল.) মানুষ। [— + পায়হ্ پایه ফা.]। **দোফসলী**— বিণ. বছরে দুবার ফসল জন্মে এমন (দো-ফসলী জমি)। [— ফা.+ ফস্‌লী فصلی আ.]। **দোফ্যাকড়া, দোফ্যাকড়া, দোফরকা**— বিণ. দুটি ডাল বা শাখায়

বিভক্ত। [دو ফা.+ فرقہ ফিরকহ্ আ.]। **দোমহলা**— বিণ. দু মহল বিশিষ্ট (দোমহলা বাড়ি; ঘাটের উপর অপূর্ব বিরাজের স্থল দোমহলা— রামরাম)। [— + মহল محل আ. + আ.বাং.]। **দোয়াব, দোআব, দুআব**—বি. দুই নদীর মধ্যবর্তী অঞ্চল, দুই নদীযুক্ত বা দুই নদী-বিধৌত দেশ। [— + আব آب ফা.]। **দোরকা, দোরোকা, দোরখা, দোরোখা**— বিণ. উভয় দিক বা পিঠই সমান কারুকার্য বা রং বিশিষ্ট (দোরকা শাল)। [— +রুখ্ رخ ফা.+ আ. বাং.]।

দোআ— দ্র. দোয়া।

দোআব— দ্র. দো।

দোকান— বি. কেনাবেচার স্থান বা ঘর, বিপণি, পণ্যশালা (রূপের ডালি খুলে বসি পেতেছে দোকান— হেম)। [দুকান دکان ফা.]। **দোকানদারী**— বি. দোকানের মালিক, পণ্য বিক্রেতা (অমধুর বাণী বলে সে দোকানী— চণ্ডী)। [— ফা.+ দার دار ফা.]। **দোকানদারি, দোকানদারী**—১বি. দোকানদারের পেশা, ক্রয় বিক্রয়ের কাজ। ২বি. দোকানদারের ন্যায় স্বার্থপর আচরণ। ৩বি. লাভালাভের হিসাব। [দুকান دکان+ দারী دارى ফা.]। **দোকানি, দোকানী**— বি. দোকানের মালিক। [— + ই, ঈ. বাং.]।

দোজখ, দোযখ— বি. নরক, অতি নিকৃষ্ট ও ক্লেশদায়ক স্থান, ইসলামী মতে পরলোকে যেখানে পাপীদেরকে শাস্তি দেয়া হবে (মোমেন দোজখে না থাকিব চিরকাল— আলাওল)। [দোযখ دوزخ ফা.]।

দোনো (ম.- বা)— বিণ. উভয়ই (দোনো ছেলের নাড়ি ছেদ করিল বসিয়া— মা. গা.)। [দোনোঁ دونوں হি.]।

দোপাট্টা— বি. উত্তরীয়, উড়ানি, চাদর (পাজামা ও দোপাট্টার ভারে বেচারী বধূ ক্লান্ত—রোকেয়া)। [দোপট্টা دوپٹہ হি.]।

দোপিয়াজা, দোপেয়াজা, দোপিয়াজি— বি. অধিক পিঁয়াজ সহযোগে প্রস্তুত মাছ বা মাংসের শুরুয়াবিহীন ব্যঞ্জন বিশেষ, শুরুয়াবিহীন যে তরকারিতে দুবার পিঁয়াজ দেয়া হয়। [দো-পিয়াযহ্ دوپیازہ ফা.]।

দোপেয়ে— দ্র. দো।

দোফসলী, দোফাকড়া, দোফ্যাকড়া— দ্র. দো।

দোবারা, দোবরা— বিণ. ডবল, দুবার করা হয়েছে এমন, পরিষ্কার দানাদার (কুষ্মাণ্ডের অম্বল তাহে দোবরা চিনি— অবনীন্দ্র)। [দোবারহ্ دوبارہ ফা.]।

দোমহলা— দ্র. দো।

দোযখ— দ্র. দোজখ।

দোয়া, দোআ— বি. আশীর্বাদ, মঙ্গল কামনা (দোয়া করে কলেমা পড়িয়া— কঙ্কণ)। [দু'আ دعا আ.]। **দোয়া-দরুদ**— বি. আল্লাহ্‌র মহিমাকীর্তন ও মঙ্গল প্রার্থনা এবং হযরত মুহম্মদ (সঃ) -এর উপর আল্লাহ্‌র অনুগ্রহ প্রার্থনা। [— +দুরূদ درود ফা.]। **বদদোয়া**— বি. অভিশাপ। [বদ بد ফা.+—আ.]।

দোয়াজ দহম— বিণ. বারো, দ্বাদশ। [দুয়াযদহম دوازدہم ফা.]। **ফাতিহা-ই-দোয়াযদহম্** —বি. দ্বাদশ তারিখের পুণ্য-উপস্থাপন, নবী দিবস। বিশ্ব নবীর

জন্মদিবস— রবিউল আউয়াল মাসের বারই তারিখ। [ফাতিহাঃ فاتحہ আ.+ ই+ —— ফা.]।

দোয়াত— বি. লেখার কালি রাখার আধার বিশেষ। [দওয়াত دواۃ ফা.]। **দোয়াতদানি** —বি. দোয়াত রাখার পাত্র বিশেষ (টেবিলের উপর পাথরের দোয়াতদানি— বিভূতি)। [—+ দানি دانی ফা.]।

দোয়াব— দ্র. দো।

দোরকা, দোরখা— দ্র. দো।

দোরস্ত— দ্র. দুরস্ত।

দোরোকা, দোরোখা— দ্র. দো।

দোর্‌রা— বি. চাবুক (সেথা উমরের দোর্‌রা হানিয়া আনো পথ মুক্তির— ফররুখ)। [দুররহ درّہ আ.]।

দোলাই, দোলা— বি. দুই পাটযুক্ত কাপড়ের তৈরী গায়ের চাদর (ছাড়িয়া পাটের দোলা সবে করে পাখীর খেলা পড়ে খসি ভূষণ অম্বর—কঙ্কণ)। [দুলাঈ دولائی ফা.]।

দোশালা, দোসালা— বি. শালের জোড়া, দুই ফর্দ শাল (ঘোষেরে দোসালা দিল সরবন্ধ জোড়া— ঘন)। [দো دو ফা. + শাল شال ফা. + আ. বাং.]

দোসর— ১বি. সঙ্গী, সাথী অংশীদার, দ্বিতীয় ব্যক্তি (সম্পদে-বিপদে তিনিই ছিলেন হজরতের দোসর— বাহার)। ২বি. সহায়, সাহায্যকারী। [দুসরা دوسرا হি.]।

দোসরা, দোস্‌রা, দোসরী, দুসরী— ১বিণ. দ্বিতীয় (আর দোসরা কথা বলোনা)। ২বিণ. অন্য, অপর (আমি দোস্‌রা এলাকায় ঘরের ঠ্যাক্‌না করেছি— মাইকেল)। [দোসরা, দুসরী دوسرا، دوسری হি.]।

দোসালা— দ্র. দোশালা।

দোস্‌রা— দ্র. দোসরা।

দোস্ত—বি. বন্ধু, সুহৃদ (কি কারণে দোস্ত মোর হইল বিকল—হেয়াত)। [دوست ফা.]। **দোস্ত-আশনা**— বি. বন্ধু ও আপনজন (তারপর জিজ্ঞেস করলেন, কাবুল শহরে দোস্ত আশ্‌না নেই— মুজতবা)। [— آشنا ফা.]। **দোস্তদার**— বি. বন্ধু, ইয়ার, সখা ইত্যাদি (যত কেহ দোস্তদার খুশী চাহি সবাকার—হামজা)। [— + দার دار ফা.]। **দোস্তি, দুস্তি**— বি. বন্ধুত্ব, সখ্য, অন্তরঙ্গতা। [দোস্তী دوستی ফা.]।

দোহরান/দোহোরানো— ক্রি. পুনরাবৃত্তি করা (সেই কথাটি অন্তত: দুইবার তিনবার দোহোরাইয়া শুনিবেন—মশাররফ)। [দুহ্‌রানা دہرانا হি.]।

দোহাই—১বি. শপথ, দিব্য (আল্লার দোহাই যদি না কহ আমারে—সুলতান)। ২বি. অসিলা, অজুহাত, ছুতা (অসুখের দোহাই)। ৩বি. সুবিচার, দয়া ইত্যাদি প্রার্থনা সূচক আহ্বান (দোহাই মহারাজা!)। ৪বি. অনুরোধ, মিনতি, কাতরতা বা আবেদনের ভাব-প্রকাশ (দোহাই হুজুর!)। [দহাঈ دہائی হি.]।

দোহোরানো— দ্র. দোহরান।

দৌলত, দওলত—১বি. সম্পদ, ঐশ্বর্য (ধন দৌলত বাড়ে নাক— রবীন্দ্র; এই দৌলত বিভব-রতন যাবে না তোর সাথে— নজরুল)। ২বি. অনুগ্রহ, আনুকূল্য, সহায়তা, প্রভাব (তিনি নিজের বেতন বাড়িয়ে গেলেন ছাত্রের দৌলতে — অবনীন্দ্র; যার দৌলতে বেঁচে গেলাম

—অচিন্ত্য)। [দওলত্ دولت আ.]। **দৌলত-ইজ্জত**— বি. ধন সম্পদ ও সম্মান; সম্পদ ও সম্ভ্রম। [দৌলত্ دولت আ. ইয্ যত্ عزت আ.]। **দৌলতখানা, দৌলৎখানা**— ১বি. ঐশ্বর্যপূর্ণ বাসভবন, ধনীর প্রাসাদ। ২বি. গৃহ, বাসস্থান (কোথায় দৌলৎখানা চলেছো কোথায় নৌজায়ান— ফররুখ)। [দওলত আ.+ খানহ্ خانہ ফা.]। **দৌলতদার, দৌলতমন্দ** — বিণ. ঐশ্বর্যশালী, ধনী (সাবাস দৌলতমন্দ এত মাল থাকে যার সাথে— হামজা)। [—দার্ دار ফা. ফা.]। **দৌলতদারি**— ১বি. ঐশ্বর্যশালিতা। ২বি. ভোগবিলাস ও প্রতিষ্ঠা; সম্পদ ও বিত্তশালিতা (তোমার দৌলতদারি আখেরে বেকার, সেদিন নাজাত লাগি হবে বেকারার—হামজা)। [দওলত্ دولت আ. + দারী داری ফা.]। **দৌলত-হাশমত, দৌলত-হাসমত**— বি. ধনসম্পদ ও গৌরব; সম্পদ ও জাঁকজমক। [দওলত্ دولت + হশমত্ حشمت আ.]। **দৌলতিয়া**— বিণ. সম্পদশালী, বিত্তশালী। [দওলত্+ইয়া বাং]।

[ধ]

ধিমা, ঢিমা/ধিমে, ঢিমে— ১বিণ. ঢিলা, শিথিল, অলস (ধিমে প্রকৃতির)। ২বিণ. মৃদু, ক্ষীণ (ধিমা বৃষ্টি)। ৩বিণ. অদ্রুত। [ধীমা دھیما হি.]।

ধুপী, ধুবী, ধূবী, ধোবী— বি. বস্ত্র ধৌতকারী, রজক (ধূবীর কুকুর যেন, স্থান নাই ঘরে বা বাজারে—ফররুখ)। [ধোবী دھوبی হি.]।

ধূবী— দ্র. ধুপী।

ধোঁকা, ধোকা— ১বি. ফাঁকি, ধাপ্পা, প্রবঞ্চনা। ২বি. সন্দেহ, সংশয় (ধোঁকায় পড়া)। ৩বি. ভ্রম, ভুল। [ধোকা دھوکا হি.]। **ধোঁকাবাজ, ধোকাবায**—বিণ. ফাঁকিবাজ, প্রবঞ্চক, প্রতারক। [— + বায্ باز ফা.]। **ধোঁকাবাজি, ধোঁকাবাজী, ধোকাবাযী**— বি. প্রবঞ্চনা, ধাপ্পা, প্রতারণা, ফাঁকি। [— + বাযী بازی ফা.]।

ধোকা— দ্র. ধোঁকা।

ধোবী— দ্র. ধুপী।

ধোলাই— বি. প্রক্ষালন, ধৌতকরণ, ধোপ (ধোলাই খরচ)। ২বিণ. ধৌত, পানি দ্বারা পরিষ্কৃত (ধোলাই কাপড়)। [ধুলাঈ دھولائی হি.]।

ধোসা— বিণ. পশমী গাত্রবস্ত্র বিশেষ। [ধুসসা دھسّا হি.]।

[ন]

নইচা, নইচে— দ্র. নলিচা।

নঈ— বিণ. নতুন, নব। [নঈ نئی উ., হি.]। **নঈ তালীম**—বি. নতুন শিক্ষা। [نئی উ.: + تعلیم আ.]।

নও—বিণ. নয়া, নতুন। [নও نو ফা.]। **নওআবাদ, নও আবাদী**— বি. নতুন বসতি। [—آباد، آبادی ফা.]।

নওকর, নোকর, নকর— বি. চাকর, ভৃত্য (মৃত্যু যেন কেনা নওকর থরথর পদভরে— হাসান)। [নওকর نوکر হি.]। **নওকরি, নোকরি, নকরি**— বি. বেতনের পরিবর্তে চাকরি, কর্ম, দাসত্ব, ভৃত্যগিরি (আমার মেজদা ওঁর বাংলার

কোথায় যেন কি এক নোকরি করেন— মুজতবা)। [নওকরী نوکری হি.]।

নওজোয়ান, নৌজোয়ান—১বি.-বিণ. নবযুবক, তরুণ বীর, যুবক বীর। ২বি-বিণ. তরুণ, যুবক (ব্যাঘ্র-চর্ম পাদুকা পায়, অগ্নিগিরিরে ধরে নাড়ায়, দিবস-রাত্রি খুঁজে বেড়ায়— ভূমিকম্পের ঘর কোথায়— নজরুল)। [নওজওয়ান نوجوان ফা.]। **নওজোয়ানি, নও জোয়ানী, নৌজোয়ানী**— বি. নব যৌবন (আজকে রওশন জমীন— আসমান নওজোয়ানীর সুরখ নূরে— নজরুল; নৌজোয়ানীর খুন-জোশীতে মস্‌ত হ'ল সব লোক— নজরুল)। [নওজওয়ানী نوجوانی ফা.]।

নওবত, নহবত/নবত, নবৎ, নৌবত, নৌবৎ— ১বি. প্রত্যহ সকালে ও সন্ধ্যায় বা প্রহরে-প্রহরে রাজা বা বিশেষ পদস্থ ব্যক্তির দ্বারে যে বিশেষ বাজনা বাজান হয় (তুর্ক তোরণে নহবৎ বাজে গুলজার গুলশান, জিন্দা পাকিস্তান— শাহাদাত: নহবতে বাজে সকরুণ মূলতান— নজরুল; নবোৎসাহে নৌবৎ বাজায়— সত্যেন্দ্র)। ২বি. সানাই ইত্যাদির সুমিষ্ট ঐক্যতান বাদ্য, দুন্দুভি বা নাকারা বাদ্য। [নওবত نوبت আ.]। **নওবতখানা, নহবৎখানা**— বি. যে স্থানে বা মঞ্চে বসে নওবত বাজান হয় (নহবৎখানায় তারই বিসর্জনের বাজনা বাজছে— নজরুল)। [نوبت আ.+ خانه ফা.]।

নওবাহার— বি. নববসন্ত (কচি ঘাস আর লতাপাতায় তিনি দেখতে পাচ্ছিলেন জীবনের নওবাহার— শাহেদ)। [نوبہار ফা.]।

নওমুসলিম— বি. নবদীক্ষিত মুসলমান। [— মুসলিম مسلم আ.]।

নওয়াজিমা— দ্র. লওয়াজিমা।

নওয়াব, নওয়াবজাদা, নওয়াব নাজিম, নওয়াবী— দ্র. নবাব।

নওয়ালা—১বি. উপহার। ২বি. গ্রাস, মুখের গ্রাস। [নিওয়ালহ نواله ফা.]।

নওরতন— ১বি. নবরত্ন (দরবার-ই-নওরতন)। ২বি. নবরত্নখচিত বলয়। [نورتن ফা.]।

নওরোজ, নওরোজা—১বি. নতুন দিন, নববর্ষ (বাদশাজাদা দেখল তোমায়— দেখল প্রথম নওরোজে— সত্যেন্দ্র)। ২বি. পারসিকদের নতুন বছরের প্রথম দিন (মাগরেবের নামাজের পর সারা তেহরান যখন নওরোজের আনন্দে মগ্ন —আ-দীন)। ৩বি. উৎসব বিশেষ (কহিল সহেলি, আজ যে গানের নওরোজ— মোহিত)। [নওরোয্ نوروز ফা.]।

নওল— বিণ. নবীন, নতুন, নব, কচি, মনোহারী (কোথায় খুলবে নওল ঊষার রশ্মি ধারা সফেদ— ফররুখ)। [নওল্ نول হি.]। **নওল কিশোর**— বিণ. নবকিশোর (দেখবি কে আয়, আজ আমাদের নওল কিশোর সওদাগর— নজরুল)। [— + কিশোর বাং.]। **নওলী যৌবন**— বি. নব যৌবন। [نولی হি. +যৌবন বাং.]।

নওলা, নহলা— বি. নয় ফোঁটা চিহ্নিত তাস (যারা চিড়িতনের টেক্কাকে বেমালুম হরতনের নওলা বানিয়ে দিতে পারেন— মুজতবা; দুরি তিরি নইতে নহলা দহলা পর্যন্ত আরও অনেক ঘর গৃহস্থ আছে— রবীন্দ্র)। [নহ্‌লা نہلا হি.]।

নওলাখী— ১বি. ধর্মীয় সম্প্রদায় বিশেষ ২বি. যার মূল্য নয় লক্ষ মুদ্রা। [নওলাখী نولاکھی ফা.+হি.]।

নওলী যৌবন— দ্র. নওল।

নওশা, নওশাহ্—বি. বর, Bridegroom (রণে যায় কাসিম ঐ দু'ঘড়ির নওশা— নজরুল)। [নওশহ্ نوشه ফা.]।

নওশেরোঁয়া, নওশেরওয়ান— বি. ইরানের সম্রাট (ইরান অধিপ নওশেরোঁয়ার প্রাসাদের চূড়া লাজে— নজরুল)। [নৌশেরবাঁ نوشیروان ফা.]।

নংগর, নঙ্গর/নোঙ্গর, নোঙর— বি. শিকল বা কাছির সাথে বাঁধা লাংগলের আকৃতির লোহার ভারী অংকুশ বিশেষ যা পানির নীচে ফেলে নৌকা জাহাজ প্রভৃতি বাঁধা হয়। [লংগর لنگر ফা.]।

নকর, নকরি— দ্র. নওকর।

নকল—১বি. বেআইনীভাবে পরীক্ষার্থীর উত্তরপত্র দেখে লেখন (পরীক্ষার হলে নকল করা)। ২বি. অনুকরণ। ৩বি. অনুলিপি, প্রতিলিপি (লিখাইয়া পাঞ্জা ফরমানের নকল, নানামতে সাবধানে রাখিল আসন— ভারত)। ৪বি. প্রতিবিম্ব (এ সংসার আর্শির নকল, ছায়ার খেলা— মশাররফ)। ৫বিণ. কৃত্রিম, জাল, অখাঁটি, ঝুটা (নকল টাকা)। [নক্‌ল نقل আ.]। **নকল নবিস, নকল নবীস**— বি. যে লেখা নকল করে, অনুকরণকারী, প্রতিলেখক, copyist।

নকলনবিসি—বি. নকলনবিসের কাজ, লেখা দেখে লেখার কাজ। **নকুলিয়া/নকুলে**—বিণ. যে নকল করতে অর্থাৎ কারো ত্রুটির অনুকরণ করে ঠাট্টাবিদ্রূপ করতে পটু, আমোদপ্রিয়, ভাঁড় (রতা নাপতে ভারি নকুলে—দীনবন্ধু)। [—+ ইয়া বাং.]।

নকশ— বি. চিত্র, মানচিত্র। [নক্‌শ نقش আ.]।

নকশ্‌বন্দিয়া—বি. বিণ. সুফী-সম্প্রদায় বিশেষ (তিনিও নকশবন্দিয়া পন্থায় দীক্ষিত হয়েছিলেন— আনিস) [নক্‌শ্‌বন্দিয়হ্ نقشبندیه ফা.]।

নকশা, নকসা, নক্সা—১বি. চিত্রের কাঠামো বা খসড়া, রেখাচিত্র, Sketch, drawing, map, design (যখন নকসা প্রস্তুত করিয়া আনে তখন তিনি তাহাতে কত ব্যয় হইবেক বুঝিতে পারেন নাই— বিদ্যা)। ২বি. গৃহ উদ্যান সেতু ইত্যাদির অবস্থান গঠন সূচক রেখাচিত্র (বাগানের নকশা)। ৩বি. গঠনপ্রণালী নির্দেশক রেখাচিত্র (বাড়ির নকশা)। ৪বি. ফুল, লতাপাতা অঙ্কিত, চিত্রিত (স্ত্রীর শ্রী অঙ্গে চেলি জরির নানা নক্‌সা আঁকা— দ্বিজেন্দ্র)। ৫বি. জমির জরিপ সম্বন্ধীয় চিত্র। ৬বি. হাস্যরসাত্মক রচনা, ব্যংগচিত্র। [নক্‌শহ্ نقشه আ.]। **নকশা খোদকারী, নকসা খোদকারী**—বি. খোদাই করা নকশার কারিগরী (নানা আলপনা নকসা খোদকারী কারিগরি— অবনীন্দ্র)। **নকশাদার, নক্সানবীশ**— বি. যে নকশা করে, নকশাকার (কত ওস্তাদ নক্সানবীশ আলোকিল তোর প্রাচীর পুঁথি— সত্যেন্দ্র)। [—+ দার دار নবীশ نویس ফা.]।

নকশি, নকশী —বিণ. নকশা বিশিষ্ট (নকশী কাঁথা)। [— আ. +ই, ঈ বাং.]।

নকাশি, নকাশী, নকাসি—১বি. চিত্রআঁকা বা ফুল লতার কাজ। ২বি. খোদাইয়ের কাজ। ৩বি. ধাতু-পাত্রে চিত্রণের বা খোদাইয়ের কারুকাজ। [নক্‌কাশ نقّاش আ.; নক্‌কাশী نقّاشی আ.]।

নকিব, নকীব— ১বি. যে যশ ঘোষণা করে(নজরুল হলেন নবযুগের নকীব—ছদর)। ২বি. ঘোষক (নকীব উষ্ট্রপৃষ্ঠে বসিয়া ভেরীরবে ভূপতিগণের শুভাগমন বার্তা আর ঘোষণা করিতেছে না—মশাররফ)। ৩বি. প্রভুর বা আগন্তুকের পরিচয়দাতা (নকীব সেলামগাহে সেলাম জানায়—ভারত)। ৪বি. সংবাদবহ, পেয়াদা। [নক্বীব نقيب আ.]

নক্সা, নক্সানবীশ—দ্র. নকশা।

নখরা—দ্র. নাখরা।

নগদ—১বি. তৎক্ষণাৎ মূল্যদান, বাকির বিপরীত (নগদ বিক্রি; নগদ দিয়ে কেনা)। ২বি. উপস্থিত টাকা, মৌজুদ টাকা, cash (নগদ যা পাও হাত পেতে নাও বাকীর খাতায় শূন্য থাক—কান্তি ঘোষ)। [নক্বদ نقد আ.] **নগদখাজনা**—বি. নির্ধারিত খাজনা। [—خزانه আ.]। **নগদান**—বি. যে খাতায় নগদ খরচের হিসাব লেখা হয়, cash book [নক্বদান نقدان আ. + ফা.]। **নগদী**—১বি. নগদ খাজনা আদায়কারী পাইক। ২বি. জমিদারের পাইক। ৩বিণ. নগদ মূল্যে ক্রীত বা ক্রেয়। [নক্বদী نقدی ফা.]।

নগদা— ১বিণ. সঙ্গে সঙ্গে প্রদেয়, নগদ পাওনা (নগদ যা পাস তাই ধরে রাখ, ধারের পণ্য করিসনে— নজরুল)। ২বিণ. দেনাপাওনা সঙ্গে সঙ্গে মিটান হয় এমন। ৩বি. নগদ মজুরি নিয়ে যে কাজ করে (নগদা মজুর)। [নক্বদ نقد আ.+বাং. আ.]।

নগদান, নগদী—দ্র. নগদ।

নগ্‌মা—বি. গান (ফুল কুঁড়িদের বাঁধন খোল, নগ্‌মা শুনাও, হে বুলবুল—মোস্তফা) [নগ্‌মহ্ نغمه আ.]।

নগিচ, নগিজ—বি. কাছ, নিকট। [নয্‌দীক্ نزديک ফা.]।

নগিনা, নগীনা—বি. আংটির পাথর, মণি (হেন সুন্দর বহুমূল্য নগীনা—মু. শ.)। [নগীনহ্ نگينه ফা.]।

নছব, নসব—বি. বংশ, পুরুষানুক্রম। [নসব্ نسب আ.]। **নছবনামা, নসবনামা**—বি. বংশলতা। [—+নামহ্ نامه ফা.]। **হসব নসব**—বি. বংশ ও বৈবাহিক সম্পর্ক, বংশমর্যাদা, খান্দানী গৌরব। [হস্‌ব্-নস্‌ব্ حسب نسب আ.]।

নছিব—দ্র. নসিব।

নছিহত, নছীহত—দ্র. নসিহত।

নজদিক, নজদিগ, নযদিক, নযদীক—বি. নিকট, সম্মুখ, সমীপ (নজদিকে বসায় তারে করিয়া খাতির—হামজা; নজদিগে যাইয়া দেখে, পরীজাত লাখে লাখে ... হামজা; কেয়ামতের নযদিকে এমন এক জামানা আসিবে—মনসুর)। [নয্‌দীক্ نزديک ফা.]।

নজর, নযর—১বি. দৃষ্টি (বিষাদ-ক্ষীণ এ অন্তরে মোর থাকে যেন তোমার নজর—নজরুল)। ২বি. লক্ষ্য (উঁচু নজর)। ৩বি. মনোযোগ, অভিনিবেশ। ৪বি. তত্ত্বাবধান (নজর রাখা)। ৫বি. সুদৃষ্টি (চাকরটির

উপর মনিবের নজর পড়েছে)। ৬বি. অশুভ দৃষ্টি (নজর কারো লাগবে নাকো, অটুট হবে ঘর— সত্যেন্দ্র)। [নযর نظر আ.]। **নজরবন্ধ**—বিণ. দৃষ্টি-আবদ্ধ (নজর বন্ধ রেখে চলি—মনোজ)। [— + বন্দ بند ফা.]। **নজরবন্দি, নজরবন্ধী**—১বি. দৃষ্টির বাইরে যেতে না দেয়া, ইচ্ছেমতো চলাফেরা করতে না দেয়া, আটক, confinement (একটা মানুষকে চিরদিন নজরবন্দি করিয়া রাখা যায়—রবীন্দ্র)। [نظر بندی আ.+ফা.] **নজরনিয়াজ, নযর নিয়ায**—বি. উপঢৌকন, ভেট, সালামী (নজর নিয়াজ বাবদ তিনি নয় লক্ষাধিক টাকা পাইয়াছিলেন—ওয়ালি)। [نذر + নিয়ায نیاز ফা.]। **নজর সেলামি, নযর সেলামী**—বি. উপঢৌকন, ভেট, উপহার (অনেক লাখেরাজদারের জমি বাজেয়াপ্ত হওয়াতে ও তাহাদের সনন্দ না থাকাতে তাহারা কেবল আনাগোনা করিয়া ও নজর সেলামি দিয়া ক্রমে ক্রমে প্রস্থান করিল—টেকচাঁদ)। [نذر + সলামী سلامی আ.]।

নজরানা, নযরানা—১বি. দর্শনী, উপঢৌকন, উপহার, ভেট (যা ছিল নজরানা দিল রাঙা পায়ে রাখি— নজরুল)। [নয্‌রানহ্ نذرانہ]।

নজাত— দ্র. নাজাত

নজাশী—বি. আবিসিনিয়ার (ইথিওপিয়া) রাজা, Negus। [نجاشی আ.]।

নজির, নজীর, নযীর—বি. দৃষ্টান্ত, উদাহরণ (ইতিহাসে এমন কোন নজীর নেই— আ. কা. শা.)। [নযীর نظیر আ.]।

নজুল—দ্র. নযুল।

নজ্জুম—বি. গণক (নজ্জুম সব বলছে সবাই আসবে সেজন এ-মঞ্জিল—নজরুল)। [নজূম نجوم আ.]।

নতিজা, নতীজা—বি. পরিণাম, ফল (অনেক গোপনীয় কথাও ফাঁস করে দেয়; ফলে এর পুরা নতিজাও তাকে ভুগতে হয়েছে— এস. ওয়াজেদ) [নতীজহ্ نتیجہ আ.]।

নথি, নথী—১বি. সূতা দ্বারা গাঁথা কাগজপত্রের তাড়া। ২বি. কোন বিষয়-সংক্রান্ত কাগজপত্রের তাগা, file (মোকদ্দমার নথি)। [নত্থী نتھی হি.]।

নদারৎ, নদারদ, নাদারৎ, নাদারদ—অব্য. নাই, বিহীন, শূন্য, অভাব (শহরের বড় মানুষের বাড়ীর দরওয়ানরা খোদ হুজুর ভিন্ন নদের রাজা এলেও খবর নদারৎ—কালীসিং; তাঁদের কথায় বাস্তবতা এক রকম নদারদ বললেই হয়—নজরুল)। [নদারদ ندارد ফা.]।

নফ্‌ছ—দ্র. **নফ্‌স**।

নফর—বি. চাকর, জন, ভৃত্য, সেবক, দাস (নফরে বকশীশ দিল জোড়া শালবন্দ—ঘন)। [নফর نفر আ.]।

নফ্‌রৎ—বি. ঘৃণা (... তারা বদলা পাবে ওরার নফরৎ আর দুশমনি—মনসুর)। [নফ্‌রত نفرت আ.]।

নফরী— ১বি. সেবা, পরিচর্যা। ২বি. দৈনিক কর্ম, মজুর। [نفر আ.+ ی (ঈ) ফা.]।

নফল—বিণ. অতিরিক্ত, যা ফরজ বা ওয়াজিব নয়। [নফল نفل আ.]।

নফ্‌স, নফ্‌ছ—১বি. নিশ্বাস, জীবন, আত্মা, অহং। ২বি. বাসনা, ভোগ, পাপ, অহংকার। [নফ্‌স্ نفس আ.]। **নফ্‌স**

আম্মারা, নফছ আম্মারা—বি. কুপ্রবৃত্তি (আল্লাহ্-তায়ালা নফছ আম্মারাকে সৃষ্টি করিয়া জিজ্ঞাসা করিয়াছিলেন, তুমি কে ? —নজিবর)। [نفس আ. + আম্মারহ امّارہ ফা.]। **নফ্সানিয়ত**—বি. অহংকার (কুপ্রবৃত্তি নফ্সানিয়ত পয়দা করে— মনসুর)। [নফ্সানিয়ত نفسانیت আ.]।

নফসি—অব্য. আত্মবিলাপসূচক অব্যয়, ত্রাহি ত্রাহি (নফ্সি নফ্সি করবে সবাই খুঁজবে ছায়া কোন্খানে— মোস্তফা; কাবুলের বাচ্চাই-শাকা এখন নাদির খাঁর তরবারি তলে নফসি নফসি করছে— নজরুল)। [নফ্সী نفسی আ.]।

নফি, নফী—বি. অনস্তিত্ব, নাস্তি (সে নফি হইতে এছবাতে পৌঁছিতে পারিবে— আহসান)। [নফী نفی আ.]।

নফিস্, নফীস্—১বিণ. উপাদেয় (নানা প্রকার চর্ব্ব্য, চুষ্য, লেহ্য, পেয় প্রভৃতি 'লজিজ' ও 'নফিস' খানা দ্বারা সকলকে পরিতৃপ্তি পূর্বক ভোজন করাইলেন—শিরাজী)। ২বিণ. মনোরম, মূল্যবান। [নফীস্ نفیس আ.]।

নফী—দ্র. নফি।

নফীস্—দ্র. নফিস্।

নবত—দ্র. নওবত।

নবৎ—দ্র. নওবত।

নবাত—১বি. চিনির তৈরী খাদ্য বি; চিনি, খেজুর গুড়ের পাটালি বিশেষ, বড় বাতাসা। ২বি. উদ্ভিদ। [নবাত نبات আ.]।

নবাব, নওয়াব—১বি. শাসনকর্তা, রাজপ্রতিনিধি (ঢাকার নবাব তথা পাঠান উকিল—ভারত)। ২বি. রাজন্য, মুসলমান সামন্ত রাজা। ৩বি. মুসলমান জমিদার প্রভৃতির বৃটিশ সরকার-দত্ত উপাধি। ৪বি. ধনী ও সম্ভ্রান্ত বংশীয় ব্যক্তি। ৫বি. (ব্যং) আরামপ্রিয়, বিলাসপ্রিয় ও অমিতব্যয়ী ব্যক্তি (একবার ওগো বাক্য-নবাব, চল দেখি কথা শুনে—রবীন্দ্র)। [নওওয়াব نوّاب আ.]। **নবাবজাদা, নওয়াবজাদা**— বি. নবাবের পুত্র। স্ত্রী. **নবাবজাদী**। **নবাব-নাজিম, নওয়াব-নাযিম**— বি. প্রদেশ-শাসক ও বিচারক। **নবাবি, নবাবী**— বি. নবাবের পদ বা কাজ (মীর জাফরালি খাঁ নবাবি চাহিয়াছে— রাজীব)। ২বি. নবাবের ন্যায় আচরণ, আড়ম্বরপূর্ণ জীবনযাত্রা (এত নবাবী ভাল না)। [— + ঈ. বাং.]।

নবিস, নবীস, নবিশ, নবীশ—বি. লেখক, লিপিকুশল— বাংলায় এটির স্বতন্ত্র প্রয়োগ নেই, অন্য শব্দের সাথে যুক্ত হয়ে ব্যবহৃত হয় (খোসনবিস, নকলনবিস)। [নবীস نویس ফা.]।**-নবিসি, নবিসী**—বি. লেখকগিরি।

নবী, নবি—১বি. পয়গম্বর, রসুল, প্রেরিত পুরুষ। ২বি. আল্লাহ্র বাণী। ৩বি. সংবাদদাতা। [নবী نبی আ.]। **নবীজী**—বি. শ্রদ্ধেয় নবী (নবীজীর নূরানী মূর্তি তার মানসপটে সেই প্রভাতসূর্যের মতই জ্বলজ্বল করছিল— এস. ওয়াজেদ)। **নবীর-তরীকা** —১বি. নবীর নির্দেশিত পথ। ২বি. ইসলামী আচার আচরণ।

নবীজী—দ্র. নবী।

নবুয়ত, নবুওত—বি. নবীত্ব, নবীর পদ (শ্যামতনু জ্যোতির্ময় সর্বাঙ্গ দাপানি। নবুয়ত পৃষ্ঠে যেন জ্বলে দিনমনি— দৌলত)। [নুবুওত্ نبوت আ.]।

নব্জ, নব্য— বি. নাড়ী, ধমনী, শিরা Pulse। [নব্য্ نبض আ.]।

নমাজ, নমায, নামাজ, নামায, নেমাজ—বি. ইসলাম ধর্মমতে ফজর, যোহর, আসর, মাগরিব ও এশা—দৈনিক এই পঁচবার অবশ্য করণীয় ইবাদত বা উপাসনা, সালাত। [নমায্ نماز ফা.] **নমাজী, নমাযী, নামাজী, নামাযী**—বিণ. যে নমায পড়ে। বিপ. **বেনমাযী**। **নমায্‌গাহ্, নামাজগাহ্**— বি. নমাজ পড়ার স্থান, মসজিদ।

নমুদ—১বি. প্রকাশ। ২বি. দৃশ্য। ৩বি. যশ। [নমূদ نمود ফা.]। **নমুদার**—ক্রি-বিণ. প্রকাশিত, উদিত (দু-দলে লস্কর যবে হৈল নমুদার, আছমানে লাগিল গর্দ্দ হৈল আন্ধার—হামজা)। [নমূদার نمودار ফা.]।

নমুনা—১বি. কোন জিনিস বা কাজের সামান্য অংশ যা থেকে তার সমগ্র পরিচয় পাওয়া যায়, নিদর্শন, পরিচায়ক, sample, specimen (যতখানে খারাপের নমুনা ... এই দাগাদারীর সময় হয়েছে—মশাররফ)। ২বি. আদর্শ। ৩বি. তুলনা (উহার নমুনা নাই— মোহিত)। [নমূনহ্ نمونه ফা.]।

নযদিক, নযদীক, নজদিগ—দ্র. **নজদিক**।

নযর—দ্র. **নজর**।

নযর নিয়ায, নযর সেলামী—দ্র. **নজর**।

নযরানা— দ্র. **নজরানা**।

নযীর—দ্র. **নজির**।

নযুল, নুযূল, নজুল— বি. অবতরণ, নাযিল হওন (নুযূল-ই-কুরআন)। [নযূল نزول আ.]।

নয়া—১বিণ. নতুন, টাটকা (নয়া ফুল দোলে ঝালর পাতায়— বন্দে)। ২বিণ. আধুনিক, নব্য (নয়া যমানা)। [নয়া نیا হি.]।

নরম— ১বিণ. নম্র, কোমল, অকঠিন (অঙ্গে নিলাজ পুলক ছোটে / বায় যেন হায় নরম লতা— নজরুল)। ২বিণ. ঠাণ্ডা, ভদ্র, বিনীত। [নর্‌ম্ نرم ফা.]। **নরম গরম**—১বিণ. মিঠাকড়া, মৃদু ও কড়া (নরম গরম কথা শুনিয়ে দেওয়া)। ২বি. মিঠাকড়া কথা (সে এসে আমায় নরমগরম কথা শুনিয়ে গেল—আফসার)। [নর্‌ম্ ওয়া গর্‌ম্ نرم و گرم ফা.]। **নরম দিল্**— বিণ. কোমল হৃদয়, দয়ালু মন। [— + দিল্ دل ফা.]। **নরম মেজাজ** — বিণ. শান্ত, রাগ না হওয়া। [— + মিযাজ্ مزاج আ.]।

নর-মাদা—বি. পুরুষ ও স্ত্রী। [নর্ ও মাদহ্ نر و مادہ ফা.]।

নরমী— ১বি. কোমলতা, মৃদুতা। ২বি. সহনশীলতা। [نرمی ফা.]।

নলিচা/নল্‌চে, নইচা/নইচে—বি. হুঁকার যে দণ্ডের উপর কলিকা বা কল্কে থাকে। [নইচহ্ نی چہ ফা.]।

নশীন, নিশীন—বি. আসীন (গদীনশীন)। [নশীন نشین ফা.]।

নসব—দ্র. **নছব**।

নসরা, নাসারা, নসরানী—বি. খৃস্টান। (হিসপানী আলমানী চোপদার নসরানী /নানাজাতি আর পর্ত্তুগীস—আলাওল)। [নসারা نصاریٰ আ. نصرانی আ.]।

নসিব, নছিব, নসীব— বি. ভাগ্য, অদৃষ্ট, কপাল (মোদের নসিব বড় বুরা—টেকচাঁদ; কেমন নছিব তার জানে বারি-তালা—হামজা)। [নসীব نصیب আ.]। **নসীবের গর্দিশ/গর্দেশ**—ভাগ্যবিড়ম্বনা। [—গর্দিশ گردش ফা.]। **খোশনসীব, খোসনসীব, খুশনসীব**—বি. সৌজন্যবান

(খোশ-নসিব উম্মত আমি তাঁর পেয়েছি অকূলে কূল— নজরুল)। [খুশনসীব خوش نصیب ফা.+ আ.]।

নসিহত, নসীহত, নছিহত, নছীহত—বি. ধর্ম সম্বন্ধীয় উপদেশ (শুনিবেক আলিমের চান্দ নসিহত—আলাওল; এমরান শাহার তরে, থোরা নছিহত করে, থাকে যেন বাহাল ঈমান—হামজা)। [নসীহত نصیحت আ.]

নসীব—দ্র. নসিব।

নসীহত—দ্র. নসিহত।

নহবত, নহবৎখানা—দ্র. নওবত।

নহর—বি. স্রোতস্বিনী, জলধারা, ছোটনদী, খাল, নালা, canal (বহেনা শিরাজ বাগের নহর, বুলবুল গেছে উড়ে— নজরুল)। [নহর্ نهر আ.]।

নহস, নস্— বি. অশুভ লগ্ন, কুক্ষণ (কোন নবকর্ম আরম্ভ না করিব , নহস বিফল জানি ক্ষেমা দি রহিব—আলাওল)। [নহস্ نحس আ.]

না'আত—দ্র. না'ত।

নাইয়া, নাইয়্যা—বি. মাঝি, নেয়ে, যে নৌকা চালায়, কাণ্ডারী (দরিয়ায় ঘোর তুফান, পার করো নাইয়া— নজরুল)। [নাইয়া نائیا হি.]।

নাউজবেল্লা, না'ঊযুবিল্লাহ্—অব্য. অশুভ বা অন্যায় হ'তে সতর্কতামূলক প্রার্থনা বিঃ। (এ বাত শুনিল নবী বাঘের জবানে 'হায় নাউজবেল্লা বলে হাত দিল কানে— গরীব)। [না'ঊযুবিল্লাহ্ نعوذ باللہ আ.]।

না-উম্মেদ, নাওম্মেদ—বি. নিরাশ, বিফল মনোরথ (আপনাদের পাঁচ জনের সাহায্য চাচ্ছি। আশা করি নাওম্মেদ হব না— ইমদাদ)। [না-উম্মীদ نا امّید ফা.]।

না'ঊযুবিল্লাহ—দ্র. নাউজবেল্লা।

নাএব—দ্র. নায়েব।

নাওম্মেদ—দ্র. না-উম্মেদ।

নাওয়া, নাহা, নাওন—১ক্রি. স্নান করা, গোসল করা, অবগাহন করা। ২বি. স্নান, গোসল (আমার তখনও নাওয়া হয় নাই— মনসুর।) [নহানা نہانا উ.]।

নাওয়াকিফ, নাওয়াকেফ—১বিণ. অজ্ঞ, মূর্খ। ২বিণ. অনবহিত, অবিদিত (যে চাঁদ সাগরে জোয়ার জাগায়, সে হয়ত তাহার শক্তি সম্বন্ধে আজও নাওয়াকিফ— নজরুল)। [না نا ফা.+ ওয়াক্বিফ واقف আ.]।

নাওয়াছা—দ্র. নাওয়াসা।

নাওয়ারা—বি. নৌবহর। [নাও ناو ফা.+ وار ফা. প্রত্যয় + আ. বাং.]।।

নাওয়াসা, নাওয়াছা—বি. নাতি, পৌত্র, দৌহিত্র। [নওয়াসহ্ نواسہ ফা.]।

নাং, নাঙ—বি. উপপতি, জার। [নংগ্ ننگ ফা.]

নাংগা, নাঙা, নাঙ্গা— ১বিণ. উলঙ্গ, নগ্ন (খাই ইশ্‌কের ঘাত শমশের ফের নিই বুক নাঙ্গায়—নজরুল)। ২বিণ. অনাবৃত (ফারিয়াদ করে আকাশে তুলিয়া নাঙ্গাশির— নজরুল)। [নংগা ننگا হি.]।

নাকচ—১বিণ. রদ, রহিত, বাতিল (এক কথায় তিনি তার আবেদন নাকচ করলেন— রবীন্দ্র)। ২বিণ. অব্যবহার্য, অকেজো। [নাক্বিস্ ناقص আ.]।

নাকরা১— দ্র. নাখরা।

নাকড়া, নাকরা২, নাকড়াখানা, নাকরাখানা —দ্র. নাকারা১।

নাকা—অব্য, মত, সদৃশ (তোমার নাকা কাজের লোক কোথায় পাওয়া যাবে!)। [নক্‌ল نقل আ.]।

নাকাড়া—দ্র. নাকারা১।

নাকারচী—বি. ঢুলী, ঢোলবাদক। [নক্কার্ نقّار আ.+চী چی তু.]।

নাকারা১, নাকাড়া, নাকড়া, নাকরা২—বি. ঢাক জাতীয় বাদ্যযন্ত্র বিশেষ (বিনামেঘে বজ্ররবের মত উঠল বেজে কাড়ানাকাড়া—রবীন্দ্র)। [নক্‌ক্কারহ্ نقّاره আ.]। **নাকড়াখানা, নাকরাখানা**— বি. ঢাক জাতীয় বাদ্যযন্ত্র যে স্থানে রাখা হয় (নাকরা খানায় নবৎ বেজে উঠল— অবনীন্দ্র)। [নক্‌ক্কার نقّار আ.+ খানহ্ خانه ফা.]।

নাকারা২—বিণ. অকেজে, কাজের অযোগ্য (নাকারা চিজ)। [নাকারহ্ ناکاره ফা.]।

নাকাল—১বিণ. ক্লান্ত, শ্রান্ত (গুরু উরু ভারে তনু নাকাল—নজরুল)। ২বি. হয়রান (তিনি নাকাল হইয়াছেন—পরশু)। ৩বিণ. বিব্রত (তারই জোরে তিনি স্বামীকে এতটা নাকাল করতেন—লুৎফর)। ৪বিণ. নিগৃহীত (অত্যন্ত নাকাল হইল—রবীন্দ্র)। ৫বিণ. জব্দ (শেয়াল এমন নাকাল আর কখনো হয়নি— অবনীন্দ্র)। [নকাল نکال আ.]।

নাকিস—দ্র. নাকেস।

নাকেস, নাকিস—১বিণ. কাঁচা, অসম্পূর্ণ। ২বিণ. অভাব-বিশিষ্ট। ৩বিণ. মূল্যহীন। [নাক্বিস্ ناقص আ.]। **নাকেস আকেল**—বিণ. অল্পবুদ্ধি, বোকা (তারা নাকেস আকেল— মনসুর)। [— + 'আক্‌ল্ عقل আ.]।

নাখরা, নাকরা১, নখরা, নাখারা, নেকরা, ন্যাকরা, ন্যাকরামি—১বি. কৌতুক, তামাশা, নেকামি (যাদের কাছে এইচি তারা কিন্তু বলছে না না, তোর বাবু, অত ন্যাকরায় কাজ কি—দীনবন্ধু)। ২বি. ছলাকলাপূর্ণ হাবভাব বা অঙ্গভঙ্গি (আঁখি ঠারে নাচ করে হাসে মুচকিয়া, না ভুলে হাতেম তার নাখারা দেখিয়া—হামজা)। [নখ্‌রা نخرا ফা.]।

না-খান্দা—১বিণ. অনাহূত। ২বি. অপ্রিয়। ৩বি. অসৎ। ৪বি. নিরক্ষর, অজ্ঞ। [না খান্‌দহ্ ناخوانده ফা.]।

নাখারা—দ্র. নাখরা।

নাখুদা—দ্র. নাখোদা।

নাখুশ—দ্র. নাখোশ।

নাখেরাজ—দ্র. লাখেরাজ।

নাখোদা, নাখুদা— ১বি. জাহাজের অধ্যক্ষ, কাপ্তান। ২বি. যে ব্যক্তি জাহাজে মাল আমদানী রপ্তানী করে। ৩বি. জাহাজের মাল সরবরাহ কারক। ৪বি. বোম্বে প্রদেশের মুসলমান জাতি বিশেষ (নাখোদাদের তৈরি মসজিদ)। [নাখুদা ناخدا ফা.]।

নাখোশ, নাখুশ—বিণ. অসন্তুষ্ট, অপ্রসন্ন, রুষ্ট (তাহার প্রতি নাখোশ হইবেন না)। [না-খুশ ناخوش ফা.]।

নাগড়া—দ্র. নাগরা।

নাগরা, নাগারা, নাগড়া—বি. মাটি বা ধাতুনির্মিত চর্মাবৃত বৃহৎ বাদ্যযন্ত্র বিশেষ, টিকারা (ধাঁ ধাঁ গুড় গুড় বাজে নাগারা—ভারত)। [নক্‌ক্কারহ্ نقّاره আ.]।

নাগা—বি. বাদ, শূন্যতা, কামাই (কামে নাগা দেয়)। [নাগাহ্ ناغه হি.]।

নাগাইত, নাগাইদ, নাগাত, নাগাদ, নাগায়েৎ, লাগায়েত, লাগাৎ,, লাগাদ—১অব্য, হইতে, থেকে (সোমবার নাগাইত জ্বর)। ২অব্য. পর্যন্ত, অবধি (ঢাকা নাগাদ যাব; সন্ধ্যা লাগায়েত শক্তি পাইতে পারি—বঙ্কিম)। [লিগায়ত لغاية আ.]।

নাগাত, নাগাদ—দ্র. **নাগাইত**।

নাগারা—দ্র. **নাগরা**।

নাগাল, নাগুল, লাগাল (বিরল)—বি. অধিগম্যতা, সামীপ্য, সংস্পর্শ, নৈকট্য (বিবেকের জ্ঞান যার পেলনা নাগাল—রশীদ)। [নিগুল نغول ফা.]।

নাঙ—দ্র. **নাং**।

নাঙা, নাঙ্গা—দ্র. **নাংগা**।

নাচার—দ্র. **লাচার**।

নাচারী—বি. শক্তিহীনতা, অসহায়ত্ব। [নাচার ناچار +ী ফা.]।

না-চীজ—বিণ. অকিঞ্চন, তুচ্ছ, সাধারণ (না-চীজ ফকীর চলি বারিতালা এলাহির রাহে—ফররুখ)। [নাচীজ ناچيز ফা.]।

নাছ, নাচ—১বি. সদর রাস্তা, রাজপথ (কেহ লক্ষপতি কেহ নাছের ভিক্ষুক—ঘন)। ২বি. গৃহপ্রবেশের প্রধান দ্বার, বাড়ীর সদর দরজা (দেখিয়া কাঙ্গালী সবে দিবে গালি—রহিতে না দিবে নাছে—ভারত)। ৩বি. বাড়ীর পশ্চাদ্দ্বার, খিড়কী। [নহজ্ نهج আ.]। **নাছদুয়ার**—বি. সদর দরজা, গৃহের বহির্দ্বার। **নাছের ভিখারী**—বি. পথের ভিখারী।

নাছোড়—১বিণ. যে কিছুতেই ছাড়েনা, যার হাত এড়ান দায় (গড়াগড়ি পায়ে ধরি নাছোড় বিবিজান—হেম)। ২বিণ. একগুঁয়ে,জেদী, নেই আঁকড়া। [না نا ফা. + ছোড় چھوڑ হি.]। **নাছোড়বান্দা**—বিণ. ছাড়ার পাত্র নয়, একগুঁয়ে, জেদী। [না نا ফা.+ ছোড় چھوڑ হি.+ বন্দাঃ بنده ফা.]।

নাজনী, নাজনি—১বি. সুকুমার পাত্রী, সৌখীন রুচির নারী, তন্বী ও কোমলদেহ বিশিষ্টা নারী (এক এক চিজ নব নাজনির হাতে—হামজা)। ২বি. খুকী। ৩বিণ. প্রিয়তমা, লীলাময়ী। [নায্নীন্ نازنين ফা.]।

নাজাই—১বি. যে খরচের জায় বা বাবদের উল্লেখ নেই (নাজাই খাতায় এরূপ খরচের হিসাব লেখা হয়)। ২বিণ. যার কৈফিয়ৎ নেই; বেকৈফিয়ৎ (দুজনে সঙ্গীত রসিকদের গান-বাজনা শুনিয়ে নাজাই টাকা রোজগার করবেন— প্রমথ)। **নাজাই খাতা**— বি. ব্যবসায়ের যে খাতায় বেকৈফিয়ৎ হিসাবের বকেয়া টাকা বা অনাদায় টাকার হিসাব লেখা হয় (বাকী পাঁচ হাজার টাকা নাজাই খাতায় লিখিয়া রাখা হইল)। [নাজায় ناجائے ফা.]।

নাজাত, নজাত—বি. মুক্তি, রেহাই, অব্যাহতি (আমার নাজাত হবে দেখিলে জামাল, ইয়াদ করিব আমি জীব যতকাল—হামজা; নাজাত- পথের আজাদ মানব নেই কি রে কেউ বাঁচা— নজরুল)। [নজাত্ نجات আ.]।

না-জায়িজ, না-জায়িয—বিণ. ধর্ম বিরুদ্ধ, অশাস্ত্রীয় (তার বিরুদ্ধে বিদ্রোহ না-জায়িজ—মুজতবা)। [না نا ফা.+জায়িয্ جائز আ.]।

নাজিম, নাযিম—বি. বাদশাহের নিয়োজিত প্রদেশের শাসনকর্তা (দিল্লীর রাজদরবার বাংলার নাযিম নিযুক্ত করতো)। [নাযিম ناظم আ.]।

নাজির, নাজীর, নাযির—১বি. আদালতের কর্মচারী বিশেষ—যিনি পেয়াদাদের তত্ত্বাবধান করেন (শেষে নাজিরের কামরায় বোতল গ্লাস রেখে উঠে গিয়ে প্রাণটা শীতল কর্তেম—মশাররফ)। ২বি. পরিদর্শক (আমি নাজিরও হই নাই, সেরেস্তাদারও হই নাই—রবীন্দ্র)। [নাযির ناظر আ.]। **নাজিরি, নাজিরী**—বি. নাজীরের পদ। [ناظر + ی ফা.]।

নাজিল—দ্র. **নাজেল**।

নাজীর—দ্র. **নাজির**।

নাজুক, নাযুক—১বিণ. সুকুমার, রম্য, পেলব, যে আঘাত সহ্য করতে পারেনা (হাজার নাজুক কুমারীর মুখ ভাসায়ে লহুর স্রোতে—ফররুখ)। ২বিণ. যা সহজেই বিগড়ে যেতে পারে, সঙ্গীন (নাজুক অবস্থা)। ৩বিণ. সূক্ষ্ম, ভংগুর। [নাযুক نازک ফা.]। **নাজুক মেজাজ**—বি. যে মেজাজ সহজেই বিগড়ে যায়। [—মিযাজ্ مزاج আ.]।

নাজেল, নাজিল, নাযিল— ১বি. অবতরণ (... আয়াতটি নাজেল হয়—আকরম)। [নাযিল نازل আ.]।

নাজেহাল—১বিণ. হয়রান, পেরেশান, নাকাল, জব্দ (প্রজাকে নাজেহাল করতে চাও তো কর উচ্ছেদের মামলা—প্রমথ)। ২বিণ. অতিশয় লাঞ্ছিত বা বিপন্ন (নাজেহাল বদহাল করে একেবারে গঙ্গাপার করে দেওয়া তার ইচ্ছা—মশাররফ)। ৩বিণ. দুর্দশাগ্রস্ত (আমীরওমরাহ্ সবাইকে সে করছে নাজেহাল—আ.দীন)। [নাযুক نازک ফা. হাল حال আ.]।

না'ত, না'আত, নায়াত—১বি. হযরত মুহম্মদ (দঃ) এর প্রশংসা। ২বি. নবী-প্রশস্তি বা স্তব-কীর্তন। ৩বি. প্রশস্তি (জাগিবে মানুষ দিকে দিগন্তে গাহি জীবনের নাত—জসীম)। [ন'ত্ نعت আ.]।

নাতোয়ান—১বি. অক্ষম, অসমর্থ, অপারগ। ২বিণ. বৃদ্ধ। ৩বিণ. দরিদ্র। ৪বিণ. দারিদ্র্যবশত জমিদারের খাজনা দিতে অসমর্থ [নাতওয়াঁ ناتوان ফা.]। **নাতোয়ানি**—১বি. অপরাগতা, অক্ষমতা, অসামর্থ; ২বি. বার্ধক্য। ৩বি. দরিদ্রতা, দারিদ্র্য।

নাদান—বিণ. বোকা, নির্বোধ, অজ্ঞান, অবুঝ(নাদান লাড়কি মেরা, নাহি জানে ভালাবুরা, না বুঝিয়া করিল তক্সির—হামজা; কাপড়চোপড় দেখে বড়ই নাদান বলে মনে হয়— আসকার)। [নাদান نادان ফা.]। বি.**নাদানি, নাদানী**।

নাদারৎ, নাদারদ—দ্র. **নদারৎ**।

নাদুরস্ত—বিণ. বেঠিক, নাজায়িয্, বিধিবিরুদ্ধ। [না-দুরুস্ত্ نادرست ফা.]।

নানকর— বি. খোরপোষ বাবদ ভৃত্যকে প্রদত্ত নিষ্কর ভূমি। [নানকার نانکار ফা.]।

নানখাতাই— বি. মিষ্টান্ন বিশেষ (নানখাতাই মিঠা নেমকি, পরাটা এ সকল সুখাদ্য স্বহস্তে প্রস্তুত করিয়াছেন—মশাররফ)। [নানখাতাঈ—نان خطائی ফা.]।

নানবাই—বি. রুটিওয়ালা, Baker। [নানবাঈ نانبائی ফা.]।

নানা— বি. মাতামহ। [নানা نانا হি.]। স্ত্রী. **নানী** (نانی)।

নাপছন্দ—১বিণ. অমনোনীত, অপছন্দ। ২বিণ. অপ্রিয়। [নাপসন্দ ناپسند ফা.]।

নাপাক—বিণ. অপবিত্র, অশুচি, অশুদ্ধ (যতকাম করে হিন্দু সকলি নাপাক—ভারত)। [নাপাক ناپاک ফা.]।

নাফ—বি. নাভি। [ناف ফা.]।

নাফরমান— বিণ. .অবাধ্য, আদেশ অমান্যকারী। [নাফর্‌মান نافرمان ফা.]। **নাফরমানি, নাফরমানী**—বি. অবাধ্যতা, আদেশ অমান্য করণ (আল্লারে পাওয়া যায় না করিয়া তাঁহার নাফরমানি— নজরুল)। [— + ই, ঈ. বাং.]।

নাফা—১বি. লাভ, মুনাফা। ২বি. উপকার। [নফ' نفع আ.]।

নাব— বি. নৌকা, নাও (নাব ডোলাব অহীরে—বিদ্যাপতি)। [নাও ناو ফা.]।

নাবালক, নাবালগ, নাবালিগ, নাবালেগ—বিণ. অপ্রাপ্তবয়স্ক, আইনানুসারে ১৮ বছরের কম বয়স্ক, minor (নাবালেগের অভিভাবকরা সচরাচর যা করে থাকেন—বোরহান)। [نا ফা.+বালিগ্ بالغ আ.]। স্ত্রী. **নাবালিকা, নাবালেগা** — অপ্রাপ্তবয়স্কা মেয়ে। [নাবালিগহ্ نابالغہ আ.]।

নাবুদ— বিণ. অস্তিত্বহীন, ফওত, ধ্বংস। [নাবূদ نابود ফা.]।

নাম—১বি. যে শব্দ দিয়ে কোন বস্তু বা ব্যক্তিকে নির্ধারণ করা যায়, আখ্যা, অভিধা, সংজ্ঞা (জিনিসের নাম)। ২বি. খ্যাতি, যশঃ, প্রসিদ্ধি (নামডাক)। ৩বি. পরিচয়, বাহ্যপরিচয়। [নাম نام ফা.] **নামজাদা, নামযাদা**—বিণ. প্রসিদ্ধ, বিখ্যাত, খ্যাতনামা (চোহান রাজপুত কত নামজাদা মিয়া—ঘন)। [নাম্‌যাদহ্ نامزادہ ফা.] **নাম-নিশান**—১বি. নামধাম পরিচায়ক চিহ্ন, নিদর্শন। ২বি. নামগন্ধ। [নাম ও নিশান نام ونشان ফা.]।

নামঞ্জুর—বিণ. বাতিল, অগ্রাহ্য, প্রত্যাখ্যাত, অস্বীকৃত (দরখাস্ত নামঞ্জুর হইয়াছে—রবীন্দ্র)। [না نا ফা. + মন্‌যূর, منظور আ.]।

না-মরদ—১বিণ. নপুংসক, অক্ষম। ২বিণ. কাপুরুষ। [নামর্‌দ্ نامرد ফা.]।

নামা—১বি. পত্র, লিপি, লিখন (সোলেনামা; ওকালত নামা)। ২বি. বিবরণ, ইতিহাস (শাহ্‌নামা, সেকান্দর নামা)। ৩বি. দলিল (রাজিনামা)। [নামহ্ نامہ ফা.]।

না-মাকুল—বিণ. অসঙ্গত। [নাম 'কু'ল نامعقول ফা.+আ.]।

নামাজ, নামায, নামাজগাহ, নামাজী নামাযী—দ্র. নমাজ।

না-মাফিক—বিণ. অনুপযুক্ত, অবাঞ্ছিত। [না نا ফা. মুওয়াফিক্ موافق আ.]।

নামী—১বিণ. নামধারী, নামযুক্ত। ২বিণ. প্রসিদ্ধ, মশহুর, নামজাদা, খ্যাত (নামী লোক)। [নামী نامی ফা.]।

না-মুরাদ—বিণ. নিরাশ, দুর্ভাগা। [نا ফা. مراد আ.]।

নাযাকত—বি. কোমলতা, মাধুর্য, কমনীয়তা, নাজুক অবস্থা। [নযাকত نزاکت আ.]।

নাযিম—নাজিম।

নাযির— দ্র. নাজির।

নাযিল—দ্র. নাজেল।

নাযুক—দ্র. নাজুক।

নায়াত, না'আত—দ্র. না'ত।

নায়েব, নায়িব, নাএব—১বি. প্রতিনিধি (কাজি নাহি মানে পেগম্বরে নায়েব)। ২বি. জমিদারের কাছারির প্রধান কর্মচারী। ৩বি. অধীন কর্মচারী, সহকারী (আমার কার্য হইবেক তাহারি নাএব তোমারদিগকে— রামরাম)। [নাইব نائب আ.]। **নায়েবি, নায়েবী**— বি. নায়েবের কাজ বা পদ; নায়েব সংক্রান্ত, নায়েবোচিত। **নায়েবে-ইলাহী**—বি. আল্লার প্রতিনিধি। [نائب الٰہی আ.]। **নাইবে -নবী, নায়িবে-নবী, নায়েবে নবী বা রসূল বা রছুল**—বি. নবীর প্রতিনিধি, রসুলের স্থলাভিষিক্ত। [نائب نبی یا رسول আ.]।

নার—বি. অগ্নি, আগুন (আমি বলি নরকের 'নার' মেখে নেয়ে আয় জ্বালাকুণ্ড, সূর্যের হাম্মামে—নজরুল; ফুল হয়ে ফোটে ক্ষুব্ধ 'নার'—ফররুখ)। [নার نار ফা.]।

নারংগ, নারাংগা, নারাংগি, নারঙ্গ, নারাঙ্গা, নারঙ্গি, নারাঙ্গি—বি. কমলালেবু, Orange (নারংগি-বনে কাঁপছে সবুজ পাতা—ফররুখ)। [নারংগ نارنگ ফা.]।

নারগিস—দ্র. নার্গিস।

নারঙ্গ, নারঙ্গি—দ্র. নারংগ।

নারা— বি. আওয়াজ, ধ্বনি। [না'রহ্ نعرہ আ.]। **নারায়ে তকবীর**—বি. আল্লাহু-আকবর ধ্বনি। [না'রয়ে-তক্‌বীর نعرۂ تکبیر আ.]।

নারাঙ্গা, নারাঙ্গি—দ্র. নারংগ।

নারাজ, নারায—১বিণ. অসম্মত, অস্বীকৃত (কোন প্রজা কাজ না দিতে নারাজ হয়—মশাররফ)। ২বিণ. অসন্তুষ্ট, অপ্রসন্ন (যদি তোমার পথের ধুলি হইগো প্রিয়, নারাজ হয়ে গাল দিওনা—নজরুল)। [নারায্ ناراض ফা.+ আ.]। **নারাজি, নারাজী, নারাযী**—১বি. অসম্মতি। ২বি. অসন্তোষ, অপ্রসন্নতা। [ناراضی ফা. + আ.]।

নার্গিস, নারগিস— বি. ফুলবিশেষ, narcissus (নার্গিসফুলী আঁখ—নজরুল: তুমি না আসিলে নার্গিস কভু খুলতোনা তার পূর্ণপুট— ফররুখ)। [নর্‌গিস نرگس ফা.]।

নালায়েক, নালায়িক—১বি. অযোগ্য, অনুপযুক্ত, অক্ষম। ২বি. নাবালক। [نا ফা.+লায়িক্ব لائق আ.]।

নালিশ, নালিস—১বি. অভিযোগ, ফরিয়াদ। ২বি. আরজ, আবেদন, দরখাস্ত। [নালিশ نالش ফা.]। **নালিশ-ফসাদ**—বি. ঝগড়া বিবাদ ও মামলা মোকদ্দমা। [—ফসাদ فساد আ.]। **নালিশবন্দ**—বিণ. অভিযোগকারী। [نالش بند ফা.]। **নালিশী**—বিণ. নালিশসংক্রান্ত, যার জন্য নালিশ করা হয়েছে। [نالشی ফা.]।

নাশ্‌তা, নাস্তা—১বি. জলযোগ (সময় সময় নাশতা খাইতেন— মনসুর)। ২বি. প্রাতঃরাশ breakfast। [নাশ্‌তহ্ ناشتہ ফা.]।

নাশপাতি—বি. আপেল জাতীয় ফলবিশেষ। [নাশ্‌পাতী ناشپاتی ফা.]।

নাসারা—দ্র. নসরা।

নাস্তা—দ্র. নাশতা।

নাস্তানাবুদ, নেস্তনাবুদ, নিস্তনাবুদ, নীস্ত নাবুদ—১বিণ. ধ্বংসপ্রাপ্ত, বিধ্বস্ত (নাজির সাহেবের পিছনে টিকটিকি লেগে

একেবারে নাস্তানাবুদ করে ছাড়বে—নজরুল; তাই তারা আজ নেস্তনাবুদ—নজরুল)। ২বিণ.নাজেহাল, হয়রান, পর্যুদস্ত (আমাকে কি নাস্তা-নাবুদ-ই করিল—বঙ্কিম)। [নীস্ত্-ও-নাবূদ্ نابود و نیست ফা.]

নাহক—১ক্রি-বিণ. অযথা, খামখা, অনর্থক, মিছামিছি, বৃথা, অকারণ (শয়তানে দিলেক বাজি, নাহক হইল রাজি— হামজা)। ২ক্রি. বিণ. অন্যায়ভাবে। [نا ফা.+ حق আ.]।

নিঁদমহল, নিঁদমহলা, নিদমহল, নিদমহলা — বি. নিদ্রাপুরী, নিদ্রাকক্ষ (দিকে দিকে চলে কুচকাওয়াজ, খোলরে নিদমহল—নজরুল; বাজল কিরে ভোরের সানাই নিঁদমহলার আঁধারপুরে— নজরুল)। [সং নিদ্রা > নিঁদ +মহল্ محل আ.]।

নিকাশ, নিকাস—১বি. বাহির হওন, নির্গমন (পানি নিকাশের রাস্তা)। ২বি. ধ্বংস, শেষ, অবসান, বিনাশ, বধ (দিলীর খাঁকে পথিমধ্যে নিকাশ করিতে হইবে—বঙ্কিম)। ৩বি. সমাপন, শেষ (হিসাব নিকাশ)। ৪বি. চূড়ান্ত হিসাব। [নিকাস نکاس হি..]।

নিকাস—দ্র. **নিকাশ**।

নিকাহ্ নিকা/নিকে, নেকা— ১বি. বিবাহ (মোল্লা পড়িয়া নিকা দান পায় সিকা সিকা—কঙ্কণ)। ২বি. দ্বিতীয় বিবাহ. বিধবা বিবাহ (নতুন করে করব নিকাহ আঙুরলতার কন্যাকে—নজরুল)। [নিকাহ্ نکاح আ.]।

নিকে—দ্র. **নিকাহ্**।

নিখরচ—দ্র. **নিখরচা**।

নিখরচা, নিখরচ—ক্রি. বিণ. খরচ না ক'রে, বিনামূল্যে, বিনা ব্যয়ে (নিখরচায় ছাপাইয়া দিতেছেন—বিদ্যা)। [না نا ফা. + খরচ خرچ ফা.]।

নিগাবান— দ্র. **নেগা**।

নিগার— বি. চিত্রণ, চিত্র, সুন্দরী নারী। [নিগার نگار ফা.]। **ময্মূন-নিগার**— বি. প্রবন্ধ লেখক। [ময্মূন-নিগার مضمون نگار আ.+ ফা.]।

নিগাহ্বান—দ্র. **নেগা**।

নিছার—দ্র. **নেছার**।

নিজাম—১বি. হায়দরাবাদের মুসলমান অধিপতির উপাধি বিশেষ। ২বি. শাসনকর্তা, রাজপ্রতিনিধি। [নিযাম্ نظام আ.]। **নিজামৎ, নিজামত, নিজামতি**—১বি. নিজামের পদবী। ২বি. নিজামের অধিকার বা সম্পত্তি। ৩বি. শৃংখলা, বন্দোবস্ত। [নিযামত্ نظامت আ.]। **নিজামতী**—১বিণ. নিজাম সংক্রান্ত, নিজামত সম্বন্ধীয়। ২বিণ. ফৌজদারী।

নিদমহল, নিদমহলা— দ্র. **নিঁদমহল**।

নিফাক, নেফাক—বি. কপটতা, মুনাফিকী, মিথ্যা, শত্রুতা। [নিফাক্ نفاق আ.]।

নিফাস, নেফাস—বি. সন্তান-প্রসবের পর স্বাভাবিক রক্তস্রাব; প্রসবের পর চল্লিশ দিনের অপবিত্রতা। [নিফাস্ نفاس আ.]।

নিম, নীম—১বিণ. অর্ধেক, ঈষৎ, অল্প, প্রায় (নিমরাজী)। ২বিণ. আনাড়ি, অল্পশিক্ষিত (নাহক তাদের মারলে গুলি নিমহাকিমের জবরদস্ত চরে— সত্যেন্দ্র)।। [নীম্ نیم ফা.]।

নিমক/নেমক/নমক্—বি. অন্যের দেওয়া খাবার খাওয়া, অন্যের নিকট উপকৃত হওয়া। [নমক্ نمک ফা.]। **নিমকদান**—বি. লবণের পাত্র. **লবণাধার**। **নিমকমহল**—বি. যে জমিতে লবণ উৎপাদন করা হয়। **নিমকহারাম**—বিণ. উপকারীর উপকার অস্বীকার করে যে, অকৃতজ্ঞ, কৃতঘ্ন (এয়ছাই বেওফা দেও নিমকহারাম—হামজা)। বি. **নিমকহারামী**. **নিমকহালালী**—বি. উপকারীর উপকার স্বীকার করে যে, কৃতজ্ঞ (একেই কি বলে নিমকহালাল—মুজতবা)। [-حلالی ফা.]

নিমকী, নিমকীন, নিমকিন—১বিণ. লবণযুক্ত, নোনতা। ২বিণ. লাবণ্যযুক্ত, চাকচিক্যময় (আমার এক ফাজিল বন্ধু বলেছেন, কি নিমকিন চেহারা—নজরুল)। [নম্‌কীন্ نمکین ফা.]।

নিমখুন—বিণ. অর্ধনিহত, আধাখুন, প্রায় হত্যা (সাধ করে আজ বরবাদ করে দিল সবাই, নিমখুন কেউ কেউ জবাই—নজরুল)। [নীম্-খূন نیم خون ফা.]।

নিমচা—বি. ছোট তলোয়ার, খঞ্জর, Scimitar। [নীম্‌চহ্ نیمچه ফা.]।

নি'মত—দ্র. **নিয়ামত**।

নিমরাজী—বিণ. অর্ধেক রাজী, প্রায় সম্মত (নিমরাজী না গররাজি—পরশু)। [নীম نیم ফা.+রাযী راضی আ.]।

নিমা—বি. ছোট অন্তর্বাস, আধা-হাতা খাটো জামা। [নীমহ্ نیمه ফা.]।

নি-মোরাদ—বি. শক্তি নেই এমন (মরদের যদি মর্দামীই না রইল তবে ত সে নি-মোরাদ—নজরুল)। [নি./বাং.+মুরওয়াত্ مروت আ.]।

নিযামত—দ্র. **নেজামত**।

নিয়ত, নিয়ৎ, নীয়ত—বি. উদ্দেশ্য, অভিপ্রায়, সংকল্প (মসজিদে গিয়ে নমাজের নিয়ত করেই ভাবে যত সব সংসারের পাপ দুশ্চিন্তা—নজরুল)। [নিয়্যত نیّت আ.]।

নিয়াজ, নিয়ায—১বি. উপঢৌকন। ২বি. প্রার্থনা, ইচ্ছা। ৩বি. অভাব, দারিদ্র্য। [নিয়ায্ نیاز ফা.]।

নিয়ামত, নেয়ামৎ, নি'মত—১বি. তোহ্‌ফা, ধন, সম্পদ (এই দুনিয়ার নিয়ামত হতে নিজেরে করিল বঞ্চনা—নজরুল)। ২বি. সৌভাগ্য। ৩বি. অনুগ্রহ। [নি'মত نعمت আ.]। **নিয়ামতখানা**—বি. জালেঘেরা খাদ্য-সংরক্ষণ আলমারী (তার ঘরের নিয়ামতখানায় সব সময়ই মওজুদ থাকিত—রশীদ)। [نعمت আ. + খানহ্ خانه ফা.]।

নিয়ায—দ্র. **নিয়াজ**।

নিরিখ—বি. হার, খাজনার হার, বাজার দর। [নির্‌খ্ نرخ ফা.]।

নিশা—দ্র. **নেশা**।

নিশাদল, নিসাদল—বি. লবণজাতীয় পদার্থ বিশেষ। [নওশাদর نوشادر ফা.]।

নিশান১—বি. পতাকা, ধ্বজা। (চলিব তাদেরি সাথে নিশান উড়ায়ে—সত্যেন্দ্র)। [নিশান نشان ফা.]।

নিশান২, **নিশানা, নিশানি, নিসান, নিসানা, নিসানি**—১বি. নিদর্শন, চিহ্ন। ২বি. পরিচয়, অভিজ্ঞান। ৩বি. লক্ষ্য। (মহাজীবনের বার্তা এসেছে মহামিলনের লয়ে নিশান—সত্যেন্দ্র)।৪বি. টিপ। [নিশানহ্ نشانه ফা.]।

নিশানদার—১বিণ. বি. শনাক্তকারী (ভাইয়ের নিশানদার স্বরূপে চিনিয়া, কহিতে লাগিল তাকে হাসিয়া হাসিয়া—হেয়াত)। [নিশানদার نشانوار ফা.]। **নিশানদিহি**—বি. শনাক্ত করণ (তাই একটা কিছু দিয়ে নিশানদিহি করার জন্যে—অচিন্ত্য)। [নিশানদেহী نشانوهی ফা.]। **নিশানবরদার, নিশানবর্দার**—বিণ., বি. পতাকাবাহী (নিশানবর্দার এক হুসনের ছিল—হেয়াত) [—বর্‌দার برردار ফা.]। **নিশানি**—বি. চিহ্ন, অভিজ্ঞান, পরিচয় (নহে কি মোর নিশানি—মু.শ.)। [নিশানী نشانی ফা.]।

নিশীন—দ্র. নশীন।

নিস্‌ফ, নিস্‌পি—বিণ. অর্ধেক। [নিস্‌ফ نصف আ.]।

নিসবত—বি. সম্পর্ক। [নিস্‌বত نسبت আ.]। **নিস্‌বতী**—বিণ. সম্পর্কীয়। [نسبتی আ.]।

নিসাদল—দ্র. নিশাদল।

নিসান, নিসানা, নিসানি—দ্র. নিশান$_2$।

নিসার, নেসার, নিছার, নেছার—বি. উৎসর্গ, দান, কুরবান (আল্লার রাহেতে জান করিবে নিসার—হামজা; বুড়োদের আয়ু অক্ষয় হোক, নেসার করে দে তোদের প্রাণ—নজরুল)। [নিছার نثار আ.]।

নিস্তনাবুদ—দ্র. নাস্তানাবুদ।

নিহাত, নিহায়েত—দ্র. নেহাত।

নেস্তনাবুদ—দ্র. নাস্তানাবুদ।

নীম—দ্র. নিম।

নীয়ত—দ্র. নিয়ত।

নীস্ত—বিণ. অস্তিত্বহীন, যার অস্তিত্ব নেই। [নীস্‌ত্ نیست ফা.]।

নীস্ত-ও-নাবুদ—দ্র. নাস্তানাবুদ।

নবুওত—দ্র. নবুয়ত।

নুযুল—দ্র. নযুল।

নুর, নূর—১বি. জ্যোতি, আলোক (হিদায়েতের নূর আজ আমায় পথ দেখিয়ে দিলে—এস. ওয়াজেদ)। ২বি. দাড়ি (মোর ওমর বহুত হ'ল—নুর বি পেকে গেল—টেকচাঁদ)। [নূর نور আ.]। **নূরমহল**—বি. আলোর পুরী বা মহল (আজ থেকে নাম নূরমহল—সত্যেন্দ্র)। **নুরানী, নূরানী**—বিণ. উজ্জ্বল, স্বর্গীয় আলোকপ্রাপ্ত (মওতের দেখা পাব অথবা আমার জিন্দেগানী; প্রমুক্ত জ্ঞানের স্পর্শে হবে আজ রওশন নূরানী—ফররুখ)। [নূরানী نورانی ফা.]।

নুস্‌কা, নুস্‌খা, নোসখা—বি. ব্যবস্থাপত্র, prescription। [নুস্‌খহ্ نسخه আ.]।

নূহ্—বি. একজন নবী—যাঁর সময় পৃথিবী ভীষণ প্লাবনে প্লাবিত হয়েছিল (চলে গেল হাওয়া-আদম শিশ ও নূহ্ নবী, জুলিয়া নিভিল কতরবি—নজরুল)। [নূহ্ نوح আ.]।

নেং, নেঙ—বি. ভগ্নপদ। [লিংগ لنگ হি.]

নেংড়া, নেঙরা, নেংরা—দ্র. লেঙড়া।

নেক—১বি. পুণ্য, ভাল, উত্তম, মঙ্গল, সু (নেক যারে নেকরাহে বদিতে জঞ্জাল—হামজা)। [নেক نیک ফা.] **নেকনজর, নেকনযর**—১বি. কৃপাদৃষ্টি, অনুকূল দৃষ্টি, সুনজর (সরকারের খুব নেকনজর—মনোজ)। ২বি. (ব্যঙ্গ.) কুনজর, ক্রোধ। [নেক نیک ফা.+ নযর نظر আ.] **নেকনাম**—১বিণ. সুখ্যাত, সুনামপ্রাপ্ত, যশস্বী। ২বি. সুখ্যাতি, সুনাম, প্রসিদ্ধি। [নেক نیک ফা.+ নাম نام ফা.]। **নেকবক্ত,**

নেকবখ্‌ত্—বিণ. পুণ্যবান্ (বিবী বলে বড় নেকবক্ত এই মর্দ্দ—হামজা)। [— + বখ্‌ত্ بخت ফা.]।

নেকা—দ্র. **নিকাহ্**।

নেকাব— বি. অবগুণ্ঠন, ঘোমটা (তোমার সকল প্রেম আবার লুকাতে চায় নেকাব প্রচ্ছায়—ফররুখ)। [নিক্বাব্ نقاب আ.]।

নেকি, নেকী—বি. পুণ্য, সৎকাজ (নেকি করিলে হবে মউত আসান—হামজা)। [নেকী نیکی ফা.]।

নেগা, নেগাহ্—১বি. দৃষ্টি, লক্ষ্য (তোমার ছোট লেড়কার ডৌল নেগা করে মোর বড় গমি হচ্ছে—কালীসিং)। ২বি. কৃপাদৃষ্টি, কৃপা। [নিগাহ্ نگاہ ফা.]। **নেগাহ্‌বান, নিগাবান, নিগাহ্‌বান, নেগাবান**—১বি. রক্ষণাবেক্ষণকারী, তত্ত্বাবধায়ক। ২বিণ. সদয় দৃষ্টি সম্পন্ন (আল্লা তার হোন নেগাবান—ফররুখ)। [নিগাহ্‌বান্ نگاہبان ফা.]।

নেঙরা—দ্র. **লেঙড়া**।

নেছার, নেসার, নিছার—দ্র. **নিসার**।

নেজা—বি. বর্শা, বল্লম, বাণ (নেজার ফলক উল্কার মত উগ্রগতিতে ছোটে—নজরুল)। [নেযহ্ نیزہ ফা.]।

নেজামত, নিযামত—বি. প্রধান শাসনকর্তার দফতর (নেজামত আদালতে নম্বর ওয়ারী ও মৎফরেক্কার তদ্বির কত্তে হলে ভবানীপুরের বাসার ঠিকানা হয়—কালীসিং)। [নিযামত نظامت আ.]।

নেফাক—দ্র. **নিফাক**।

নেফাস—দ্র. **নিফাস**।

নেমাজ—দ্র. **নমাজ**।

নেয়াড়—দ্র. **নেয়ার**।

নেয়ামৎ—দ্র. **নিয়ামত**।

নেয়ার, নেয়াড়—বি. খাটছাওয়া ও মশারির পাশে লাগান ইত্যাদি কাজে ব্যবহার্য চওড়া ফিতা বিশেষ। [নিওয়াড় نوار হি.]।

নেয়াল—দ্র. **নেহাল**।

নেশা, নিশা—১বি. মত্ততা, মত্ততার ঘোর (বিলাসের নেশা গেল টুটে, জেগে দেখি আর সে আমি নেই—নজরুল)। ২বি. প্রবল আসক্তি, আকর্ষণ বা ঝোঁক (চোখের নেশা)। ৩বি. মাদক দ্রব্য। ৪বি. মোহ, বিহ্বলতা (কেঁদে ছুটে আমি পাগলের প্রায় স্ব-বাজের নেশা কোথা ছুটে যায়—নজরুল)। [নশ্‌ওয়ান نشوان আ. নশহ্ نشہ ফা.]। **নেশাখোর**—বিণ. মাদকদ্রব্য সেবন করে যে, মাদক সেবী। [— + খোর خور ফা.]।

নেসাব— বি. ইসলাম ধর্মে নির্ধারিত সম্পদের পরিমাণ যার উপর কর দিতে হয়, যেমন জাকাত, কোরবানী। [নিসাব نصاب আ.]।

নেসার—দ্র. **নিসার**।

নেস্তনাবুদ—দ্র. **নাস্তানাবুদ**।

নেহাত, নিহাত, নিহায়েত—১অব্য. একান্ত, খুব, নিদেনপক্ষে, নিতান্ত, শেষসীমা (শাস্ত্র যদি নেহাত পড়তে হবে—রবীন্দ্র)। ২অব্য. সম্পূর্ণ, অতিশয়, যারপর নাই, একেবারে (নেহাত আন্দাজী ব্যাপার—এনামুল) [নিহায়ত نہایت আ.]।

নেহাল, নেয়াল—১বি. সুখী, পরিতৃপ্ত, পরিতুষ্ট (ইনাম পাইয়া তারা হইল নেহাল—হামজা)। ২বিণ. ধনশালী, আঢ্য। ৩বি. চারাগাছ, কলমের চারা। ৪বি. তোশক, গদি। [নিহাল্ نہال ফা.]।

নেহালি, নেহালী, নিহালি—১বি. গদি, কার্পেট (জেলে আসিবার সময় ভেড়াকান্তের বাড়ীর লোকেরা একখানা নেহালী, পাতলা তুলাভরা, দোলাই বাজার হইতে খরিদ করিয়া দিয়াছে—মশাররফ)। [নিহাল্ نهال ফা. + ই, ঈ. বাং.]।

নৈচা, নৈচে—বি. হুঁকার নলচে, হুঁকার খোলে যে সছিদ্র কাষ্ঠদণ্ড লাগানো থাকে (বসে আছি নৈচে ধরে শূন্য কলকে শূন্যে তুলে—নজরুল)। [নইচহ্ نیچہ ফা.]।

নেকতা—দ্র. **নোক্তা**।

নোকর, নোকরি—দ্র. **নওকর**।

নোকসান—দ্র. **লোকসান**।

নোক্তা, নোকতা—বি. বিন্দু, আরবী ফার্সী অক্ষরে যে বিন্দু যুক্ত থাকে। নুকৃতহ্ نقطہ আ.]।

নোসখা—দ্র. **নুস্‌কা**।

নোঙর, নোঙ্গর—দ্র. **নংগর**।

নৌজোয়ান—দ্র. **নওজোয়ান**।

নৌবত, নৌবৎ—দ্র. **নওবত**।

[প]

পইপই—অব্য. পুন: পুন:, বারবার, উপর্যুপরি। (আমি তোমাকে পইপই করে বারণ করিনি?— মুজতবা)। [পয়াপয্ پیاپے ফা.]।

পইমাল—দ্র. **পয়মাল**।

পছন্দ, পসন্দ—১বিণ. মনের মত, মনঃপুত, ইচ্ছানুযায়ী, মনোনীত। ২বিণ. নির্বাচিত। ৩বি. নির্বাচন, মনোনয়ন। ৪বি. রুচি। [পসন্দ پسند ফা.]।

পঞ্চাইত, পঞ্চাইতী—দ্র. **পঞ্চায়ত**।

পঞ্চায়ত, পঞ্চায়েত, পঞ্চায়ৎ, পঞ্চায়েৎ, পঞ্চাইত—বি. পল্লীর প্রধান ব্যক্তিদের দ্বারা গঠিত বিচারসভা, গ্রামের পাঁচজনের বৈঠক। [পঞ্চায়েত پنچایت হি.]: **পঞ্চায়তী, পঞ্চাইতী, পঞ্চায়েতী**—বিণ. পঞ্চায়েত সম্পর্কিত।

পঞ্চায়েত, পঞ্চায়েৎ—দ্র. **পঞ্চায়ত**।

পঞ্জা—দ্র. **পাঞ্জা**।

পঞ্জাব, পাঞ্জাব—১বি. ভারতের উত্তর-পশ্চিমস্থ প্রদেশ। ২বি. পঞ্চনদ। [পনজাব پنجاب ফা.]: **পঞ্জাবী, পাঞ্জাবী**—১বি. পাঞ্জাবের অধিবাসী বা ভাষা। ২বিণ. পাঞ্জাবদেশ সম্পর্কিত বা পাঞ্জাবে জাত।

পঞ্জেরী—দ্র. **পাঞ্জেরী**।

পড়শী, পড়সী—বি. প্রতিবেশী, প্রতিবাসী। [পড়োসী پڑوسی হি.]।

পদিনা, পদীনা—দ্র. **পুদিনা**।

পনা, পনাহ, পানাহ—বি. আশ্রয় (আল্লাহর কাছে পানাহ্ চাই)। [পনাহ্ پناہ ফা.]।

পনির, পনীর—বি. লবণাক্ত জমাটবাঁধা ছানা বিশেষ, cheese। [পনীর پنیر ফা.]।

পপিহা—বি. পক্ষী বিশেষ, পাপিয়া [পপীহা پپیہا হি.]।

পয়গম্বর, পয়গাম্বর—বি. বার্তাবাহক, নবী, রসুল, আল্লাহ্ প্রেরিত দূত (যখনই মানুষ বেশী অত্যাচার অনাচার করিয়াছে তখনই একজন পয়গম্বর আসিয়াছেন—রোকেয়া)। [পয়গম্বর پیغمبر ফা.]।

পয়গাম—বি. খবর, সন্দেশ, বার্তা, সংবাদ, প্রস্তাব (কত শাহজাদা আসতো বিয়ের পয়গাম নিয়ে —জোবেদা)। [পয়গাম্ پیغام ফা.]।

পয়গাম্বর—দ্র. **পয়গম্বর**।

পয়জার, পয়যার, পায়যার—১বি. জুতা, পাদুকা (সখিনা বিবির পয়জারের বাড়ি আর খেতে পারিনে—জোবেদা; এখনই ঘর থেকে বেরিয়ে যা, নইলে পয়যার দিয়ে তোকে সোজা করবো—শাহাদাত)। ২বি. পাপোশ। [পায়যার্ پایزار ফা.]।

পয়দল—দ্র. **পায়দল**।

পয়দা—বি. জন্ম, উৎপত্তি, উদ্ভব (কত কি হল পয়দা—রজনী)। ২বি. উৎপাদন, জন্মান। [পয়দা پیدا ফা.]। **পয়দাইশ, পয়দায়েশ, পয়দায়েস**—বি. জন্ম (আমীর হামজার পয়দায়েসের বয়ান দিয়া—কা.দী. মু.)। [পয়দাইশ پیدایش ফা.]। **পয়দায়েসি**, ী, **পয়দায়েশী**—বিণ. জন্মগত, সহজাত, জন্ম হতে প্রাপ্ত [পয়দাইশী پیدایشی ফা.]।

পয়মাইশ, পয়মায়েশ—বি. মাপ, জমির মাপ, জরীপ। [পয়মাইশ پیمائش ফা.]।

পয়মাল, পায়মাল, পইমাল—১বিণ. নষ্ট। ২বিণ. ধ্বংস, বিধ্বস্ত, বরবাদ (অনেক বারই করলো এদের জান-মাল পয়মাল—ইজদানী)। [পয়মাল پیمال ফা.]।

পয়যার—দ্র. **পয়জার**।

পয়রবি—দ্র. **পায়রবী**।

পয়লা—দ্র. **পহেলা**।

পয়স্তী, পয়স্তি—১বি. সংযোগ। ২বি. নদীতে ভেঙে যাওয়া জমির স্থানে আবার চর পড়া, চড়া পড়লে বা বন্যার পানি শুকিয়ে পলি দ্বারা গঠিত আবাদের উপযোগী জমি। [পয়ওয়াস্তহ پیوستہ ফা.]। (বিপ. শিকস্তীভাঙ্গন)।

পরওর, পরওয়ার, পরোয়ার—বি. প্রতিপালক। [পরওয়ার پرور ফা.]। **পরওয়ারিশ**—বি. পালন, লালন। [পরওয়ারিশ پرورش ফা.]।

পরওয়া—দ্র. **পরোয়া**।

পরওয়ানা—দ্র. **পরোয়ানা**।

পরওয়ার—দ্র. **পরওর**।

পরওয়ারদেগার, পরওয়ারদিগার—বি. রক্ষক, পালনকর্তা, অন্নদাতা আল্লাহ্। (চালাও না তাদের পথে এই চাহি পরওয়ারদেগার—নজরুল)। [পরওয়ারদগার پروردگار ফা.]।

পরকলা—১বি. কাঁচ। ২বি. দর্পণ, আয়না। ৩বি. কাঁচের চাকতি, lens (চশমার পরকলা দুটো পুছে নিয়ে বললে—মুজতবা)। [পরকালহ্ پرکالہ ফা.]।

পরখ, পরোখ, পরখাই—১বি. পরীক্ষা, বিচার, যাচাই (এ-গাঁর লোকে করতে পরখ ও-গাঁর লোকের বল—জসীম; ভিন-দেশী অতিথে আজ করিব পরখাই—মৈ-গী.; পরিষ্কার হল কিনা আঙুল দিয়ে পরোখ করে তামাক ভরিয়ে—শা. হক)। ২বি. বিবেচনা, পর্যালোচনা। [পরখা-পরীক্ষা করা (پرکھنا হি.); پرکھائی হি.]।

পরগনা, পরগণা—বি. অনেকগুলো গ্রামের সমষ্টি, জেলার অংশ বিশেষ, চাকলা (অধিকার রাজার চৌরাশী পরগণা—ভারত)। [পরগনহ্ ফা.]।

পরটা, পরোটা, পরেটা—বি. ঘিয়ে-ভাজা রুটি। [পরাঠা پراٹھہ হি.]।

পরত—বি. ভাঁজ, স্তর, থাক, পাট, layer (শতেক পরতে যদি কস্তুরী ঢাকএ অবশ্য

তাহার গন্ধ প্রকাশিত হএ—বাহরাম) [পরত্ پرت হি.]।

পরতাল, পরতল—১বি. পুনর্বার ওজন। ২বি. জরিপ বা মাপ (তা না হয়তো পরতাল করে দেখ—টেকচাঁদ)। ৩বি. যাচাই, পুনরায় পরীক্ষা। [পরতাল پرتال হি.]। **যাঁচ-পরতাল**—বি. পরীক্ষা নিরীক্ষা। [جانچ+ ——— হি.]।

পরদা—দ্র. **পর্দা**।

পরহেজ, পরহেয—১ক্রি.-বিণ. ধর্মবিরোধী কাজ থেকে বিরত থাকা (পাকা মুসল্লির মত সকল বিষয়েই বেশ পরহেজ করিয়া চলে—ইমদাদ)। ২বি. সংযম, মিতাচার, অসৎকার্য সম্বন্ধে সাবধানতা। [পরহেয্ ফা.]। **পরহেয্গার**—১বিণ. কর্তব্যনিষ্ঠ, সাবধান সৎকর্মী। ২বিণ. ধর্মবিরোধী ক্রিয়াকলাপ থেকে বিরত থাকেন যিনি, সংযমী, মিতাচারী (তিনি দিনদার পরহেজগার মানুষ— ইমদাদ)। [পরহেয্গার پرہیزگار ফা.]। **পরহেজগারী**—১বি. ধর্মবিরোধী কাজ থেকে বেঁচে থাকার কাজ, সংযম, মিতাচার। ২বি. কর্তব্যনিষ্ঠা।

পরিন্দা—দ্র. **পরেন্দা**।

পরী, পরি—১বি. পক্ষবিশিষ্ট কল্পিত সুন্দরী (জিন, হুর, পরী পাগল প্রায়—নজরুল) ২বি. অতিশয় সুশ্রী নারী। [পরী پری ফা.]। **পরীজাদা**— বি. পরী-কুমার (কোকাফমুলুক পরীস্থানের পরীজাদা কোনো রূপওলা— নজরুল) [— + যাদহ زادہ ফা.]। **পরীবানু**— বি. পরীরানী (মরুসাইমুম-তাঞ্জমে চড়ি কোন্ পরীবানু আসে? — নজরুল)। [— + বানু بانو ফা.]।

পরেটা—দ্র. **পরটা**।

পরেন্দা, পরিন্দা—বি. পাখী, খেচর, উড়ন্ত (সেই আহাজারি শুনে কাঁদে যত পরেন্দা প্রাণীকুল—ফররুখ)। [পরিন্দহ্ پرندہ ফা.]।

পরোখ—দ্র. **পরখ**।

পরোটা—দ্র. **পরটা**।

পরোয়া, পরওয়া—১বি. গ্রাহ্য (পরোয়া করিনা বাঁচি বা না বাঁচি—নজরুল)। ২বি. ডর, ভয়, আশঙ্কা (বেদুইন মৃত্যুকে পরওয়া করেনা—বরকত)। ৩বি. ভাবনা, চিন্তা, উৎকণ্ঠা (সেজন্য কারো পরোয়া নাই—ইব্রাহিম)। [পরওয়া پروا ফা.]। **বেপরোয়া**—দ্র. **বে**।

পরোয়ানা, পরওয়ানা—১বি. রাজা, আদালত বা শাসকের হুকুমনামা (হাতে দিয়ে পরোয়ানা—এই বাদশাহী পাঞ্জার ছাপ... —মোহিত)। ২বি. লিখিত আদেশ, আদেশপত্র (কর আদায়ের পরোয়ানা জারী— আসকার)। [পরওয়ানহ্ پروانہ ফা.]।

পরোয়ার— দ্র. **পরওর**।

পর্চা, পরচা—১বি. বংশাবলীর পরিচয়। ২বি. টুকরা, কাগজের টুকরা, কাগজ। ৩বি. জমির খাজনা, পরিমাণ, জমিদার ইত্যাদির পরিচয় সম্বলিত সরকারী দলিল, সেট্‌ল্‌মেন্ট-খতিয়ান। [পরচহ্ پرچہ ফা.]।

পর্দা, পরদা, পর্দ্দা—১বি. বস্ত্রাদি নির্মিত আবরণ বা আচ্ছাদন, যবনিকা, screen। ২বি. অন্তঃপুর, অবরোধ (কবি হৈল

হতভোম্বা হিঁদুর পর্দা ফাঁক—হেম)। ৩বি. চক্ষু-আবরণ (চোখে পর্দা পড়া)। [পর্‌দহ্ پردہ ফা.]। **পর্দানশিন, পর্দানশীন** —বিণ. অবরোধবাসিনী, অন্তঃপুরবাসিনী, পর্দার অন্তরালে বাস করে যারা (পর্দানশিন বিবিরাও মুড়ীসুড়ী দিয়া যাইতে সঙ্কোচ করেন নাই—বঙ্কিম)। [পর্‌দহ্ নশীন্ پردہ نشین ফা.]। **পর্দাপুষিদা**—বি. পর্দা, অন্তরাল, গোপনীয়তা (কিন্তু বাড়ীতো দাইএর বাড়ী, পর্দা-পুষিদা যার থাকতে নেই—জয়েন)। [— + পূশীদা پوشیدہ ফা., পোশীদহ্ پوشیدہ হি.]।

পল—১বি. দ্রব্যাদির শিরাল পার্শ্ব (চৌপল)। ২বি. কাঠের অসার অংশ, গরমা। [পহ্‌লূ پہلو ফা.]।

পলক—১বি. নিমেষ, চোখের পাতা ফেলতে যতক্ষণ লাগে (এক পলকের একটু চাওয়া)। ২বি. চোখের পাতা (পলকপাতা)। [পলক پلک ফা.]।

পলিতা/পলতে—বি. প্রদীপের সলিতা। [পলীতহ্ پلیتہ ফা.]

পলিদ, পলীদ—বিণ. অপবিত্র, নাপাক (জজিরাতুল সে আরবের পাকমাটি পলিদ্ হইল—নজরুল)। [পলীদ্ پلید ফা.]।

পশতু, পশতো, পস্তু—বি. আফগানিস্তান ও সরহদ্ অঞ্চলের অধিবাসীদের ভাষা, পাঠানদের ভাষা। [পশ্‌তু پشتو ফা.]।

পশম—বি. ভেড়া প্রভৃতি পশুর লোম, ঊর্ণা (আলতো করে আঙুল রেখে প্রিয়ার কালো পশমী কেশে— নজরুল)। [পশ্‌ম্ پشم ফা.] **পশমিনা**—১বিণ. পশমজাত, পশমদ্বারা নির্মিত। ২বিণ. পশমের ন্যায় কোমল ও মসৃণ (হেনা তার কস্তুরীর মত কাল পশ্‌মিনা অলক গোছা দুলিয়ে দুলিয়ে বললে..... — নজরুল) [পশ্‌মীনহ্ پشمینہ ফা.]।

পসন্দ—দ্র. **পছন্দ**।

পস্‌ত্—বিণ. নীচ, পরাজিত, হতগর্ব, বিনীত। [বস্‌ত্ بست ফা.]।

পস্তু—দ্র. **পশতু**।

পহ্‌চানা—দ্র. **পাছানা**।

পহলবী—দ্র. **পাহ্‌লভী**।

পহিল—বিণ. (ব্রজ.) প্রথম, নতুন, নবীন, তরুণ (পহিল বয়স মোর না পূরল সাধে—বিদ্যাপতি)। [পহিলা پہیلا হি.]।

পহিলা—দ্র. **পহেলা**।

পহেলা, পহিলা/পয়লা—১ক্রি. বিণ. প্রথম, অগ্রে (বন্ধুর পিরীতি শেলের ঘা পহিলে সহিলে বুকে—চণ্ডী; ঐ বছরের পয়লা যে—মান্নান)। [পহ্‌লা پہلا হি.]।

পহ্‌লব—বি. প্রাচীন পারস্য জাতি বিশেষ। পহ্‌লবী ভাষাভাষী জাতি। [পহ্‌লও پہلو ফা. (পর্‌ছওয়া শব্দজাত)]। **পহলবী**—১বিণ. পহ্‌লব সম্বন্ধীয়। ২বিণ. প্রাচীন পারস্য ভাষা। ৩বিণ. পদবী বিশেষ। [পহ্‌লবী پہلوی ফা.]।

পহ্‌লু—বি. পার্শ্ব, পাঁজর। [পহ্‌লূ پہلو ফা.]।

পহ্‌লোয়ান— দ্র. **পালোয়ান**।

পহুঁছা— দ্র. **পৌঁছা**।

পাইক—১বি. পদাতিক সৈন্য (পাইক পদাতি সাজে সত্তর হাজার—হেয়াত)। ২বি. লাঠিয়াল, লেঠেল (পাইকে পাইকে যুঝে—ভারত)। ৩বি. পেয়াদা। ৪বি. দাঁড়ি (পাঁইক মাঝি এড়ি গেল নৌকা রইল পড়ি—ফয়জুল্লাহ্)। [পয়ক্ پیک ফা., পায়ক پایک হি.]।

পাইকস্তা, পাইককস্তা—বি. এক জমিদারের অধীনে বাস ক'রে যে-ব্যক্তি অপর জমিদারের অধীনস্থ গ্রামে চাষ করে বা জমিজমা রাখে তাকে পাইকস্তা (রাইয়ত) বলে (এক্ষণে গাঁতি অর্থাৎ খোদকস্তা প্রজা ... পাইককস্তা এত—টেকচাঁদ)। [পায়কাশ্ত پایکاشت ফা.]।

পাইকার/পাইকের—১বি. যে থোকে অনেক জিনিস ক্রয় বা বিক্রয় করে। ২বি. থোকে জিনিস কিনে খুচরা বিক্রয়কারী ; ৩বি. ফেরিওয়ালা। [পয়িকার پیکار ফা.]। **পাইকারী**—১বিণ. থোক ক্রয়-বিক্রয় সম্বন্ধীয়। ২বিণ. খুচরার বিপরীত (পাইকারদার)। ৩বিণ. এক সঙ্গে অনেক জিনিস ক্রয় বা বিক্রয় এমন (পাইকারী ব্যবসায়ী, পাইকারী খদ্দের)। ৪বিণ. সমষ্টিগতভাবে ধার্য, collective (পাইকারী ধরপাকড়)। [পয়িকারী پیکاری ফা.]।

পাইখানা, পায়খানা—১বি. মলত্যাগের স্থান (পাইখানায় যাওয়া)। ২বি. মলত্যাগ (পাইখানা করা)। [পায়খানহ্ پایخانہ ফা.]।

পাঁজা$_১$—বি. পোড়াবার জন্য ইটের স্তূপ (একটি ইটের পাঁজা—অবনীন্দ্র; রোদে রাঙা ইটের পাঁজা—সুকুমার)। [পাজাওয়াহ্ پجاوہ ফা.]।

পাঁজা$_২$—বি. দুই করতল প্রসারিত ক'রে ধারণ (পাঁজা করি চন্দ্রকেতু ধরিল সত্বর—কঙ্কণ)। [পনজহ پنجہ ফা.]।

পাঁঠা, পাঁটা—১বি. পুরুষ ছাগ। ২বি. গালিবিশেষ, বুদ্ধিশূন্য ব্যক্তি। [পট্‌ঠা पट्ठा হি.]।

পাঁড়ে—১বি. হিন্দুস্তানী ব্রাহ্মণদের জাতীয় পদবী বা উপাধি বিশেষ। ২বি. চতুর্বেদ ও মহাভারতে পারদর্শী ব্রাহ্মণ। [পণ্ডা पंडा হি.]।

পাঁয়জোর— বি. পায়ের অলংকার বি.। [পায়যেওর پائزیور ফা. + আ.]।

পাক, পাক্— বিণ. শুদ্ধ, পবিত্র (কুরআন পাক; এস্‌মে-আজম তাবিজের মত আজো তব-রুহ্ পাক—নজরুল)। [পাক্ پاک ফা.]। **না-পাক**—বিণ. অপবিত্র, পবিত্র নয় এমন (হিন্দুরে নাপাক বলে এত বড় দায়—ভারত)। [ناپاک ফা.] । **পাক কদম**—বি. পবিত্র চরণ (পাক কদমে সালাম জানাই / নবীর নায়েব মৌলবী সাহেব—নজরুল)। [— + কদম قدم আ.]। **পাকসাফ**— বিণ. পরিষ্কার-পরিচ্ছন্ন। [+ সাফ صاف আ.]।

পাকড়—বি. ধৃতকরণ, গ্রেপ্তারকরণ (ধরপাকড়)। [পকড় پکڑ হি.]।

পাকড়াও—১বি. সবলে ধৃতকরণ, আয়ত্তে আনা (হঠাৎ কেমন করে পাকড়াও করে ঘরে এনে একটা বিলিতি ইঁদুরের খাঁচায় বন্ধ করলে—অবনীন্দ্র)। [পকড়াও پکڑاؤ হি.]।

পাকরান/পাকড়ানো—১ক্রি. ধৃত করা, গ্রেপ্তার করা। ২বি. ও বিণ. উক্ত সকল অর্থে। [পকড়না پکڑنا হি.]।

পাকতন—বিণ. যার দেহ পবিত্র, সৎ, ধার্মিক। [পাক پاک + তন্ تن ফা.]।

পাক পাঞ্জতন—দ্র. পাঞ্জতন।

পাকাপোক্ত— বিণ. সুদক্ষ, দৃঢ়, কায়েমী। [বাং. পাকা + পুখ্‌তহ্ پختہ ফা.]।

পাকি—দ্র. পাকী ।

পাকিজা—১বিণ. পবিত্র, নির্মল, ২বি. পবিত্রতা। [পাকীযহ্ پاکیزہ ফা.] ;

পাকিস্তান—বি. পশ্চিম পঞ্জাব, উত্তর পশ্চিম সীমান্ত প্রদেশ, সিন্ধু ও বেলুচিস্তান নিয়ে গঠিত ভারতবর্ষের যে অংশে স্বাধীন মুসলিম রাষ্ট্র গঠিত হয়েছে। [পাকিস্তান پاکستان ফা.]।

পাকী, পাকি—বি. পবিত্রতা, শুচিতা। [پاک ফা.+ ই, ঈ, বাং.]।

পাক্—দ্র. পাক ।

পাক্কা—বিণ. পুরাপুরি (আমার লেগেছিল কাইরো দেখতে পাক্কা একটি বচ্ছর—মুজতবা)। [পক্কা پکّا হি.]।

পাখোয়াজ—১বি. মৃদঙ্গ, ঢোল ইত্যাদির ন্যায় বাদ্যযন্ত্র বিশেষ (তোমার পাখোয়াজ বন্ধ কর বাপু—পরশু)। ২বি. এচঁড়ে পাকা, অকালপক্ব(পাখোয়াজ ছেলে) ; ৩বি. চালাক, চতুর। [পখাওজ پکھاوج হি.]।

পাগ—দ্র. পাগড়ি ।

পাগড়ি, পাগড়ী, পাগ—বি. উষ্ণ, শিরস্ত্রাণ, শিরো-বেষ্টন-বস্ত্র, মাথায় জড়াবার কাপড় (রাজসভা যাইয়া মাথায় ফেলে পাগ—ঘন; ফেলিয়া বন্দুক জামা পাগ-তলোয়ার—ভারত)। [পগ্‌ড়ী پگڑی হি.]।

পাছাড়—বি. পশ্চাৎ থেকে জাপটে ধ'রে আছাড়, মল্লযুদ্ধ। [পাছাড় پچھاڑ উ:]।

পাছানা, পহ্‌চানা—ক্রি. চেনা (এরূপ যৌবন পাছানা জাইবে তুলি চাহা মোর মুখে—বড়ু চণ্ডী)। [পহ্‌চানা پہچانا হি.]।

পাছে—১অব্য. আশঙ্কায়, যদি ঘটে এই ভয়ে (ভাই মোর দায় তোর পাছে চোর ভাগে—ভারত)। ২অব্য. পশ্চাৎভাগে, পিছনে, পিছে। [পীছে پیچھے হি.]।

পাজামা—দ্র. পায়জামা ।

পাজি—দ্র. পাজী ।

পাজী, পাজি—বিণ. বদমাইশ, নচ্ছাড়, দুষ্ট, পামর (পাজী না হইলে এরূপ কথা মুখে আনে না—বিদ্যা)। [পাজী پاجی ফা.]।

পাজেব, পাযেব—বি. পায়ের অলংকার বিশেষ। [পা-যীব پازیب ফা.]।

পাঞ্জতন, পাঞ্জাতন—বি. পাঁচ জন ব্যক্তি অর্থাৎ হযরত মুহম্মদ (সাঃ), আলী, ফাতিমা, হাসান ও হোসেন। [পন্‌জ্‌তন پنجتن ফা.]। **পাক পাঞ্জতন**—বি. উক্ত পবিত্র পাঁচ ব্যক্তি। [پاک ফা. + ——— ফা.]।

পাঞ্জা, পান্‌জা, পঞ্জা—১বি. দস্তখৎ বা শীলমোহরের পরিবর্তে করতলের ছাপ, বাদশাহগণের হাতের ছাপমারা ফরমান (হাতে দিয়ে পরোয়ানা এই বাদশাহী পাঞ্জার ছাপ—ফের তারে ডেকে আনা—মোহিত; লিখাইয়া পঞ্জা ফরমানের নকল— ভারত)। ২বি. করতল, থাবা। ৩বি. দুই করতল প্রসারিত ক'রে জড়িয়ে ধারণ (করি শত্রুর সাথে গলাগলি, ধরি মৃত্যুর সাথে পাঞ্জা—নজরুল)। ৪বি. পাঁচ ফোঁটাযুক্ত তাস। ৫বি. পদচিহ্ন দেখে যারা বনে হাতীর সন্ধান করে (খোঁট ধরি পাঞ্জা লয়রে হাতীর খবর—পূ. গী.)। [পন্‌জহ্ پنجہ ফা.]।

পাঞ্জাতন—দ্র. পাঞ্জতন ।

পাঞ্জাব, পাঞ্জাবী—দ্র. পঞ্জাব ।

পাঞ্জেগানা—বিণ. পাঁচ ওক্তের, পাঁচবার (পাঞ্জেগানা নামাজ ছেড়োনা — শাহেদ;

পাঞ্জেগানার বাজার সেথা বসে দিনে রাতে —— নজরুল)। [পঞ্জগানহ্ پنج گانہ ফা.]।

পাঞ্জেরী, পঞ্জেরী—বি. নৌকা বা জাহাজের অগ্রভাগে অবস্থিত যে নৌকর্মচারী নৌকার মাস্তুলে উঠে চারদিকের দৃশ্য, আবহাওয়া ইত্যাদি বিষয়ে মাঝিকে সংকেত দান করেন (রাত পোহাবার কত দেরী পাঞ্জেরী—ফররুখ)। [পন্‌জরহ্ پنجرہ ফা.]।

পাঠান—বি. পাকিস্তানের উত্তর পশ্চিম অঞ্চলের যোদ্ধারূপে বিখ্যাত মুসলমান জাতি বি:। [<পুখ্‌তানা পশ্‌তু; পঠান پٹھان হি.]।

পাণ্ডে—১বি. পাঁড়ে, হিন্দুস্তানী ব্রাহ্মণের উপাধি বিশেষ। [পণ্ডিত সং; পন্ডা पंडा হি.]।

পাড়া— বি. পল্লীগ্রামের অংশ ভাগ, গ্রাম। [পারাহ্ پارہ ফা.]।

পাতলী—বিণ. কৃশাঙ্গী (কোঁঅলী পাতলী বালী সুন বনমালী—বড়ুচণ্ডী)। [পতলা पतला হি.]।

পাতশা, পাতসা, পাতশাহ্, পাত্‌সা, পাতসাহা, পাৎসাহা, পাদশাহ—বি. বাদশাহ, সম্রাট্, নৃপতি, রাজাধিরাজ (মহাবদজঙ্গ দিলা পাত্‌সা খেতাব—ভারত; পাৎসাহার মোহর মাথায় রাখি—ভবানী)। পাদ্‌শাহ্ پادشاہ ফা.]। **পাতশাহী, পাতসাহী, পাদশাহী**—১বি. বাদশাহী, রাজকীয় (পাতসাহী সরঞ্জাম ভূত দিয়া সব লুটাইব—ভারত)। ২বি. রাজত্ব। [পাদশাহী پادشاہی ফা.]।

পাত্তা—বি. সংবাদ, খোঁজ, খবর, ঠিকানা, উদ্দেশ্য (তার পাত্তা পাওয়া ভার)। [পতা पता হি.]।

পা-দান, পা-দানি— বি. শকটাদিতে উঠানামার কালে যে স্থানে পা রাখতে হয়, footboard। [পায়দান پایدان ফা.]।

পান্‌জা—দ্র. **পাঞ্জা**।

পানা—বি. আশ্রয়। [পনাহ্ پناہ ফা.]।

পাপোশ, পাপোষ, পা-পোষ—বি. পায়ের ময়লা মোছার জন্য নারকেলের ছোবড়াদি দ্বারা নির্মিত আস্তরণ বিশেষ (পুরু পা-পোষে পা ঘষে ঢুকলাম ড্রয়িংরুমে—রাজিয়া)। [পাপোশ پاپوش ফা.]।

পাবন্দ—বিণ. অনুগত, নিষ্ঠাবান (শরীয়তের পাবন্দ মানুষ— ইব্রাহীম)। [পাবন্দ্ پابند ফা.]।

পাযেব—দ্র. **পাজেব**।

পায়খানা— দ্র. **পাইখানা**।

পায়চা— ১বি. খাসীর অথবা গরুর পা। ২বি. খাসীর অথবা গরুর পা দিয়ে তৈরী খাদ্য বি.। [پایچہ ফা.]।

পায়জামা, পাজামা—বি. ঢিলা ট্রাউজার বিশেষ, ইজের। [পাজামহ্ پاجامہ ফা.]।

পায়দল, পয়দল—১ক্রি. বিণ. পদব্রজে, পায়ে হেঁটে। ২বিণ. পদব্রজে গমনকারী। ৩বি. পদচারী সেনা, পদাতিক। [পয়দল پیدل ফা.]।

পায়যার— দ্র. **পয়জার**।

পায়রবি—দ্র. **পায়রবী**।

পায়রবী, পায়রবি, পয়রবি— বি. অনুসরণ, শিষ্যত্ব (মিথ্যারে যদি মিথ্যা জেনেও

করো তারি পায়রবি—তালিম)। [পয়রবী پیروی ফা.]।

পায়া—১বি. টেবিল, চেয়ার, চৌকি প্রভৃতির নিম্নভাগে সংলগ্ন খুঁটি বা খুরা। ২বি. পদ, চরণ। ৩বি. উচ্চপদ, পদমর্যাদা (পায়াভারী)। [পায়হ্ پایه ফা.]। **তেপায়া**—বি. তিন পায়াবিশিষ্ট টেবিল, চেয়ার ইত্যাদি। [সেহ্ سه (তিন) ফা. + পায়হ্ پایه ফা.]।

পায়াম—বি. পয়গাম, বার্তা (বনি আদমের পায়াম শোনাই আমি—তালিম)। [পয়াম্ پیام ফা.]।

পায়েন্দা—বিণ. স্থায়ী, চিরস্থায়ী। [পায়ন্দহ্ پایندہ ফা.]। **পায়েন্দাবাদ**—ক্রি. চিরস্থায়ী হোক। [পায়ন্দহ্বাদ্ پایندہ باد ফা.]।

পারশী—দ্র. **পারসী**।

পারশীক—দ্র. **পারসীক**।

পারসিক—দ্র. **পারসীক**।

পারসী, পারসী—১বি. পারস্য দেশের ভাষা, ফারসী। ২বি. প্রাচীন কালে পারস্যদেশ থেকে আগত জরথুস্ত্রপন্থী জাতি বিশেষ। ৩বি. পারস্যদেশজাত। ৪বি. পারসী জাতি সংক্রান্ত। [পারসী پارسی ফা.]।

পারসীক, পারসিক, পারশীক—১বিণ. পারস্যদেশীয় (তরুণী পারসিক রমণীগণ—রবীন্দ্র)। ২বিণ. বি. পারস্য দেশবাসী, ইরানী। [পারসিক پارسیک পহ্]।

পার্সী, পার্শী—১বি. পারসী, ফারসী। ২বি. পারস্যবাসী। ৩বি. পারস্যজাতি। ৪বি. ভারতের অগ্নি উপাসক সম্প্রদায়। [পারেসী پارسی ফা.]।

পালওয়ান—দ্র. **পালোয়ান**।

পালান—১বি. ভারবহনকারী পশুর পিঠের গদি। ২বি. গাভীর স্তন, ওলান। [পালান پالان ফা.]।

পালোয়ান, পালওয়ান, পহলোয়ান—১বি. কুস্তিগীর, ব্যায়ামবীর, মল্ল। ২বি. বলবান, বীর (দেখতে শুনতে পালোয়ান—সত্যেন্দ্র)। [পহল্ওয়ান پہلوان ফা.]।

পাল্লা—১বি. খণ্ড, স্তর, পরদা (এক পাল্লা চামড়া)। ২বি. জোড়ার একটি, দুই খণ্ড বা ভাগের একটি (দরজার পাল্লা)। ৩বি. তৌলযন্ত্রে দ্রব্য বা বাটখারা রাখার স্থান বা পাত্র (দাঁড়িপাল্লা)। ৪বি. ব্যবধান, দূরত্ব (দূর পাল্লা)। ৫বি. বেগ, গতি। ৬বি. আয়ত্তি, কবল (ভালোলোকের পাল্লায় পড়েছি—রাজিয়া)। ৭বি. প্রতিযোগিতা (পাল্লা দিতে হবে)। [পল্লা پلّا ফা./হি.]।

পাশ—বি. সুগন্ধি জল বা তরল দ্রব্যাদি ছিটানোর পাত্র বিশেষ (গোলাব পাশ)। [পাশ پاش ফা.]।

পাশা—বি. তুরস্কের শাসনকর্তা, উচ্চপদস্থ কর্মচারী বা সেনাপতির উপাধি (কামাল পাশা)। [পাশা پاشا তু. ফারসী پادشاه পাদ্শাহ্-এর সংক্ষিপ্ত রূপ]।

পাহলবী—দ্র. **পাহলভী**।

পাহ্লভী, পাহলবী, পহলবী—বি. প্রাচীন ইরানী ভাষা (নূতন আভেস্তা পাহলভী ভাষায় রচিত —আকরম)। [পহ্লবী پہلوی ফা.]। [দ্র. পহ্লব]।

পাহারা—বি. প্রহরীর কার্য, চৌকি (অজানা জনের আঁখির পাহারা, স্বজন সভায় করে দিশাহারা—মোহিত)। [পহ্রা پہرا হি.]।

পাহারাওয়ালা, পাহারাওলা—বি. প্রহরী, চৌকিদার, শান্ত্রী। [পহ্‌রাওয়ালা پہراوالا হি.]।

পিছলী—বিণ. পশ্চাদ্বর্তী (আপন পিছলী পায় পড়াত—তারিণী)। [পিছ্‌লী پچھلی হি.]।

পিছে— ক্রি. বিণ. পশ্চাতে, পেছনে (খালেদ! খালেদ! দেখ দেখ ঐ জমাতের পিছে কারা— নজরুল)। [পীছে پیچھے হি.]:

পিটনী— বি. প্রহার, পিটুনি, মার (পিট্‌না খেয়ে পিঠ যে তোদের টিট হয়েছে! কেমন!—নজরুল)। [পীট্‌না پیٹنا হি.]।

পিয়া— বি. প্রিয়া, প্রেয়সী, ভালবাসার স্ত্রী (বুকের পিয়ায় পেয়ে হিয়ায় / কাঁদে পথের পিয়ার লাগি—নজরুল)। [پیا হি.]।

পিয়াজ, পেয়াজ, পেঁয়াজ—বি. উগ্রগন্ধ কন্দ, পলাণ্ডু। [পিয়ায্‌ پیاز ফা.]। **পিয়াজি/পেয়াজি/পিয়াজু**—বি. পিঁয়াজ দ্বারা বা পিঁয়াজ সহযোগে প্রস্তুত। পিয়াজ সহযোগে প্রস্তুত ডালের বড়া। **পেয়াজী**—বিণ. পিয়াজের রঙবিশিষ্ট, ফিকা বেগুনী। [পিয়াযী پیازی ফা.]।

পিয়াদা, পেয়াদা—১বি. পত্রবাহক, সংবাদবাহক, দূত ; ২বি. পাইক। ৩বি. চাপরাসী। [পিয়াদহ্‌ پیادہ ফা.]।

পিয়ার, পিয়ারা, পেয়ারী, পেয়ার— ১বি. প্রেম, প্রীতি, ভালবাসা, মমতা, স্নেহ। ২বি. আদরণীয় (কর্তাদের পেয়ারের মানুষ— মনোজ)। [پیار হি., پیارا হি., پیاری হি.]।

পিয়ালা, পেয়ালা, পেয়ালী— বি. বাটি, ছোট পানপত্র সুরাপাত্র, cup (দ্রাক্ষা বুকে রহিলে গোপন তুমি শিরীন্‌ শরাব / পেয়ালায়, নাহি এসে— নজরুল; এক রেকাবী কাবার সাথে / এক পেয়ালী শিরাজী লাল— নজরুল)। [পিয়ালহ্‌ پیالہ ফা.]।

পিয়াস—বি. তৃষ্ণা, পান করার ইচ্ছা (মানুষের রক্তে পিয়াস মেটায় মানুষ—রবীন্দ্র)। [পিয়াস پیاس হি.]।

পিয়াসা— ১বি. পিপাসু, তৃষ্ণার্ত (মনে পড়ে আস্‌গরে আজ পিয়াসা দুধের বাচ্চায় — নজরুল)। ২বি. (আল.) প্রবল আশা বা আকাঙ্খা (ওই নামে মিটাই পিয়াস ও নাম কওসরের পিয়াসা— নজরুল)। [پیاسا হি.]।

পিরহান—দ্র. **পিরান**।

পিরান, পিরহান—বি. ঢিলা জামা বিশেষ, কুর্তা (ঢাকাই মলমলের পিরহান গাত্রে— বঙ্কিম; বাহানা করিয়া ছোঁয় গো পিরান জাহানারার— নজরুল)। [পীরাহন্‌ پیراهن ফা.]।

পিরালী, পিরালি, পীরালী, পিরিলি—বি. বঙ্গীয় ব্রাহ্মণ শ্রেণী বিশেষ, যারা মুসলমান পীরের সঙ্গে সম্বন্ধ যুক্ত ছিলেন (যথা রবীন্দ্রনাথের পূর্ব পুরুষগণ)। [পীর پیر ফা. + আলী]।

পিরিলি—দ্র. **পিরালী**।

পিলখানা—দ্র. **পীল**।

পিলসুজ, পীলসুজ—বি. পিতলের দীপাধার, শামাদান। [ফতীলহ্ فتيله আ. অথবা পতিল্ پتل ফা.+ সোয্ سوز ফা.]।

পীর—বি. মুসলিম সাধু বা মহাপুরুষ, পুণ্যাত্মা (পীরের মোকামে দেয় সাঁজ—কঙ্কণ)। [পীর پیر ফা.]। **পীর পরস্তী**—বি. পীর পূজা (প্রচলিত গুরুবাদের প্রভাবে মুসলমানদের মধ্যে পীর-পরস্তীর প্রবর্তন হয়—মান্নান)। [পীর-পরস্তী پیرپرستی ফা.]।

পীল, পিল—বি. হাতী। [পীল پیل ফা.]। **পীলখানা, পিলখানা**—বি. হাতীশালা। [পীল্ খানহ্ پیل خانہ ফা.]।

পীলসুজ—দ্র. পিলসুজ।

পুছা, পোছা—১ক্রি. প্রশ্ন করা, জিজ্ঞাসা করা (সখীরে পুছই কৈছে সুরত বিহার—বিদ্যাপতি)। ২ক্রি. গ্রাহ্য করা, পরোয়া করা (ওকে কেউ পোছে না)। [পুছ্না پوچھنا হি.]।

পুত্‌লা— বি. পুতুল (যে ছিল মোর চোখের জ্যোতি, / পুত্‌লা আঁখির— নজরুল)। [پتلا হি.]।

পুতি, পুতী—বি. পৌত্রী (নাতিপুতি রেখে মাগো, একুশ বছর পরে— নজরুল)। [পূতী پوتی হি:]।

পুদিনা, পদিনা, পদীনা—বি. গন্ধযুক্ত শাক বিশেষ (বনতুলসী পুদিনা ও মৌরির জঞ্জাল—রবীন্দ্র)। [পূদীনহ্ پودینہ ফা.]।

পুরা—বিণ. পূর্ণ, সম্পূর্ণ। [পূরা پورا হি:]। **পুরাদস্তুর**— ক্রি. -বিণ. পূর্ণমাত্রায়। [— دستور ফা.]।

পুঁতি—বি. মুক্তার আকারে নির্মিত ছিদ্রযুক্ত কাঁচের টুকরা বিশেষ (পুঁতির মালা)। [পোতী پوتی হি.]।

পুরানা—১বিণ. পুরাতন। ২বিণ. প্রাচীন, বৃদ্ধ, প্রবীণ (পুরানা পল্টন)। ৩বিণ. অভিজ্ঞ (পুরানা চাকর)। ৪বিণ. দাগী (পুরানা পাজী)। [পুরানহ্ پرانہ হি.]।

পুল— দ্র. পোল।

পুলিন্দা—বি. পুঁটলি, গাঁঠরি, মোট, বাণ্ডিল (হোটেলের পোর্টার আমাকে একটি ছোট পুলিন্দা দিল—মুজতবা)। [পল্‌ওয়ান্‌দহ্ پلوندہ ফা.]।

পুশিদা, পুশীদা—বিণ. গোপন, লুকান, গুপ্ত। [পূশীদহ্ پوشیدہ ফা.]।

পুস্ত—বি. বংশ বা পুরুষ-পরম্পরা (আমির আলির ছেলে-পিলে নাতি-পুতি পুস্তের পর পুস্ত তার শাস্তি ভোগ করিয়া যাইতেছে—মনসুর)। [পুশ্‌ত্ پشت ফা.]।

পুস্তা, পুস্তান—১বি. অবলম্বন, ঠেস। ২বি. সহায়। ৩বি. পোস্তা। ৪বি. পুস্তক বাঁধার সময়ে তার পিঠে আড়ভাবে যে মোটা সুতা যুক্ত করা হয়। [পুশ্‌তহ্ پشتہ ফা.]।

পুস্তিন, পুস্তীন—বি. চামড়ার জামা, চর্মনির্মিত কোট। [পুস্তীন پوستین ফা.]।

পেঁচ, প্যাচ— ১বি. স্ক্রু। ২বি. কৌশল, চালাকি। ৩ক্রি. পাক দেয়া, পাকানো। ৪বি. জটিলতা (তোমার মনে এত পেঁচ!)। [পীচ্ پیچ ফা.]।

পেঁয়াজ, পেয়াজ, পেয়াজি, পেয়াজী— দ্র. পিয়াজ।

পেয়াদা—দ্র. পিয়াদা।

পেয়ার—দ্র. **পিয়ার**।

পেয়ালা—দ্র. **পিয়ালা**।

পেরেশান—বিণ. হতভম্ব, উদ্বিগ্ন, চিন্তিত (ভাবিয়া সকলেই পেরেশান ও লবেজান হইয়া উঠিলেন—শিরাজী)। [পরিশান্ پریشان ফা.]। **পেরেশানী**—বি. উদ্বেগ, চিন্তা (ভদ্রলোককে এত পেরেশানীতে ফেলেছো— মুফাখ্খার)। [পরিশানী پریشانی ফা.]

পেশ—বি. সম্মুখে স্থাপন, নিবেশ (আমার যা কিছু বক্তব্য আপনার কাছে পেশ করলাম)। [পেশ্ پیش ফা.]। **পেশ-ইমাম** — বি. যিনি নামাজে ইমামত (ইমামতী) করেন। [পেশ-ইমাম پیش امام ফা.]। **পেশকার**—বি. বিচারকের সামনে আদালতের কাগজ পত্রাদি উপস্থাপিত করে এবং তা সংরক্ষণ করে এমন কর্মচারী (আমি না হয় পেশকার হয়ে সেটা পেশ করে দেবো হুজুর — নজরুল)। [পেশ্‌কার پیشکار ফা.]। **পেশকারি, পেশকারী**— বি. পেশকারের কর্ম বা পদ। [পেশ্‌কারী پیشکاری ফা.]।

পেশওয়া—দ্র. **পেশোয়া**।

পেশওয়াজ—দ্র. **পেশোয়াজ**।

পেশকার—দ্র. **পেশ**।

পেশকাশ—দ্র. **পেসকোশ**।

পেশ্‌তা—দ্র. **পেস্তা**।

পেশা—১বি. বৃত্তি, ব্যবসায়, জীবিকার উপায় (বেশ্যার বেহদ্দ পেশা কথা বেচে খায়—হেম)। ২বি. (আল.) স্বভাব, অভ্যাস (ভাষাকে নিয়ে ফেনানো যাদের পেশা তাঁরাই ভাল বলতে পারবেন—নজরুল)। [পেশহ্ پیشہ ফা.]। **পেশাকার, পেশাকর**—১বি. বেশ্যা, বারাঙ্গনা, বেশ্যা, গণিকা। ২বি. নটী। **পেশাদার**—বিণ. ব্যবসাদার, ব্যবসায়ী, কোন কাজ কেবল ব্যবসার হিসাবে করে এমন, Professional। **পেশাদারি, পেশাদারী**—১বি. পেশাদারের আচরণ বা ব্যবহার। ২বি. ব্যবসাদারি, দোকানদারি। ৩বি. ব্যবসায়, বৃত্তি। **পেশাদারী**—বিণ. পেশাদার সম্বন্ধীয়। [পেশহ্ پیشہ ফা. + داری ফা.]।

পেশাব— বি. প্রস্রাব, মূত্র, Urine। [پیشاب ফা./হি.]।

পেশানি, পেশানী—বি. কপাল, ললাট (খোদার জ্যোতি পেশানিতে ফোটে, কে এল ঐ — নজরুল)। [পেশানী پیشانی ফা.]।

পেশোয়া, পেশওয়া, পেশবা—১বি. মহারাষ্ট্রীয় প্রধানমন্ত্রী বা তাদের বংশ। ২বি. মহারাষ্ট্রের নেতৃবংশ। [পেশ্‌ওয়া پیشوا ফা.]

পেশোয়াজ, পেশওয়াজ—বি. নর্তকী বা নারীদের পায়জামা বিশেষ (নিকপিক করে ক্ষীণ কাঁকাল, পেশোয়াজ কাঁপে টালমাটাল— নজরুল)। [পেশওয়ায্ پیشواز ফা.]।

পেসকোশ, পেশকাশ—১বি. টাকা বা মূল্যবান দ্রব্য উপহার (পেশকোশ দিলা তায়—ভারত)। ২বি. অবদান। [পেশ্‌কশ্ پیشکش ফা.]।

পেস্তা, পেশ্‌তা—বি. কাবুলে উৎপন্ন বাদাম জাতীয় ফল বিশেষ। [পিস্তহ্ پستہ ফা.]।

পোক্ত—১বিণ. দৃঢ়, মজবুত (বুকের পাটা শক্ত, সকল কাজে পোক্ত—অবনীন্দ্র)। ২বিণ. পরিপক্ব, পরিণত, অভিজ্ঞ (পাকাপোক্ত লোক)। [পুখ্‌তহ্‌ پختہ ফা.]।

পোছা—দ্র. পুছা।

পোতদার—দ্র. পোদ্দার।

পোদ্দার, পোতদার—১বি. মহাজন, কুসীদজীবী, যে সুদে টাকা ধার দেয় (পোতদার হৈল যম, টাকায় আড়াই আনা কম—কঙ্কণ)। ২বি. মুদ্রা পরীক্ষক, মুদ্রার কৃত্রিমতা ও অকৃত্রিমতা পরীক্ষাকারী। ৩বি. যে বাটা নিয়ে টাকা ভাঙিয়ে দেয়। ৪বি. যারা সোনারূপা বেচাকেনা করে (রূপের সোনা রোজ আসেনা, বেচে না যে পোদ্দারে— সত্যেন্দ্র)। [ফ্‌তহ্‌- فوطہ আ.+ দার-ফা. = পোতদার]। **পোদ্দারি**—১বি. পোদ্দারের কর্ম বা বৃত্তি, মহাজনী। ২বি. (ব্যঙ্গ) কর্তাপনা, মোড়লিপনা (গরীবের ধনে আর ক'দিন পোদ্দারী চলবে—ওয়াসেক)।

পোল, পুল—বি. সেতু। [পুল ফা.]। **পোলসেরাত, পুলসিরাত**—বি. পরলোকের সাঁকো বিশেষ (একেবারে মৃত্যুর পোলসেরাত পার করে দেবে—বাহার)। [পুল پل ফা.+ সিরাত্‌ صراط আ.]।

পোলাও—বি. গরম মসলা যোগে মাছ বা মাংস-সহ ঘৃতপক্ক অন্ন (আমি ভাত না খেয়েও থাকতে পারি পোলাও-লুচি পেলে—নজরুল)। [পোলাও پلاؤ ফা.]।

পোশ—১বি. পরিধানকারী (আগে চলে লালপোশ খাসদরবার—ভারত)। ২বি. যদ্দ্বারা কোন কিছু ঢাকা যায় (সরপোশ, বালাপোশ)। ৩ক্রি-বিণ. আচ্ছাদন। [পোশ্‌ پوش ফা.]।

পোশাক, পোষাক—বি. পরিচ্ছদ, বেশ। [পোশাক پوشاک ফা.]। **পোশাকী, পোষাকী**—১বিণ. পোশাক সম্বন্ধীয়। ২বিণ. সভ্য সমাজের রীতি ও রুচি অনুযায়ী। ৩বিণ. বিশেষ অনুষ্ঠান উপলক্ষে পরিধেয় (পোশাকী জামা)। ৪বিণ. বাহ্য (পোশাকী ভদ্রতা)।

পোষাক, পোষাকী—দ্র. পোশাক।

পোস্ত$_১$—বি. আফিম ফলের গাছ। [পোস্ত্‌ پوست ফা.]। **পোস্তদানা**—বি. পপি ফুলের বা আফিমের বীজ। [—+ দানহ্‌ دانہ ফা.]।

পোস্তা/পোস্ত$_২$—১বি. দেহের বাঁধন (মেরে পোস্তা উড়িয়ে দিয়েছে—দ্বিজেন্দ্র)। ২বি. গঞ্জ, আড়ত, বিক্রয়স্থল। ৩বি. দেয়াল, বাঁধ ইত্যাদি দৃঢ় করবার জন্য গাঁথনি বা ঠেস। [পুশ্‌তহ্‌ پشتہ ফা.]।

পোস্তান—১বি. বংশ, জাতি। ২বি. দেয়ালের ঠেস, ঠেক্‌নো। [পোস্ত্‌ پوست ফা.। ব.ব. ان]।

পৌঁছা, পহুঁছা—বি. উপস্থিত হওয়া (এতক্ষণে তার পৌঁছে যাবার কথা)। ২ক্রি. নাগাল পাওয়া (হাতে পৌঁছেনি)। ৩বি. উক্ত সকল অর্থে। [পহুঁচ্‌না پہنچنا হি.]। **পৌঁছান, পৌঁছানো, পৌঁছন, পৌঁছনো**—১ক্রি. পৌঁছা। ২ক্রি. নির্দিষ্ট স্থানে রেখে আসা (জিনিসটা বাড়ি পৌঁছে দিও)। ৩ক্রি. নিকটে নিয়ে যাওয়া (চিঠিখানা পৌঁছাইয়া দিও)। ৪বি. উক্ত সকল অর্থে। [পহুঁচানা پہنچانا হি.]।

প্যাচ—দ্র. পেঁচ।

[ফ]

ফইজত, ফইজৎ—দ্র. **ফজিহত**।

ফইড়, ফইড়া, ফৈড়, ফৈড়া—বি. পাখা, পর। [পর্ پر ফা.]।

ফইলা, ফয়লা, ফায়লা—বি. কর্মচারীবৃন্দ, গোমস্তা, আমলা। [ফা'লাতুন فعلة ব.ব., এক. فاعل ফা'-এলুন আ.]।

ফওজ—দ্র. **ফৌজ**।

ফওরান, ফিল্‌ফওর—১ক্রি-বিণ. শীঘ্র, তাড়াতাড়ি (মাইয়্যেৎকে ফওরান দফন করা —মনসুর)। ২ক্রি-বিণ. তখনি, তৎক্ষণাৎ। [ফওরান্ فورًا আ.]।

ফকত, ফকৎ—১অব্য. ইতি, শেষ। ২অব্য. শুধুমাত্র, কেবলমাত্র (ফকত্ ডালভাত)। ৩বি. পত্রাদিতে লেখকের বক্তব্য সমাপ্তিসূচক শব্দ। [ফক্বত্ فقط আ.]।

ফকরা, ফোকরা—বি. ভিখারী, ফকীর ফকরা। (আসিতে ভারতে সানকি লইয়া/আসিল ফকির-ফোকরা—নজরুল)। [ফক্বারা-উ فقراء আ; ব.ব., এক. ফক্বীর فقير আ.]।

ফকির, ফকীর—১বি. সংসারত্যাগী সন্ন্যাসী বা সাধুপুরুষ (একজন বিশিষ্ট ফকিরের শিষ্যত্ব গ্রহণ করেন—মু. শ.)। ২বি. ভিক্ষুক, ভিক্ষাজীবী। ৩বি. নিঃস্ব, দরিদ্র, সর্বহারা (সকালবেলা আমীর রে ভাই, ফকীর সন্ধ্যা-বেলা— নজরুল)। [ফক্বীর فقير আ.]। **ফকিরি, ফকীরি**—১বি. সন্ন্যাসবৃত্তি, ফকির বা সাধুদের বৃত্তি (ফকিরি করতে চাও সে ভালো—রবীন্দ্র)। ২বি. ভিক্ষাবৃত্তি। **ফকিরী, ফকীরী**—বিণ. ফকির সংক্রান্ত। **ফকিরনী, ফকীরণী**—বি. স্ত্রী ভিখারিণী (পথেঘাটে ফকিরণী হইতে সম্ভ্রান্ত মহিলারা সবাই কালো রংএর বোরখায় ঢাকা—নাহার)।

ফখর—বি. অহংকার, গর্ব, গৌরব, আত্মশ্লাঘা (ফখর করিনা কিছু—আ. হা; মার খাই আর তাহারই ফখর করি/হর্দম জগৎময়—নজরুল)। [ফখর فخر আ.]।

ফচকে, ফচ্‌কে, ফচকিয়া—বিণ. ফাজিল, বাচাল, ফাসেক (ফচকে ছুঁড়ি ফুলের কুঁড়ি—দীনবন্ধু)। ২বিণ. ফক্কড় (আমি চালাক ও ফচকিয়া নই—বিদ্যা)। ৩বিণ. লঘুপ্রকৃতি, চটুল। [ফিস্‌ক্ব فسق আ. + ইয়া বাং প্রত্যয়]।

ফচ্‌কে—দ্র. **ফচকে**।

ফজর—১বি. ঊষাকাল, প্রাত:কাল, প্রত্যুষ (ফজর সময়ে উঠি—কঙ্কণ)। ২বি. সুবেহ্ সাদেক অর্থাৎ সূর্যোদয়ের এক ঘন্টা বিশ মিনিট পূর্বে পূর্বাকাশে আলোর রেখা প্রকাশ পাওয়ার সময় থেকে সূর্যোদয়ের পূর্ব পর্যন্ত সময়, সূর্যোদয়ের প্রাক্কাল। ৩বি. সকালের নামাজ (ঘুমাইয়া কাজা করেছি ফজর/তখনো জাগিনি যখন জোহর—নজরুল)। [ফজর فجر আ.]।

ফজল, ফযল—বি. দানশীলতা, অনুগ্রহ, বদান্যতা, শ্রেষ্ঠত্ব। [ফযল فضل আ.]।

ফজিলত, ফজিলৎ, ফযিলত—১বি. শ্রেষ্ঠতা, উৎকর্ষ, গুণপনা, সম্মান (শুক্রবারের ফজিলৎ সম্বন্ধে তিনি জীবনে কত বয়ানই তো করেছেন—ফজল)। ২বি. সমৃদ্ধি। ৩বি. বরকত। [ফযীলত্ فضيلت আ.]।

ফজিহত, ফইজত, ফইজৎ, ফৈজত, ফৈজৎ—১বি. কলঙ্ক, অপযশ, বদনাম। ২বি. অসম্মান, অপমান (লাঠি সোটা কত মারে, ফজিহত করে শুনাইয়া—হামজা)। ৩বি.

ভর্ৎসনা, তিরস্কার। ৪বি. কলহ, ঝগড়া। ৫বি. হাংগামা। [ফযীহত্ فضيحت আ.]।

ফজুল—১বিণ. অতিরিক্ত (রেখোনা পানপাত্র বেকার, উপচে পড়ুক সুখ ফজুল—নজরুল)। ২বিণ. অনাবশ্যক (এক মসজিদের আজান যতদূর যায়, তার মধ্যে আর একটা মসজিদ দেওয়া নিতান্তই ফজুল—ইমদাদ)। [ফযুল فضول আ.]।

ফটক—বি.সিংহদ্বার, সদর দরজা, বহির্দ্বার, দেউড়ি (মুসলমানেরা যখন তাঁর প্রাসাদের ফটকে পৌঁছলো—আ. জলীল)। [ফাটক फाटक हि.]।

ফটকা, ফট্‌কা, ফাট্‌কা—১বি. জিনিসপত্রের বাজার দর বা তাস নিয়ে জুয়া খেলা বিশেষ (কড়ি ফটকা চিড়া দই—ভারত)। ২বি. ঝুঁকিদার ব্যবসা বা তাতে টাকা নিয়োগ করা। [ফট্‌কা फाटका हि.]। **ফট্‌কা বাজ**—বিণ. বিক্রেয় মূল্যের হ্রাসবৃদ্ধি হয় এরূপ পণ্যদ্রব্যের বাজারে জুয়াখেলা যার অভ্যাস। [হি.+ বায্ باز ফা.]।

ফড়া—১বি. শাখা। ২বি. হস্তপদ ইত্যাদি অঙ্গ-প্রত্যঙ্গ। ৩বি. পদ, পা (অঙ্গ ছিঁড়িল, তুঙ্গ পড়িল। হাতেতে রহিল ফড়া—কঙ্কণ)। [ফরা' فرع আ.]।

ফড়িয়া, ফড়ে—১বি. ফেরিওয়ালা, যারা বাড়ি-বাড়ি সস্তায় বিভিন্ন দ্রব্য ফেরি ক'রে বিক্রি করে। ২বি. পাইকার (পুকুরের ধারে ফড়েদের ঘর, তারা পেয়ারা গাছ জমা নিয়েছে—অবনীন্দ্র) [ফড়ইয়া फड़िया हि.]।

ফত্‌হুম্ মুবিন—বি. স্পষ্ট বিজয় (প্রতিশ্রুত সে জয়ের দিন, মহাগৌরবে এল ফত্‌হুম মুবিন— ফররুখ)। [ফত্‌হুমমুবীন فتح مبين আ.]।

ফতুই—দ্র. ফতুয়া।

ফতুয়া, ফতুই—বি. ক্ষুদ্রাকৃতি হাতকাটা জামা বিশেষ (জামার মধ্যে গায়ে সাদা মলমলের একটি ফতুয়া মাত্র—জাফর)। [ফতূহী فتوحی আ.]।

ফতুর—১বিণ. নি:স্ব, রিক্ত, নির্ধন, সর্বস্বান্ত (দান-খয়রাত করিতে গেলে ফতুর হইতে হইবে—রবীন্দ্র)। ২বিণ. নি:শেষ (মদের বোতল এক চুমুকে ফতুর করে দাও —অজ্ঞাত)। [ফুতূর فتور আ.]।

ফতুয়া—দ্র. ফতোয়া।

ফতে—১বি. জয় (একা মর্দ যায় ময়দান করতে ফতে—অবনীন্দ্র)। ২বি. সিদ্ধি। [ফত্‌হ্ فتح আ.]।

ফতো/ ফোতো—১বিণ. পরপুষ্ট, অপরের দান বা অনুগ্রহে বাবুগিরি করতে অভ্যস্ত; ২বিণ. অন্ত:সারশূন্য। [ফওত্ فوت আ.]।

ফতোয়া, ফতুয়া, ফৎওয়া—বি. ইসলাম ধর্মশাস্ত্র সম্মত রায় বা লিখিত ব্যবস্থা, শাস্ত্র নির্দেশ (তাঁহাকে কাফের বলিয়া ফতোয়া জারি করিলেন—ওয়াজেদ; মাটি দিল ফতুয়া মতন জানাজা পড়িয়া—মৈ. গী.)। [ফত্‌ওয়া فتوىٰ আ.]। **ফতোয়াবাজ**—বি. ফতোয়া জারি করতে ওস্তাদ। [—আ. + বায্ باز ফা.]।

ফন্দ, ফন্দি, ফন্দী—১বি. ফাঁদ, চাতুরী, প্রতারণা, ছল (বুঝিতে নারিনু বিধির ফন্দ—ভারত)। ২বি. কূটকৌশল (শিখাও আমারে কবিতা লেখার ফন্দি—রশীদ)। ৩বি. মতলব। [ফন্দ فند ফা.] **ফন্দিফিকির**—বি. ছলচাতুরী, কৌশল (দেশের মঙ্গলামঙ্গলের চিন্তা হইতে তাহাদিগকে দূরে রাখার জন্য

ফন্দিফিকিরে থাকিত—ওয়ালি)। [ফন্দ ফা. + ফিক্‌র فكر আ.]।

ফন্দিবাজ—১বিণ. কৌশলী, ফন্দি-আঁটায় নিপুণ ব্যক্তি। ২বিণ. মতলবী। [—+ বায্ باز ফা.]।

ফপর-দালাল, ফোপর-দালাল, ফফর-দালাল / ফোপড়-দালাল, ফপলদালাল, ফোঁপল দালাল/ ফোঁপর-দালাল / ফোফরদালাল —বি. (ব্যঙ্গ) উপর-পড়া হয়ে যে লোক অন্যের ব্যাপারে মোড়লি করে। [পুপিড় হি. + دلّال আ.]।

ফযল—দ্র. **ফজল**।

ফযিলত—দ্র. ফজিলত।

ফয়তা১—১বি. ইসলাম ধর্ম-শাস্ত্র অনুয়ায়ী মৃত ব্যক্তির আত্মার সদগতি প্রার্থনা। ২বি. পীরের দরগায় শিরনী দান ও ভক্তি নিবেদন। [ফাতিহহ্ فاتحه আ.]।

ফয়তা২—১বি. ইসলাম ধর্মশাস্ত্র অনুযায়ী কাজীর রায় (এই পক্ষপাতহীন ফয়তা ঘাড় পাতিয়া লইলে—বিদ্যা)। ২বি. শাস্ত্রীয় বিধান। [ফত্‌ওয়া فتوىٰ আ.]।

ফয়দা, ফায়দা—১বি. মঙ্গল, উপকার, সুফল, লাভ (তুমি হররোজ এখানে ওখানে ফিরে বেড়াও—তাতে মোর আর লেড়কা বালার কি ফয়দা—টেকচাঁদ; শরীরকে এভাবে করাতে কি ফয়দা—ওহীদ)। ২বি. সুবিধা, সুযোগ। ৩বি. আবশ্যক। [ফাইদহ্ فائدة আ.]।

ফয়সলা—দ্র. **ফয়সালা**

ফয়সালা, ফয়সলা, ফায়সালা— ১বি. মীমাংসা, মিটমাট, নিষ্পত্তি। ২বি. রায়, বিচার ফল (গা-ময় তিলক ছাব দিয়া, যেন সদর দেওয়ানী আদালতের ফয়সালা বেরুলেন —দীনবন্ধু)। [ফয়স্‌লহ্ فيصله আ.]।

ফয়েজ—বি. উদারতা, দয়া, অনুগ্রহ, সমৃদ্ধি। [ফয়্‌য্ فرض আ.]।

ফরক—দ্র. **ফারাক**।

ফরজ, ফারজ, ফরয, ফর্য—১বিণ. ইসলামী ধর্মমতে অবশ্য করণীয় কাজ বা অনুষ্ঠান (জানিও উচিত ফর্য তৌহিদ অবধি—আলাওল)। ২বি. জরুরী কাজ (ফরজ ফেলিয়া নকল লইয়া টানাটানি)। ৩বিণ. অবশ্য করণীয়। [ফরয্ فرض আ.]।

ফরজন্দ, ফরযন্দ, ফ্রজন্দ—১বি. সন্তান (ফেরেস্তার ফরজন্দ কিবা পরীর গঠন—ফকির)। ২বি. বংশধর (একে এই বলে অহে ফরজন্দ আদম —হেয়াত; পৃথিবী পূর্ণিত হৌক তোমার ফ্রজন্দে—হেয়াত)। [ফরযন্দ্ فرزند ফা.]।

ফরজী—বিণ. কল্পিত, অনুমিত, ধরে নেয়া হয়েছে এমন। [ফর্‌যী فرضى আ.]।

ফরদি—দ্র. **ফর্দ**।

ফরমাই, ফরমাইশ, ফরমাইস, ফরমাজ—দ্র. **ফরমায়েশ**।

ফরমাণ—দ্র. **ফরমান১**।

ফরমান১, ফরমান, ফরমাণ—১বি. হুকুম, আদেশ (সরকার তাঁহার নিরপেক্ষ নীতি অনুসারে ফরমান জারি করিলেন—মনসুর)। ২বি. হুকুমনামা, আদেশপত্র। (হে খোদা, এযে তোমার হুকুম, তোমারই ফরমান—নজরুল)। ৩বি. হুকুমত, শাসন (হবে দুনিয়াতে আবার ইসলামী ফরমান জারি—নজরুল)। ৪বি. বাণী, সংবাদ, খবর (ধরণীর হাতে দিল

আনি যারা ফসলের ফরমান— নজরুল)। [ফরমান فرمان ফা.] **ফরমান- বরদার, ফরমা-বরদার**—বিণ. অনুগত, আজ্ঞাবহ, হুকুম পালনকারী (তবে আমি হব তোরা ফরমা-বরদার—হামজা; বড় বড় হাকিমান হুকুমের তাবেদার, ফরমাবরদার দিনকে রাত কচ্ছেন, রাতকে দিন কচ্ছেন—মশাররফ)। [ফরমাবরদার فرمابردار ফা. فرماں بردار ফা.] বি. **ফরমান বরদারি**। **ফারমানি**—বি. হুকুম প্রচারকারী, বাদশাহী আদেশ বহনকারী (বাহ্ বাহ্ বলে ডাকেন ফরমানি—কঙ্কণ)। **ফরমানী** —বিণ. হুকুমপ্রদান (ফরমানী মহারাজ মনসবদার —ভারত)।

ফরমান২/ ফরমানো—১ক্রি. হুকুম দেওয়া, আদেশ করা। (দেখ্ পাক-কোরআন, শোন্, নবীজী ফরয়ান—নজরুল)। ২বি. উক্ত অর্থে। [ফরমানা فرمانا ফা.]।

ফরমায়েশ, ফরমাইশ/ফরমাশ, ফর্মাশ, ফরমাইস, ফরমায়েস / ফরমাজ, ফরমাই—১বি. আদেশ, হুকুম, আজ্ঞা (ভাইর ফরমায়েস শুনতে উদগ্রীব হয়ে থাকতাম—রাজিয়া; তোমাদের ফরমাজ মত কাজ করবার সাধ্য আমার নেই—বিভূতি; অনুগত হইয়া তারা মানিবে ফরমাই—মৈ. গী.)। ২বি. কোন কিছু ক্রয়ের বা সরবরাহের নির্দেশ (সমস্ত সামগ্রীর ফরমাইশ দিলেন—রামরাম; শামলা ফর্মাশ দিতে হইবে—রবীন্দ্র)। ৩বি. আবদার, বায়না (আর একজন আসবেন আর এক ফরমাইস নিয়ে—সুকুমার)। [ফরমাইশ فرمایش ফা.]। **ফরমায়েশী/ ফরমাশী**—বিণ. ফরমাশ দেওয়া হয়েছে এমন বস্তু।

ফরমুদা—বি. আদেশ, হুকুম, যা আদেশ করা হয়েছে। [ফরমূদহ্ ৪ فرمودہ ফা.]।

ফরয—দ্র. **ফরজ**।

ফরয়্যাদ্—দ্র. **ফরিয়াদ**।

ফরশ—দ্র. **ফরাশ**।

ফরসি, ফরসী, ফুরসি, ফুরসী—বি. দীর্ঘ নলযুক্ত হুঁকা, গুড়গুড়ি, ফরাসের যোগ্য হুঁকা। [ফরশ্ فرش আ.+ ی (ঈ) ফা.]।

ফরহাত—বি. আনন্দ, সন্তুষ্টি, আমোদ প্রমোদ। [ফরহত্ فرحت আ.]।

ফরহাদ—বি. বিশ্ববিখ্যাত পারসিক প্রেমিক (যেমন ফরহাদ শিরীঁর প্রেমে হ'ল দীওয়ানা বেতাব—নজরুল)। [ফরহাদ فرحاد ফা.]।

ফরাখ—বিণ. প্রশস্ত। [ফরাখ্ فراخ ফা.]।

ফরাকত, ফরাকৎ—দ্র. **ফরাগত**।

ফরাগত, ফরাগৎ, ফরাকত, ফরাকৎ—১বি. স্বাতন্ত্র্য, ছাড়াছাড়ি, বিচ্ছিন্নতা (ফরাগতে মাতাপিতা সংহতি রাখএ —আলাওল)। ২বি. উন্মুক্ত বা ফাঁকা জায়গা। ৩বি. অবকাশ, অবসর (ইসা খাঁ গালিচায় ফরাগৎ মত বসিয়া একটু আরাম বোধ করিলেন—শিরাজী)। ৪বি. ছুটি। [ফরাগত্ فراغت আ.]।

ফরাজ, ফরায়েজ—বি. মৃত ব্যক্তির সম্পত্তি বন্টন সম্বন্ধীয় বিশেষ ইসলামী শাস্ত্র, ইসলামী দায়ভাগ। [ফরাইয্ فرائض আ.]।

ফরাশ, ফরাস, ফরশ—১বি. মেঝে বা তক্তপোশে পাতবার জন্য কার্পেট বা বিছানা, সতরঞ্জি (সরাইখানার ভিতরে সারা মেঝে জুড়িয়া ফরাস পাতা—আ. দীন; ফরাশ বিছিয়ে বসি না কেন —প্রমথ)। ২বি. ঘরের আসবাবপত্র

ঝাড়া-মোছা, বাতি জ্বালা, বিছানা পাতা ইত্যাদি কাজে নিয়োজিত ভৃত্য (যম বাতি নিবিয়ে দেবার জন্য থেকে থেকে ফরাশ পাঠায়—রবীন্দ্র)। [ফর্‌শ্ فرش আ. ফর্‌রাশ فرّاش আ.]।

ফরিক, ফরিকার, ফরিকাল, ফরিকাল (প্রা-বা)— বি. (পদ্য) সৈন্যদল, বাহিনী, সেনা সমূহ (রায় বাঁশ তবকী ফরিকাল—কঙ্কণ; ধানুকী বন্দুকী ঢালী রায়বেঁশে ফরিকালী—ঘন)। [ফরীক্‌ فريق আ. + ওয়ার وار ফা. প্রত্যয়]।

ফরিয়াদ, ফরয়্যাদ, ফরেদ—১বি. প্রার্থনা, বিচার-প্রার্থনা (আমরা শুনেছি ভীত আত্মার সকরুণ ফরয়্যাদ— নজরুল)। ২বি. অভিযোগ, নালিশ (ফরিয়াদ করে নিশি দিনমান সারা হিন্দুস্তান —আজহার)। ৩বি. মামলা, আদালতে অভিযোগ। ৪বি. সাহায্য প্রার্থনা, দোহাই দেওন। [ফর্‌য়াদ্ فرياد ফা.]। **ফরিয়াদি, ফরিয়াদী, ফৈরাদি, ফৈরাদী**—বি. বাদী, বিচার-প্রার্থী, আদালতে অভিযোগকারী (স্বয়ং ধর্ম ছাড়া তার আর কোনো ফরিয়াদি অবশিষ্ট নাই — রবীন্দ্র)। [ফর্‌য়াদী فريادى ফা.]।

ফরেদ—দ্র. **ফরিয়াদ**।

ফরেব—দ্র. **ফেরেব**।

ফরোখ্‌ত—বি. বিক্রয় (খরিদ ফরোখ্‌ত অর্থাৎ বেচাকেনা যে হইবেনা তাহাও নহে—মশাররফ)। [ফরোখ্‌ত্ فروخت ফা.]।

ফর্দ, ফর্দ্দ, ফরদি—১বি. তালিকা, ফিরিস্তি (মুখে মুখে সাংসারিক কাজের বিরাট ফর্দ্দ দাখিল করিয়া কহিল—শরৎ; ভাবীকালের ফর্দ রচনায় কৃপণতা প্রকাশ করায়—রবীন্দ্র)। ২বি. খণ্ড বা টুকরা (রাংতার চাদর যেন এক ফরদি—অবনীন্দ্র)। [ফর্‌দ্ فرد আ.]।

ফর্দ্দ—দ্র. **ফর্দ**।

ফর্মাশ—**ফরমায়েশ**।

ফর্য—দ্র. **ফরজ**।

ফলনা, ফলানা—বি.অমুক লোক (ফলনার বাপ)। [ফলানু فلان আ: স্ত্রী ফুলানা فلان আ.]।

ফলসা, ফল্‌সা, ফাল্‌সা—বি. অম্লমধুর স্বাদযুক্ত কৃষ্ণ লোহিত বর্ণ ক্ষুদ্র গোলাকার ফল বিশেষ (ফলসার রস— রবীন্দ্র)। [ফালসাঃ فالسه আ.]। **ফলসাই, ফালসাই**—বিণ. ফলসা জাতীয় ফলের রঙ বিশিষ্ট (আমি খাটের উপর থেকে ফালসাই রঙের শাড়ী তুলে নিলাম—রশীদ)। [— + ই. বাং.]।

ফলাও, ফালাও—১বিণ. বিস্তীর্ণ, প্রশস্ত, ঢালাও (ওর বুদ্ধি ছিল ফলাও—রবীন্দ্র)। ২বিণ. অতিরঞ্জিত (সে তাহার জ্ঞানটুকু আর একটু ফলাও করিয়া প্রচার করিল)। ৩বিণ. প্রচুর। [ফলাহ্ فلاح আ. = সমৃদ্ধি, কল্যাণ]

ফলানা—দ্র. **ফলনা**।

ফল্‌সা—দ্র. **ফলসা**।

ফস—১ অব্য. অসতর্কভাবে, অসাবধানবশত (তাই সে ফস্ করে নীতিকথা বললে—অবনীন্দ্র)। ২অব্য. আকস্মিকতা বা শীঘ্রতা সূচক। [ফুহ্‌শ্ فحش আ.]।

ফস্‌কা, ফস্কা—বিণ. আলগা, শিথিল, ঢিলা (বজ্র আঁটুনি, ফস্কা গেরো)। [ফস্‌খ্ فسخ আ.]। **ফসকান/ফস্‌কানো, ফস্কান/ফস্কানো**—১ক্রি. পিছলান, স্খলিত

হওয়া (মন্তর আওড়াতে কথা ফসকায়—অবনীন্দ্র)। [— + আন. বাং.]।

ফসল—১বি. ক্ষেতে উৎপন্ন শস্য (ফসল হইয়া ফলিয়া উঠিল সোনালী ধানের শীষে—নজরুল)। ২বি. কোন কিছু আবিষ্কারের সুফল (সায়েন্সের শেষ ফসল যাতে তারা পায় —রবীন্দ্র)। ৩বি. শস্য সংগ্রহের সময়। [ফসল فصل আ.]। **ফসলী**—১বিণ. ফসল কর্তনের কাল থেকে গোনা **ফসলী সন**—বি. আকবর বাদশাহ প্রবর্তিত অব্দ। [ফস্‌লী সনহ্ فصلی سنه আ.]।

ফসাদ—দ্র. ফেসাদ।

ফস্কা, ফস্কান, ফস্কানো—দ্র. ফস্‌কা।

ফাই-ফরমাস—বি. ছোটখাট কাজকর্মের ফরমাইশ বা আদেশ (নির্মলা চায় অপূর্ব দাদা তাহাকে ফাই-ফরমাস করে —বিভূতি)। [ফরমাইশ্. فرمایش ফা.]।

ফাঁকড়া—দ্র. ফেঁকড়া।

ফাঁদ্ ফান্দ—বি. চক্রান্ত, জাল। [ফন্‌দ্ فند ফা.]।

ফাঁস, ফাঁশ—১বিণ. আলগা, শিথিল। ২বিণ. ব্যক্ত, প্রকাশিত, রাষ্ট্র (আসল কথাটা ক্রমেই ফাঁস হইয়া পড়িতেছে —সুকুমার)। [ফাশ্ فاش ফা.]।

ফাকতা—১বি. ঘুঘু। ২বি. পারাবত, পায়রা। [ফাখ্‌তাহ্ فاخته আ.]।

ফাকা—১বি. উপবাস (সাতরোজ ফাকা আছে তবু নাহি খায়—হামজা)। ২বি. দারিদ্র্য, অভাব, অনটন। [ফাক্বাহ فاقه আ.] **ফাকাকশী**—বি. উপবাস পালন। [—+ কশী کشی ফা.]।

ফাজলাম—দ্র. ফাজলামি।

ফাজলামি, ফাজলাম/ফাজলামো—বি. বাচালতা, প্রগল্‌ভতা ধৃষ্টতা (যা যা ফাজলামো নয়—অচিন্ত্য)। [ফাযিল্ فاضل আ. + আমি, আম, বাং]

ফাজিল, ফাযিল, ফাজেল, ফাযেল—১বি. বাচাল, বখাটে (আমার এক ফাজিল বন্ধু বলছেন, "কি নিম্‌কিন্ চেহারা।"—নজরুল)। ২বিণ. পণ্ডিত, বিদ্বান (সংস্কৃত বিদ্যায় ফাজিল নহেন— বিদ্যা)। ৩বিণ. অতিরিক্ত, উদ্বৃত্ত, অবশিষ্ট (নিকাশ করিয়া লেনাদেনি 'ফাজিল' কিছুতে কমে না আর —নজরুল)। ৪বি. জমা অপেক্ষা খরচের পরিমাণ বাহুল্য (জমা ওয়াশীল ফাজিল হাতছিট—অবনীন্দ্র)। [ফাযিল فاضل আ.]।

ফাট্‌কা—দ্র. ফটকা।

ফাত্‌হ্—বি. বিজয়। [ফত্‌হ্ فتح আ.]। **ফাত্‌হাম্ মুবীনা**—বি. স্পষ্ট বিজয়, সুস্পষ্ট, নির্ভুল ও অভ্রান্ত বিজয় (এই [হুদায়বিয়ার] সন্ধি হইতে ইসলামের প্রকাশ্য বিজয়ের আরম্ভ, ইহাই কোরআন পাকের ফাত্‌হাম্ মুবীনা—বাহার)। [ফত্‌হাম্ মুবীনা فتح مبينا আ.]।

ফাতেহা—১বি. কুরআন শরীফের প্রথম সুরা আল্ ফাতিহা; ২বি. মৃত ব্যক্তির আত্মার সদগতির জন্য সূরা ফাতিহা ইত্যাদি পড়ে প্রার্থনা ও দরিদ্র ভোজনাদি অনুষ্ঠান (করিব ফাতেহা আদি, কান্দিব বিস্তর—হেয়াত)। [ফাতিহহ্ فاتحه আ.]।

ফানস—দ্র. ফানুস।

ফানা—১বি. লয়, ধ্বংস (যেদিন ইস্রাফিলের শিঙায় সব হবে আখের ফানা —কানাই)। ২বি. আত্মহারা, তন্ময়, পাগল

(তোমার রূপ দেখ্যা কাজী হইয়াছে ফানা — সগীর)। [ফনা আ.]।

ফানুস, ফানস, ফানুশ, ফানুষ—১বি. কাগজের বেলুন যা বাষ্পের সাহায্যে আকাশে উড়তে পারে (আমরা যখন উড়িয়েছিলুম ফানুষ— রবীন্দ্র)। ২বি. দীপাবরণ (একটা পতঙ্গ আসিয়া ফানুষের চারিপাশে শব্দ করিয়া ঘুরিয়া বেড়াইতেছে— বঙ্কিম)। ৩বি. লণ্ঠন [ফানূস্ فانوس ফা.]।

ফান্দ—দ্র. ফাঁদ।

ফাযিল, ফাযেল—দ্র. ফাজিল।

ফায়দা—দ্র. ফয়দা।

ফায়সালা—দ্র. ফয়সালা।

ফারক, ফারাক—১বিণ. পৃথক, বিচ্ছিন্ন, আলাদা (ফারক হওয়া)। ২বিণ. খোলশা, নিষ্কৃতিপ্রাপ্ত, মুক্ত (ফারক করিয়া দেহ ব্যাধের নন্দনে— কঙ্কণ)। [ফারিগ্ فارغ আ.]।

ফারকত্, ফারখৎ—দ্র. ফারখ্ত্।

ফারখ্ত্, ফারখৎ, ফারখতি, ফারখতাখতি, ফারকত্—১বি. ত্যাগপত্র, ছাড়পত্র (যৌবনের আখিরি করিয়া ফারখতি লইতে পারি নাই—বঙ্কিম)। ২বি. তালাকনামা, document of discharge (যমের যমজ জামাতৃকে লিখে দিয়ে ফারখত— নজরুল)। ৩বি. সম্বন্ধচ্ছেদ (সত্যের সহিত ফারখতাখতি করিয়া আদালতে ঢুকতে হয়— টেকচাঁদ)। [ফারিগ্ খত্ فارغ خط আ.]।

ফারজ—দ্র. ফরজ।

ফারসী, ফার্সী—১বি. পারস্যদেশের ভাষা (তুর্কী আরবী পড়ে ফারসী মিশালে— ভারত)। ২বিণ. পারস্যদেশীয়। [পারসী < ফারসী فارسی আ.]।

ফারাক, ফরক, ফারাগ—১বি. পার্থক্য, প্রভেদ (আমি দিশি বিদেশীতে কোন ফারাক দেখতে পাইনে—মুজতবা; ব্রাণ্ডি আর হুইস্কির নেশার মধ্যে ফারাক আছে— শওকত)। ২বি. ব্যবধান, তফাৎ (উভয়ের আসমান জমীন ফরক—বিদ্যা)। ৩বিণ. আলাদা, স্বতন্ত্র, বিচ্ছিন্ন, পৃথক। ৪বিণ. দূর। [ফর্ক্ব فرق আ.]।

ফারেস—বি. পারস্যদেশ (আরবের প্রাণ, ফারেসের গান, বাজু নৌ-তুর্কীর— নজরুল)। [ফারিস্ فارس আ.]।

ফার্সী—দ্র. ফারসী।

ফালতু, ফালতো—১বিণ. বেশী, বাড়তি, অতিরিক্ত (ফালতো কোন খরচা লাগবে না—মুজতবা; কথাটা হয়তো ফালতু নয়—আজাদ)। ২বিণ. বাজে, অনাবশ্যক, বৃথা (অপরাহ্ণে আর সন্ধ্যার মাঝখানে দিনের একটা পোড়ো জমির মতো ফালতো অংশ আছে—রবীন্দ্র)। [ফালতু فالتو উ.]।

ফালসা, ফালসাই—দ্র. ফলসা।

ফালাও—দ্র. ফলাও।

ফালুদা—বি. দুধের সরের তৈরী মিষ্টান্ন বা ক্ষীর বিশেষ (ফিরে এল হাতে এক থলা ফালুদা নিয়ে—মুজতবা)। [ফালুদা ফা. > পালুদা فالودا ফা. ফালুদজ فالوذج আ.]।

ফি, ফী—বিণ. প্রত্যেক (তুমি ফি শনিবারে বাড়ি যাও তোমার ছুটি হবেনা—বিভূতি)। **ফিকা, ফেকা**—বি. ইসলামী শরীয়তের আইন, আইনের জ্ঞান, জ্ঞান। [ফিক্বহ্ فقه আ.]।

ফিকির—১বি. কার্যোদ্ধারের উপায় চিন্তা (উপস্থিত মাথায় বাড়ী, কি প্রকারে ঠেকাবেন, তাই ফিকির করুন—মশাররফ)। ২বি. উপায়, ব্যবস্থা, কৌশল, চেষ্টা, ফন্দি, মতলব (ঘায়েল করবার ফিকিরে ছিল—মুনীর)। ৩বি. ছলনা (কত ফিকিরে লোক পয়সা আনে—বিভূতি)। [ফিক্‌র্ فكر আ.]।

ফিচাল—দ্র. **ফিচেল**।

ফিচেল, ফিচাল (বিরল)—১বিণ ধূর্ত, শঠ, প্রবঞ্চক, ফন্দিবাজ, ধড়িবাজ। ২বিণ. ফাজিল, বাচাল। [ফাযিল فاضل আ.]।

ফিত্‌রা, ফিৎরা—দ্র. **ফেৎরা**।

ফিদবী—বিণ. অনুগত, বশংবদ। [ফিদ্‌বী فدوى আ.]।

ফিদিয়া—বি. কোরবান, বন্দীর উদ্ধার-মূল্য। [ফিদ্‌য়হ্ فدية আ.]।

ফিল্ জামিন্ ফিয়ালজামিন — দ্র. **ফেলজামিন**।

ফিয়ালশানী—দ্র. **ফেলসানী**।

ফিরকা—দ্র. **ফেরকা**।

ফিরঙ্গ, ফিরংগ, ফিরংগী, ফিরঙ্গী, ফিরংগিন, ফিরঙ্গিন—দ্র. **ফিরিংগী**।

ফিরদউস, ফিরদৌস—বি. বেহেশ্‌ত্ (ফিরদউসে ছিল বাসা—মু. শ.)। [ফির্‌দওস্ فردوس আ.]। **ফিরদৌস-আলা**—বি. প্রধান ও সর্বোচ্চ বেহেশ্‌ত (ফিরদৌস্-আলা হ'তে লালা ফুলের সুরভি আসে—নজরুল)।

ফিরদউসী, ফিরদৌসী—১বিণ. সর্বোচ্চ বেহেশ্‌তের অধিবাসী বা অধিবাসযোগ্য। ২বি. শাহ্‌নামা মহাকাব্য রচয়িতা ইরানের খ্যাতনামা কবি (ফিরদৌসীর রণ-দুন্দুভি/শুনে পিঞ্জরে জেগেছে শের—নজরুল)। [ফির্‌দৌসী فردوسى ফা.]।

ফিরদৌস—দ্র. **ফির্‌দউস্**।

ফিরনি, ফিরনী—বি. চালের গুঁড়া ও দুধ মিশ্রিত পায়েস বিশেষ, (চালের ফিরনী—নজরুল)। [ফির্‌নী فرنى ফা.]।

ফিরিংগী, ফিরিঙ্গী, ফিরঙ্গ, ফিরংগ, ফিরংগী, ফিরঙ্গী, ফিরংগিন, ফিরঙ্গিন, ফেরঙ্গ, ফেরংগ—১বি. ইউরোপীয় জাতি। ২বি. ইউরোপীয় ও পাকভারতীয় মিশ্রণজাত বর্ণসংকর জাতি বিশেষ (ফিরিঙ্গী তালতলার নেটিব—মুজতবা)। স্ত্রী, **ফিরিংগিনী, ফিরিঙ্গিনী**। [ফিরিংগী فرنگى ফা. francez পো.]।

ফিরিস্তা—দ্র. **ফিরিস্তি**।

ফিরিস্তি, ফিরিস্তা (বিরল)—১বি. ফর্দ, তালিকা (একটা লম্বা ফিরিস্তি দেয় মহাজন—শা-হক)। ২বি. সূচীপত্র। ৩বি. নির্ঘন্ট। [ফিহ্‌রিস্ত্ فهرست ফা.]।

ফিরিশ্‌তা, ফিরেশ্‌তা, ফেরেশ্‌তা— বি. আল্লাহের আজ্ঞাবহ, জ্যোতির্ময় সত্তা। [ফিরিশ্‌তহ্ فرشته ফা.]।

ফিরেশ্‌তা—দ্র. **ফিরিশ্‌তা**।

ফিরোজ—দ্র. **ফিরোজা**।

ফিরোজা, ফিরোজ, ফিরোজী—১বিণ. নীলাভ (অপলক চোখে চাহি আকাশের ফিরোজা পর্দা-পানে—নজরুল; ফিরোজ রঙের চুড়ি পরিলে... মানাইবে—রবীন্দ্র; রঙীন ফিরোজী পেশোয়াজ তুমি—সত্যেন্দ্র)। ২বি. নীলাভ রঙের মণিবিশেষ। [ফীরোযহ্ فيروزه ফা.]।

ফিল, ফীল—১বি. হাতী। ২বি. দাবা খেলার গজ। [ফীল্ فيل আ. < পীল

پیل ফা.]। **ফিলখানা, ফীলখানা, পিলখানা, পীলখানা** —বি. হাতিশালা।

ফীলবান—বি. **মাহুত**। [— + বান بان ফা. প্রত্যয়]।

ফিল্‌ফওর্—দ্র. **ফওরান**।

ফিলহাল—ক্রি-বিণ. **হাল-ফিল**, সম্প্রতি। [فی الحال আ.]।

ফীল—দ্র. **ফিল**।

ফীসাবীলিল্লাহ্—আল্লাহ্‌র রাস্তায়। [فی سبیل اللّٰہ আ.]।

ফুকরন, ফুকরনো—দ্র. **ফুকরান**।

ফুকরান/ফুকরানো, ফুকরন/ ফুকরনো, ফোকরান/ ফোকরানো— ১ক্রি. উচ্চস্বরে ডাকা, হাঁকা (ঘটিরাম ফরিয়াদি হাজির? বলে ফুকরাতে লাগলো—দীনবন্ধু; নকিব লোকেরা জয়ধ্বনি ফোকারিতেছে—রামরাম)। ২ক্রি. চিৎকার, ফুঁপিয়ে ফুঁপিয়ে কাঁদা। [পুকার্ না پکارنا হি.]।

ফুকার—১বি. চিৎকার (ফুকারি কণ্ঠে মনবিষাণ —মোস্তফা)। ৩বি. চিৎকার ক'রে কাঁদা। [پکارنا হি.]।

ফুফা/ফুপা—বি. ফুফুর স্বামী, পিতার ভগ্নির স্বামী। [ফুপ্‌পা پھپھا হি.]।

ফুফী—বি. পিতার ভগ্নি। [ফুফ্‌ফী پھوپھی হি.]।

ফুরকান/ফোরকান—বি. মুসলিমদের মূল ধর্মগ্রন্থ, কুরআনের অপর নাম, সত্য ও মিথ্যার ফরক বা প্রভেদ নির্দেশগ্রন্থ। [ফুরক্বান فرقان আ.]।

ফুরসত, ফুরসৎ, ফুরসুত, ফুরসুৎ—বি. অবসর, অবকাশ (সারাদিন দেখা করবার ফুরসত পাইনি—আ.দীন; ফুরসৎ থাকত না—প্রেমেন্দ্র)। [ফুরসত্ فرصت আ.]।

ফুরসৎ-মাফিক—বি. অবকাশ মত, অবসরমত (ফুরসৎ-মাসিক আমাকে একবার বললেন—মুজতবা)। [فرصت+ موافق আ.]।

ফুরসি, ফুরসী—দ্র. **ফরসী**।

ফুরসুত, ফুরসুৎ—দ্র. **ফুরসত**।

ফুলরি—দ্র. **ফুলুরি**।

ফুলুরি, ফুলরি—বি. **তেলেভাজা বেসনের বড়া**। [ফুলুরী پھلوری হি.]।

ফেঁকড়া, ফাঁকড়া—১বি. প্রশাখা, গাছের ডাল। ২বি. ফেসাদ, ঝঞ্ঝাট। ৩বি. বিঘ্ন, বাধা। [ফিক্বরহ্ فقرہ আ.]।

ফেকো, ফেঁকো—১বি. উপবাসহেতু অথবা দীর্ঘক্ষণ ক্রমাগত কথা বলার জন্য কণ্ঠনালীর শুষ্কতা হেতু মুখ থেকে নির্গত শুকনো থুথু (কাঁফর হইনু দেখ মুখে উঠে ফেঁকো — ভারত)। [ফাক্বহ্ (= উপবাস, দারিদ্র্য) فاقہ আ; ফাক্কা پھاکا উ.]।

ফেছক্—বি. পাপ, অন্যায় (কোন প্রকার ফেছক কাজে লিপ্ত হইবে না — আকরম)। [ফিস্‌ক্ব فسق আ.]।

ফেজ, ফেজ্—বি. টুপি বিশেষ (রংরেজ যেন শমশের মত/ লাল ফেজ শিরে তুর্কীদের—নজরুল)। [ফেয্ فیز তু.]।

ফেৎনা, ফেতনা—১বি. অনিষ্ট, ক্ষতি। ২বি. গণ্ডগোল, হাংগামা (ফেৎনা-ফ্যাসাদের উস্কানী দেয়— ওয়াসেক)। [ফিত্‌নহ্ فتنہ আ.]। **ফেৎনাফছাদ**—বি. ঝগড়া-বিবাদ, হাংগামা, ষড়যন্ত্র (ফেৎনা-ফাছাদ ইত্যাদি সংঘটিত হইবে—আকরম)। [فتنہ + ফসাদ فساد আ.]।

ফেৎরা, ফেতরা, ফিৎরা, ফিত্‌রা—বি. রমজান মাসের শেষে রোযাভঙ্গের দিন দরিদ্রদিগকে মুসলিমদের দেওয়া গম, চাউল বা টাকা পয়সা (পুণ্য চাঁদে ফিত্‌রার পুণ্য আয়োজন— শাহাদাত)। [ফিত্‌রহ্ فطرة আ.]।

ফেতনা—দ্র. ফেৎনা।

ফেতরা—দ্র. ফেৎরা।

ফের—ক্রি-বিণ. পুনরায়, আবার। [ফির پھر উ.]।

ফেরকা, ফিরকা—বি. দল, ধর্ম সম্প্রদায়ের অন্তর্গত উপসম্প্রদায়। [ফির্‌কহ্ فرقه আ.]। **ফেরকাবন্দী**— বি. দলে ভাগ হয়ে যাওয়া। [فرقه আ. + بندی ফা.]।

ফেরঙ্গ—দ্র. ফিরিংগী।

ফেরার—বিণ. পলাতক, নিখোঁজ, লুক্কায়িত (আসামী ফেরার হইলে শেষে আমি মারা যাইব— মশাররফ)। [ফিরার فرار আ.]। **ফেরারী**—বিণ. পলাতক, আত্মগোপনকারী, নিখোঁজ (ফেরারী আসামী হয়েই কাটিয়ে দিলাম—নজরুল; অকালপক্ব চুলে কলাপ লাগালে অনায়াসে ফিরে আসে ফেরারী যৌবন— শামসুদ্দীন)। [—+ ی (ؔ) ফা.]।

ফেরেব, ফরেব—বি. প্রবঞ্চনা, জুয়াচুরি, জাল, শঠতা। [ফিরেব্ فریب ফা.]। **ফেরেব-ফন্দি** —বি. ধূর্তামি, কারসাজি (কোনো ফেরেবফন্দি নেই এতে—অচিন্ত্য)। [— + ফন্দ্ فند ফা. + ই. বাং]। **ফেরেববাজ**—বিণ. প্রবঞ্চক, জালিয়াত, দাগাবাজ, ঠগ (তাই হলি সব সেরেফ আজ কাপুরুষ আর ফেরেববাজ— নজরুল)। [ফিরেব+বায্ باز ফা.]। **ফেরেব-বাজি, ফেরেববাজী**—বি. জালিয়াতি, ফেরেববাজের কর্ম বা বৃত্তি (সত্যের নামে চলিবে না আর ফেরেববাজী —নজরুল)। **ফেরেবী**—বিণ. প্রবঞ্চক, শঠ, ঠগ, দাগাবাজ।

ফেরেশ্‌তা—দ্র. ফিরিশ্‌তা।

ফেলজামিন, ফিয়ালজামিন, ফিল্‌জামিন—বি. সচ্চরিত্র-তার জন্য জামিন। [ফি'ল্‌যামিন فعل ضامن আ.]।

ফেলশানী—দ্র. ফেলসানী।

ফেলসানী, ফেলশানী, ফিয়ালশানী—১বি. ব্যভিচার। ২বি. অবৈধ সংসর্গজাত গর্ভপাত। [ফি'ল্‌শা'নী فعل شنيع আ.]।

ফেসাৎ—দ্র. ফেসাদ।

ফেসাদ, ফেসাৎ, ফ্যাসাদ, ফসাদ—১বি. ঝঞ্ঝাট, বিঘ্ন, গণ্ডগোল, ঝামেলা (সাধ করিয়া পুলিশের ফ্যাসাদে জড়াইয়া পড়িব? —শেখ হাবিব)। ২বি. কলহ, হাংগামা, ঝগড়া, বিবাদ। [ফসাদ فساد আ.]। **ফেসাদিয়া, ফেসাদে, ফ্যাসাদে, ফসাদে**—বিণ. ঝগড়াটে, হাংগামাপ্রিয়, কলহপ্রিয়। [—+ ইয়া বাং.]।

ফৈজত, ফেজৎ—দ্র. **ফজিহত**।

ফৈরাদি, দী—দ্র. **ফরিয়াদ**।

ফোকরান, ফোকরানো—দ্র. **ফুকরান**।

ফোত—দ্র. **ফৌত**।

ফোতো—দ্র. ফতো।

ফোপড়দালাল, ফোফরদালাল— দ্র. **ফপরদালাল**।

ফোয়ারা—বি. প্রস্রবণ, উৎস (জাতীয় ভাবধারার ফোয়ারা— কা-দী-মু.)। [ফওওয়ারহ্ فوّارة আ.]।

ফোরকান—দ্র. **ফুরকান**।

ফোরাত, ফোরাৎ—বি. ইরাকদেশীয় প্রসিদ্ধ নদী (ফোরাতের কূলেকূলে দীনের দুন্দুভি বাজিয়া উঠিল—বাহার)। [ফুরাত فرات আ.]।

ফৌজ, ফওজ—১বি. সৈন্যদল (গাঁয়ে এল কোম্পানীর ফৌজ—আসকার)। ২বি. অনেক লোকজন। [ফৌজ فوج আ.]। **ফৌজদার**—১বি. সেনানায়ক। ২বি. কোতোয়াল। ৩বি. ম্যাজিস্ট্রেট। [—+দার دار ফা.]। **ফৌজদারী**—১বিণ. শাসনসংক্রান্ত। [فوج আ. +داری ফা.]। **ফৌজদারি**—বি. খুনজখম, মারপিট ইত্যাদি সম্পর্কিত মামলা বা মোকদ্দমা। **ফৌজদারী আদালত**—বি. ম্যাজিস্ট্রেটের বিচারালয়, মারপিট, খুনজখম, চুরি ডাকাতি ইত্যাদি সংক্রান্ত বিচারালয়। [—+ 'আদালত عدالت আ.]। **ফৌজী**—বিণ. সামরিক, জংগী। [ফৌজী فوجی আ.]।

ফৌত, ফৌত্, ফৌৎ, ফোত—১বিণ. মৃত, গত (দুজন ঘোড়সওয়ার জখম, আর একজন ফৌত্ হয়েছে—গৌরী)। ২বিণ. দেউলিয়া, ফতুর, সর্বস্বান্ত (এরা কিছুদিন পরে সব ফোত হবেন—বিভূতি)। ৩বিণ. উত্তরাধিকারহীন হ'য়ে মৃত, নির্বংশ। [ফৌত্ فوت আ.]।

ফ্যাসাদ—দ্র. **ফেসাদ**।

ফ্রজন্দ—দ্র. **ফরজন্দ**।

[ব]

বই, বহি—১বি. পুস্তক, গ্রন্থ (পাঠ্যবই) [ওয়াহ্য়ুন (ওহী) وحی আ.]।

বইন—বি. বোন, ভগিনী। [বহিন بہن হি.]।

বএদা—দ্র. **বয়জা**।

বওআয়েত—দ্র. **বয়েত**১।

বক্‌রা—বি. ছাগ (লাখো "বক্‌রার" বদলে সে পার হবে না পুল্‌সেরাত—নজরুল)। [বক্‌রা بکرا হি., বক্বরহ্ بقرہ আ.]।

বকরিদ, বক্‌রীদ—বি. ঈদুজ্জোহা, মুসলমানদের অন্যতর ঈদ (এল আবার বক্‌রীদ—নজরুল)। [বক্বর্ 'ঈদ بقرعید আ.]। **বকরীদি, বকরীদি**—বিণ. বকরীদ সম্পর্কীয় (বকরীদি চাঁদ করে ফরয়্যাদ্ দাও দাও কোরবানী—নজরুল)। [—+ ঈ, বাং.]।

বকলম—১বি. লিখতে অক্ষম এমন ব্যক্তির পরিবর্তে যে সই করে (প্রায় বকলমে কাজ চলে—দীনবন্ধু)। [ব ب ফা. উপ. + কলম্ قلم আ.]।

বকশি, বকশী, বকসী, বক্সী, বখশী—১বি. মুসলমান আমলের বেতন বন্টনকারী রাজকর্মচারী বিশেষ, pay master(রায়বক্সী মদনগোপাল মহামতি —ভারত; আমি বখ্‌শী রাজার—ভারত)। ২বি. খাজনা আদায়কারী কর্মচারী। ৩বি. সেনাধ্যক্ষ। ৪বি, উপাধিবিশেষ। [বখ্‌শী بخشی ফা.]।

বকশিশ, বকশিস, বকসিস—দ্র. **বখশিশ**।

বকশী, বকসী—দ্র. **বকশি**।

বকাল, বক্কাল—১বি. ওষুধরূপে ব্যবহৃত গাছ-গাছড়া বা তার ছাল। ২বি. বেনে

মসলা বিশেষ (কেহ লুন বেচে কেহ বচায়ে বকাল—কঙ্কণ; সঝাল বক্কাল কত মিছরী মিশাইয়া—ঘন)। [বক্কাল بقّال আ.]।

বকেয়া১—১বিণ. বাকী, যা পাওনা রয়েছে, অবশিষ্ট (বকেয়া হিসাব চুকিয়ে দেবে বছর শেষের শেষ দিনেতে—সত্যেন্দ্র)। ২বিণ. পুরাতন, প্রাচীন (বাক্সটি ভীষণ বকেয়া—দীনবন্ধু)। [বকিইয়হ (অবশিষ্ট, বাকী) بقيه আ.] **বকেয়া খাজনা**—বি. গত বছর ব' আগের বা সমস্ত খাজনা বাকি পড়েছে এমন। [—+ খযানহ্ خزانه আ.]। **বকেয়া বাকি**—বি. আগের বা গত সনের বাবদ যে বাকি পড়েছে। [— + বাক্বী باقى আ.]।

বকেয়া২—দ্র. **বখেয়া**।

বকৌলি—বি. কন্যা (ছুটিয়া চলেছে মরুবকৌলি নীল দরিয়ার পানি —নজরুল)। [বকাওলী بكاؤلى উ.]।

বকরীদ, বকরীদি—দ্র. **বকরিদ**।

বক্কাল—দ্র. **বকাল**।

বক্ত, বখ্ত, বখৎ—বি. ভাগ্য, অদৃষ্ট, নসিব (বক্তগুণে হানিফা মিলিল— হামজা; বখ্তেরই সাফ দোষ— নজরুল)। [বখ্ত্ بخت ফা.]।

বকসী, বক্সী—দ্র. **বকশি**।

বখরা—বি. ভাগ, অংশ (আমিও অর্দ্ধেক বখরা দিতে রাজি হয়েছিলাম—কালী সিং)। [বখ্রহ্ بخره হি./ ফা.]। **বখরাদার**—বি. অংশীদার। [— + দার دار ফা.]। **বখরাদারি**—বিণ. অংশীদারী। [—+ ই. বাং]।

বখশিশ, বকশিশ, বকশিস, বকসিস—বি. পুরস্কার, পারিতোষিক (এক আধ টুকরা কোন প্রিয় শিষ্যকে বকশিশ করেন; বখশিস পাবে, খুব মেহনত করেছ—মশাররফ; বকসিস করেন পুন চড়নের ঘোড়া—ঘন)। [বখশিশ بخشش ফা.]।

বখশী—দ্র. **বকশি**।

বখ্শ্—ক্রি. বখশিশ করা, দান করা, উৎসর্গ করা (কোরান তেলাওয়াত করে তাঁর রুহের মাগফেরাতের জন্য বখ্শ দিতে পারে—হাই)। [বখ্শ بخش ফা.]

বখিল—১বিণ. কৃপণ, ব্যয়কুণ্ঠ। ২বিণ. অভাবগ্রস্থ, শূন্য, রিক্ত (বখিল না হয় তায়, অখিল ভরিয়া যায়—ঈশ্বর)। [بخيل আ.]। **বখিলি**—বি. কৃপণতা (আমা সবে বখিলি করিয়া হৈঁলু নষ্ট—আলাওল)। [—+ ى (ঈ) ফা.]।

বখেয়া, বকেয়া২—বি. সেলাইয়ের রীতি বিশেষ, মজবুত সেলাই (নেংটির আবার বখেয়া সেলাই— নজরুল)। [বখ্যিয়াহ্ بخيه ফা./হি.]।

বখ্ত্, বখ্ৎ—দ্র. **বক্ত**।

বগয়রহ—অব্য. গয়রহ, ইত্যাদি, অপরাপর। [বগয়রহ্ وغيره আ.]।

বগল—১বি. বাহুমূলের নিম্নদেশ, কক্ষ, কাঁখতলি। ২বি. পার্শ্ব। ৩বি. সামীপ্য, নিকট (খুঁটির বগলে বসাইয়া গেল ঘৃতের হাড়ী—মা.গা.)। [বগল بغل ফা.]।

বগ্‌লা—বি. বক, সারস (বগ অর্থাৎ বগ্‌লা অর্থাৎ কুঁজো পাখি সাদা— নজরুল)। [بگلا উ./হি.]।

বগলি—বি. ছোট থলে, বটুয়া (তাহার জামার বগলিতে একখানি পত্র দেখিতে পাইলেন—বিদ্যা)। [বগলী بغلى ফা.]।

বজনিশ, বজনিস—বিণ. অবিকল, হুবহু, যথাযথ (সাচ্চা ঝুটা যায়না বোঝা হায়রে কি বজনিশ নকল—রজনী)। [বিজিনসিহি بجنسہ আ.]।

বজা১—দ্র. বয়দা।

বজা২—১বিণ. ঠিক, যথাযথ। ২ক্রি-বিণ. যথাস্থানে, কায়দামাফিক। [বজা بجا ফা.]।

বজা আনা—ক্রি. সম্পন্ন করা, হাসিল করা (দেখা কৈল হজরতে বজা আনে খেদমতে গোলামের এ বড় ইনাম—ভারত)। [বজা লানা بجا لانا ফা.]।

বজাজ—বি. কাপড়ের ব্যবসায়ী (কোনস্থানে পশ্চিমীয় বজাজেরা দোকান দিয়াছে—রামরাম)। [বয্যায্ بزّاز আ.]।

বজায়—১বিণ. কায়েম, বলবৎ, অক্ষুণ্ন, রক্ষিত (স্বজাতির হক রাখতে বজায় সইছে তারা নির্যাতন—সত্যেন্দ্র)। ২বিণ. প্রতিষ্ঠিত (তিনি আমার যমকে বজায় করিয়া দেন—দীনবন্ধু)। [বজায়ে بجائے ফা.]।

বজ্জাত, বজ্জাৎ—বি. বদমাস, দুর্বৃত্ত, দুষ্ট (লেড়কা বেতমিজ ও বজ্জাত হল—টেকচাঁদ; তুমি বড় বজ্জাৎ—দীনবন্ধু)। [বদ যাত্ بد ذات ফা.]। **বজ্জাতি**—বি. বদমায়েশি, দুষ্টামি (জাতের নামে বজ্জাতি তোর জাত-জালিয়াত খেলছ জুয়া—নজরুল)। [—+ ই, বাং.]।

বড়াই—১বি. গর্ব, অহঙ্কার, জাঁক (তোমার কাছে রূপের বড়াই কেমন করে করবে গো ফুল? —নজরুল)। ২বি. উচ্চ প্রশংসা, মহিমা, গৌরব (জ্ঞান কর্ম নিন্দি কহে ভক্তির বড়াই—কঙ্কণ)। [বড়াই بڑائی হি.]।

বতারিখ—ক্রি-বিণ. তারিখ অনুযায়ী, তারিখে। [বতারীখ ফা. উপ.+ তারীখ تاریخ আ.]।

বদ, বদ্—বিণ. খারাপ, মন্দ (বদলোক)। [بد ফা.]। **বদকাম**—বি. অপকর্ম, কুকর্ম (করিলাম বদ্‌কাম বদনাম শেষে—ভারত)। [—كام ফা.]। **বদকার**—বিণ. কুক্রিয়াশীল, ব্যভিচারী (মনে পড়ে শুধু অসংখ্য বদকার—ফররুখ)। [—+ كار ফা.]। বি. **বদকারী**। **বদখত, বদখৎ, বদ্‌খদ্**—১বিণ. বিশ্রী (ঐ সব বদখত মূর্তি টাঙ্গিয়ে দিয়েছে—মনোজ, ২বিণ. যার হাতের লেখা খারাপ। ৩বিণ. বেয়াড়া, দুষ্ট। [বদ بد ফা. + খত خط আ.] **বদখাসলত**—বি. কু-অভ্যাস, খারাপ রীতিনীতি, মন্দ স্বভাব। [— + খস্‌লত خصلت আ.]। **বদখেয়াল**—১বি. কুপ্রবৃত্তি (পাহাড় ডিঙোবার বদখেয়াল হয়েছে—পরশু)। ২বি. মন্দ আচরণ, কুনীতি। [—+ খিয়াল خیال আ.]। বিণ. **বদখেয়ালী**। **বদ্‌জবান, বদ্‌জোবান**—বি. কুবাক্য, অশিষ্ট কথা, গালাগালি (অভদ্রোচিত, বদ্‌জবান, লাজবান, যা কখনও শুনি নাই—মশাররফ; রাগিলেই বদজোবান আরম্ভ করিতেন—বঙ্কিম)। [—+ যবান زبان ফা.]। **বদদোয়া**—বি. অভিশাপ। [— + দো'আ دعا আ.]। বদনসীব—বি. দুর্ভাগ্য, মন্দ ভাগ্য (দুজনার হবে বুলন্দ নাসিব, লাখে লাখে হবে বদনসিব? —নজরুল)। [—নসীব نصیب আ.]। **বদনাম**—বি. দুর্নাম, অখ্যাতি, অপযশ, নিন্দা (না বুঝিয়া করে কাম শেষে হয় বদনাম—মশাররফ) [—+ نام ফা.]। **বদনামী**—বি. কুখ্যাতি। [—نامی ফা.]।

বদনিয়ত—১বি. অসদভিপ্রায়, দুরভিসন্ধি। ২বিণ. যার উদ্দেশ্য খারাপ। [— + نيت আ.] **বদফাল**—বি. দুর্ভাগ্যের চিহ্ন (সারা গায়ে জাগে কলুষিত বদফাল—ফররুখ)। [—+ فال আ.]। **বদ্‌বখত, বদবক্ত**—১বি. দুর্ভাগ্য, মন্দ (হিন্দের বদ্‌বখ্‌ত—নজরুল)। ২বিণ. দুর্ভাগা, হতভাগা। [— + بخت ফা.]। **বদ্‌বখতি, বদবক্তি**—১বি. দুর্ভাগ্য, ভাগ্যহীনতা। ২বি. দুঃসময়। [— + بختی ফা.]। **বদবু, বদ্‌বো**—বি. দুর্গন্ধ (তখন ময়লা কাঁথার ভুট্‌কা বদবুতে তাঁর বমি আসিবার উপক্রম হইল—মনসুর)। [বদবু بدبو ফা.]। **বদ্‌মতলব**—বি. খারাপ উদ্দেশ্য (কোনো বদ্‌মতলব নাই তো? —মঈন)। [— مطلب আ.] **বদমাশ, বদমাস, বদমাইশ, বদমাইস, বদমায়েশ, বদমায়েস**—১বিণ. অসচ্চরিত্র, ইন্দ্রিয়পরায়ণ (ওটা একটা বদমাস, তোমাকে ভেবেছে বস্তির ঝি—অচিন্ত্য)। ২বিণ. দুষ্ট, দুর্বৃত্ত (বেটা যেরূপ বদ্‌মায়েস—রবীন্দ্র)। [—+ ম'আশ معاش আ.]। **বদমাশি, বদমাসি, বদমায়েশি, বদমায়েসি, বদমাইশি, বদমাইসি**—১বি. চরিত্রহীনতা, অসচ্চরিত্রতা, ইন্দ্রিয়সেবা। ২বি. দুষ্টামি, অপকর্ম (ইতিহাস এরূপ অনেক বদমাইসি করিয়া থাকে— বঙ্কিম)। [— + معاش আ. + ی (ই) ফা.] **বদমেজাজ**—১বি. রুক্ষস্বভাব, উগ্রমেজাজ। ২বিণ. উগ্র প্রকৃতি, রগচটা। [— + মিযাজ مزاج আ.]। **বদমেজাজি**—বিণ. রগচটা, যার মেজাজ খুব উগ্র। [— + ی (ই) ফা.]। **বদরং, বদরঙ, বদরঙ্গ**—১বি. খারাপ রং, ফিকে রং। ২বি. বিবর্ণ বা বেরং ভাস। ৩বিণ. বিবর্ণ। [রঙ্ رنگ ফা.]। **বদরাহ**—বিণ. বিপথে চালিত, দুষ্ট। [— + راه ফা.]। **বদরোখা, বদরোকা**— বিণ. কোপন স্বভাব, রুক্ষস্বভাব (মাগী বড় বদ্‌রোকা—মশাররফ)। [—+ রুখ্ رخ ফা.+ আ. বাং]। **বদসলা**—বি. কুপরামর্শ (তারই বদসলা-পরামর্শতেই বিবাদ নিষ্পত্তি হচ্ছে না—মশাররফ)। [—+ সলাহ্ صلاح আ.]। **বদসুরত, বদছুরত**—বিণ. কুৎসিত, বিশ্রী (মেয়েটি আমার বড় বদ্‌ছুরত—মুফাখ্‌খার)। [— + সূরত صورت আ.]। **বদহজম**—বি. অপরিপাক, অজীর্ণ। [— + হযম্ هضم আ.]। **বদহজমি**—বি. অজীর্ণতা রোগ (অতিথি বদহজমিতে পেট ফাঁপিয়া মরিলে তাহার ক্ষতি কি? —কা. দী.মু.)। [—+ ঈ. বাং]। **বদহাওয়া**—বিণ. খারাপ বাতাস, অস্বাস্থ্যকর বাতাস। [—+ هوا আ.]। **বদহাল**—বি. দুরবস্থা, মন্দাবস্থা, সঙ্কটজনক অবস্থা (নাজেহাল বদহাল করে একেবারে গঙ্গা পার করে দেওয়া তাঁর ইচ্ছা —মশাররফ)। [—+ حال আ.]।

বদলা—১বি. বিনিময়। ২বি. পরিবর্তন। ৩বি. প্রতিশোধ। [বদল্ بدل আ., بدلا উ.]। **বদলানো**—১ক্রি. পরিবর্তন করা। ২ক্রি. পরিবর্তন হওয়া। [—+ আনো, বাং.]। **বদলাবদলি**— বি. পরস্পর বিনিময়। [—+ بدلی উ.]।

বদস্তুর—ক্রি-বিণ. যথারীতি, যথানিয়ম, নিয়মানুসারে (কানুনগো দপ্তর সাবেক বদস্তুর আমাদের খুড়া মশায়ের—রামরাম)। [বদস্তুর بدستور ফা.]।

বদা—দ্র. বয়দা।

বদি, বদী—বিণ. মন্দ, খারাপ, অহিত (নেকীবদী কাম যত —জসীম)। [বদী بد ی ফা.]।

বদিয়ত—বি. পাপ। [বদ্ইয়াত بد یات ফা., বদী بدی শব্দের ব. ব.]।

বদৌলতে—অব্য. জন্য, কৃপায় (ভাওয়াইয়া গান আব্বাসউদ্দীনের বদৌলতে আজ সারা দেশে সমাদৃত—ছদর)। [বদওলত্ بد ولت ফা.]।

বনপশা, বনফশা—দ্র. **বনোস**।

বনাম— অব্য. বিরুদ্ধে, versus (হক সাহেব বনাম জিন্নাহ্র লড়াই জমেছিল বেশ—মনসুর)। [বনাম بنام ফা.]।

বনিয়াদ, বুনিয়াদ/বনেদ—১বি. ভিত্তি, মূল (তার বনেদ খুব পাকা হয়—প্রমথ)। ২বি. উৎপত্তি (যে না জানে বনেদ তৌর—ঘন; এর বুনিয়াদ স্থাপিত হবে অতীত দৃষ্টি ও ঐতিহ্যের উপর —ফরিদী)। [বুন্য়াদ بنیاد ফা.]। **বনিয়াদি, বুনিয়াদি, বুনিয়াদী/বনেদি, বনেদী**—১বিণ. সুপ্রতিষ্ঠিত, বহুকাল যাবৎ প্রতিষ্ঠিত (বুনিয়াদি আদি মিস্তিরি—সত্যেন্দ্র)। ২বিণ. প্রাচীন ও সম্ভ্রান্ত, প্রাচীন ঐতিহ্যবাদী (বিখ্যাত বনিয়াদী ধনীর বংশে—রবীন্দ্র; শুনেছি বনেদী লোক, তাদেরো কি ছোট চোখ—সত্যেন্দ্র)। ৩বিণ. ভিত্তিস্বরূপ। [—+ ی ফা.]। **বনেদিআনা**— বি. ভদ্রতা, সম্ভ্রান্ত লোকের আচরণ (বনেদিআনা নয়—মনোজ)। [—+ আনা বাং.]। **বনেদিপনা**— বি. বংশগৌরব বা বড়লোকী দেখান (নিজেদের বনেদিপনা জাহির করে—ইসহাক)। [—+ পনাহ্ پنا ফা.]।

বনেদ, বনেদি, বনেদী—দ্র. **বনিয়াদ**।

বনোস, বনপসা, বনফর্শা— বি. নীল রঙের ফুল বিশেষ (নার্গিস আর আর গুলবনোসার দেখবে যেথায় সুনীল দল—নজরুল)। [বনফ্শা: بنفشه ফা.]।

বন্দা—দ্র. **বান্দা**।

বন্দুক—বি. গুলি ছোঁড়ার আগ্নেয়াস্ত্র বিশেষ (বনবেড়ি গোলা বন্দুক ছুটে গুলি—ঘন)। [বন্দুক্ بندوق তু./আ.]। **বন্দুকচী, বন্দুকবাজ**—বিণ. বি. বন্দুক চালক, গোলন্দাজ (আফ্রিদি যদি হতাম আমি রে আজ বন্দুকবাজ তীক্ষ্ণ তীরন্দাজ—সত্যেন্দ্র)। [— + چی তু., বায باز ফা.]।

বন্দেগি, বন্দেগী—১বি. আনুগত্য, দাস্যভাব (বান্দা যাহারা বন্দেগী ছাড়া কি দিবে তাহারা, শাহান্শাহ্—নজরুল)। ২বি. বান্দার কার্য। ৩বি. এবাদত, প্রার্থনা। [বন্দগী بندگی ফা.]।

বন্দেজ—বি. বিধিব্যবস্থা, বিধিবন্দোবস্ত। [বন্দিশ্ بندش ফা.]।

বন্দোবস্ত—১বি. ব্যবস্থা। ২বি. আয়োজন (জীবাণু বোমার নিখুঁত বন্দোবস্ত—মনোজ)। ৩বি. শৃঙ্খলা, পরিপাটী ব্যবস্থা। ৪বি. জমির মালিকানা বা দখল সংক্রান্ত শর্তাদিযুক্ত ব্যবস্থা। [বন্দ্-ও-বস্ত্ بندوبست ফা.]।

বমাল—দ্র. **বামাল**।

বয়— বি. বিক্রয়। [বয়্' بیع আ.]: **বয়নামা**—বি. বিক্রয়ের দলিল। [—+ নামহ্ نامه ফা.]।

বয়দা, বয়জা, বএদা, বদা, বজা১—বি. ডিম (সারসের বয়জা এয়ছা অতি কোথা

পাবে— হামজা; মুরগী করিয়া কোলে, মাকুড়ি কান্দিয়া বলে, আজি কালি বএদা পাড়িত— বিজয়)। [বয়দহ্, বয়যহ্ بيضه আ., ফা. উচ্চারণ 'বয়যা']।

বয়নামা—দ্র. বয়।

বয়াৎ— দ্র. বয়েত১।

বয়ান—১বি. বর্ণনা, বিবরণ (তারপরে শুনলাম তার অপরাধের বয়ান—শওকত)। [বয়ান্ بيان আ.]।

বয়েত১, বয়াৎ, বয়েৎ, বয়েদ, বওয়ায়েত— ১বি. কবিতাংশ, দুই পংক্তির কবিতা (হাত নেড়ে সুর করিয়া মসনবির বয়েৎ পড়িতেছেন—টেকচাঁদ)। ২বি. বাণী (কোরানেতে বয়েদ আছে— দীনবন্ধু; হিঁদুর পূজায় মুসলমানে বয়াৎ গাহেন গায়—জসীম)। **বয়েত-বাজি**— ১বি. কবির লড়াই (শুরু হল মুশাইরা বয়েৎ-বাজি— মুজতবা)। [বয়্'অত بيعت আ.]।

বয়েত২, বায়াত—১বি. শিষ্যত্ব গ্রহণ, দীক্ষা গ্রহণ, মুরীদ হওন আনুগত্য (উক্ত পীর সাহেবের হাতে বয়েত হন; কে তাহার হাতে প্রথম বয়েৎ হইলেন, তাহা অবশ্য জানা যায়না — মোস্তফা)। ২ক্রি. দীক্ষাদান করা (এমাম হোসেন তাহাকে বায়াত করিলেন—মশাররফ)। ৩ক্রি. অনুগত্য স্বীকার করা। [বয়্'অত بيعت আ.]।

বয়েদ—দ্র. বয়েত১।

বরকত, বরকৎ—১বি. কল্যাণকর শক্তি (ইহা কোরবাণীর গোশ্ত:... বরকতই আলাদা—ইমদাদ; মুরুব্বীদের দোয়ার বরকতে—আহসান)। ২বি. প্রতুলতা, প্রাচুর্য। ৩বি. সৌভাগ্য। [বরকত برکت আ.]।

বরকন্দাজ—১বি. বন্দুকধারী সিপাহী (পাইক বরকন্দাজের দল— রবীন্দ্র)। বরক্ব برق আ.+ আন্দায় انداز ফা.]

বরকন্দাজী—১বি. বন্দুকধারী সিপাইর বৃত্তি, গুলি ছোঁড়ার কাজ (বরকন্দাজী ও তলোয়ারবাজী— রামরাম)। ২বি. দেহরক্ষীর কাজ বা পেশা। [— + ী (ঈ) ফা.]।

বরখাস্ত—১বি. কর্মচ্যুত, বরতরফ। ২বি. ভঙ্গ, ছুটি (কাছারি বরখাস্ত হইলে . . . প্রশংসা করিতে লাগিল— টেকচাঁদ)। [বরখাস্ত برخاست ফা.]। **বরখাস্তী**— বিণ. কাজের অযোগ্য ব'লে পরিত্যক্ত বা অপসারিত (বরখাস্তী জমি)। [— + ী (ঈ) ফা.]।

বরখিলাফ—দ্র. বরখেলাপ।

বরখেলাপ, বরখেলাফ, বরখিলাফ—১অব্য. অন্যথা, ব্যতিক্রম (হুকুমের বরখেলাফ; এটা হাদিসের বরখেলাপ— জয়েন)। [বরখিলাফ برخلاف ফা.]।

বরজখ, বরজোখ— বি. মধ্যবর্তী স্থান, অবকাশ, মৃত্যু ও পুনরুত্থান দিবসের মধ্যবর্তী সময়। [বরযখ্ برزخ আ.]।

বরজায়—বি. দৃঢ় প্রতিষ্ঠিত, সঠিক স্থানে। [برجائے ফা.]।

বরজোখ—দ্র. বরজখ।

বরতরফ—বিণ. দরখাস্ত, পদচ্যুত। [বর্তরফ্ برطرف ফা.]।

-বরদার—১বি. বাহক (আসাবরদার)। ২বি. পালক, তামিলকারী, ভৃত্য (হুকুমবরদার)। [বরদার بردار ফা.]।

বরদাশ্ত—দ্র. বরদাস্ত।

বরদাস্ত, বরদাশ্‌ত—১বি. সহ্যকরণ, সহ্য (জাম্বুবানের আর বরদাস্ত হইলনা—অবনীন্দ্র)। ২বি. সহিষ্ণুতা। [বরদাশ্‌ত্ برداشت ফা.]।

বরবাদ—বিণ. নষ্ট, উৎসন্ন (দাদা! তেরি ঘর কিয়া বরবাদ পয়মাল! — নজরুল)। [বর্‌বাদ برباد ফা.]।

বরহক—বি. সত্য (এয়ছাই ছুরত দিল খোদায় বরহক—হামজা)। [বর بر ফা.+হক্ব حق আ.]।

বরাত—বি. কপাল, ভাগ্য, অদৃষ্ট (বদনসীবের বরাত খারাব—নজরুল)। [বরাত برات ফা., বর'অত্‌ برعت আ.]।

বরাদ্দ—বিণ. নির্ধারিত, নির্দিষ্ট (শেখার বরাদ্দ টাকার চেয়ে তাহার বেশী দরকার হইয়াই পড়ে—রবীন্দ্র)। [বর্‌আর্‌দ برآورد ফা.]।

বরাবর—১ক্রি. বিণ. একই ভাবে, সর্বদা। ২ক্রি. বিণ. সামনে, দিকে। ৩ক্রি. বিণ. সোজা। ৪বিণ. সমান, তুল্য। [برابر ফা.]। **বরাবরি**—১অব্য. নিকটে। ২বি. প্রতিযোগিতা। [—+ ی (ঈ) ফা.]।

বরামদ, বরামোদ—বি. অতিরিক্ত অনুনয় বিনয়, সাধ্য সাধনা, খোসামোদ (তোষামোদ, বরামোদ জানেনা—মশাররফ)। [বর্‌আমদ্‌ برآمد ফা.]।

বস্তা—১বি. বড় থলি, বোরা (চালের বস্তা)। ২বি. গাঁট (কাপড়ের বস্তা)। ৩বি. বোঝা (মাথায় কিসের যেন একটা বস্তা — রবীন্দ্র)। [বস্‌তহ্‌ بسته ফা.]। **বস্তানি, বস্তানী**—বি. ছোট বস্তা (গাজী মিয়ার বস্তানী—মশাররফ)। [বস্তানী بستانی ফা.]।

বস্তান—বি. আশ্রম, আস্তানা, আখড়া। [আস্তানহ্‌ استانه ফা.]।

বস্তানি, বস্তানী—দ্র. **বস্তা**।

বহলি—দ্র. **বহাল**।

বহাল, বাহাল—১বিণ. নিযুক্ত (নতুন লোক বহাল কর—অবনীন্দ্র)। ২বিণ. স্থায়ী (চাকরি বহাল থাকিবে —রামরাম)। ৩বিণ. সুস্থ, অটুট। [বহাল بحال ফা.+আ.]।

বহাল তবিয়ত—বি. সুস্থ শরীর, অটুট স্বাস্থ্য (বহাল তবিয়তে শুয়ে শুয়ে তারা আরাম করুন—মনোজ)। [—+ তবী'অত্‌ طبیعت আ.]। **বহালি, বহলি**—১বিণ. স্থায়ী। ২বিণ. কর্মে নিয়োগ সম্বন্ধীয়। (... বহালি ফরমান রাজা প্রতাপাদিত্যের নামে হইল—রামরাম)। [—+ ই. বাং.]।

বাআদাব—ক্রি.বিণ. আদব বা সম্মানের সহিত (হাকিম সাহেব মাথা নওয়াইয়া দক্ষিণ হাত উঠাইয়া বাআদাব বলিলেন — মশাররফ)। [বাআদব با ادب আ. + ফা]।

বাই, বাঈ—১বি. মহারাষ্ট্র, গুজরাট, রাজপুতনা প্রভৃতি অঞ্চলের সম্মানিত মহিলার নামের শেষে সম্মানসূচক শব্দ (যোধা বাঈ, মীরা বাঈ)। ২বি. পেশাদার গায়িকা বা নর্তকী। [বাজী (= বড় বোন) باجی তু.]।

বাইজী—বি. পেশাদার নর্তকী (বাইজী আসরটি মাত করে দিয়েছিল—নী.র.রা.)। [বাজী باجی তু.]।

বাঃ—অব্য. বাহবা; প্রশংসা, বিস্ময়, উপহাস ইত্যাদি সূচক ('বাঃ ভাই'। বন্ধুরা কয়

দন্তসংঘ খিঁচে— নজরুল)। [বাহ্ ফা.]।

বাকি, বাকী—বিণ অবশিষ্ট, অবশিষ্টাংশ, বকেয়া (কিছু যেন জানা না রয় বাকি— সত্যেন্দ্র)। [বাকী আ.]। **বাকী-জায়**—বি. প্রজাদের কাছ থেকে বাকী খাজনা আদায়। [— + জায় ফা. (= স্থান, জায়গা)]। **বাকীদার**—বি. খেলাপকারী, যার কাছে খাজনা পাওনা আছে। [— + দার ফা.]। **বাকী বকেয়া**—দ্র. **বকেয়া**১।

বাগ—বি. বাগান, উদ্যান (ও বাগে যেয়োনা বন্ধু, পুষ্পবন তোমার অন্তরেই বিদ্যমান—অবনীন্দ্র)। [বাগ ফা.] **বাগবাগিচা**—বি. ছোটবড় বাগান। **বাগবান**—বি. মালাকার, মালী, বাগ করে যে (এয়ছাই ফুলের আন বানাইল বাগবান, কেহ না দেখিল কোনকালে — হামজা)। [— + বান ফা. প্রত্যয় অর্থ 'রক্ষক']। **বাগবানি**—বি. মালীর কাজ, বাগানের কাজ (কারে বা বাগান বিচে, বাগান মালির কাছে, ভেজিল করিতে বাগবানি— হামজা)। [— + ী (ঈ) ফা.]।

বাগবাগ—দ্র. **বাগে বাগ**।

বাগান—বি. ফুল-ফলের উদ্যান। [ফা. বাগ শব্দের ব-ব]।

বাগিচা—বি. ছোট বাগান, ক্ষুদ্র বাগান (চারধারে তার নানান বরণ ফুলে বাগিচার বেড়া—জসীম)। [বাগ্চহ্ ফা.]।

বাগে এরাম—বি. শাদ্দাদ-নির্মিত নকল বেহেশ্‌ত্ (বাগে-এরামের নহর বাহিয়া নামিল যে পুতধারা—শাহাদাত)। [বাগ ফা. + ইরম আ.]।

বাগেবাগ, বাগবাগ—বি. খুশীতে আটখানা, অতিশয় আনন্দিত (দক্ষিণে দুলে আরবী দরিয়া খুশীতে সে বাগেবাগ—নজরুল)। [বাগ্‌বাগ্ ফা.]।

বাঙ, বাঙ্গ—বি. মোরগের ডাক, গোলমাল, চিৎকার। [বাঙ্গ ফা.]।

বাচ্চা—বি. শিশু। [বাচ্চা ফা.] **বাচ্চা কাচ্চা**—বি. ছোটছোট ছেলেমেয়ে, শিশু সন্তান। [অনুকার শব্দ]।

বাজ—বি. শিকারী পাখী বিশেষ; [বায্ ফা.]। **-বাজ**—বিণ. দক্ষ, অভ্যস্ত, আসক্ত ইত্যাদি অর্থবাচক ফার্সী প্রত্যয় বিশেষ (ফন্দিবাজ, মামলাবাজ)। **-বাজি**—বি. দক্ষতা, আসক্তি ইত্যাদি অর্থবাচক। [বাযী ফা.]।

বাজার—১বি. পণ্য ক্রয়বিক্রয়ের স্থান, হাট (ঘুঁটে কুড়াইয়া স্বামী বেচেন বাজারে— ভারত)। [বাযার ফা.]। **বাজার গরম**—ক্রি. বাজারের পণ্যদ্রব্যাদির মূল্য বৃদ্ধি হওয়া, পণ্যের ঘাটতি বেশী হওয়া। **বাজার নরম বা মন্দা হওয়া**—ক্রি. পণ্যসামগ্রীর মূল্য বা চাহিদা হ্রাস পাওয়া। **বাজার সরকার**—বি. কেরানী। [—+ ফা.]।

বাজি, বাজী—১বি. ইন্দ্রজাল, ভেল্‌কি (বাজিকর)। ২বি. খেলা, ক্রীড়া, কৌতুক (দৌড়বাজি)। ৩বি. আতশবাজি (বাজি পোড়ান)। [বাযী ফা.]। **বাজিকর, বাজিগর**—বি. যাদুকর, ঐন্দ্রজালিক। [বাযীগর ফা.]। **বাজিমাত, বাজিমাৎ**—বি. খেলায় বা প্রতিযোগিতায় ব্যাপকভাবে জয়লাভ (খেলায় কতখানি বাজিমাৎ করে ফেলেছেন—হুমায়ুন)। [— + মাত আ.]।

বাজু—১বি. বাহু, হাতের উপরের অংশ (নাহি আর বাজুতে কুওত—নজরুল। ২বি. বাহুভূষণ বিশেষ (কৃষাণের বৌ পইঁছে বাজু বানায়—বিষ্ণু)। ৩বি. পক্ষ, ডানা। [বাযূ بازو ফা.]। **বাজুবন্দ, বাজুবন্ধ**—বি. বাহুভূষণ বিশেষ (সোনাদানা বাজুবন্দ পাইল পুরস্কার—ঘন; নতুন পৈঁচি বাজুবন্দ প'রে চাষা-বৌ কথা কয় না গুমোরে—নজরুল)। [—+ বন্দ্ بند ফা.]।

বাজে—১বিণ. অকেজো (বাজেমাল)। ২বিণ. অনাবশ্যক, অপ্রয়োজনীয় (বাজেকাজে গেল দিন)। ৩বি. তুচ্ছ, অপ্রধান, খারাপ (বাজে লোক)। ৪বিণ. অসার, মিথ্যা (বাজেকথা)। ৫বিণ. অনর্থক, নিরর্থক, (বাজে খাটুনি)। ৬বিণ. বাড়তি, ফালতু, অতিরিক্ত (বাজে খরচ)। [ব'য্ (ব'দ্) بعض আ.]। **বাজে জমা**—বি. নিজ জমার অতিরিক্ত আয়, অনির্দিষ্ট ও সামান্য বিষয়ে লাভ সঞ্চয় (অভাগীর পতি বাজে জমার মালিক—ভারত)। [—+ জ'ম جمع আ.]।

বাজেআপ্ত, বাজেয়াপ্ত, বাজেয়াফত, বাযেয়াফ্ত—বিণ. সরকার বা জমিদার কর্তৃক অধিকৃত, confiscated (বিষয়-সম্পত্তি বাযেয়াফ্ত — মুস্তাফিজ)। [বায্ইয়াফ্ত্ بازیافت ফা.]। **বাযেয়াপ্তি**—বি. বাজেয়াপ্তকরণ (দেবোত্তর সম্পত্তি বাজেয়াপ্তির ফলে—আনিস)। [—+ ই বাং.]।

বাঁটোয়ারা, বাটোয়ারা, বাঁটওয়ারা—বিণ. বিভাগ, বন্টন, ভাগ-বাটোয়ারা। [বটওয়ারাঃ بٹوارہ হি.]।

বাৎলান, বাৎলানো—দ্র. বাতলান।

বাতলান/ বাতলানো, বাৎলান/ বাৎলানো—ক্রি. বলা, বলে বা বুঝিয়ে দেয়া [বাত্লানা بتلانا হি.]।

বাতানো—ক্রি. ব'লে দেওয়া, নির্দেশ দেওয়া, উপদেশ দেওয়া। [বাতা'না بتانا হি.]।

বাতাসা—বি. একপ্রকার মিষ্টি। [বতাসা بتاسا হি.]।

বাতিন—১বি. গূঢ়, গুপ্ত। ২বি. হৃদয়, অন্তর। [باطن আ.]। **বাতিনী**—বি. গোপনীয়, ভিতরের। [باطنی আ.]। দ্র. **বাতেনী কথা**।

বাতিল—বিণ. অগ্রাহ্য, পরিত্যক্ত (দলিল তাদের বাতিল—সত্যেন্দ্র)। [বাতিল باطل আ.]।

বাতেনী /বাতিনী কথা— বি. গোপন কথা, যেসব কথা সাধারণের নিকট প্রকাশনীয় নয় (বাতেনী কথা বরদাস্ত করিতে পারিবেনা—মনসুর)। [বাতিনী باطنی আ.]।

বাদশাহ, বাদসাহ, বাদশা—বি. সম্রাট, রাজাধিরাজ (তুমি বাদশারও বাদশাহ্ কম্লিওয়ালা— নজরুল)। [বাদশাহ্ بادشاہ ফা.]। **বাদশাহ্জাদা, বাদশাজাদা**—বি. রাজকুমার, রাজপুত্র (ও যেন আলেফলায়লা কাহিনীর বাদশাজাদা—নজরুল)। **বাদশাজাদী**—বি. বাদশার কন্যা, রাজকুমারী। [বাদশাহ্যাদী بادشاہ زادی ফা.]।

বাদশাহি, বাদশাহী, বাদশাই—১বি. রাজত্ব, রাজ্য; রাজ সম্পদ; জাঁকজমকপূর্ণ জীবন। ২বি. সম্রাটের কর্তৃত্ব (তাদেরই আভাস পেলে মনে হয় পাইলাম বাদশাহী— নজরুল)। [বাদশাহী بادشاہی ফা.]।

বাদা—১বি. জলাভূমি, সুন্দরবন অঞ্চল বাদা নামে পরিচিত (বাদাতে ধান কাটা আরম্ভ হইয়াছে—টেকচাঁদ)। ২বি. দক্ষিণ বঙ্গের জংলা অঞ্চল (সুদূর বাদা মুল্লুকে ধান কাটিতে গিয়াছে—ওদুদ)। [বাদিয়াহ্ بادیه আ.]।

বাদাম$_১$—বি. নৌকার পাল (বাদাম লাগাইয়া বন্ধু কই ভাসিয়া যাও—জসীম)। [বাদ্‌বান بادبان ফা.]।

বাদাম$_২$—বি. বৃক্ষবিশেষ এবং তার ফল। [বাদাম بادام ফা.]। **বাদামী**—বিণ. বাদামের ন্যায় বর্ণবিশিষ্ট, বাদাম সদৃশ। [বাদামী بادامی ফা.]।

বাদিয়া—দ্র. **বেদিয়া**।

বান্দা, বন্দা—১বি. দাস, গোলাম, একান্ত বাধ্য (বান্দা যাহারা বন্দেগী ছাড়া কি দিবে তাহারা, শাহানশাহ্—নজরুল)। [বন্দহ্ بنده ফা.]। **বান্দানেওয়াজ, বান্দাপরওয়ার** —বিণ. দাসের প্রতি বৎসল বা সদয়। [বন্দহ্‌পরব্‌র, বন্দহ্ নওয়ায্ بنده پرور - بنده نواز ফা.]।

বাফতা—বি. বস্ত্র বিশেষ, রেশম ও কার্পাস মিশিয়ে প্রস্তুত বস্ত্র বিশেষ। [বাফ্‌তাঃ بافته ফা.]।

বাব—১বি. দফা, বিভাগ (বাবে বাবে এত টাকা নিলে প্রজার আর কি থাকে?)। ২বি. গ্রন্থের পরিচ্ছেদ, অধ্যায়। ৩বি. দরজা। ৪বি. প্রসঙ্গ, বিষয় (নানা প্রকার বাবের কথা উপস্থিত হইতে লাগিল—আলাল)। [বাব্ باب আ.]।

বাবত, বাবদ—অব্য. জন্য, দরুন, দফা (কোন বাবতে কত টাকা খরচ হইল)। [বাবত্ بابت আ.]।

বাবরচি, বাবরচী—দ্র. **বাবুর্চি**।

বাবরি, বাবরী—বি. লম্বা কোঁকড়ান চুল, কাঁধ পর্যন্ত লম্বা কোঁকড়ান চুল। [ববর্ ببر ফা. ববরী ببری ফা. (অর্থ সিংহের মত)]।

বাবর্চি—দ্র. **বাবুর্চি**।

বাবুর্চি, বাবর্চি বাবর্চি, বাবরচি, বাবরচী—১বি. পাচক। ২বি. মুসলমান পাচক। [বাবর্‌চী باورچی তু.]। **বাবুর্চি খানা** —বি. রান্নাঘর। [—+ খানহ্ خانه ফা.]।

বামাল, বমাল—১ক্রি-বিণ. মাল সমেত (হঠাৎ বমাল ধরা পড়িয়া অত্যন্ত অপ্রতিভ হইল—বিভূতি; বামাল আটক করে রেখেছি—মশাররফ)। ২বি. চোরাই মাল (সামাল সামাল পড়ল সাড়া ব-মাল মেয়ে-মর্দার—নজরুল)। [ব ب ফা.উপ. + مال আ.]।

বায়তুলমাল—বি. রাজকোষ, ধনাগার (বায়তুল মাল হইতে ভরণের জন্য তাঁকে কিছু টাকা বৃত্তি লইতে হইত— বাহার)। [বায়তুল মাল بیت المال আ.] **বায়তুল্লা**—বি. আল্লার ঘর, কাবা (বিশ্ব-মসলিম মিলনকেন্দ্র বায়তুল্লা—মুস্তাফিজ)। [বায়তুল্লাহ্ بیت الله আ.]।

বায়না$_১$—১বি. আব্দার; প্রবল আগ্রহের সাথে বারংবার কোন কিছু পেতে চাইল (ছোটখাট কত বায়না ছেলের পারে নাই মিটাবার—জসীম)। ২বি. উছিলা, ছল। [বহানহ্ بهانه ফা.]।

বায়না$_২$—বি. অগ্রিম মূল্যদান, দাদন, earnest money, মূল্য নির্ধারণ পূর্বক কিয়দংশ অগ্রিম দান বা গ্রহণ, মূল্যের কিয়দংশ পূর্বে দান ক'রে ক্রয়ের

অংগীকার করণ। [বয়' بيع আ.+ আনহ্ انه ফা. আ. প্রত্যয়]। **বায়নাপত্র**—বি. বায়না করা হলো এই স্বীকৃতিপূর্ণ লেখা। [—+ পত্র বাং.]।

বায়নাক্কা—বি. খুঁটিনাটি বিবরণ, বিস্তারিত বিবরণ। [বয়ান بيان আ. + ওয়াক্বি'আঃ واقعه আ., ফা. = ঘটনার বিবরণ]।

বায়া—বি. স্বত্ব বিক্রয়কারী (আদালতী ভাষা)। [বা' য়ি' بائع আ.]।

বায়েত—দ্র. **বয়েত**২।

বার—১বি সপ্তাহের বিভিন্ন দিন। ২বি. দিন (হাটবার)। ৩বি. দফা, পালা, পর্যায়। [বার্ بار ফা.]। **বারদিগর** (আদালতী ভাষা) অন্যবার, দ্বিতীয়, পুনর্বার। [বার্-ই-দীগর بار دیگر ফা.]। **বারবরদার**—বি. মুটে, বাহক, বোঝা বহনকারী। [—+ بردار ফা.]। **বারবরদারী**—বি. রাহাখরচ, যানবাহন ভাড়া, মাল বা যাত্রীর চালান। [—+ ی (ئ) ফা.]।

বারদরিয়া—বি. বাইরের দরিয়া, উন্মুক্ত সমুদ্র। [বার বাং. + দরিয়া دریا ফা.]।

বারদিগর—দ্র. **বার**।

বারবরদার, বারবরদারী—দ্র. **বার**।

বারবার—ক্রি. বিণ. পুন:পুন: [بار بار ফা.]।

বার সদ—বি. আগের রদ্ করা খাজনা পুনঃ ধার্য। [বার্ শুদ্ بارشد ফা.]।

বারান্দা—বি. ঘরের সম্মুখবর্তী (আচ্ছাদিত বা উন্মুক্ত) চত্বর বিশেষ, অলিন্দ। [বর্আমদহ্ برآمده ফা.]।

বারুদ—বি. কামান বন্দুকাদিতে ভ'রে গুলি ছোঁড়ার বিস্ফোরক চূর্ণবিশেষ, gun-powder। [বারূদ بارود ফা.; বারুত্ باروت তু.]।

বারোয়াঁ, বারোয়া—বি. সংগীতের রাগিণী বি:। [বর্বাঁ بروان হি.]

বালাই—১বি. আপদবিপদ, অমঙ্গল, উৎপাত, দুর্দৈব, সংকট (এ কোন্ এল বালাই—নজরুল)। ২বি. প্রয়োজন (দিলে দিলে আজ বন্ধকী দেনা নাই দলিল—কবুলিয়তের নাই বালাই—নজরুল)। ৩অব্য. অশুভ উক্তি খণ্ডন সূচক (বালাই! ষাট!) [বলা' بلاء আ.]। **আলাইবালাই**—বি. ব্যাধি, অমঙ্গল, আপদবিপদ ইত্যাদি। [দ্বিরুক্ত শব্দ]। **বালামুসিবত**—বি. বিপদ-আপদ, দুর্যোগ ইত্যাদি। [বলা' بلاء আ.+ মুসীবত আ.]।

বালাখানা—বি. উচ্চ অট্টালিকা, প্রাসাদ। [বালাখানহ্ بالاخانه ফা.]।

বালাপোশ, বালাপোষ—বি. পাতলা লেপজাতীয় গাত্রবস্ত্র বিশেষ (পেটে মোর ভরিয়া তুলো বালাপোষ করো গো আমায়— নজরুল)। [বালাপোশ بالاپوش ফা.]।

বালিশ—বি. উপাধান, শয়নকালে মাথা রাখার তুলাভর্তি আধার বিশেষ। [বালিশ بالش ফা.]।

বাশিন্দা, বাসিন্দা, বাশেন্দা—বি. অধিবাসী (আমি ত এইদেশেরই একজন বাশেন্দা —আ. দীন)। [বাশিন্দাহ্ باشنده ফা.]।

বাসিন্দা—দ্র. **বাশিন্দা**।

বাহবা, বাহা— অব্য. প্রশংসা সূচক উক্তি, বিস্ময়, উপহাস প্রভৃতি উক্তি। [বা(ওয়া)হ্ واه ফা.] **বাহাবাহ**— অব্য. চমৎকার (অনেক সময় ব্যঙ্গার্থে)। [বাহ্ বাহ্ واه واه ফা.]।

বাহাছ, বাহাস—বি. যুক্তিতর্ক (এখন আর বাহাস করতে পারব না— মুফাখ্‌খার)। [বহছ بحث আ.]।

বাহাদুর—১বিণ. কৃতী বীর, দুর্জয় সাহসী। ২বিণ. সাহসী, নির্ভীক। [বহাদুর بہادر তু.] **বাহাদুরি**—বি. পৌরুষ, কৃতিত্বের গৌরব (আমি বাহাদুরি করিয়া বলিলাম— বিদ্যা)। [বহাদুরী بہادری ফা.]।

বাহানা— ১বি. অছিলা, ছল, ভান, ছুতা, ওজর (বাহানা করিয়া ছোঁয় গো পিরান জাহানারার— নজরুল)। ২বি. বায়না, আবদার, অবিরত প্রার্থনা (ছেলেটি একটি পুতুলের বাহানা ধরেছে)। ৩বি. ওজর, আপত্তি (তালবাহানা)। [বহানহ্ بہانہ ফা.]। **বাহানাবাজ**— বি. বাহানা বা ওজর, অছিলায় পটু। [বহানহ্+বায্ بہانہ باز ফা.]।

বাহার— ১বি. শোভা, সৌন্দর্য, জৌলুস (হলটি নূতন চুনকাম করা হইয়াছে, আলো বাহারে সুন্দর মানানসই দেখা যাইতেছে— মশাররফ)। ২বি. মজা (খেলা হয়েছিল বাহারের)। ৩বি. সংগীতের রাগিণী বিশেষ। ৪বি. বসন্তকাল (কে তোমাদের ভালো!/বাহার আনে গুলশানে গুল, নাহার আনে আলো— নজরুল)। [বহার بہار ফা.]। **বাহারে, বাহারিয়া**—বিণ. সুন্দর, মনোরম, শোভাময় (রাস্তাটি যে খুব বাহারে তা বলা যায় না— মুজতবা)। [—+ইয়া বাং.]। **বাহারী**—বিণ. বাহ্যিক সৌন্দর্যময়, মেকি (ও ভারি নতুন ঘোড়া, ওগুলো নেহাতই বাহারী— গৌরীশঙ্কর)। [বাহারী بہاری ফা.]।

বাহাল—দ্র. **বহাল**

বাহাস— দ্র. **বাহাছ**।

বিতারিখ— বি. তারিখ, তারিখ অনুসারে। [ب ফা. উপ., তারীখ تاریخ আ.]।

বিদ্'আত্, বেদাত—বি. ইসলামী শাস্ত্র বিরুদ্ধ কাজ। [বিদ্‌অত্ بدعت আ.]। **বিদ্'আতী**—বিণ. ইসলামী শাস্ত্র বিরোধী কাজ যে করে এমন (তিনি বিদ্‌আতী ফকির সম্প্রদায়ভুক্ত ছিলেন— মু.শ.)। [—+ঈ বা.]।

বিদায়—১বি. স্থানান্তরে যাওয়ার জন্যে অনুমতি (এ কৌতুক/ভাল নাহি লাগে ঠাকুর! বিদায় মাগি—সত্যেন্দ্র)। ২বি. দূরীকরণ। ৩বি. বিচ্ছেদ (কৃষক-কণ্ঠে ভাটিয়ালী সুর/রোয়ে রোয়ে মরে বিদায়-বিধুর—নজরুল)। ৪বি. প্রস্থান। (আমি যেদিন রইব না গো/লইব চির বিদায়—নজরুল)। ৫বি. কর্ম থেকে অবসর ছুটি (আমি) পরের ঘরে কর্ব আপন, আমায় দাও বিদায়—সত্যেন্দ্র)। [বিদা' وداع আ.]। **বিদায়ী**— ১বি. বিদায়ের কালে দেওয়া অর্থ বা উপহার। ২বিণ. বিদায় গ্রহণ করছে। [وداعی আ.+ফা.]।

বিবি—১বি. মুসলমান মহিলার সাধারণ পদবী, সম্বোধনেও ব্যবহৃত। ২বি. স্ত্রী, বধূ, পত্নী। ৩বি. ইউরোপীয় রমণী (সাহেব বিবি)। ৪বি. কর্ত্রী। ৫বি. রমণী মূর্তিচিহ্নিত তাস বিশেষ (সাহেব, বিবি)।

৬বি. সাজ-সজ্জা ও আরামপ্রিয়, বিলাসিনী নারী (বিবি সাজা)। [বীবী بی بی ফা.]। **বিবিজান**— বি. বধূর প্রতি প্রিয় সম্ভাষণ, প্রেয়সী নারী (বিবিজান চলে যান লবেজান করে— ঈশ্বর)। **বিবিয়ানা, বিবিআনা**— বি. মেয়েদের বিলাসিতা বা সাজ-সজ্জা (চুলটানা বিবিয়ানা, সাহেববাবুর বৈঠকখানা—লোক.)। [— +আনহ্ آنه ফা.]।

বিমা, বীমা—বি. ঝুঁকির বিরুদ্ধে চুক্তি, Insurance। [বীমহ্ بیمه ফা, —ফা.। ফা. بیم বীম্ অর্থ 'ভয়']।

বিমার, বেমার—১বি. পীড়া, রোগ, ব্যাধি (বেমার রোজ জেয়াদা মালুম হচ্ছে— টেকচাঁদ)। ২বিণ. পীড়িত। [বীমার بیمار ফা.]। **বিমারি, বিমারী**— বি. পীড়া (শরীরে কোন বিমারি ঢুকছে— ওহীদ)। [ী ফা.]। **বিমারিস্তান**— বি. হাসপাতাল (বিমারীস্তানে রোগীর পাশে পাশে অবস্থান করে ... মওদুদ)। [—+স্তান্ ستان ফা.]।

বিয়াবান—বি. শূন্য ময়দান, মরুভূমি, জনমানবশূন্য স্থান (জলহীন এ বিয়াবানে মিছে পন্তানো আর!— নজরুল)। [বিয়াবান্ بیابان ফা.]।

বিরয়ানী, বিরিয়ানি— বি. গোশ্‌ত সংযোগে এক প্রকার পোলাও বিশেষ (বিরয়ানী মুরগী মুছল্লম থেকে মিঠা টুকরা মোরব্বা— মুজতবা; বিশেষ খাবার ব্যবস্থা তবে ভয় শুধু রোস্ট, বিরিয়ানি আর পুডিং— ওবায়েদ)। [বির্‌য়ানী بریانی ফা.]।

বিলকুল—১বিণ. স্রেফ, একদম (সতর্ক বাক্যগুলো বিলকুল ভুলে মেরে দিয়েছি— মনোজ)। [বিল্‌কুল্ بالکل আ.]।

বিলাত/বিলেত—১বি. ইংল্যান্ড। ২বি. ইউরোপ। ৩বি. বিদেশ। [বিলায়ত্ ولایت আ.]। **বিলাতি, বিলাতী**— ১বিণ. বিলাতে উৎপন্ন বা প্রচলিত (নানাবিধ বিলাতি জিনিস বিক্রিত হইত— বিদ্যা)। ২বিণ. বিদেশ থেকে আমদানীকৃত। **বিলাতীয়ানা**— বি. বিলাতী চালচলন। [—আনা বাং]।

বিসমিল্লা, বিস্‌মিল্লাহ্— ১বি. আল্লার নামে, আল্লার নাম স্মরণ ক'রে কার্যারম্ভ (মুসলমানের কর্মশাস্ত্র বিস্‌মিল্লাহ্— এয়াকুব)। ২বি. সূচনা, শুরু, আরম্ভ। [بسم الله আ.]। **বিস্‌মিল্লায় গলদ**— বি. গোড়ায় গলদ, শুরুতেই ভুল বা ত্রুটি।

বুঁচকি— দ্র. **বোঁচকা**।

বুজদিল—বিণ. ভীরু, কাপুরুষ (বুজদিল ঐ দুশমন সব বিলকুল সাফ হো গিয়া— নজরুল)। [বুয্‌দিল্ بزدل ফা.]।

বুজরগ, বুজর্গ, বুজরুক—১বিণ. অলৌকিক শক্তি বা পাণ্ডিত্যের ভানকারী, কুটিল (প্রথম পরিচয়ে শ্যামবাবুকে বুজরুক সাব্যস্ত করিয়াছিলেন— পরশু)। ২বিণ. প্রতারক, ঠক। [বুযুর্গ بزرگ ফা.]। **বুজরগী, বুজর্গী, বুজরুকি, বুজরুকী, বুজরুগী**— ১বিণ. পাণ্ডিত্যের বা অলৌকিক শক্তির ভান, জালিয়াতি, ছলনা, ভান (ঐন্দ্রজালিক শক্তির বুজরুকী— আকরম; ভণ্ডদের ঐ বুজরুকি কি হয় কখনো তার সমান—নজরুল)। ২বি. প্রতারণা। [বুযুর্গী بزرگی ফা.]।

বুটি, বুটী— বি. বস্ত্রাদিতে সূচে তোলা ফুল। [বূটা بوٹا উ.]। **বুটিদার**— বিণ. বুটিযুক্ত (ফিনফিনে ঢাকাই মসলিনের বুটিদার চাপকান— অবনীন্দ্র)। [—+ دار ফা.]।

বুঢ়্ঢা—বিণ. বৃদ্ধ, প্রবীণ (যুবা, যুবতীর সে দেশে ভিড়, সেথা যেতে নারে বুঢ়্ঢা পীর— নজরুল)। [বুড়্ঢা بڈھا হি.]।

বুত— বি. মূর্তি। [বুত بت ফা.]। **বুতপরস্ত**— বিণ. মূর্তি উপাসক (বুত পরস্ত আরব ইসলাম করল— শরীফ)। [—পরসত্ پرست ফা.]। **বুতপরস্তী**- বি. মূর্তিপূজা। [— + প র স্ ত ী پرستی ফা.]। **বুতখানা**—বি. মন্দির, শিবালয়। [—+খানহ্ خانہ ফা.]।

বুদ্দু— বি. বিণ. মরুবাসী আরব (আশেপাশে যতেক ছিল বুদ্দু .বেদুঈন জাত— ইজদানী)। [বদবী بدوی আ.]।

বুনট— ১বি. বয়নকার্য, বয়নকৌশল। ২বি. বয়নের পারিশ্রমিক, বয়নমূল্য। ৩বি. বস্ত্রাদির বুনন বা জমিন। [বুনাওট্ بناوٹ হি.]।

বুনিয়াদ—দ্র. **বনিয়াদ**।

বুনিয়াদি, বুনিয়াদী— দ্র. **বনিয়াদ**।

বুরা—বিণ. খারাপ, মন্দ (মোদের নসিব বড় বুরা— টেকচাঁদ)। [বুরা برا হি.]।

বুরুজ—১বি. মিনারের উপরের অংশ, গম্বুজ (বারো বুরুজের উদয় হবে— জসীম)। ২বি. দুর্গ, প্রাকার, দুর্গ প্রকারের উপরের কক্ষ। ৩বি. তাসখেলা বিশেষ। [বুর্জ্ برج আ.]।

বুলক, বুলাক— বি. নাকের অলঙ্কার বিশেষ (নাকেতে বুলক, গলায় হাঁসুলী— জসীম)। [বুলাক্ بلاق তু.]।

বুলবুল্, বুলবুলি— বি. স্বনাম প্রসিদ্ধ পাখী বিশেষ (বুলবুলের মতো তার দৃষ্টি থাকে গোলাপ কুঞ্জের দিকে— মোতাহের)। [বুলবুল بلبل ফা.]।

বুলন্দ— বিণ. উচ্চ (প্রাণের বুলন্দ দর-ওয়াজায়—নজরুল)। [বুলন্দ্ بلند ফা.]। **বুলন্দ্ নসিব**— বিণ. উঁচু কপাল দু'জনার হবে বুলন্দ- নসিব, লাখে লাখে হবে বদনসিব / এ নহে বিধান ইসলামের— নজরুল)। [بلند ফা.+নসীব نصیب আ.]।

বুলাক—দ্র. **বুলক**।

বুলি—১বি. কথা, শব্দ, বাক্য, বোল, ভাষা (ইংলিশ বুলি)। ২বি. মুখস্থ ভাষা. প্রচলিতা গৎ (বুলি আওড়ান)। ৩বি. অস্পষ্ট ভাষা বা বাক্য (শিশুর বুলি)। [বোলী بولی হি., উ.]।

বুসা (বোছা)— বি. চুম্বন (সত্যই মহাবীর তুই, বুসা দিই তোকে আয়— নজরুল)। [বূসঃ بوسہ ফা.]।

বুস্তান, বোস্তান— ১বি. ফুলের বাগান (ধ্যানী তোমার মন বুস্তান গুলশান— ফররুখ)। ২বি. প্রসিদ্ধ ইরানী কবি শেখ সা'দীর বিখ্যাত এক কাব্যগ্রন্থ। [বুস্তান بوستان ফা.]।

বে—১অব্য. বিনা, ব্যতীত, বিহীন, ছাড়া। ২অব্য. অভাব, বিরোধ, নিন্দা, বিহীনতাসূচক ভাব প্রকাশক শব্দ। [বে بے ফা.]। **বেআইনী**—বিণ. আইনবিরোধী। ২বিণ. অবৈধ। [—+আ'ঈন آئین ফা.+ی(ঈ)ফা.]।

বেআক্কেল—বিণ. জ্ঞানবুদ্ধিহীন, নির্বোধ, কাণ্ডজ্ঞানহীন। [— ফা.+'আক্‌ল্ عقل আ.]। **বেআদব, বেয়াদব**— বিণ. অশিষ্ট, অভদ্র, শিষ্টাচার বর্জিত। [—+আদব ادب আ.] **বেআদবী**— বি. অভদ্রতা, অশিষ্টাচার (আবদুল্লা তাহার সহিত বেআদবী করে— আকরম)। [—+—+ঈ. বাং.]। **বেআন্দাজ**—বিণ. বেহিসাব, পরিমাণ সম্বন্ধে যার জ্ঞান নেই। [— ফা.+আন্দায্ انداز ফা.]। **বেআবরু** —১বিণ. বেপর্দা। ২বিণ. শ্লীলতাহীন, সম্মানহীন। ৩বি. অপমান, অসম্মান। [— ফা.+আব্‌রু آبرو ফা.]। **বেইজ্জত**— ১বিণ. অসম্মানিত। ২বিণ. অপমানিত। [—ফা.+'ইয্‌যত عزت আ.]। **বে-ইজ্জতি**— বি. মানহানি, অপমান। [—+'ইয্‌যতি عزتی আ.]। **বেইনসাফ** —বি. অন্যায়, অবিচার। [—انصاف আ.]। **বেইমান, বেঈমান**— ১বিণ. বিশ্বাসঘাতক, নিমক হারাম। ২বিণ. ধর্ম বিশ্বাসহীন। [—+ঈমান ایمان আ.]। **বেইমানি, বেঈমানী** — বি. বিশ্বাসঘাতকতা। [—+—+ی(ই)ফা.]। **বেএক্তিয়ার**— ১বিণ. এলাকাবহির্ভূত। ২বিণ. ক্ষমতাহীন। ৩বিণ. উপায়হীন। ৪বিণ. বেসামাল (গোলাপী নেশায় একটুখানি বে-এক্তিয়ার হয়ে— মুজতবা)। ৫বিণ. অধিকার-বহির্ভূত। [বে ফা.+ইখ্‌তিয়ার اختیار আ.]। **বেওজর**—বিণ. যার অজুহাত নেই, আপত্তিহীন। [— ফা. 'উয্‌র عذر আ.]। **বেওফা**— বিণ. অকৃতজ্ঞ, নিমকহারাম, প্রতিজ্ঞা ভঙ্গকারী (বেওফা বদ্‌জাত এরা খারাবি করিল তেরা—হামজা)। [—+ওয়াফা وفا আ.]। **বেওয়ারিশ, বেওয়ারিশী**— ১বি. অভিভাবকহীন। ২বিণ. স্বত্বাধিকার বা দাবীদার শূন্য (বাংলা মুলুক বেওয়ারিশী মাল বুঝি— মোজহার)। [— + ওয়ারিছ وارث আ.]। **বেকবুল**— বি. অস্বীকৃতি। [—+ক্‌বূল قبول আ.]। **বেকসুর**— বিণ. নিরপরাধী, নির্দোষ (বেকসুর খালাস)। [—ফা.+ ক্‌সূর قصور আ.]। **বেকায়দা**— বিণ. উপায়হীন (বড় বেকায়দায় পড়িয়াছিলেন— মুস্তাফিজ)। [—ফা+ ক্বায়িদহ্ قاعدہ আ.]। **বেকার**— বিণ. কর্মহীন, জীবিকা বিহীন। [বেকার بیکار ফা.]। **বেকুব, বেকুফ, বেঅকুফ**— বিণ. নির্বোধ, বোকা। [— +ওয়াক্‌'ফ وقوف আ.] **বেকুবি**— বি. বোকামি, মূর্খতা। **বেখবর**—বি. অজ্ঞ, খবরবিহীন। [— + خبر আ.]। **বেখরচ**—বিণ. বিনামূল্যে, বিনামূল্যে প্রদত্ত। [—+ خرچ ফা.]। **বেখুদী** —বিণ. অহংশূন্যতা, আত্মহারা অবস্থা (বেখুদীতে মশগুল আমি—নজরুল)। [—خودی ফা.]। **বেখেয়াল**— বিণ. উদাসীন। [—+খয়াল خیال আ.]। **বেখোদ**—বিণ. আত্মভোলা। [—+খুদ্ خود ফা.]। **বেগুনা**—বি. পাপশূন্য। [—+গুনাহ্ گناہ ফা.]। **বেচঈন**—বি. অস্থির (বালিল হাতেম তায়ী ... কেন তুমি হও বেচঈন— ফররুখ)। [—+ چین ফা.]। **বেচারা, বেচারী**—বিণ. শান্তশিষ্ট, নিরীহ, উপায়হীন ব্যক্তি। [—+ چارہ ফা.]। **বেচাল** —১বিণ. যার আচার ব্যবহার শোভনীয় নয়। ২বিণ. চরিত্রহীন। [— +چال হি.]। **বেজান** — বিণ. মৃত, মৃতকল্প, মৃতপ্রায় (তারি লাগি কন্যা জাগে বন্দী

ঘরে উতলা বেজান—আজহার)। [—+ جلی হি.]। **বেজায়**—বিণ. খুব বেশী, অত্যন্ত (বাহিরে সে বেজায় মুখচোরা —বিভূতি)। [—+জায়ে جائے ফা.]। **বেজার, ব্যাজার**—১বিণ. বিরক্ত, অসন্তুষ্ট (তোর মুখ দেখে মনে হলো তুই বড্ডো বেজার—মুজতবা; বাপদাদা ব্যাজার হলে সংসারে, কোনদিন উন্নতি হয় না—আ. হক)। ২বিণ. অপ্রসন্ন। ৩বিণ. ক্রুদ্ধ। [—+যার زار ফা.]। **বেঢপ, বেঢং, বেঢঙ্গ**— বিণ. বেমানান, ছাঁচের সাথে যা মিলেনা। [— + ঢংগ্ ڑھنگ উ.]। **বেতদ্‌বির, বেতদবীর**— বি. তদ্‌বীরের বা তত্ত্বাবধানের অভাব। [— ফা.+তদবীর تدبیر আ.]। **বেতমিয, বেতমীজ**— ১বিণ. অশিষ্ট, বেআদব। ২বিণ. শিষ্টাচারের জ্ঞানবর্জিত। ৩বিণ. অনভিজ্ঞ। [— +তমীয্ تمیز আ.]। **বেতরবিয়ত, বেতরিবত, বেতরীবৎ**— বিণ. অশিক্ষিত, যার শিক্ষার বা শিষ্টাচারের অভাব আছে এমন। [— ফা. + তর্‌বিয়ত্ تربیت আ.]। **বেতাব**—বিণ. অশান্ত, অস্থির, অস্থির, চিন্তান্বিত, দুর্বল (যেমন ফরহাদ শিরীর প্রেমে হ'ল দীওয়ানা বেতাব —নজরুল)। [—+ تاب ফা.]। **বেতার**— ১বিণ. বিস্বাদ। ২বিণ. তারবিহীন। [— ফা.+ তার تار ফা.]। **বেদখল**—১বিণ. অধিকারহীন, অধিকারচ্যুত। ২বিণ. নিজস্ব জিনিস অপরের হাতে চলে যাওয়া। [— ফা.+دخل আ.]। **বেদম**— ১বিণ. দম ফুরিয়ে গেছে এমন (বেদম হইয়া পড়া)। ২বিণ. শ্বাসরোধী, উর্ধ্বশ্বাস (বেদম ছুট)। ৩বিণ. নিঃশ্বাস ফেলারও অবসর পাওয়া যায় না এমন, নীরব কাশ। ৪বিণ. শ্বাস ও বায়ু বের করে দেয় এমন, মারাত্মক (বেদম মার)। ৫বিণ. নিঃশ্বাস লওয়ার জন্যও থামেনা এমন (বেদম ভোজন)। [— + দম্ دم ফা.]। **বেদস্তুর**— ১বিণ. রীতিবিরুদ্ধ। ২বিণ. নিয়মকানুন বহির্ভূত। [— + দস্তুর دستور ফা.]। **বেদাগ**— ১বিণ. দাগবিহীন। ২বিণ. চিহ্নিত করা হয়নি এমন। ৩বিণ. নিষ্কলঙ্ক, কালিমাহীন। [— + দাগ داغ ফা.]। **বেদানা**—বি. ফল .. উচু জাতের ডালিম। [—+دانہ ফা.]। **বেদীন**— ১বিণ. ধর্মহীন (আসিতে পারেনা হেথা বেদীন— নজরুল)। ২বিণ. সত্য ধর্মে অবিশ্বাস। [— + دین আ.]। **বেদেরেগ**—বিণ. নির্মম, মুক্তহস্ত, নিষ্ঠুর (দাও বে-দেরেগ তেগ্ জুল্-ফিকার—নজরুল)। [— + দরেগ دریغ ফা.]। **বেধড়ক**— ১বিণ. অপরিমিত। ২বিণ. বেজায় (বেধড়ক মার)। [—+ধড়ক্ دھڑک হি.]। **বেনাম**—১বিণ. নামহীন, অপরিচিত। ২বি. প্রকৃত মালিকের পরিবর্তে প্রচলিত অপর ব্যক্তির নাম। ৩বি. গোপন করা নাম। [— + নাম نام ফা.]। **বেনামা, বেনামী**—বিণ. লেখকের নাম গোপন করা হয় এমন নামহীন (বেনামী চিঠি)। [— + নামী نامی ফা.]। **বেপছন্দ**—বিণ. পছন্দ নয় এমন। [—+পসনদ্ پسند ফা.]। **বেপরদা, বেপর্দা**— ১বিণ. যে পর্দা সম্পর্কে সচেতন নয়। ২বিণ. উন্মুক্ত। ৩বিণ. ঘোমটাহীন। ৪বিণ. লজ্জাহীন। [— + পরদহ پردہ ফা.]। **বেপরোয়া**—বি. ভয়শূন্য, সাহসী। [—+পরওয়া پروا ফা.]। **বেফায়দা**— ১বিণ. যাতে লাভ নেই।

২বিণ. বৃথা। [—— + ফা'ইদহ্ ফায়দা ৪ আ.]। **বেবন্দোবস্ত**— ১বিণ. যা ঠিক হয়নি। ২বি. বিশৃঙ্খল। [— + বন্দ্-ও-বস্ত بند و بست ফা.]। **বেবহা, বেবাহা**—১বি. অমূল্য। ২বিণ. অতি উত্তম (দরকার বেবহা রাস্তা বেবহা মাঠ—শওকত)। [—+ بہا ফা.]। **বেবাক**— বিণ. সবগুলি, সমস্ত (বেবাক লৌকগুলোর দিকে তাকিয়ে শুধু ভাবছেন—শওকত)। [—— + বাক্ বাকি আ.]। **বেমক্কা, বেমওকা**— ১বিণ. অসংগত। ২বিণ. অসংযত; ৩বিণ. অশোভন (এমন বেমক্কাভাবে হরতাল শুরু করতো না— ওয়ালিদ)। [—+ মওক্ব্' موقع আ.]। **বেমতলব**— বি. অনিচ্ছা। [—+মত্লব্ مطلب আ.]। **বেমনাসিব**—বিণ. উচিত নয় এমন, অনুচিত, অশোভন। [—— + মুনাসিব مناسب আ.]। **বেমালুম**—বিণ. ক্রি. বিণ. যা জানার মধ্যে নয়, অজ্ঞাতে। [—— + মা'লূম معلوم আ.]। **বেমেরামত**— ১বি. মেরামত করা হয়নি বা হয় না এমন অবস্থা। ২বিণ. মেরামত করা হয় নি এমন। [—— + মরম্মত্ مرمّت আ.]। **বেয়ারাম, ব্যায়রাম, ব্যারাম**— বি. রোগ, ব্যাধি, শারীরিক, মানসিক অবস্থা খারাপ হওয়া (মাটিতে শুলে ব্যায়ারাম হবে বিবি, খাটে উঠে আয়— অচিন্ত্য)। [—— + আরাম آرام ফা.]। **বেলেহাজ**—বিণ. অশিষ্ট, অভদ্র, অমনোযোগী, কাণ্ডজ্ঞানহীন। [—+লিহায্ لحاظ আ.]। **বেশক, বেসক**— ক্রি. বিণ. অবশ্যই, নিশ্চয়ই, সত্যই নিঃসন্দেহে। [—— + শক্ শক্ আ.]। **বেশরম, বেসরম**— ১বিণ. যার লজ্জা নেই, নির্লজ্জ। ২বিণ. বেহায়া। ৩বিণ. বেয়াদব। [—— +শরম شرم ফা.]। **বেশরা**— ১বিণ. শরীয়ৎ বা ইসলামের বিধান বহির্ভূত। ২বিণ. শরীয়ৎ বা ইসলামের বিধান বহির্ভূত কাজ করে এমন, ইসলামী বিধান মানেনা এমন, (বেশরা ফকীর)। [—+শর' شرع আ.]। **বেশুমার**— বিণ. অসংখ্য, প্রচুর (বেশুমার বাতি আসমানের এত বড় ছাতি ছাইয়া আছে— আ. হা.)। [—+ শুমার شمار ফা.]। **বেসরকারী**—বিণ. যা সরকারের আওতার বাইরে। [—— + সরকারী سرکاری ফা.]। **বেস্তারা**— বি. বিছানা, শয্যা। [বিস্তরা بستر ফা.]। **বেহদ, বেহদ্দ**— ১বিণ. অত্যন্ত, খুব। ২বিণ. অসীম। [— + হদ্দ حدّ আ.]। **বেহায়া**— বিণ. যার লজ্জা-শরম নেই, নির্লজ্জ। [—— + হয়া حیا আ.]। **বেহাল**—বিণ. শোচনীয়, খারাপ অবস্থা [—+ حال আ.]। **বেহিসাব**— ১বিণ. হিসাবহীন। ২বিণ. অবাধ, মুক্তহস্ত। ৩বিণ. অসতর্ক। ৪বিণ. অসংখ্য। [— + হিসাব حساب আ.]। **বেহিসাবী**— বিণ. হিসাব ক'রে চলে এমন। ২বিণ. অপরিণামদর্শী। [—— + —— + ঈ বাং]। **বেহুদা**— ১বিণ. বেয়াদব, বেহায়া, যার ব্যবহার খারাপ। ২বিণ. অনর্থক, বাজে। [বেহুদহ্ بیہودہ ফা.]। **বেহুঁশ, বেহোঁশ**— ১বিণ. অচৈতন্য, বেখেয়াল; ২বিণ. অজ্ঞান, সংজ্ঞাশূন্য। ৩বিণ. মূর্ছিত। [— + হুঁশ هوش ফা.]।

বেঅকুফ—দ্র. বে।

বেআইনী—দ্র. বে।

বেআক্কেল—দ্র. বে।

বেআদব—দ্র. বে।

বেআদবী—দ্র. বে।

বেআন্দাজ—দ্র. বে।

বেআবরু—দ্র. বে।

বেইজ্জত—দ্র. বে।

বেইজ্জতি—দ্র. বে।

বেইনসাফ—দ্র. বে।

বেইমান—দ্র. বে।

বেঈমান—দ্র. বে।

বেএক্তিয়ার—দ্র. বে।

বেওজর—দ্র. বে।

বেওফা—দ্র. বে।

বেওয়া, ব্যাওয়া— বি. বিধবা নারী, পতিহীনা (বেওয়ারিস বেওয়া হ'লে এঁরা তার উত্তরাধিকারী হয়ে বসেন— কালীসিং)। [বেওয়াহ্ ৪ بیوہ ফা.]।

বেওয়ারিশ, বেওয়ারিশী— দ্র. বে।

বেকসুর—দ্র. বে।

বেকায়দা—দ্র. বে।

বেকার—দ্র. বে।

বেকুফ—দ্র. বে।

বেকুব, বেকুবি—দ্র. বে।

বেখবর—দ্র. বে।

বেখরচ—দ্র. বে।

বেখুদী—দ্র. বে।

বেখেয়াল—দ্র. বে।

বেখোদ—দ্র. বে।

বেগ— বি. মোগল জমিদার ও সম্ভ্রান্ত ব্যক্তিদের উপাধিবিশেষ। [বেগ بیگ তু.]।

বেগম— ১বি. বিবাহিত মুসলিম মহিলা, মুসলিম মহিলা। ২বি. মুসলিম রানী। [বেগম بیگم তু.]।

বেগর— অব্য. বিনা, ব্যতীত, ছাড়া (বেগর মেহনতে রুজি দিল এতকাল— হামজা)। [বিগয়র بغیر আ.]।

বেগানা— বি. অনাত্মীয়, নিকট সম্পর্কহীন। [বেগানহ্ بیگانہ ফা.]।

বেগার, ব্যাগার— বিণ. পারিশ্রমিক বিহীন কাজ (বেগার খেটে জীবন গেল কেটে— মহী)। [বেকার بیکار ফা.]।

বেগুনা—দ্র. বে।

বেচঙ্গন—দ্র. বে।

বেচারা/বেচারী—দ্র. বে।

বেজা—বিণ. সীমাতিরিক্ত, অনুচিত। [بے + جا ফা.]।

বেজাত—১বি. অন্যজাত। ২বি. জাতিচ্যুত। [بے + জাত সং.]।

বেজান—দ্র. বে।

বেজায়—দ্র. বে।

বেজার, ব্যাজার—দ্র. বে।

বেটা, ব্যাটা—১বি. পুত্র, ছেলে। ২বি. (অবজ্ঞা বা ভর্ৎসনায়) পুরুষ মানুষ (ব্যাটা কম বদমায়েশ নয়)। ৩বিণ. পুরুষ জাতীয় (বেটা ছেলে)। [بیٹا হি.]।

বেতদবির, বেতদবীর, বেতমিজ, বেতমীয, বেতরিবত, বেতরীবৎ, বেতাব, বেতার—দ্র. বে।

বেদআত— বি. শরীয়ৎ বিরুদ্ধ কাজ (বেদ্‌আতের সংস্রব অধিকতর বিশ্বাসের সহিত— আকরম)। [বিদ্‌'অত্ بدعت আ.]

বেদখল, বেদম, বেদস্তুর, বেদাগ, বেদানা— দ্র. বে.।

বেদিয়া, বেদে, বাদিয়া— বি. পাক-ভারতের বেদুঈন বা যাযাবর জাতি বি:। [বাদিয়া: باضر আ.]।

বেদীন— দ্র. বে.।

বেদুইন, বেদুঈন, বেদুয়িন— বি. আরবের যাযাবর জাতিবিশেষ (ইহার চেয়ে হতেম যদি আরব বেদুয়িন— রবীন্দ্র)। [বদুব্‌বীন بدو وين আ.]।

বেদেরেগ— দ্র. বে.।

বেধড়ক— দ্র. বে.।

বেনামা— দ্র. বে.।

বেনামী— দ্র. বে.।

বেপছন্দ— দ্র. বে.।

বেপরদা— দ্র. বে.।

বেপর্দা— দ্র. বে.।

বেপরোয়া— দ্র. বে.।

বেফায়দা— দ্র. বে.।

বেবন্দোবস্ত— দ্র. বে.।

বেবহা— দ্র. বে.।

বেবাক— দ্র. বে।

বেবাহা— দ্র. বে.।

বেমক্কা— দ্র. বে.।

বেমওকা— দ্র. বে.।

বেমতলব— দ্র. বে.।

বেমনাসিব— দ্র. বে.।

বেমালুম— দ্র. বে.।

বেমেরামত— দ্র. বে.।

বেমার— দ্র. বিমার।

বেরাদার—১বি. ভাই, ভ্রাতা। ২বি. বন্ধু। ৩বি. জ্ঞাতি। [বিরাদর برادر ফা.]। **ভাই বেরাদর**—বি. জ্ঞাতিগোষ্ঠী।

বেল—বি. নকশাকাটা জালের ফিতা। [বেল بيل হি.]।

বেলচা— ১বি. লম্বা হাতলযুক্ত কোদাল বিশেষ, শাবল, Shovel, কোদালের মতো এক প্রকার খনন-যন্ত্র। ২বি. বালি, কয়লা ইত্যাদি তোলার যন্ত্র। [বেল্ بيل + চহ্ چه ...]।

বেলদার— ১বি. খনক, যারা কোদাল দিয়ে মাটি কেটে জীবিকা অর্জন করে। ২বি. যারা ঝাড় লণ্ঠন সাজায়। ৩বিণ. জরির বা সুতার জালি বিশিষ্ট। [بيل+ دار ফা.]।

বেলমুক্তা— দ্র. বেলমোক্তা।

বেলমোক্তা, বেলমুক্তা— ক্রি. বিণ. সর্বসমেত, মোটমাট, চুক্তিকৃত পূর্ণ মূল্যে। [বিল্‌মকৃত' بالمقطع আ.]।

বেলাল— ১বি. হযরত মুহম্মদ (সঃ) এর বিশ্বাসী ভক্ত, শিষ্য ও ইসলামের প্রথম মুয়াজ্জিন। ২বি. সিক্ত, ভেজা। [বিলাল بلال আ.]।

বেলেল্লা— বিণ. ধর্ম ও নীতিধারধারে নাযে, নির্লজ্জ, লম্পট, কাণ্ডজ্ঞানহীন, উচ্ছৃঙ্খল (মনুটা যেমন বাঁদর বেলেল্লা শোফিও তেমনি আফলাতুন কাহরা মেয়ে— নজরুল)। [بے ফা. + লিল্লাহ্ لله আ.]।

বেলেহাজ—দ্র. বে।

বেলোআরি, বেলোয়ারী— ১বিণ. উৎকৃষ্ট স্বচ্ছ কাঁচে প্রস্তুত (বেলোয়ারী চুড়ি টিনের সিঁদুর রঙিন খেলনা হাঁকিয়া হাঁকিয়া

চলে— জসীম)। ২বিণ. স্ফটিক। [বিল্‌লূরুন্ بلّورٌ আ.]।

বেশ— ১বিণ. ভাল, উত্তম, চমৎকার। ২বিণ. অনেক, খুব, যথেষ্ট (বেশ লিখেছ তো!)। [বেশ بیش ফা.]। **বেশ্‌কম**— বিণ. অল্পবিস্তর, অল্পাধিক (আর মিথ্যারও বেশ কম আছে— মনসুর)। [বেশ ও কম بیش وکم ফা.]।

বেশক, বেসক, বেশরম, বেসরম, বেশরা— দ্র. বে।

বেশি, বেশী—বিণ. প্রচুর, অনেক, অধিক। [বেশী بیشی ফা.]।

বেশুমার, বেসরম, বেসরকারী— দ্র. বে।

বেসাত— ১বি. পুঁজি। ২বি. ব্যবসা (হাসিখুশীর বেসাত ওরা করছে সারাক্ষণ— জসীম)। ৩বি. ব্যবসায়ের পণ্যদ্রব্য (রওয়ানা দিলেন আনতে ঘরে বাণিজ্যের বেসাত— ইজদানী)। ৪বি. দোকানদারী। [বিসাত্ بساط আ.]। **বেসাতি, বেসাতী**—১বি. ব্যবসায়, কেনাবেচা, দোকানদারী (মিছার বেসাতি করি/ভবের নদীতে ফিরিছে কতই ভাগ্যবানের তরী— জসীম)। ২বি. ক্রয়। ৩বি. বিক্রয়। ৪বি. পণ্য। [বিসাতী بساطی আ.]।

বেহদ, বেহদ্দ— দ্র. বে।

বেহাগ— বি. সঙ্গীতের রাগিণী বিশেষ। [بهاگ হি.]।

বেহায়া, বেহাল, বেহিসাব, বেহুদা, বেহুঁশ, বেহোঁশ— দ্র. বে।

বেহেস্ত, বেহেশত, বিহিশ্‌ত, ভেস্ত— ১বি. মৃত্যুর পর পুণ্যবানদের বাসস্থান। (বেহেশ্‌ত্ হইত ঝরে নাক' আর তাই রহমত—ক্ষমা করো, হযরত—নজরুল) ২বি. সর্ববিধ সুখের স্থান। [বিহিশ্‌ত্ بہشت ফা.]। **বেহেশ্‌তী**—বিণ. স্বর্গীয় (পাপে-তাপে পূর্ণ-আধাঁর দুনিয়া/হ'ল পুণ্য বেহেশ্‌তী নূরে উজালা—নজরুল)। [বিহিশ্‌তী بہشتی ফা.]।

বোঁচকা, বোচকা— বি. কাপড় দিয়ে বাঁধা পোটলা, গাঁটরি, মোট (একজনের পিঠে বোচকার মত বাঁধা একটা ছোট্ট ছেলে— জুলফিকার)। [বোক্‌চা بقچہ, বোগচা بغچہ তু.]। **বুঁচকি, বুচকি**— বি. ছোট বোঁচকা, পুটলী।

বোচকা— দ্র. **বোঁচকা**।

বোত, বোৎ— বি. প্রতিমা, মূর্তি। [বুত্ بت ফা.]। **বোতখানা**— প্রতিমাগার, যেস্থানে বহু মূর্তি আছে। [بتخانہ ফা.]। **বুৎপরস্ত**— বি. বিণ. মূর্তিপূজক। [بت پرست ফা.]। **বুৎপরস্তী**— বি. মূর্তিপূজা।

বোরকা, বোরখা— ১বি. মুসলিম মহিলা কর্তৃক ব্যবহৃত আপাদমস্তক আবরণ বস্ত্র। ২বি. ঘেরাটোপ (পাষাণ-কবর-বোরকা খোলো দেখব তোমায় সুন্দরী— সত্যেন্দ্র)। [বুর্‌কু' برقع আ.]।

বোরজ— বি. শীর্ষ, চূড়া, শৈলচূড়া (অন্যায়ের মুখে আল বোরজের মত শিলাদৃঢ় তার প্রতিরোধ— ফররুখ)। [আলবুরজ البرج আ.]। দ্র. বুরুজ।

বোরহান— বি. দলিল, প্রমাণ (ওযে বিশ্বের চির সাচ্চারই বোরহান— নজরুল)। [বুরহান برهان আ.]।

বোছা—দ্র. বুসা।

বোরা— ১বি. ছালা, বস্তা। ২বি. রশিনির্মিত ছোট থলি বিশেষ। [বুরা بورا হি.]।

বোরাক, বোর্‌রাক, বুররাক— বি. হযরত মুহম্মদ (সঃ) মে'রাজের রাতে যে বাহনে চড়ে আল্লাহর আরশে গিয়েছিলেন (সেবহ রসুলে অতি, বোরাক.বাহন গতি, জিব্রাইল যাহার যোগান— দৌলত; জমিন্-আস্‌মান জোড়া শির পাঁও তুলি তাজি বোর্‌রাক্— নজরুল)। [বুররাক্ براق আ.]।

ব্যাগার—দ্র. বেগার।

বোস্তান—দ্র. বুস্তান।

ব্যাজার—দ্র. বে।

ব্যাটা—দ্র. বেটা।

ব্যায়রাম, ব্যারাম—দ্র. বে।

[ভ]

ভইন, ভইনি— বি. বোন, ভগিনী। [বহিন بہن হি.]।

ভইষ, ভইস—বি. মহিষ। [ভঁইস্ بھینس হি.]।

ভর্‌তা, ভর্তা— বি. আলু, বেগুন, কচু ইত্যাদি আগুনে সেঁকে বা পুড়িয়ে কিংবা সিদ্ধ করে তেল-মসলা যোগে প্রস্তুত ব্যঞ্জন বিশেষ। [ভর্‌তা بھرتا হি.]।

ভর-পিয়ালা—বি. পরিপূর্ণ পানপাত্র, ভরপুর পেয়ালা (দেখছি আঁধর জীবন ভরি/ভর্-পিয়ালার লাল খোয়াব—নজরুল)। [ভর্ بھر হি.+পিয়ালহ্ پیالہ ফা.]।

ভরসা— বি. আস্থা, নির্ভর, অবলম্বন, আশ্রয়, সাহস। [ভরোসঃ بھروسہ হি.]।

ভাও, ভাউ— ১বি. অবস্থা, ভাব, হালচাল। ২বি. দর, দাম, মূল্য, হার। [বহা بہا. ফা.]।

ভাগা— ক্রি. চম্পট দেওয়া, পলায়ন করা, ভঙ্গ দেওয়া (হামজার দাহশতে কেঁপে ভাগিল দুষমন— হামজা)। [ভাগ্‌না بھاگنا হি.]।

ভাতিজা— বি. ভাইয়ের ছেলে, ভাইপো (গাড়ীতে ছিল ভাতিজা মামুন মিয়া— ইব্রাহিম)। [بھتیجا হি.]।

ভান—বি. অজুহাত; অছিলা, ছল। [বহানাঃ بہانہ ফা.]।

ভালাই— বি. কল্যাণ, মঙ্গল (ভালাই করিলে ভাল হয় আলবত— হামজা)। [بھلائی হি.]।

ভিশ্‌তি—দ্র. **ভিস্তি**।

ভিস্ত, ভেস্ত, ভেশ্‌ত— ১বি. বেহেশ্‌ত, স্বর্গ (অনন্তকাল ভিস্তে যায় যদি পড়ে মনস্তাপ করি— হেয়াত; ভেস্ত নাজেল করিও সকল মৃত্যু ব্যথিত প্রাণ—জসীম)। ২বি. সকল শান্তির মূল, নয়নমণি (দীনদুনিয়ার ভেস্ত আমার ঘুমায় কিসের ছলে—জসীম; দোজখে-ভেশ্‌তে ফুলে ও আগুনে ঢলাঢলি— নজরুল)। দ্র. **বেহেস্ত**। [বিহিশ্‌ত بہشت ফা.]।

ভিস্তি, ভিস্তী, ভিশ্‌তী— ১বি. মশক, পানি বহনের জন্য চামড়ার থলি বিশেষ। ২বি. মশকে ভরে যে পানি সরবরাহ করে, ভিস্তিওয়ালা। [বিহিশ্‌তী بہشتی ফা.]।

ভুক— দ্র. **ভুখ**।

ভুখ, ভুক— বি. ক্ষুধা। [ভূক بھوک হি.]।

ভুখা—বিণ. ক্ষুধার্ত, ক্ষুধিত (খোদার লাখ লাখ ভুখা মানুষ অন্নাভাবে শুকিয়ে মরছে—

নজরুল)। [ভূকা بھوکا হি.]।

ভূখারী—বি. ক্ষুধাতুর (ভূখারীর রোজা রমজান পরে/এল কি ঈদের নওরোজা—নজরুল)। [—+ আরী বাং.]।

ভুট্টা— বি. শস্য বিশেষ, মকাই। [ভুট্টা بھٹا হি.]।

ভেশ্‌ত—দ্র. **ভিস্ত**।

ভেস্ত—দ্র. **ভিস্তা**।

ভৈরোঁ, ভয়রোঁ—বি. সংগীতের রাগিণী বিশেষ (সানাইয়াঁ ভয়রোঁ বাজায়, নিদ-মহলায় জাগ্‌ল শাহ্‌জাদী—নজরুল)। [ভয়রোঁ بھیروں হি.]।

ভোদা—বি. জননেন্দ্রিয়, যোনি, স্ত্রীলিঙ্গ। [বোদ্‌আ' بضعہ আ.]

[ম]

মউজ, মওজ, মৌজ—১বি. আনন্দ, উল্লাস। ২বি. মহাসমারোহ। ৩বি.ঢেউ, তরঙ্গ (আকাশঘন কাল মেঘেরি মউজ—জাফর)। [মওজ موج আ.]।

মউত, মওত, মৌত—বি. মৃত্যু (তবে বুঝি মউত হত খুব সুখের—মুফাখ্‌খার) [মওত্ موت আ.]।

মউতাত—বি. মৌতাত।

মউলুদ— দ্র. **মিলাদ**।

মওকল, মোয়াক্কাল—বি. ভারপ্রাপ্ত, মিকাইল ফেরেশতা (পবন উপরে আছে মওকল যে সেই ফিরিস্তার তরে আজ্ঞা কৈল সে—হেয়াত)। [মুঅক্কল موکل আ.]।

মওকা—বি. উপযুক্ত সময়, সুযোগ (এই মওকায় কিছু রোজগারের ব্যবস্থা করবো নাকি—মনোজ)। [মওক্বা' موقع আ.]।

মওজ— দ্র. **মউজ**।

মওজুদ, মজুদ, মজুত, মৌজুদ—১বিণ. জমা, সঞ্চিত (মজুদ টাকা কে কোথায় কোন্ পথে নিয়া যায় তার আর সন্ধানই পাওয়া যায় না—মশাররফ)। ২বি. বিদ্যমান, বর্তমান। [মওজুদ موجود আ.]।

মওড়া—দ্র. **মহড়া**।

মওত—দ্র. **মউত**।

মওয়াজ্জমা—বিণ. সম্মানিত (হাজি সাহেব মক্কা মওয়াজ্জমা মদিনা মুনাওয়ারা—বহু পবিত্র স্থান দর্শন করিয়া আসিয়াছেন—ইমদাদ)। [মু'আয্‌যমঃ معظمہ আ.]।

মওয়াত—বি. মৃত্যু (আমার কপাল পুড়লেও আমি ওরকম হারামি মওয়াতকে প্রাণ থেকে ঘৃণা করি— নজরুল)। [মওত্ موت আ.]।

মওলবী—দ্র. **মৌলবী**।

মওলানা—দ্র. **মৌলানা**।

মওসুম—দ্র. **মৌসুম**।

মকতব— দ্র. **মক্তব**।

মকদুর—বি. শক্তি, ক্ষমতা (বেটার এত মকদুর—মাইকেল)। [মক্বদূর مقدور আ.]।

মকদ্দমা, মকর্দমা, মোকদ্দমা, মুকদ্দমা —১বি. মামলা, আদালতে অভিযোগ ও তার বিচার। ২বি. বিষয়, ব্যাপার (সাহেব বেঞ্চের উপর বসিয়া

কয়েকটা মারপিটের মকদ্দমা ফয়সালা করিলেন— টেকচাঁদ)। [মুক্বদ্দমঃ مقدّمه আ.]।

মকবরা, মকবেরা, মাকবেরা— বি. সমাধিভবন, কবর, গোর। [মক্বিরঃ مقبرة আ.]।

মকবুল—বিণ. আল্লাহ যা গ্রহণ করেছেন, গৃহীত (আল্লার দর্গায় তবে হইবে মকবুল—গরীব)। [মক্বুল مقبول আ.]।

মকবেরা—দ্র. **মকবরা**।

মকমল, মখমল—বি. কোমল স্থূল ও চিকন কাপড়। [মখ্‌মল مخمل আ.]।

মকররী—দ্র. **মোকররী**।

মকরুহ—১বিণ. গর্হিত, অশোভন। ২বিণ. ইসলাম ধর্মের বিধান মোতাবেক যা গর্হিত বা ঘৃণিত। [মক্‌রুহ্ مكروه আ.]।

মকর্দমা—দ্র. **মকদ্দমা**।

মক্‌শ—দ্র. **মক্স**।

মকসদ—দ্র. **মকসেদ**।

মকসূদ—১বি. উদ্দেশ্য, লক্ষ্য, মতলব। ২বি. অভিপ্রায়, ইচ্ছা (মনের মকসূদ হাসিল করেন—মঈন)। [মক্বসূদ مقصود আ.]।

মকসেদ, মকসদ—১বি. উদ্দেশ্য (মকসেদ হাসিল—আ.হা.)। ২বি. গন্তব্যস্থান। [মক্বসদ مقصد আ.]।

মকান—বি. বাড়ী, ঘর, আবাসস্থল [মকান مكان আ.]।

মকাম, মোকাম—১বি. গৃহ, স্থান, মহল (মুবারক মকামে রসুল করিমের মাজারে ইবাদত—এস. ওয়াজেদ)। ২বি. ঠিকানা। [মক্বাম مقام আ.]।

মকুব, মকুপ, মোকুব, মৌকুফ—১বি. অব্যাহতি, নিষ্কৃতি, রেহাই, মাফ (খাইখরচাও মওকুফ হয়ে যায়—মনোজ)। ২বিণ. স্থগিত, বরখাস্ত, মুলতবী। [মওকূ'ফ موقوف আ.]।

মক্কর—১বি. লীলা (পুথিতে যে কিছু নহে, সব কিছু আল্লার মক্কর—হামজা)। ২বি. ছলনা, ভান (এত মক্করও জান)। [মকর مكر আ.]।

মক্কা, মক্‌কা—বি. আরবদেশের অন্যতম প্রধান নগর এবং মুসলমানদের প্রধান তীর্থস্থান হযরত মুহম্মদ (সঃ) এর জন্ম স্থান, তার মধ্যে কা'বা শরীফ মুসলিম জগতের কিবলা, হজ্জের স্থান। [মক্কঃ مكه আ.]।

মক্কেল—বি. মামলা-মোকদ্দমার ব্যাপারে উকিলের সাহায্য গ্রহণকারী (মামলার মক্কেলের জন্য ভাল করার সম্ভাবনা—মু.শ.)। [মুওয়াক্কিল্ موكل আ.]।

মক্তব, মক্‌তব—বি. মুসলমান বালক-বালিকাদের প্রাথমিক বিদ্যালয় বা বিদ্যালয়-গৃহ (চৌবাড়ী ও পাঠশালা ও মক্তব—রামরাম)। [মক্তব مكتب আ.]।

মক্স, মক্‌শ, মশ্‌ক—বি. অভ্যাস, অনুশীলন (ঘরে ঘরে, নিশিরাতে বক্তৃতার মক্স চলেছে—মনোজ)। [মশ্‌ক্ব مشق আ.]। **মক্‌স করা**—ক্রি. অনুশীলন করা। হাতের লেখা অভ্যাস করা।

মখদম, মখদুম—বি. শিক্ষক, সম্মানার্হ ব্যক্তি। [মখদূম مخدوم আ.]।

মখমল—দ্র. **মকমল**।

মখলূক—বি. সৃষ্ট জগত (মখলুকের খিদমতে দেয় তার সর্বস্ব বিলিয়ে—ফররুখ)। [মখ্‌লূক্ব مخلوق আ.] **মখলুকাত**—বি. সমুদয়, সৃষ্ট জগত (উমর স্মৃতির আতশী

বেদনা মখলুকাতের ভিড়ে— ফররুখ)। [মখলূক্বাত্ مخلوقات আ.]।

মগজ—১বি. মস্তিষ্ক, brain (মগজে গজিয়ে উঠে আক্কেল—রবীন্দ্র)। ২বি. সারবস্তু, মজ্জা, শাঁস (মল্লিকা ফুল হাসছে হরি হাওয়ার মগজ-মন—সত্যেন্দ্র)। [মগয্ مغز ফা.]

মগজি—বি. বালাপোষ, জামা প্রভৃতির সেলাই-করা প্রান্তদেশ বা ধার। [মগ্যী مغزی ফা.]।

মগরব, মগরেব—১বি. সূর্যাস্তের স্থান বা কাল (মগরেব বেলা ডাকিলি যখন শান্তি নেমেছে সারাটি প্রাণে—মোহিত)। ২বি. সান্ধ্য নামাজ (পড়ব মগরেবের নামাজ কবে খানায়ে-কাবায়— নজরুল)। [মগ্‌রিব مغرب আ.]।

মগরুর—বিণ. আত্মম্ভরী, অহংকারী। [মগ্‌রূর مغرور আ.]।

মগরেব—দ্র. **মগরব**।

মচ্ছর—বি. মশা, মশক, দংশনকারী। [মচ্ছর मच्छर হি.]।

মছনদ—দ্র. **মসনদ**।

মছলত—১বি. তাৎপর্য, প্রকৃত অর্থ, সৎপরামর্শ। ২বি. পরামর্শ, আলোচনা (আজিজ মছলত করে জোলেখার সাথে—গরীব)। [মস্‌লহত্ مصلحت আ.]।

মছলন্দ—দ্র. **মসলন্দ**।

মছলা—বি. সমস্যা, প্রশ্ন, সমস্যাসম্পর্কিত, শাস্ত্রীয় বিধান, ধর্মীয় আদেশ নিষেধ। [মস'অলঃ مسئلہ আ.]।

মছলি—বি. মাছ, মৎস্য। [মছ্‌লী मछली হি.]।

মজকুর—বি. লিখিত বা উল্লেখিত বিবরণ। [মযকূর مذکور আ.]।

মজদুর—দ্র. **মজুর**।

মজনুঁ, মজনুন—১বিণ. পাগল, বিবাগী (মজনুন্ হয়ে এসেছি এখানে প্রণয়ের দুরাশায়—আহসান; কয়েস যেমন লায়লি লাগি' লাভিল মজনুঁ খেতাব— নজরুল)। ২বি. বিশ্ববিখ্যাত প্রেমিক যিনি লাইলীর প্রেমে পাগল হয়েছিলেন (লায়লি তোমার এসেছে ফিরিয়া মজনুঁ গো আঁখি খোল— নজরুল)। [মজনূন مجنون আ.]

মজবুত, মজবুদ—১বিণ. দৃঢ়, শক্ত। ২বিণ. পাকা, পটু। ৩বিণ. দক্ষ। [মযবুত مضبوط আ.]। **মজবুতি**—বি. শক্তি, দৃঢ়তা।

মজযুব, মজুব—বিণ. ঐশী প্রেমে বেহুস, আকৃষ্ট। [মজ্‌যূব مجذوب আ.]।

মজলিশ, মজলিশি—দ্র. **মজলিস**।

মজলিস, মজলিশ—১বি. আসর বৈঠক, সভা। ২বি. সমিতি, সংঘ। [মজলিস مجلس আ.]। **মজলিসি, মজলিশি**—বিণ. মজলিস সম্বন্ধীয়। [—— আ. + ی (ঈ) ফা.]।

মজলুম—১বিণ. অত্যাচারিত, উৎপীড়িত (খালেদ! খালেদ! মাজার আঁকড়ি, কাঁদিতেছে মজলুম—নজরুল)। ২বি. অত্যাচারিত ব্যক্তি, লাঞ্ছিত জন (জাগে গৃহহীন / জাগে পরাধীন, জাগে মজলুম বদ্-নসীব— নজরুল)। [মযলূম্ مظلوم আ.]।

মজহব, মযহব—দ্র. **মজহাব**।

মজহাব, মজহব, মযহব, মযহাব, মাজহাব—বি. ধর্মীয় পথ, ধর্মীয় সম্প্রদায়, সংঘ, দল (চার এমামের চার মযহাব— মনসুর)। [মযহব مذهب আ.]।

মজহাবী —বিণ. মযহাব সংক্রান্ত। [মযহবী مذهبی আ.]।

মজা—১বি. স্বাদ। ২বি. আনন্দ, আরাম, কৌতুক, তামাশা, রংগ, রগড় (এর মধ্যে একটা মজা হয়ে গেছে— নজরুল)। ৩বি. ঠাট্টা, উপহাস, কৌতুককর বা আনন্দজনক ব্যাপার (ভাবছিলাম আমি যদি ঐ চাঁদের দেশে এক নিমিষে উড়ে যেতে পারতুম, তা হলে কি মজাই না হত!— নজরুল)। [মযহ্ مزہ ফা.]। **মজাদার**—১বিণ. সুস্বাদু। ২বি. **কৌতুকাবহ**, আমোদপ্রদ।

মজাক— বি. ঠাট্টা, রসিকতা। [মযাক্ব مزاق আ.]। **মজাকিয়া**— বি. রসিক লোক, কৌতুকী লোক। [মযাক্বিয়াঃ مزاقیہ আ.]।

মজুত, মজুদ—দ্র. **মওজুদ**।

মজুব— দ্র. **মজুব**।

মজুমদার, মজুন্দার—১বি. প্রত্যেক জেলার রাজস্বের হিসাব পরীক্ষক। ২বি. নথীপত্র রক্ষক। ৩বি. কুল-পদবী বিশেষ। [মজমূআঃ مجموعہ আ.+দার دار ফা.]।

মজুর, মজদুর—বি. শারীরিক পরিশ্রম দ্বারা জীবিকার্জন করে যে ব্যক্তি, শ্রমিক (শ্রমজীবী মেহনতী মজদুর—ফররুখ)। [মযদূর مزدور ফা.]।

মজুরি, মজুরী—১বি. পারিশ্রমিক (উচিত মজুরী দিতে কর অনুমতি—বড়ুচণ্ডী)। ২বি. মজুরের কাজ বা শ্রমিকের কাজ (মজুর তোমার মজুরী করিয়া নজরানা কত পায় —নজরুল)। [মযদূরী مزدوری ফা.]।

মঞ্জিল, মনজিল—১বি. প্রাসাদ, বাসভবন। ২বি. অবতরণ-স্থান, পান্থনিবাস, সরাইখানা ('নজ্জুম' সব বলছে সবাই, আসবে সেজন এ মঞ্জিল্— নজরুল)। ৩বি. গন্তব্যস্থান, লক্ষ্যস্থল। (মুসাফিরখানা ভুলায়ে আনিলে কোন্ এই মঞ্জিলে?— নজরুল)। ৪বি. সমাধি, কবর। [মন্যিল منزل আ.]।

মঞ্জুর— বি. অনুমোদিত, গৃহীত (কখন মঞ্জুর হবে, প্রভু, এই ব্যথিতের আর্জি পেশ্ — নজরুল)। [মন্যূর منظور আ.]। **মঞ্জুরি**— বি. অনুমতি, অনুমোদন (কয়েকটি পরগনার মঞ্জুরি লাভ করিলেন—কাদের)। [মন্যূরী منظوری আ.]।

মতলব, মৎলব—১বি. অভিপ্রায়, অভিসন্ধি, উদ্দেশ্য (দেলের মতলব কহ— হামজা; মৎলব ছাড়া দুনিয়ার কে কি করিয়া থাকে—শিরাজী)। ২বি. ফন্দি, কৌশল, কার্যসিদ্ধির উপায় (মতলব আঁটা, গোপন মৎলব—রবীন্দ্র)। [মত্লব্ مطلب আ.]। **মত্লববাজ, মতলবী** — বিণ. ফন্দিবাজ, কৌশলী, স্বার্থপর (তাঁহার মতলববাজ সহচরবৃন্দ—মুস্তাফিজ)। **মতলব হাসিল** —বি. স্বার্থসিদ্ধি। [— + حاصل আ.]।

মৎএজ্জম—বি. মুতরজিম, যে তর্জমা করে, অনুবাদক (আমি যখন তরজমা করি তিনচারখান ডিক্সনারী নেই আর একটা কথা মৎএজ্জমকে জিজ্ঞাসা করি— দীনবন্ধু)। [মুতরজ্জিম্ مترجّم আ.]।

মৎফরেক্কা—দ্র. **মুতফরাক্কা**।

মদত, মদৎ, মদদ—১বি. সাহায্য। ২বি. সহযোগিতা (সংসারের গাজীগণ মদত যে চায়—হেয়াত; মদদ মাগেন দীনের নবী— ইজদানী)। [মদদ্ مدد আ.] **মদদগার**— বিণ. সাহায্যকরী, সহায়তাকারক (একা মর্দ যায় ময়দান করতে ফতে ইয়ার

মদদগার কেউ নাই সাতে—অবনীন্দ্র)। [—+গার گار ফা.]। **মদদগারি**— বি. সাহায্যদান, সহায়তা করণ। [— + গারী گاری ফা.]। **মদদমা'শ, মদদ-ই-মাশ**—বি. ধর্ম ও জ্ঞানপ্রচারে নিযুক্ত পীর, ফকীর ও আলিমদের ভরণপোষণের জন্য বাদশাহী আমলে নিষ্কর বা অল্প করে প্রদত্ত জমি (সম্ভ্রান্ত মুসলমানদেরকে মদদ-ই-মাশ ও জায়গির মঞ্জুর করেন—আ.কা.)। [মদদ্ ম'আশ مدد معاش আ.]।

মদিনা মনোয়ারা—বি. আলোকিত মদিনা, আরবদেশের অন্যতম প্রধান নগর এবং বিশ্ব-মুসলিমের তীর্থস্থান, হযরত মুহম্মদ (সঃ) মক্কা থেকে হিজরত ক'রে এখানে আসেন এবং তাঁর সমাধিও এখানে অবস্থিত (সেখানে থেকে যাবে পূণ্যভূমি মদিনা মনোয়ারায়— এস. ওয়াজেদ)। [মদীনঃ মুনব্বরঃ مدينه منوره আ.]।

মদ্দ— দ্র. **মর্দ**।

মনকির নকীর—বি. দুই ফেরেশতা যাঁরা মৃত ব্যক্তিদের কবরের মধ্যে তাদের ধর্মবিশ্বাস ও কার্যাদি সম্বন্ধে জিজ্ঞাসা করেন। [মুনকির منكر আ.+নকীর نكير আ.]।

মনক্কা, মুনাক্কা— বি. কিসমিস অপেক্ষা বড় শুষ্ক আঙুর বিশেষ। [মুনক্কা منقّى আ.]।

মনজুর—দ্র. **মঞ্জুর**।

মনসব— বি. উচ্চ রাজপদ। [মন্সব্ منصب আ.]। **মনসবদার**— বি. জায়গীরপ্রাপ্ত সেনাপতির উপাধি বিশেষ (আপনি দশহাজারী মনসবদার—আ. উ.)। [—দার دار ফা.]।

মনসুবা—বি. অভিপ্রায়, মতলব। [মন্সূবঃ منصوبه আ.]।

মনহুস—বি. অশুভ, অমঙ্গলজনক, মন্দ, অভিশপ্ত, হতভাগ্য (মনহুস রাত—ফররুখ)। [মন্হুস منحوس আ.]।

মনাছিব, মুনাছিব—দ্র. **মুনাসিব**।

মনাসিব—দ্র. **মুনাসিব**।

মনিব, মুনিব—বি. প্রভু, নায়েব নিযুক্তকারী। [মুনীব منيب আ.]।

মফতখোর—বি. বিনামূল্যে অভ্যস্ত ব্যক্তি (মফতখোর সঙ্গী মেলা ত এদেশে কঠিন কিছু নয়—শওকত)। [মুফ্ত্ مفت ফা. + খোর خور ফা.]।

মফস্বল, মফঃস্বল—১বি. রাজধানী বা নগরের বহির্ভূত স্থান, গ্রামাঞ্চল। ২বি. কাপড়ের পাড় বা জমির নক্সার বিপরীত দিকে (কাপড়ের সদর মফঃস্বল)। [মুফস্সল مفصّل আ.]।

মফিদ—বিণ. উপকারী, যাতে ফায়দা আছে এমন (সেই গরীব এতিম মিস্কিনে দে যা কিছু মফিদ—নজরুল)। [মুফীদ مفيد আ.]।

মফেল, মহ্ফেল, মহ্ফিল, ম'ফিল—বি. আসর, মহফিল (মলুদের মফিল ছেড়ে উঠল তেড়ে যতেক মুসলমান—জসীম; হেরেম-বাঁদীরা দেরেম ফেলিয়া মাগিছে দিল্ / নওরোজের নও-ম'ফিল—নজরুল; তোমাদের মহফিলে আমি সেই মুকুলেরে চাই— নজরুল)। [মহফিল محفل আ.]।

মবলগ—বি. নগদ, মোট, থোক, একত্র (মবলগ পাঁচশ টাকা)। [মব্লগ্ مبلغ আ.]।

মমিন—দ্র. **মোমিন**।

ময়দা—বি. গমের মিহি গুঁড়া (আটা অপেক্ষা পরিষ্কৃত)। [ময়দঃ ميدہ ফা.]।

ময়দান—বি. মাঠ, প্রান্তর (তোমার নামের মাহাত্ম্য প্রচার হয় ময়দানে-মস্‌জেদে—রশীদ)। [ময়দান ميدان আ.]।

ময়না, মায়না—বিণ. চাক্ষুষ, পরিদর্শন ও অনুসন্ধান সহকারে কৃত—প্রধানত অপমৃত্যু সম্বন্ধে। [মু'আয়নঃ معائنه আ.]। **ময়না তদন্ত**—বি. আকস্মিক দুর্ঘটনা জনিত মৃত্যু বা খুনের পর শব ব্যবচ্ছেদ দ্বারা পরীক্ষা।

ময় মুরুব্বি— বি. অভিভাবক, গুরুজন, সহায়ক, রক্ষক (ওজনভারী ময় মুরুব্বি ওজনভারী রাত— ইজদানী)। [ময়'মুরব্বি مع مربی ফা.]।

মযহাব—দ্র. **মজহাব**।

মরকুমা—বিণ. লিখিত, উল্লিখিত। [মরকূ'মঃ مرقومہ আ.]

মরচে— দ্র. **মরিচা**।

মরজান—বি. বৃহদাকার মোতি (আমার মাথায় তাজ দেখেছিলি দূর মরজান মোতি বাহার—মোহিত)। [মরজান مرجان আ.]।

মরজি, মর্জি—বি. ইচ্ছা, খেয়াল, খুশি (এক্ষণে তাহার যেমন মর্জি হয়—বিদ্যা)। [মর্‌যী مرضی আ.]

মরতবা, মর্তবা—১বি. গুণ। ২বি. পদ, মর্যাদা, ধাপ (বাদশা বাইচ্যা থাকতে হাজীবাবার মাজারের মরতবা নষ্ট করে কোন ব্যাডা? —ইসহাক)। ৩বি. শ্রেষ্ঠত্ব [মরতবঃ مرتبہ আ.]।

মরদ—১বি. পুরুষ, পুরুষোচিত গুণে ভূষিত ব্যক্তি, শক্তিশালী বা বীর পুরুষ (এমন জোয়ান মরদ—শামসুদ্দীন)। ২বি. যুবক। ৩বি. স্বামী। [মরদ্ مرد ফা.]। **মরদামি**—বি. পুরুষের গুণ, পুরুষোচিত সাহস (সাবাস হিম্মত তেরা সাবাস মরদামি—হামজা) [মরদুমী مردمی ফা.]। **মরদান**—বি. (বহু.) বীরপুরুষগণ (খোদায় রাখিল নাম সাহে মরদান, ত্রিভুবনে বীর নাহি আলীর সমান—হেয়াত)। [মরদান مردان ফা.]।

মরশুম—দ্র. **মৌসুম**।

মরসিয়া, মর্সিয়া—বি. মৃত্যু উপলক্ষে রচিত শোকসূচক গান (ত্যাগ চাই, মর্সিয়া ক্রন্দন চাহিনা—নজরুল)। ২বি. মোহররমের শোকগান। [মর্সিয়া, মর্ছিয়া مرثیہ আ.]।

মরসুম—দ্র. **মৌসুম**।

মরহুম—বিণ. মৃত, স্বর্গীয়, লোকান্তরিত, অনুগৃহীত (মরহুম আবদুল করিম সাহিত্য বিশারদ—আনিস)। [মরহূম مرحوم আ.]।

মরহাবা, মারহাবা, মার্হাবা—অব্য. প্রশংসাসূচক উক্তি, শাবাশ, খুশ আমদেদ ইত্যাদি (মারহাবা আফরীন শাবাশ বলে উচ্চ কণ্ঠে কবির তারিফ করছে—মুজতবা)। [মর্‌হবা مرحبا আ.]।

মরিচা/মরচে/মর্চে—বি. লৌহমল, জং (মরিচা ধরা, মরিচা পড়া; প্রাণশক্তির অভাব ঘটে বলে তাতে জীবনে মর্চে পড়ে—মোতাহের)। [মূরচহ্ مورچہ ফা.]।

মরুয়ত—বি. মনুষ্যত্ব, মানবোচিত ব্যবহার (টাকাই তোমাদের ধর্মকর্ম, টাকাই তোমরা চেন, খাতির মরুয়ৎ ত নাই—মশাররফ)। [মুরুব্‌বত্ مروت আ.]।

মর্চে—দ্র. **মরিচা**।

মর্জি—দ্র. **মরজী**।

মর্তবা—দ্র. **মরতবা**।

মর্তুজা—দ্র. **মুর্তজা**।

মর্দ/মদ্দ—১বি. মরদ, পুরুষ (আর / মেয়েরা ওদের মদ্দের সাথে / রাজপথে করে গলাগলি— নজরুল)। ২বি. জোয়ানলোক, যুবক। ৩বি. স্বামী (মর্দ-বউ দুইজনেই সমান)। ৪ বিণ. বীরপুরুষ, সাহসী (এইত মর্দ মানুষের কথা)। [মর্‌দ্ مرد ফা.]। **মর্দানা**—১বি. পুরুষ। ২বিণ. পুরুষোচিত, পুরুষের মত। **মর্দামি, মর্দ্দামি, মর্দমী**—১বি. পুরুষোচিত ভাব। ২বি. পুরুষত্ব, পৌরুষ, শৌর্য, বীরত্ব, বাহাদুরি। [মর্‌দ্‌মী مردمی ফা. অথবা মর্‌দ্ مرد ফা. + আমি বাং.]।

মর্শুম—দ্র. মৌসুম।

মর্সিয়া—দ্র. **মরসিয়া**।

মলকুল মওত—দ্র. **মালিকুল মউত**।

মলম—বি. প্রলেপ. লেপিয়া প্রয়োগ করার ওষুধ বিশেষ। [মরহম্ مرهم আ.]।

মলমল—বি. মসলিন কাপড়, মিহি সূতার কাপড় বিশেষ (ভাঁজ কর' মলমলের পাগড়ি—পরশু)। [মলমল ململ ফা.]

মলিদা—বি. পালিশ করা পাতলা ও নরম পশমী শীতবস্ত্র বিশেষ (মলিদা রং মেঘের মায়া—সত্যেন্দ্র)। [মালীদঃ مالیدہ ফা.]।

মলুদশরীফ—বি. মৌলুদ শরীফ, হযরতের জন্মবৃত্তান্ত পাঠ সূচক অনুষ্ঠান (আজকে হবে মলুদ শরীফ কাজীর গাঁয়ে মোল্লাবাড়ী—জসীম)। [মওলূদ শরীফ مولود شریف আ.]।

মশ্‌ক, মশ্‌ক্‌—বি. পানি বহন করার চামড়ার থলি, ভিস্তি (এক মস্ক জল ভরি আনিল সত্বর—হেয়াত)। [মশ্‌ক مشک ফা.]।

মশকারা, মসকারা, মস্কারা—বি. পরিহাস, ঠাট্টা, তামাসা (আপনি মশকরা কচ্ছেন —মুফাখ্‌খার; খালেদের মস্কারায় কোন সাধ নাই— ওয়ালি)। [মস্‌খরহ্ مسخرہ আ.]। **মশ্‌কারী, মস্কারী**—বি. ভাঁড়ামি, উপহাস। [মস্ খরহ্ مسخرہ আ.]।

মশগুল, মসগুল—বিণ. মগ্ন, আবিষ্ট, বিভোর, বিহ্বল (সাধনাতেই মশগুল—এস. ওয়াজেদ; আমি শুধু চাই মশগুল হাওয়া—সত্যেন্দ্র)। [মশগুল مشغول আ.]।

মশলা, মশল্লা—দ্র. **মসলা**।

মশহুর—বিণ. বিখ্যাত (হাদিস-কোরান কাবিলিয়াতের জন্য তিনি মশহুর—মনসুর)। [মশহুর مشهور আ.]।

মশাল, মসাল—বি. দীর্ঘ স্থূল বর্তিকা, ছোট লাঠির মাথায় জড়ানো তেল মাখানো নেকড়া ইত্যাদির মোটা বাতি। [মশ্'আল مشعل আ.]। **মশালচী**—বি.মশাল-বহনকারী, ওরকম বর্তিকাবাহক। [— + চী چی তু.]। **মশালদার**—বি. মশালবহনকারী। [— +দার دار ফা.]।

মসকারা—দ্র. **মশকারা**।

মসগুল—দ্র. **মশগুল**।

মসজিদ, মসজেদ—বি. মুসলিমদের উপাসনালয়। [মস্‌জিদ مسجد আ.]।

মসনদ, মছনদ—বি. রাজসিংহাসন, রাজাসন (সরফরাজকে হত্যা করে মসনদ আধিকার করলেন—আনিস)। [মসনদ مسند আ.]। **মসনদী**—১বিণ. মসনদ সংক্রান্ত। ২বিণ. সরকারী, রাজকীয়। [মস্‌নদ مسند আ. +ی (ঈ) ফা.]।

মসনবী—১বি. প্রতি দুই লাইনে মিলযুক্ত ছন্দ বিশেষ, দ্বিপদী কবিতা, ঐ ছন্দে রচিত পুস্তক। ২বি. মৌলানা জালালুদ্দীন রুমী রচিত গ্রন্থ (হাত নেড়ে সুর করিয়া মসনবির বয়েৎ পড়িতেছেন— টেকচাঁদ)। [মছ্নবী مثنوی ফা. উচ্চারণ 'মস্নবী']।

মসমা— বি. ছাড়, নিষ্কৃতি (আমার খাজনা মসমা দাও— আলাল)। [মুসামহত্ مسامحت আ.]।

মসরুফ—বিণ. ব্যস্ত, নিয়োজিত, ব্যতিব্যস্ত (দুনিয়ার ফেকেরে মসরুফ আছি— মনসুর)। [مصروف আ.]।

মসলত—১বি. উপদেশ, পরামর্শ (এনার মসলতে কাম করলে মোদের দফা রফা হইত— টেকচাঁদ)। ২বি. চিন্তা। [মস্লহত্ مصلحت আ.]।

মসলন্দ, মছলন্দ—১বি. উৎকৃষ্ট শ্রেণীর মাদুর বিশেষ (সেই মছলন্দের পরে হাতেম যাইয়া বসিল—হামজা)। ২বি. কারুকার্য মণ্ডিত মোটা অথচ নরম কম্বল বিশেষ (ঘরের মাঝখানে মছলন্দ শয্যার উপর রাজা বসিয়া আছেন—রবীন্দ্র)। [মস্নদ +মুসল্লা مسند + مصلّا আ.]। **মছলন্দী**—বিণ. মছলন্দপাতা, রাজকীয়, জাঁকজমকপূর্ণ (বাবুকে নিয়মিত সিংহাসন-রূপ মছলন্দী মসনদে বসাইলে পরে— ভবানী)। [— + ঈ. বাং.]।

মসলা, মসল্লা, মশলা, মশল্লা— ১বি. ব্যঞ্জনাদি মুখরোচক করবার জন্য ব্যবহৃত উপকরণ (রান্নার মশলা, পানের মশলা)। ২বি. সাধারণ উপকরণ (ইটের মসলা)। [মসালিহ্ مصالح আ.]।

মসলিন—বি. অতি কোমল ও সূক্ষ্ম কার্পাস ও বিশেষ, মলমল। [মওসিলী موصلی আ.]।

মসল্লা—দ্র. মসলা।

মসাল— দ্র. মশাল।

মসায়েল—১বি. সমস্যা, প্রশ্ন। ২বি. প্রশ্নের উত্তর, বিধান। ৩বি. ধর্মীয় বিধান [মসাইল مسائل আ.]।

মসিবত—দ্র. মুসীবত।

মসীহ—বি. হযরত ঈসা (আ.) (আসিল কিরে এতদিনে সেই মসীহ্ মহামানব— নজরুল)। [মসীহ্ مسیح আ.]।

মসুম—দ্র. মৌসুম।

মসেহ, মুসেহ, মোছে—ক্রি. বিণ. স্পর্শকরণ, মাথা মোছা। [মসহ্ مسح আ.]।

মস্ক$_১$—দ্র. মশক।

মস্ক$_২$—বি. মৃগনাভি, কস্তুরি (আর মস্ক ও মুসব্বর মেশান ইরানী তামাকের খোসবয়— কালিসিং)। [মুশ্ক্, মিশ্ক্ مشک ফা.]।

মস্ত, মস্তা—১বিণ. অতিবৃহৎ, বড়, বিশাল। ২বিণ. মাতাল, মোহান্ধ, মত্ত। [মস্ত্ مست ফা.]।

মস্তাহাব, মুস্তাহাব, মোস্তাহাব— বিণ. পছন্দনীয়, উত্তম (প্রতি অঙ্গ ডাইন হইতে সবধোয় কন্ধ মোছে করে তারে মোস্তাহাব কয়— হেয়াত)। [মুস্তাহাব مستحب আ.]।

মস্তান—বি., বিণ. মত্ত, উন্মত্ত, দেওয়ানা (তার লেখা গজল পড়ে তামাম দেশ মস্তান হয়ে উঠল—মুফাখ্খার)। [মস্ত مست +আন ان ফা.]।

মহক—বি. সুগন্ধ (ফুলের খোশবুই ছোটে মগজে মহক উঠে, ভ্রমরা আকুলতার বাসে—হামজা)। [মহক্ مہک হি.]।

মহকুমা—১বি. জেলার অংশ। ২বি. বিচারালয়। [মহ্কমঃ محكمه আ.]।

মহড়া, মোহরা, মওড়া—১বি. প্রদর্শন (ছবি মেলার মহড়া চলছে)। ২বি. অনুশীলন, অভ্যাস (যৌথ বিমান মহড়া হচ্ছে)। ৩বি. নাটকে অভিনয়ের প্রস্তুতি, মহলা। [মুহাবিরহ্ محاورہ আ. অথবা মহারত مہارت আ.]।

মহফিল— দ্র. **মফেল**।

মহফেল— দ্র. **মফেল**।

মহব্বত—বি. প্রেম, প্রীতি, স্নেহ, ভালবাসা, বন্ধুত্ব। [মহব্বত محبّت আ.]।

মহম্মদ, মোহাম্মদ, মুহম্মদ, মোহম্মদ—বি. ইসলাম ধর্মের প্রবর্তক হযরত মুহম্মদ (সঃ) (আদম দাউদ ঈসা মূসা ইব্রাহিম মোহাম্মদ— নজরুল)। ২বি. হযরত মুহম্মদ (সঃ)-এর ভক্তি শ্রদ্ধাবশত সাধারণত মুসলমানদের নামের পূর্বে ব্যবহৃত হয়। [মুহম্মদ محمد আ.]।

মহরত, মহরৎ, মোহরত—১বি. নতুন আরম্ভ, পত্তন, সূত্রপাত, প্রস্তুতি। ২বি. উদ্বোধন, কার্যারম্ভ, অভ্যাস। ৩বি. নৈপুণ্য, দক্ষতা। [মহারত্ مہارت আ.]।

মহরম, মোহর্‌রম, মোহারম—বি. আরবী চান্দ্রমাসের প্রথম মাস। হযরতের দৌহিত্র ইমাম হোসেন কারবালা প্রান্তরে নিহত হন এই মাসের দশ তারিখে—সেই স্মৃতি উদযাপনমূলক পর্ব (কত মোহর্‌রম এলো, গেল চলে বহু কাল— নজরুল)। [মুহর্‌রম محرّم আ.]।

মহরুম, মাহরুম— বিণ. বঞ্চিত, বিরহিত। [মহ্‌রূম محروم আ.]।

মহল—১বি. গৃহ, ভবন, বাড়ীর অংশ (অন্দর মহল)। ২বি. ভূসম্পত্তির অংশ, তালুক (খাসমহল)। মহল্ল محلّ আ.]

মহলা—বিণ. মহলবিশিষ্ট। [মহল্ল محلّ আ.+আ.]।

মহল্লা—বি. নগরের অংশ, পল্লী অঞ্চল, পাড়া। [মহল্‌লঃ محلہ আ.]।

মহাফা— দ্র. **মাহাফা**।

মহুরী—দ্র. **মুহরি**।

মাইনদার, মাইন্দার—১বি. মাসিক বেতনভুক্ত ভৃত্য। ২বি. যে ভৃত্য মাসে মাসে বেতন পায়। [মাহিয়ানঃদার ماہیانہ دار ফা.]।

মাইনে— দ্র. **মাহিনা**।

মাইয়াত, মাইয়েত—বিণ. মৃত ব্যক্তি (কেউ মাইয়াতের গোছলের ব্যবস্থা করে— ইব্রাহিম)। [মাইয়্যিত্ ميّت আ.]।

মাওলা—বি. প্রভু, কর্তা। [মওলা مولیٰ আ.]।

মাকবেরা—দ্র. **মকবরা**।

মাকু—বি. তাঁত-বোনার কাজে ব্যবহৃত যন্ত্র বিশেষ, Weavers shuttle (প্রাণ করে আঁকু পাঁকু / কোথায় গেলে পাই তামাকু / পেটে যেন চলে মাকু— নজরুল)। [মাকু ماکو ফা.]।

মাকুল—বিণ. যথার্থ, ন্যায্য, ন্যায়সঙ্গত, উপযুক্ত (মোরে কেন করিবে কবুল। আমা হৈতে জৈগুন মাকুল—হামজা)। [মা'কু'ল معقول আ.]।

মাগফেরাত, মাগফিরাত—বি. ক্ষমা, মার্জনা (এই প্রেমময়ী রমণী আল্লার কাছে সিরাজের মাগফেরাতের জন্য মুনাজাত করতেন— মুর্তজা)। [মগ্‌ফিরত্ مغفرت আ.]।

মাগা— ক্রি. যাচ্‌না করা, চাওয়া (পানের বদলে মুন্না মাগিছে পান্না-হার— নজরুল)। [মাঙ্‌না مانگنا হি.]।

মাজরা—দ্র. **মাজেরা**।

মাজহাব—দ্র. **মজহাব**।

মাজার, মাযার—বি. গুরুস্থানীয় সম্মানিত ব্যক্তির সমাধিস্থান, কবর (রসুলে আকরমের মাজার—মুস্তাফিজ; কাঁদব মাজার শরিফ ধরে, শুনব সেথায় কান পাতি' —নজরুল)। [মযার مزار আ.]।

মা'জিয়া—দ্র. **মো'জেজা**।

মাজুন—বি. হেকিমী ওষুধ বিশেষ, উত্তেজক ওষুধ। [মা'জুন معجون আ.]।

মাজুর—বিণ. অক্ষম, অসহায়। [ম'যূর معذور আ.]।

মাজুল—বিণ. কর্মচ্যুত, বরখাস্ত। [ম'যূল معزول আ.]।

মাজেজা—দ্র. **মো'জেজা**।

মাজেরা, মাজরা—বি. ঘটনা, ব্যাপার, বস্তু (খোদারে দে প্রাণের প্রিয়, শোন এ ঈদের মাজেরা—নজরুল)। [মাজ্‌রা ماجرا আ.]।

মাতব্বর/মাতবর—১বি. বিণ. সর্দার, প্রধান ব্যক্তি, গণ্যমান্য ব্যক্তি। ২বিণ. বয়োবৃদ্ধ, মুরুব্বী, elder। [মু'তবর معتبر আ.]।

মাতম—১বি. শোক (আজ তারা সবে করিছে মাতম আমার বাণীর মাঝে— নজরুল)। ২বি. মুহর্‌রমের সময় বুক চাপড়িয়ে যে শোক করা হয়। [মাতম ماتم আ.]।

মাতাল, মাত্‌লা—১বিণ. মদ্যপান জনিত মত্ততাযুক্ত, সুরাসক্ত। ২বিণ. আত্মহারা, বিভোর। [মত্ত্তয়ালা متوالا হি.]।

মাতোয়ারা, মাতোয়ালা— ১বিণ. মাতাল, পানোন্মত্ত। ২বিণ. আত্মহারা, বিভোর (সেই ফুলেরই খোশ্‌বুতে আজ দুনিয়া মাতোয়ালা— নজরুল)। [মত্ওয়ালা متوالا হি.]।

মাতোয়ালী, মাতোয়ালি, মুতওল্লী—বি. মুসলমানদিগের ধর্মার্থে বা লোকসেবার্থে প্রদত্ত সম্পত্তির তত্ত্বাবধায়ক, অছি, অভিভাবক, জিম্মাদার। [মুত্‌ব্‌ল্লী متولی আ.]।

মাত্তা—বি. দ্রব্যসম্ভার, সম্পদ, মূল্যবান সামগ্রী। [মতা' متاع আ.]।

মাদা—১বিণ. তেজবীর্যহীন, দুর্বল (শরীরটে ছিল মাদা, তার ওপর সেদিন পড়েছিল একটু বেশী শীত—প্রমথ)। ২বি. মাদী, নরের বিপরীত। [মাদহ্ ماده ফা.]।

মাদি, মাদী— বিণ. স্ত্রী জাতীয় (সেই বৃটিশ সিংহ এইসব মাদি টিকটিকিদের সম্বন্ধে কি বলেন?— নজরুল)। [মাদহ্ ماده ফা. +ই. বাং.]।

মাদ্রাসা, মাদ্‌রাসা—১বি. বিদ্যাশিক্ষাকেন্দ্র। ২বি. ইসলাম ধর্ম ও সংস্কৃতি সংক্রান্ত শিক্ষাকেন্দ্র। [মদ্‌রসহ্ مدرسه আ.]।

মানত, মানৎ—বি. মানসিক মনোবাসনা সিদ্ধির জন্য সদকা ভোগ বা বলিদান কিংবা বিশেষ ইবাদত, পূজা ইত্যাদি করার সঙ্কল্প, vow (কত শত করে মানত্ তাহারা ভূত উদ্দেশে নিতি— নজরুল)। [মিন্নত্ منت আ. মন্নত مَنّت হি.]।

মানা—বি. নিষেধ, বারণ। [মন'ঈ ممنوع আ.]।

মানে—১বি. তাৎপর্য, অর্থ (শব্দের মানে)। ২বি. উদ্দেশ্য, হেতু, কারণ (চাকরি ছাড়ার মানে কি?)। [ম'নী معنی ফা. ম'না معنیٰ আ.]।

মান্না—১বি. আহার্য বিশেষ। [মন্ন من আ.]।

মাপ, মাফ—১বি. মার্জনা, ক্ষমা (তার বহুৎ কসুর, মাফ কিছুতেই নয়—মোহিত)। ২বি. রেহাই, অব্যাহতি, ছাড়। [মু'আফ— معاف আ.]। **মাফী**— বি. ক্ষমা, মার্জনা (হোসায়নের খুনের বদলায় মাফী

চাই পাপী সবাকার— নজরুল)। [মু'আফী معافی আ.]।

মাফিক—১বিণ. রুচি অনুযায়ী, পছন্দ অনুযায়ী (মিলমাফিক লোক পাইলে মানিকজোড় হয়— টেকচাঁদ)। ২বিণ. অনুযায়ী, মতন, ঠিক (সব সময় উচ্চারণ ম'ফিক হয় না— কা.দী.মু.)। [মুওয়াফিক্ব موافق আ.]।

মাবুদ, মা'বূদ—বি. উপাস্য, পূজনীয়, ইবাদতের যোগ্য। [মা'বূদ معبود আ.]।

মামলৎ—১বি. ব্যাপার সমূহ, উদ্দেশ্যগুলি মতলব (মামলৎ হাসিল করা)। ২বি. অর্থ, কড়ি, টাকা-পয়সা। [মু'আমলঃ معامله আ.]।

মামলা—১বি. মকদ্দমা। ২বি. ব্যাপার, বিষয় (মাত্র একটা রাতের মামলা—মনোজ)। [মু'আমলঃ معامله আ.]। **মামলা-মকদ্দমা**—বি. নালিস-মোকদ্দমা। [—+ মুক্বদ্দমঃ مقدّمه আ.]।

মামা, মামু—১বি. মায়ের ভাই বা তৎস্থানীয় ব্যক্তি, মাতুল। ২বি. চাকরানী। [মামূঁ ماموں হি., মামা ماما ফা.]।

মামুল—বি. দস্তুর, প্রথা। [ম'মূল معمول আ.]।

মামুলী, মামুলি—১বিণ. প্রথা অনুযায়ী, গতানুগতিক। ২বিণ. চিরাচরিত, চিরকালীন। ৩বিণ. অতি সাধারণ, অকিঞ্চিৎ (এমনি নির্লজ্জের মত এসে এই আঁধার পথের মামুলী মিলনেই আমার প্রিয়ার অবমাননা করি—নজরুল) [ম'মূলী معمولی আ.]।

মাযার—দ্র. **মাজার**।

মায়—১অব্য. পর্যন্ত, অবধি (চুলের ফ্যাসন থেকে সাহিত্য মায়—বুদ্ধদেব)। ২অব্য. সমেত, সহিত (মায় ঘর-বাড়ী)। [ম' مع আ.]।

মায়না—দ্র. **মাহিয়ানা**।

মারফত, মারফৎ — অব্য. দ্বারা, মাধ্যমে (দিলেন ঈদের মারফতে হজরত এই তাগিদ— নজরুল)। [ম'রিফত معرفة আ.]।

মারহাবা—দ্র. **মরহাবা**।

মারেফাত, মারফত—বি. মরমী, সাধনা, আল্লাহকে সম্যক্‌ভাবে জানার জন্য সাধনা, তত্ত্বজ্ঞান (হে মারেফতের ধ্যানী মুসাফির— ফররুখ)। [ম'রিফত্ معرفة আ.]। **মারফতি** —বি. তত্ত্বজ্ঞান সম্পর্কীয়, মারফত বিষয়ক। [— + ی (ঈ) ফা.]।

মাল—১বি. পণ্যদ্রব্য। (... দারোগা-মুন্সেফ নই ভাই, চোরাই মাল—নজরুল)। ২বি. দ্রব্য, জিনিসপত্র (মালগাড়ি)। ৩বি. ধন-সম্পদ। [মাল مال আ.]। **মালদার**— বিণ. সম্পত্তিশালী, ধনবান। [—+দার دار ফা.]।

মালমাত্তা—বি. অর্থ ও অন্যান্য সম্পত্তি (যার অত ধন, মালমাত্তা, অত প্রতাপ, সেই ম'রে মাটি হয়—নজরুল)। [—+ মতা' متاع আ.]।

মালউন, মালাউন— ১বিণ. অভিশপ্ত, বিতাড়িত। ২বি. শয়তান। [মল্‌উন্ ملعون আ.]।

মালপো— বি. লুচি জাতীয় মিষ্টি খাবার বিশেষ, ময়দা ও চিনি সহযোগে প্রস্তুত ঘিয়ে ভাজা পিঠা (আমি মালপোর লাগি' তল্পী বাঁধিয়া/এ কল্পলোকে এসেছি মন— নজরুল)। [মাল مال আ.+পুওয়া پوا হি.]।

মালামাল— বিণ. পরিপূর্ণ, ভরা। [মালামাল مالا مال ফা.]।

মালিক—১বি. অধিকারী, স্বামী (মাটিতে যাদের ঠেকে না চরণ/মাটির মালিক তাঁহারাই হন—নজরুল)। ২বি. প্রভু (দীন- দুনিয়ার মালিক তুমি)। [মালিক مالك আ.]।

মালিকুল মউত, মালিকুল মৌত, মালিক-উল-মউত, মালেকুল মউত, মালেকুল মওত, মলকুল-মওত— বি. যে ফিরিশ্‌তা জীবের প্রাণ সংহার করেন, মৃত্যুর ফিরিশতা আজরাইল (পক্ষ মেলিয়া মালিকুল মউত আঁটিল কটিতে ছুরি—নজরুল)। [মল্‌কুল মউত্‌ملك الموت আ.]।

মালিশ, মালিস—১বি. মর্দন। ২বি. মর্দন করার ওষুধ। [মালিশ مالش ফা.]।

মালুম— বি. অনুভব, বোধ, উপলব্ধি (কাজেই, এইযে মানবজাতি— জ্ঞানীর চোখে হয় মালুম—নজরুল)। [মা' লূম معلوم আ.]।

মালেকুল মউত, মালেকুলমওত—দ্র. **মালিকুল মউত**।

মাল্লা—১বি. নৌকাদির চালক, নাবিক (কান্ডারী এ তরীর পাকা মাঝি-মাল্লা—নজরুল)। ২বি. নৌকার দাঁড়ী, মাঝির অন্যান্য সহকর্মী। [মল্লাহ্‌ ملاّح আ.]।

মাশাআল্লা—অব্য. সাবাস, আল্লাহ্‌ অপদৃষ্টি থেকে রক্ষা করুন (মাশাআল্লা! ইনশাআল্লা! —নজরুল)। [মাশা' আল্লাহ্‌ ماشاء الله আ.]।

মাশুক—বি. প্রেমাস্পদ (আশেক হও অনুক্ষণ তোমার মাশুকের অনুরাগে—মু. শ.)। [ম'শূক্‌ معشوق আ.]।

মাশুকা—বি. স্ত্রী. প্রেমপাত্রী, প্রিয়া। [ম'শূক্‌ঃ معشوقه আ.]।

মাশুল—দ্র. **মাসুল**।

মাসহারা, মাসহরা/মাসোয়ারা— বি. প্রতিমাসে প্রদেয় ভাতা বা বৃত্তি (তুমি যা মাসহারা পাও তাতে তো আমার কোন সাহায্য হবেনা—রবীন্দ্র)। [মুশাহরঃ مشاهره আ.]।

মাসহরা—দ্র. **মাসহারা**।

মাসুম—বিণ. নিষ্পাপ, পাপহীন, পবিত্র (আমার মাসুম বংশধর—তালিম)। [মা'সূম্‌ معصوم আ.]

মাসুল, মাশুল—১বি. শুল্ক, কর (তুলার মাশুল আদায়ে নিযুক্ত করিয়া দিল—রবীন্দ্র)। ২বি. জিনিসপত্র পাঠাতে যে খরচ আদায় করা হয়। [মহ্‌সূল محصول আ.]।

মাসোয়ারা—দ্র. **মাসহারা**।

মাহ, মাহা—বি. মাস (এ ভরা বাদর মাহ ভাদর শূন্য মন্দির মোর—বিদ্যাপতি)। [মাহ্‌ ماه ফা.]।

মাহ্‌গির—বি. ধীবর, জেলে (মাহ্‌গির বুঝি দজলার বুকে ফেলে জ্যোৎস্নার জাল—ফররুখ)। [মাহীগীর ماهی گیر ফা.]।

মাহতাব, মাহাতাব—বি. চাঁদ (আফতাব ঘোরে মাথার উপরে মাহ্‌তাব ফেলে দাগ—ফররুখ)। [মাহ্‌তাব ماهتاب ফা.]।

মাহরুম—দ্র. **মহরুম**।

মাহাতাব—দ্র. **মাহতাব**।

মাহাফা, মহাফা—বি. ডুলি, মাফা (নায়রী আইল মাহাফায় চড়ি— পূ.গী.)। [মুহাফাঃ محافه আ.]।

মাহিয়ানা, মায়না—দ্র. **মাহিনা**।

মাহির, মাহের— বি. বিশেষ জ্ঞান, কৌশল। [মাহির ماهر আ.]।

মাহিনা, মাহিয়ানা/মাইনে, মায়না—বি. মাসিক বেতন (ঠাকুরদাসের আটটাকা মাহিয়ানা হইয়াছে—বিদ্যা; ফাল্গুন মাস থেকে তোমাদের মাইনে বেড়ে যাবে—নজরুল)। [মাহিয়ানঃ ماهیانہ ফা.]।

মাহের—দ্র. **মাহির**।

মাহে রমজান—বি. রমজান মাস, রোজার মাস (মাহে রমজান এসেছে যখন, আসিবে শবে কদর—নজরুল)। [মাহ্-ই-রমযান (রমদান) ماہ رمضان আ.]।

মিছকিন, মিছকীন—বি. দরিদ্র, নিঃস্ব, পার্থিব সম্বলহীন (ফকীর মিছকিনদের এলাকা ভাগ করা ছিল—ইব্রাহিম)। [মিস্‌কীন্ مسکین আ.]।

মিছরি, মিছরী, মিশ্রী, মিস্‌রী—১বি. স্ফটিকের মত দানাবাঁধা চিনি (মজা মত্তমান মিছরি খাসা ক্ষীর খণ্ডা—ঘন)। ২বিণ. মিসরদেশ জাত বা মিসর দেশ সম্বন্ধীয় (মিষ্টি ধারাল মিছরীর ছুরি মিস্‌রী মেয়ের হাসি—নজরুল)। [মিস্‌রী مصری আ.]।

মিছিল—১বি. শোভাযাত্রা (তাজিয়া মিছিলে একি কাজিয়ার খেলা দেখে প্রাণ কাঁদে—নজরুল)। ২বি. মকদ্দমা বা তৎসম্বন্ধীয় নথিপত্রাদি। [মিছ্‌ল্ مثل আ., ফা. مسل মিস্‌ল্]।

মিজরাব, মেজরাপ—বি. সেতার বাদনকালে তারে আঘাত করবার জন্য দক্ষিণ তর্জনীর অঙ্গুলি মাত্র (কেহ সেতারার মেজরাপ হাতে দেয়—টেকচাঁদ)। [মিয্‌রাব مضراب আ.]।

মিজাজ, মিজাজী—দ্র. **মেজাজ**।

মিজান—দ্র. **মিযান**।

মিঞা, মিঞা সাহেব—দ্র. **মিয়া**।

মিঞাজী—দ্র. **মিয়াজী**।

মিনার—১বি. অট্টালিকাদির স্তম্ভাকৃতি উঁচু চূড়া। ২বি. মসজিদ-সংলগ্ন উঁচুস্তম্ভ যেখান থেকে মুয়াজ্জিন আজান দেয়। [মিনার, মিনারঃ منار، منارہ আ.]।

মিস্তি—দ্র. **মিহ্‌নত**।

মিম্বর—বি. খোৎবা পড়ার সময় দাঁড়াবার স্থান (কাবার মিম্বর হোতে দুনিয়ার দূরান্তের প্রান্ত ঈদগাহে সমস্বরে মন্দ্রিত আবার—শাহাদাত)। [মিন্‌বর (উচ্চারণ 'মিম্বর') منبر আ.]।

মিযান, মীযান, মিজান—১বি. দাঁড়িপাল্লা, তুলাদণ্ড, ওজন করার যন্ত্র বি:। ২বি. ইসলামী শাস্ত্রমতে পরকালে মানুষের ভালমন্দ বিচারের জন্য বিশেষ তুলাদণ্ড। [মীযান্ میزان আ.]।

মিয়া, মিঞা, মিঞাসাহেব, মিয়াসাহেব—১বি. জনাব, সাহেব, মহাশয়, বাবু প্রভৃতির প্রতিশব্দ (থাক্‌ত বড় বড় মিঞাদের মত সহায়-সম্বল, তাহলে এ অভিযোগ করতাম না—নজরুল)। ২বি. মুসলমান ভদ্রলোকের নামের পূর্বে বা পরে ব্যবহৃত হয়। ৩বি. স্বামী (মিয়া ও বিবিতে বড় ভাব আজি, খামারে ধরে না ধান—নজরুল)। [মিয়াঁ میاں ফা.+সাহিব صاحب আ.]।

মিয়াজী, মিঞাজী—বি. উস্তাদ, শিক্ষক। [মিয়াঁজী میاں جی ফা. 'জী' তুর্কী প্রত্যয়]।

মিয়াদ, মেয়াদ—১বি. ধার্য সময় বা কাল (তারপর বেলাশেষে প্রবাসে মিয়াদ ফুরায়— শাহাদাত)। [মী'আদ ميعاد আ.]। **মিয়াদী, মেয়াদী, মিয়াদি**—বিণ. নির্দিষ্টকাল বা কাল পরিমাণ বিশিষ্ট (মিয়াদি পাট্টার মেয়াদ ফুরাইয়াছে—বঙ্কিম)। [মী'আদী ميعادى আ.]।

মির—দ্র. **মীর**।

মিরদা, মীরদা, মিরযা—দ্র. **মীরযা**।

মিরাজ—দ্র. **মেরাজ**।

মিরাশ—দ্র. **মিরাস**।

মিরাস, মিরাশ—১বি. ওয়ারিসী সম্পত্তি, পুরুষানুক্রমিক ভাগে ভোগ করা হয় এমন বিষয় সম্পত্তি (তালুকমিরাশ অনেক ছিল—শাহেদ)। ২বি. পূর্বপুরুষের সম্পত্তি। [মিরাছ ميراث আ.]।

মিরাসী, মিরাশী—১বিণ. উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত। ২বি. গায়ক। [মিরাছী ميراث আ. ى (ঈ) ফা.]

মিলাদ, মউলুদ, মলুদ, মৌলুদ—১বি. হযরত মুহম্মদের (দঃ) জন্ম বৃত্তান্ত বিষয়ক ওয়াজ-মহফিল (মৌলুদ শরীফে উনিই/ওরেই ডাকি ফাতেহাতে—নজরুল)। ২বি. জন্মকাল। [মীলাদ (= জন্ম, জন্মদিন) ميلاد আ., মওলূদ (= নবজাত শিশু) مولود আ.]।

মিল্লত—১বি. ধর্ম (ইব্রাহিমী মিল্লত)। ২বি. সম্প্রদায়। ৩বি. জাতি (মুসলিম মিল্লত)। [মিল্লত্ ملّت আ.]।

মিশর—দ্র. **মিসর**।

মিশ্রী—দ্র. **মিছরি**।

মিসকিন—১বি. নি:স্ব, অতি দরিদ্র, নিরুপায় (হজরতের নাম তস্‌বি ক'রে/যাবরে মিস্‌কিন বেশে—নজরুল)। ২বি. অতি দরিদ্র ব্যক্তি। [মিস্‌কীন مسكين আ.]

মিসমার—বি. সম্পূর্ণ ধ্বংস (নাসারা চায় আমাদের সব আস্তানা মিসমার করে দিতে—জাফর)। [মিসমার مسمار আ.]।

মিসর, মিশর—বি. ইজিপ্টদেশ, আফ্রিকার আরবী ভাষী মুসলিম দেশ [মিস্‌র্ مصر আ.]।

মিস্‌রী—দ্র. **মিছরি**।

মিহ্‌নত—বি. শ্রম, পরিশ্রম। [মিহ্‌নত محنت আ.]। **মিহনতী, মিস্তি**—বিণ. পরিশ্রমী, শ্রমিক।

মিহ্‌রাব, মেহ্‌রাব—বি. মসজিদের কেবলামুখী কুলুঙ্গী, মসজিদে ইমামের দাঁড়াবার জায়গা, খোত্‌বা পাঠের স্থান। [মিহ্‌রাব محراب আ.]।

মিহি, মিহিন—১বি. সূক্ষ্ম। ২বিণ. পাতলা। ৩বিণ. অতি ক্ষুদ্র। ৪বিণ. কোমল। [মিহিন مهين ফা.]।

মিহিদানা—বি. এক প্রকার মিষ্টান্ন, মতিচূর। [বিহি بهى ফা. + দানাঃ دانه ফা.]।

মিহির—বি. সূর্য, তপন। [মিহ্‌র مهر আ.]

মীযান—দ্র. **মিযান**।

মীর, মির—বি. আমীর এর সংক্ষিপ্ত রূপ, রাজা, দলপতি, সম্ভ্রান্ত ব্যক্তি। [আমীর امير আ.]।

মীরযা, মিরযা, মিরদা, মীরদা—বি. আমীর যাদঃর-এর সংক্ষিপ্তরূপ, রাজপুত্র, সম্ভ্রান্ত ব্যক্তির পুত্র। [আমীর যাদঃ اميرزاده ফা.]।

মীর মুনশী—বি. প্রধান সেক্রেটারী, প্রধান কেরানী। [মীরমুন্‌শী ميرمنشى ফা.]।

মুকদ্দমা—দ্র. **মকদ্দমা**।

মুকরারী—দ্র. **মোকররী**।

মুকাবিলা—দ্র. **মোকাবিলা**।

মুঘল—দ্র. **মোগল**।

মুচলেকা—বি. শর্ত ভঙ্গ করলে দণ্ডভোগ করতে হবে এই মর্মে লিখিত অঙ্গীকারপত্র, bond (তাহাকে মুচলেকায় আবদ্ধ করিয়া সাধারণ নাগরিক হিসাবে জীবিকার্জনের সুযোগ দান করিয়াছিলেন —ওয়ালি)। [মুচল্‌কা موچلکا তু.]।

মুচ্ছদ্দী—দ্র. **মুৎসুদ্দী**।

মুছলমান—দ্র. **মুসলমান**।

মুছুদ্দী—দ্র. **মুৎসুদ্দী**।

মুজতাহীদ, মুজতাহিদ—১বি. শাস্ত্রীয় বিধান সম্বন্ধে মতামত দানে সক্ষম এমন জ্ঞানী ও পণ্ডিত ব্যক্তি। ২বি. চেষ্টাশীল, উদ্যোগী। [মুজ্‌তাহিদ্‌ مجتہد আ.]।

মুজদা, মুঝদা—বি. সুসংবাদ (মুজদা এনেছে, সুখে ডগমগ মুকুলী মন—নজরুল)। [মুঝ্‌দহ্‌ مژدہ ফা.]।

মুজরা/মুজরো, মোজ্‌রা—১বি. পারিশ্রমিকের বদলে নাচগান করা (প্রেমের-পাপীর এ-মোজ্‌রায়/আয় বেহেশ্‌তে কে যাবি আয়—নজরুল)। ২বি. প্রাপ্য টাকা থেকে ছাড়। ৩বি. সম্মান প্রদর্শন। [মুজরা مجرا আ.]।

মুজাদ্দিদ, মোজাদ্দেদ—বিণ. ধর্ম সংস্কারক, মুসলমানী বিশ্বাসমতে হাজার বছরে একজন ধর্ম সংস্কারকের আবির্ভাব হয় (জ্ঞানের প্রেমের নিশান তুলেছে হাজার সালের মুজাদ্দিদ—ফররুখ)। [মুজাদ্দিদ مجدد আ.]।

মুজাহিদ—১বিণ. জিহাদকারী। ২বি. বীর সৈনিক (দাও সাড়া দাও মুজাহিদ সেনা—ফররুখ)। [মুজাহিদ مجاهد আ.]।

মুজিযা—দ্র. **মো'জেজা**।

মুঝদা—দ্র. **মুজদা**।

মুতওল্লী—দ্র. **মাতোয়াল্লী**।

মুতফরাক্কা, মুৎফরেক্কা, মোৎফরাক্কা—১বিণ. বিবিধ (নেজামত আদালতে নম্বরওয়ালী ও মৎফরেক্কার, তদ্বির করতে হলে, পুরেই বাসার ঠিকানা হয়—কালী সিং)। ২বিণ. নগণ্য। ৩বিণ. যা শৃঙ্খলাবদ্ধ নয়। [মুতফর্‌রিক্ব متفرقہ আ.+আ.বাং]।

মুতাবেক—দ্র. **মোতাবেক**।

মুৎসুদ্দী, মুচ্ছদ্দী, মুছুদ্দী—১বি. ভারপ্রাপ্ত কর্মচারী। ২বি. প্রধান কেরানী। ৩বি. প্রতিনিধি। [মুতসদ্দী منصدی আ.]।

মুদ্দই—১বি. বাদী, ফরিয়াদী (দুই এক কথা আনয়ে ভরিয়া/মধ্যস্থ মুদ্দই হয়ে ভুলাইয়া—ভারত)। ২বি. শত্রু। [মুদ্দ'ঈ مدّعی আ.]।

মুদ্দত, মুদ্দৎ—১বি. মেয়াদ, নির্দিষ্ট সময়। ২বি. বহুকাল, বহুদিন (অনেক মুদ্দৎ পরে এল সেই নজুম আবার— ফররুখ) [মুদ্দত্‌ مدّت আ.]। **মুদ্দতী**—বিণ. নির্দিষ্ট সময়ের জন্য বলবৎ থাকে এমন মেয়াদী। [مدّتی আ.]।

মুদ্দাফরাশ—দ্র. **মুর্দা**।

মুনফা—দ্র. **মুনাফা**।

মুনশী, মুনসী—১বি. কেরানী, লেখক। ২বি. উর্দু শিক্ষক। ৩বি. বিদ্বান। [মুন্‌শী منشی আ.]।

মুনসেফ, মুন্সেফ—বি. নিম্নদেওয়ানী আদালতের বিচারক। [মুন্‌সিফ منصف আ.]।

মুনাক্কা—দ্র. **মনক্কা**।

মুনাজাত, মোনাজাত—বি. প্রার্থনা, আরাধনা, আবেদন (আমরা দু'হাত তুলে ওদের জন্য মোনাজাত করি — আ. হা.)। [মুনাজাত্‌ مناجات আ.]।

মুনাফা, মুনফা—বি. লভ্যাংশ, লাভ। [মনাফি' منافع আ.; মনফ'ত্ منفعت-এর ব.ব.]।

মুনাফেক, মুনাফিক, মুনাফেখ, মোনাফেক—বিণ. কপট, কপটী, কপটাচারী, প্রবঞ্চক, ভণ্ড। [মুনাফিক্ব منافق আ.]।

মুনাফেকি, মুনাফেকী—বি. প্রতারণা, শঠতা, কপটাচার (মোনাফেকী আর মিথ্যাচার— জুলফিকার)। [—+ (ঈ) ফা.]।

মুনাসিব, মনাছিব, মুনাছিব, মনাসিব, মোনাসিব—১বিণ. পছন্দসই, মনোমত। ২বিণ. যোগ্য। [মুনাসিব مناسب আ.]।

মুনিব—দ্র. **মনিব**।

মুনীম—১বিণ. বদান্য, দানশীল। ২বিণ. উদার। [মুন্ 'ইম্ منعم আ.]।

মুনসী—দ্র. **মুনশী**।

মুন্সেফ—দ্র. **মুনসেফ**।

মুফৎ, মুফত—অব্য. মাগনা, বিনামূল্যে। [মুফ্ত্ صفت ফা.]।

মুফতি—বি. মুসলমান আইন-ব্যাখ্যাতা বা শাস্ত্রীয় ব্যবস্থা নির্দেশক (হে শহরের মুফ্তি! তুমি বিপথ-গামী কম ত নও— নজরুল)। [মুফ্তী مفتی আ.]।

মুবারক, মোবারক—বি. শুভ, শুভলক্ষণ যুক্ত, কল্যাণময়, পবিত্র (ফুরিয়ে এল রমযানেরই মোবারক মাস—নজরুল)। [মুবারক مبارک আ.]।

মুমিন—দ্র. **মোমিন**।

মুয়াজ্জিন—বি. নামাজের সময় মসজিদের মিনার হতে উঁচু স্বরে আল্লার মহিমা ঘোষণাকারী, যিনি আজান দেন (মুয়াজ্জিনের কণ্ঠে বন্ধু, তোমারি কাঁদন বাজে!—নজরুল)। [মুয়ায্যিন مؤذن আ.]।

মুরগি, মুর্গি, মুর্গী— বি. কুক্কুট বা কুক্কুটী। [মুর্গ্ مرغ ফা.+ঈ বাং.]।।

মুরদ, মুরোদ, মুরোত, মুরত—১বি. ক্ষমতা, সামর্থ্য। ২বি. মনুষ্যত্ব। [মুরওব্ত্ مروت আ.]।

মুরব্বী, মুরুব্বী, মোরব্বী—১বি. অভিভাবক। ২বি. পৃষ্ঠপোষক, সহায়ক। ৩বি. রক্ষক। [মুরব্বী مربی আ.]।

মুরশিদ—দ্র. **মুর্শিদ**।

মুরাকবা—দ্র. **মোরাকাবা**।

মুরীদ—১বি. মুসলমান ভক্ত বা তপস্বী। ২বি. পীরের শিষ্য। ৩বি. অনুসারী, শিষ্য (তোর/প্রেম দিয়ে কর্ বিশ্ব নিখিল ইসলামে মুরীদ—নজরুল)। [মুরীদ مرید আ.]।

মুরুব্বী—দ্র. **মুরব্বী**।

মুর্তজা, মর্তুজা—১বিণ. যার উপর আল্লাহ রাজী। ২বিণ. চতুর্থ খলীফা হযরত আলীর উপাধি বিশেষ (আসে মুর্তজা সিপাহ্সালার ভাঙ্গি প্রাকার—ফররুখ)। [মুর্তযা مرتضی আ.]।

মুর্দা—১বি. শব, মৃতদেহ, মড়া। ২বিণ. নিস্তেজ, প্রাণহীন (দে জাকাত মুর্দা মুসলিমের আজ ভাঙাইতে নিদ; মুর্দারা সব যুদ্ধে আসিস!—নজরুল)। । [মুর্দহ্ مردہ ফা.]। **মুর্দাফরাশ, মুর্দাফরাস, মুদ্দাফরাশ**—বি. শবদাহনকারী ডোম (তুই কি পাগল, না মুদ্দাফরাশ— অচিন্ত্য)। [—+ ফরোশ فروش ফা.]।

মুর্শিদ, মুরশিদ—বিণ. আধ্যাত্মিক গুরু, পীর, পথ প্রদর্শক (দুর্যোগ রাত্রির মুর্শিদ ধরিয়াছিলেন হাল—মোস্তফা)। [মুরশিদ مرشد আ.] **মুর্শিদী, মুরশিদী**— বি. আধ্যাত্মিক সম্পর্কীয় লোকগীতি বি:। [— আ.+ (ঈ) ফা.]।

মুলতবী, মুলতবি, মুলতুবী, মুলতাবি— বিণ. স্থগিত রাখা, অন্য সময়ের জন্য রেখে দেয়া (কিছুদিনের জন্য আড়াআড়ি মুলতবি রাখিব—বিদ্যা)। [মুলতবী ملتوى আ.]।

মুলতুবি, মুলতুবী—দ্র. **মুলতবী**।

মুলাকাত, মোলাকাত— বি. সাক্ষাৎ, দর্শন ভেট। [মুলাকাত ملاقات আ.]।

মুল্লুক, মুল্লুক—বি. দেশ, রাজ্য (এ পাপ-মুল্লুকে পাপ করেনি ক' কে আছে পুরুষ-নারী—নজরুল; লামার মুল্লুক লাসা কি ওই ঢাকা কুয়াসায়? —সত্যেন্দ্র; এমনি একটি অদেখা কোকাফ-মুল্লুকে ঘুরছিলুম —নজরুল)। [মুল্‌ক ملك আ.]।

মুশকিল, মুস্কিল—১বি. বিপদ, সঙ্কট, বাধা, বিঘ্ন (আনোয়ার! মুশ্‌কিল, জাগা কঞ্জুশ-দিল—নজরুল)। ২বি অসুবিধা (তা হলে তো ভারী মুশ্‌কিল—আসকার)। [মুশকিল مشكل আ.] **মুশকিল আসান**—বি. বিপদ বা অসুবিধা কেটে যাওয়া [— আ.+ আসান اسان ফা.]।

মুশায়েরা—বি. কবি-সম্মিলন, কবি-সভা, কবিদের কাব্যালোচনার বৈঠক (হারাম তারা এ-মুশায়েরায়— নজরুল)। [মুশা'ইরাঃ مشاعرة আ.]।

মুসম্মৎ, মোসাম্মাৎ, মোসম্মাৎ—১বি. মুসলমান মহিলাদের উপাধি বিশেষ। ২বি. শ্রীযুক্তা, শ্রীমতি। [মুসাম্মাত مسمات আ.]।

মুসলমান, মুছলমান, মুসলিম, মোসলেম—১বি. হযরত ইব্‌রাহিম (আঃ) কর্তৃক নামাঙ্কিত ইসলাম ধর্মাবলম্বী জাতি বা ব্যক্তি। ২বি. ইসলাম ধর্মাবলম্বী ব্যক্তি। হযরত মুহম্মদ (সঃ)-এর অনুসারী। (ভিতরে সব কাফের ওরা, ব'ইরে মুসলমানের সাজ —নজরুল; জাগো, ওঠ মুসলিম, হাঁকো হাইদরী হাঁক—নজরুল)। [মুসল্‌মান مسلمان আ.]। **মুসলমানী**— ১বি. মুসলমানদের ধর্মাচার। ২বি. খৎনা, সুন্নৎ। ৩বি. ইসলাম ধর্মাবলম্বন কারিণী নারী। [—+ (ঈ) ى ফা.]।

মুসলিম—দ্র. **মুসলমান**।

মুস্‌লেমিন—বি. মুসলমানগণ (নাহিক ইমাম, বলিতে হইবে-ইহারা মুসলেমিন—নজরুল)। [মুস্‌লিমান مسلمان ফা., আ. মুসলিম শব্দের ব.ব.]

মুসা—১বি. ইহুদীদের প্রসিদ্ধ ধর্মবিধানদাতা। ২বি. তওরাৎ কিতাব প্রাপ্ত প্রসিদ্ধ রসুল বা পয়গম্বর। [মূসা موسى]।

মুসাফা—বি. সাক্ষাৎকালে করমর্দন (হেসে ওর সঙ্গে মুসাফা করল নাজমুল—মঈন)। [মুসাফহঃ مصافحة আ.]।

মুসাফির, মুসাফের—১বি. পথিক, সফরকারী (এমন সময় এলো মুসাফির গায়ে আজারির চিন—নজরুল)। ২বি. বিদেশীয় ভ্রমণকারী ব্যক্তি (বিদেশী মুসাফের —মুস্তাফিজ)। [মুসাফির مسافر আ.] **মুসাফিরখানা**—বি. পান্থশালা, সরাই, চটি (বিভিন্ন স্থানে অনেকগুলি মুসাফিরখানা তৈরী করেন—বাহার)। [مسافر আ.+ খানহ্ خانه ফা.]। **মুসাফিরি**—বি. পথ চলা কাজ অর্থে

(একটানা মুসাফিরির ধাক্কায় মন তখন এমনি বিকল হইয়া গিয়াছিল— মুজতবা)। [— + ও (ঔ) ফা.]।

মুসাবিদা, মুসাবেদা—১বি. পাণ্ডুলিপি। ২বি. খসড়া, rough draft (বেটা আপনি দরখাস্তের মুসাবিদা করিয়া দেয়— দীনবন্ধু)। [মুসওবিদাঃ مسوّدہ আ.]।

মুসিবত—দ্র. **মুসীবত**।

মুসীবত, মুসিবত, মসিবত—বি. বিপদ দুর্যোগ, দুঃসময় (মুসীবতে ঘনঘটায় তুরস্কের আসমান ছাইয়া ফেলিয়াছিল —মুস্তাফীজ; পেরেশান হও কাহে ঘোড়া মসিবতে—হামজা)। [মুসীবত্ مصیبت আ.]।

মুসল্লী, মুসুল্লী—বিণ. নামাজী, যে সালাত আদায় করে (মসজিদের মিনার-চত্বরে দণ্ডায়মান মুসুল্লী উদাত্তকণ্ঠে আল্লার বন্দেগীর জন্যে আজান দিতে থাকল — আফসার)। [মুসল্লী مصلّی আ.]।

মুসাল্লাম—বি. ঘি ও অন্যান্য মসলাসহ রান্না করা একটি গোটা মুরগী, roast। [মুসল্লাম্ مسلّم আ.]।

মুস্তাহাব—দ্র. **মস্তাহাব**।

মুসাহিব—দ্র. **মোসাহেব**।

মুসুল্লী—দ্র. **মুসল্লী**।

মুস্কিল—দ্র. **মুশকিল**।

মুস্তফা, মুস্তাফা, মোস্তফা—১বি. মনোনীত, বৃত। ২বি. হযরত মুহম্মদ (সা:)-এর প্রতি আরোপিত নাম। [মুস্তফা مصطفیٰ আ.]।

মুহতাজ, মোহতাজ—১বি. অভাবগ্রস্ত, দরিদ্র। ২বি. মুখাপেক্ষী। [মুহ্তাজ محتاج আ.]।

মুহম্মদ—দ্র. **মহম্মদ**।

মুহরি, মুহরী, মুহরি, মুহুরী, মহুরী—১বি. কেরানী (খাতা লেখার যে দুইজন মুহুরী নিচে একপাশে থাকতো)। [মুহর্‌রির্ محرر আ.]।

মুহাজির, মুহাজের, মোহাজের—বিণ. দেশত্যাগী (যাহারা সত্যের জন্য দেশত্যাগ করিয়াছিলেন তাঁহাদিগকে মুহাজির বলে— বাহার)। [মুহাজির مهاجر আ.]। **মুহাজিরীন, মুহাজিরূন**। ['মুহাজির'-এর ব.ব.]।

মুহাদ্দিস—দ্র. **মোহাদ্দেস**।

মুহুরি, মুহুরী—দ্র. **মুহরি**।

মেওয়া—বি. বেদানা, ডালিম, আঙ্গুর, বাদাম প্রভৃতি পুষ্টিকর ফল (বেহেশ্‌তে যে কত রকমের মেওয়ার গাছ ছিল—ইমদাদ)। [মীওয়াঃ, মেওয়াঃ میوہ ফা.]। **মেওয়াজাত**— বি. নানারকম ফল। [— + জাত جات ফা. প্রত্যয় ব.ব.]।

মেকতা—দ্র. **মেখতা**

মেকী, মেকি—বিণ. কৃত্রিম, নকল, জাল (মেকীর বাজারে আমরণ তুমি কবি রয়ে গেলে খাঁটি— নজরুল)। [মকর مکر আ.]।

মেখতা, ম্যাখতা, মেকতা—বিণ. মিশ্রিত। [আমীখ্‌তঃ آمیختہ ফা]।

মেজ—বি. টেবিল (আমরা যদিও পাতিয়াছি মেজ —রবীন্দ্র)। [মেয্ میز ফা.]।

মেজবান, মেযবান—বি. অতিথি, সংস্কারক (দামী মসনদের পরে/দেখ চেয়ে মেযবান সৌম্য মূর্তি বসে আছে ধীর—ফররুখ)। [মেয্‌বান میزبان ফা.]।
মেজবানী— বি. আতিথেয়তা, মেহমানদারী (মেজেবানী হলো শেষ— আশরাফ)। [—+ ঈ. বাং.]

মেজরাপ—দ্র. **মিজরাব**।

মেজাজ, মিজাজ—১বি. মানসিক পরিস্থিতি (মেজাজ ঠিক নেই)। ২বি. প্রকৃতি। ৩বি. ক্রোধ, উগ্রতা। [মিযাজ مزاج আ.]। **মেজাজী, মিজাজী**— ১বিণ. মেজাজবিশিষ্ট। ২বিণ. দাম্ভিক, গর্বিত। [—+ ঈ. বাং.]।

মেথর—বি. ময়লা সাফকারী, ঝাড়ুদার। স্ত্রী **মেথরাণী**। [মিহ্তর مهتر ফা.]।

মেদা—দ্র. **ম্যাদা**।

মেয়াদ, মেয়াদী—দ্র. **মিয়াদ**।

মেযবান—দ্র. **মেজবান**।

মেরজাই—বি. ফতুয়াজাতীয় জামা (থান ধুতি পরে মেরজাই পরে এক ভদ্রলোক বসে আছেন— অবনীন্দ্র)। [মির্যঈ مرزئی ফা.]।

মেরাজ, মিরাজ—১বি. সোপান। ২বি. আরোহণ। ৩বি. হযরত মুহম্মদ (সা:)-এর আধ্যাত্মিক জগতে ভ্রমণ (মেরাজের দুল্হা আল্লার আর্শচারী—নজরুল)। [মি'রাজ معراج আ.]।

মেরাপ—বি. দরমা হোগলা প্রভৃতি দ্বারা নির্মিত অস্থায়ী মণ্ডপ বিশেষ। [মিহ্রাব্ محراب আ.]।

মেরামত—বি. জীর্ণ সংস্কার (দিব্য এক অট্টালিকা মেরামত করিয়া রাখিয়াছিল— রামরাম)। [মরম্মত্ مرمّت আ.]। **মেরামতী**—বিণ. মেরামত সংক্রান্ত। ২বিণ. মেরামত করা হয়েছে এমন। [— + ঈ (ঈ) ফা.]।

মেশ্ক, মেস্ক—১বি. কস্তুরী, মৃগনাভি। ২বি. কস্তুরী হতে প্রস্তুত সুগন্ধি দ্রব্য (সুগন্ধি গোলাপ মেস্ক আতরের গন্ধে ভরপুর— শাহাদাত)। [মুশ্ক্ مشک ফা.]।

মেহ্দী, মেহেদী—বি. শিয়াদের শেষ ইমাম যিনি ইসলাম ধর্ম সংস্কারের জন্য আবির্ভূত হবেন. মুসলমানী বিশ্বাসমতে দ্বাদশ ইমাম যিনি কেয়ামতের আগে আসবেন দজ্জাল নিধনের জন্য (মেহেদী হবেন ইমাম সেথায়/রাহ দেখাবেন গুমর্যাহে— নজরুল)। [মিহ্দী مهدی আ.]।

মেহনত, মেহনৎ, মেহন্নত—১বি. পরিশ্রম, খাটুনি (শিক্ষার জন্য কত মেহনত করেন— পরশু)। ২বি. দৈহিক শ্রম। [মিহনত্ محنت আ.]। **মেহনতী**— ১বি. মেহনতকারী, শ্রমকারী। ২বি. শ্রমসাধ্য (মেহনতী কাজ)। [— + ی (ঈ) ফা.]।

মেহনতানার— বি. মজুরী, বেতন। [মিহ্নতানাঃ محنتانه আ. অথবা মিহ্নত্ + আনাঃ انه ফা. প্রত্যয়]।

মেহন্নত— দ্র. **মেহনত**।

মেহমান, মেমান—বি. অতিথি, নিমন্ত্রিত, অভ্যাগত। [মেহ্মান مهمان ফা.]। **মেহমানদারী, মেমানদারী**— বি. অতিথিসেবা, আতিথ্য (মেমানদারী দান-খয়রাতে তেমনি ছিল মন— ইজদানী) [মেহ্মানদারী مهمان داری ফা.]।

মেহরাব—দ্র. **মিহরাব**।

মেহেদী—দ্র. **মেহদী**।

মেহেরবান— বিণ. দয়ালু (এ নির্মাণ মেহেরবান প্রভুর প্রেমের চিন— সত্যেন্দ্র)। [মিহ্রবান مهربان ফা.]। **মেহেরবানি, মেহেরবানী** —বি. দয়া, অনুগ্রহ (মরুভূমির মেহেরবানী তুমি মেহেরুন্নিসা— সত্যেন্দ্র)। [مهربانی ফা.]

মোকদ্দমা—দ্র. **মকদ্দমা**।

মোকররী, মোকরারি, মুকরারী, মকররী—বিণ. নির্দিষ্ট খাজনার বিনিময়ে দখলকৃত জমি (কি একটা দলিল কি রদবদল করে ক'আনি জমি সে মোকরারি করে দিল—অচিন্ত্য)। [মুকররর্ مقرّر আ. +ى (ঈ) ফা.]।

মোকাবিলা, মোকাবেলা, মুকাবিলা—১বি. সামনা সামনি বোঝাপড়া, নিষ্পত্তি (সর্ব সমক্ষে মোকাবেলা হবে সেখানে—মনোজ; প্রতিকূল অবস্থার মোকাবেলা—ইব্রাহিম)। ২বি. বিরুদ্ধাচরণ। ৩বি. হঠকারিতা। [মুক্বাবলঃ مقابله আ.]।

মোকাম—১বি. বাসস্থান, আবাস (সৈয়দ মোকামে আসি সে উত্তরিলা—ঘন; আখের মোকাম ফেরদৌস্ খোদার আরশ যথায় রয়—নজরুল)। ২বি. আড্ডা, আস্তানা। ৩বি. বাণিজ্যস্থান, বিপণিকেন্দ্র (ক্রয়বিক্রয়ের উহা ছিল শ্রেষ্ঠ মোকাম—বরকত)। [মক্বাম مقام আ.]।

মোকুব—দ্র. **মকুব**।

মোক্তা—১বিণ. মোটামুটি (মোক্তা হিসাব)। ২বিণ. কাটাছাঁটা। [বিল্ মুক্বাতি'আঃ بلمقطع এর সংক্ষেপ مقطع আ.]।

মোক্তার, মোখ্তার—১বি. নিম্নশ্রেণীভুক্ত আইনজীবী বিশেষ। ২বি. মোকদ্দমাদি চালাবার জন্য নিযুক্ত প্রতিনিধি। ৩বি. সুপারিশকারী, ত্রাণকারী (য়্যা উম্মতী বলে একা/কাঁদিবেন আমার মোখ্তার—নজরুল)। [মুখ্তার مختار আ.]: **মোক্তার-নামা**—বি. মোকদ্দমা পরিচালনার জন্য ক্ষমতাদানের দলিল। **মোক্তারি**—বি. মোক্তারের কাজ বা বৃত্তি।

মোখ্তসর—বি. সংক্ষিপ্ত, সংক্ষেপিত (আজিকে আলাপ 'মোখ্তসর'—নজরুল)। [মুখ্তসর্ مختصر আ.]।

মোখ্তার—দ্র. **মোক্তার**।

মোগল, মুঘল—১বি. মঙ্গোলিয়ার অধিবাসী, তাতার জাতির শাখা বিশেষ। ২বি. পাক-ভারতীয় মুসলমানদের শ্রেণীবিশেষ। [মোগল مغل তু.]: **মোগলাই**—১বিণ. মোগলদিগের মধ্যে প্রচলিত (এই মোগলাই রান্না ক্রমে ক্রমে ভারতবর্ষের তাবৎ মাংসখেকোদের ভিতর ছড়িয়ে পড়ে—মুজতবা)। ২বিণ. মোগল সুলভ, মোগল সম্বন্ধীয়। [—+ আই বাং.]।

মোছে—দ্র. **মসেহ**।

মোজ্‌রা—দ্র. **মুজরা**।

মোজা—বি. সুতা রেশম পশম চামড়া প্রভৃতি দ্বারা প্রস্তুত পদাবরণ বিশেষ, স্টকিং, বুট জুতা। [মুযহ موزه ফা.]।

মোজাদ্দেদ—দ্র. **মুজাদ্দিদ**।

মো'জেজা, মা'জিযা, মাজেজা, মুজিযা—১বি. অলৌকিক ঘটনা (মোজেজা বা অলৌকিকের ছাপ আছে—মোস্তফা)। ২বি. নবী রসুলদের দ্বারা সংঘটিত অলৌকিক ঘটনা (বিভূতি মাজেজা যাহা পায় সব প্রভু আল্লার রাহে—নজরুল)। [মুজিযাহ্ معجزه আ.]।

মোৎফরাক্কা—দ্র. **মুতফরাক্কা**।

মোতাবেক, মুতাবেক—ক্রি. বিণ. অনুসারে, অনুযায়ী। [মুতাবিক্ব مطابق আ.]।

মোতায়েন—১বিণ. নিযুক্ত, রত (একটা নার্স মোতায়েন করে গেল শিয়রে—মনোজ)। ২বিণ. পাহারারত (এখানেও পুলিশ মোতায়েন—মাহবুব)। [মুত'অয়্যিন্ متعين আ.]।

মোত্তাকি, মুত্তাকী—১বিণ. পাপ থেকে বেঁচে থাকে যে (পরহেজগার মোত্তাকি)। ২বি.

ধার্মিক। ৩বিণ. খোদাভীরু, খোদাভক্ত। [মুত্তক্বী متقى আ.]।

মোদ্দা—১অব্য. কিন্তু, মূলত। ২অব্য. আসল, প্রকৃত উদ্দেশ্য (মোদ্দা কথা, আরব তখন আচার বিচারহীন—ইজদানী)। [মুদ্দ'আ مدّعىٰ আ.]।

মোনাজাত—দ্র. **মুনাজাত**।

মোনাফেক—দ্র. **মুনাফেক**।

মোনাসিব—দ্র. **মুনাসিব**।

মোবারক—দ্র. **মুবারক**।

মোমিন, মোমেন, মুমিন, মমিন—১বি. প্রকৃত ঈমানদার, ধর্মনিষ্ঠ মুসলমান, মনেপ্রাণে আল্লাহ্‌তে বিশ্বাসী ও তার উপর নির্ভরশীল (মক্কা পরে যতেক ছিল মমিন কি কমিন—ইজদানী)। [মু'মিন: مؤمن আ.]।

মোরব্বী—দ্র. **মুরব্বী**।

মোরাকাবা, মুরাকবা—১বি. ধ্যান, গভীর চিন্তা। ২বি. অভিনিবেশ সহকারে চিন্তা (হেরার গুহায় মোরাকাবা লীন খোঁজে সে সত্যপ্রেম রঙিন—ফররুখ)। [মুরাক্বাবঃ مراقبه আ.]।

মোলাকাত—দ্র. **মুলাকাত**।

মোলায়েম—১বিণ. নরম, মৃদু, কোমল, হালকা (শেষ রাতের দিকে মোলায়েম মেঘ করেছে)। ২বি. সুললিত। ৩বি. নম্র বিনীত। [মুলায়িম ملائم আ.]।

মোল্লা—১বি. পরিপূর্ণ জ্ঞান বিশিষ্ট মহাপণ্ডিত ব্যক্তি (স্যাঙাৎ ওগো, আজ যে হঠাৎ মোল্লা হয়ে সাজলে সং—নজরুল)। ২বি. আরবী ফার্সী ভাষা ও ইসলামী শাস্ত্রে অভিজ্ঞ ব্যক্তি। ৩বি. বংশীয় উপাধি বিশেষ। ৪বি. মসজিদের ইমাম (মোল্লা সাহেব হেসে তাই কুটিকুটি—নজরুল)। [মুল্লা ملّا আ.]।

মোসলেম—দ্র. **মুসলমান**।

মোসম্মাৎ, মোসাম্মাৎ—দ্র. **মুসম্মৎ**।

মোসাহেব, মুসাহিব—১বি. তোষামুদে, পার্শ্বচর (মোসাহেব বসিয়া সকল বরাবর— ভারত)। [মুসাহিব مصاحب আ.] **মোসাহেবি, মোসাহেবী**—বি. চাটুকারিতা (অবসর মত কোরো তাদের বৈঠকে মোসাহেবী—ফররুখ)।

মোস্তফা—দ্র. **মুস্তফা**।

মোস্তাহাব—দ্র. **মুস্তাহাব**।

মোহতাজ—দ্র. **মুহতাজ**।

মোহম্মদ—দ্র. **মুহম্মদ**।

মোহর—১বি. স্বর্ণমুদ্রা। ২বি. সীল। [মুহ্‌র مهر ফা.]।

মোহরত—দ্র. **মহরত**।

মোহর্‌রম—দ্র. **মহরম**।

মোহরা—দ্র. **মহড়া**।

মোহাজের—দ্র. **মুহাজির**।

মোহাদ্দেস, মুহাদ্দিস—১বিণ. হাদিসশাস্ত্রবিৎ। ২বিণ. হাদিস সংকলন ও সংগ্রাহক (মশহুর মোহাদ্দেসের নিকট হাদিস শিক্ষা লাভ করেন — মওদুদ)। [মুহাদ্দিছ محدّث আ.]।

মোহাম্মদ—দ্র. **মুহম্মদ**।

মোহারম—দ্র. **মহরম**।

মৌকুফ—দ্র. **মকুব**।

মৌছুফ, মৌছুফা—দ্র. **মৌসুফ**।

মৌজ—দ্র. **মউজ**।

মৌজা—১বি. গ্রাম। ২বি. গ্রাম সমষ্টি। ৩বি. পরগনার বিভাগ বা ভাগ। [মওযি' موضع আ.]। **মৌজাহা**—বি. গ্রামসমূহ। [—+ হা ها ফা. ব.ব.]।

মৌজুদ—দ্র. **মওজুদ**।

মৌত—দ্র. **মউত**।

মৌতাত, মউতাত—১বি. নিয়ম মাফিক সময়ে মাদকদ্রব্য সেবনের বা নেশা করার প্রবল স্পৃহা (কিন্তু ফারসী বয়েতের মৌতাত তখনও কাটে নাই —জাফর)। ২বি. নিয়মিত সময়ে মাদকদ্রব্য সেবন। [মুতাদ معتاد আ.]।

মৌরসী—দ্র. **মৌরুসী**।

মৌরুসী, মৌরসী—১বিণ. ওয়ারিস সূত্রে প্রাপ্ত, পৈতৃক, উত্তরাধিকার সূত্রে ভোগদখলকৃত। ২বিণ. পুরুষানুক্রমে ভোগ্য (এক পয়সার যায়গাটা মৌরসী করে নিলে— মনোজ)। [মওরুছ্ موروث আ.+ ী (ঈ) ফা.]। **মৌরুসী পাট্টা**—বিণ. খাজনার বিনিময়ে পুরুষানুক্রমে জমি ভোগ করার বন্দোবস্ত বা ঐ বন্দোবস্তের দলিল (সাড়ে তিন হাত ভূমি মৌরুসী পাট্টা লওয়া কর্তব্য—দীনবন্ধু)। [—+ পট্টা پٹا হি.]।

মৌলবী, মওলবী—১বি. মুসলমান পণ্ডিত বা অধ্যাপক। ২বি. ইসলাম ধর্মশাস্ত্র সম্বন্ধে অভিজ্ঞ। ৩বি. আরবী ও ফার্সীতে পণ্ডিত। ৪বি. মওলা বা প্রভুর প্রতি ভক্ত ব্যক্তি। [মৌলবী مولوی আ]।

মৌলানা, মওলানা—১বি. ইস্‌লাম ধর্ম সম্বন্ধে বিশেষজ্ঞ (কোন্ শাস্ত্রী বা মৌলানা বল, জেনেছে তার ভেদ—নজরুল)। ২বি. আমাদের প্রভু (সম্মানে)। [মৌলানা مولانا আ.]।

মৌলুদ—দ্র. **মিলাদ**।

মৌসুফ, মৌছুফ—বিণ. বর্ণিত, কথিত, পূর্বোক্ত। [মওসূফ موصوف আ.] স্ত্রী. **মৌসুফা, মৌছুফা**।

মৌসুম, মওসুম, মসুম, মরশুম, মর্শুম, মরসুম—১বি. ঋতু, কাল (ফুল ফাল্গুনের এল মরশুম—নজরুল)। ২বি. বায়ুস্রোত বিশেষ যাতে বৃষ্টি হয়। ৩বি. বর্ষাকাল। ৪বি. সময়কাল। [মওসম্ موسم আ.]। **মৌসুমী, মৌসুমি, মরসুমী**—১বিণ. বর্ষাকালীন, বারিবর্ষী। ২বিণ. ঋতুগত (এলাচের মৌসুমী...জীবন)। [—+ (ঈ) ফা.]।

ম্যাখতা—দ্র. **মেখতা**।

ম্যাদা, মেদা— বিণ. স্ত্রীলোকের ন্যায় ভীরু, — নির্জীব (আমি কুমড়ো তুমি দা/আমি কাঁচকলা, তুমি আদা/তুমি তেজী, আমি ম্যাদা—নজরুল)। [মাদাঃ ماده ফা.]।

ম্যায়—সর্ব. আমি (ম্যায় ভুখা-হুঁ ক্রন্দন-রবে নাচায়ে তুলিলে ধমনী— নজরুল)। [ম্যঁয় میں উ.]।

[য]

যওজ—দ্র. জওজ।

যকাত—দ্র. **জাকাত**।

যব—ক্রি. বি. যখন, যে-সময়ে (ঝুটা তেরি তল্‌ওয়ার ছিন্ লিয়া যব্‌দেশ—নজরুল)। [জব جب হি.]।

যবান—দ্র. **জবান**।

যরদা—দ্র. **জরদা**।

যাদু—দ্র. **জাদু**।

যাদুকর, যাদুঘর, যাদুবিদ্যা—দ্র. **জাদু**।

যানে দো—যেতে দাও (পরওয়া নেহি, যানে দো ভাই, যো গিয়া—নজরুল)। [জানে দো جانے دو উ./হি.]।

যাহাঁ—ক্রি. বিণ. যখনই, যে-মুহূর্তে (যাহাঁ মোরি বিদেশীয়া লেবা মোহে ওয়াহিঁ রি—নজরুল)। [জাহাঁ جہاں উ./হি.]।

যাহিল—দ্র. জাহিল।

যিগর—দ্র. জিগর।

যিয়ারত—দ্র. জেয়ারত।

যো—সর্ব. যা, যে-বস্তু (পরওয়া নেহি, যানে দো ভাই, যো গিয়া—নজরুল)। [জো جو উ./হি.]।

যোশ—দ্র. জোশ।

যোহর—দ্র. জোহর।

যোহরা১, যোহরা২—দ্র. **জোহরা১, জোহরা২**।

[য়]

য়্যা১—অব্য. ওহে, আহ্বান ধ্বনি (য়্যা উম্মতী, য়্যা উম্মতী, —একেলা তুমি,/কাঁদিবে খোদার পাক আর্শ চুমি'—নজরুল)। [য়া يا আ.]।

য়্যা২—অব্য. অথবা, বা, কিংবা (মুর্দা দোজখ মে যায় য়্যা বেহেশ্‌ত মে যায়, মেরা হালুয়া-রুটি সে কাম— নজরুল)। [য়া يا হি.]।

[র]

রইস, রঈস—১বি. নেতা, সম্ভ্রান্ত ব্যক্তি। (মার্কা-মারা রইস্ যত—নজরুল)। ২বি. ধনী লোক [র'ঈস্ رئیس আ.]।

রওআব—১বি. ভয়, সম্ভ্রম। ২বি. গাম্ভীর্য। [রু'ব رعب আ.]।

রওগন—বি. তেল (ও কি জৈতুলী রওগন, ওরই পারে জলপাই বনে—নজরুল)। [রওগন روغن ফা.]।

রওজা—দ্র. রওযা।

রওনক—বি. জাঁকজমক, সৌন্দর্য। [রওনক্ رونق ফা.]।

রওনা—দ্র. রওয়ানা।

রওযা, রওজা—বি. সমাধি, সমাধি প্রাঙ্গণ, সমাধি-সংলগ্ন উদ্যান (জাত-পাক মোস্তফার রওজা মোবারক যেথায়—নজরুল)। [রওযঃ روضہ আ.]। **রওযা মোবারক**—বি. পবিত্র সমাধি। [—+ মুবারক مبارک আ.]।

রওয়ানা, রওনা—১বি. যাত্রা, গমন। ২বি. প্রেরণ। ৩বিণ. যাত্রার জন্য নিষ্ক্রান্ত। [রওয়ানহ্ روانہ ফা.]।

রওশন, রোশন, রৌশন—বিণ. উজ্জ্বল আলো, আলোকিত (আজকে রওশন জমীন-আসমান/নওজোয়ানীর সুরখ্ নূরে—নজরুল; প্রেমের আলোয় যে দিল্ রৌশন্—নজরুল)। [রওশন روشن ফা.]।

রওশনি, রওশনী, রুশনী, রোশনাই, রোশনি, রোশনী, রৌশনি, রৌশনী—বি. ঔজ্জ্বল্য, আলোক, আলোকসজ্জা, জ্যোতি (ঐ নামেরি রৌশনীতে আঁধারে মন রয় উজালা—নজরুল; সেই ফুলেরই রওশনীতে আরশ কুর্শি রওশন—নজরুল; মরুর আকাশ রোশনিতে ভরি এবার কোথায় জাগবে রবি?—ফররুখ)। [روشنی ফা.]।

রং, রঙ—১বি. বর্ণ। ২বি. রঞ্জন দ্রব্য। ৩বি. দেহের বর্ণ। ৪বি. তাসের রুইতন হরতন প্রভৃতি চিহ্নভেদ। ৫বি. ধরণ। ৬বি. আতিশয্য। [রঙ্গ رنگ ফা.]।

রংতামাশা— বি. কৌতুক, ফুর্তি। [— + তমাশি تماشی আ., তমাশা تماشا ফা.]। **রংদার, রঙদার**—বিণ. রঙিন, রংযুক্ত। [— + দার دار ফা.]। **রংবাজ**— বি. বহুরূপী, ধূর্ত। [— + বায্ باز ফা.]। **রং-বেরং**— বি. নানা রং। [রঙ্-ব-রঙ্ رنگ برنگ ফা.]। **রং মহল, রঙমহল, রঙ্গমহল**— বি. আনন্দনিকেতন, প্রমোদগৃহ। [— + মহল محل আ.]। **রংরেজ, রংরেয**— বি. রং কারক, রঞ্জক। [রংরেয্ رنگ ریز ফা.]। **রংসাজ**— ১বি. রংকারী, রঞ্জক। ২বি. রং প্রস্তুতকারক। [— + সা ساز ফা.]।

রংগিলা, রংগীলা—দ্র. **রঙ্গিলা**।

রংতামাশা— দ্র. **রং**।

রংদার, রংবাজ, রংবেরং, রংমহল, রংরেজ, রংরেয, রংসাজ—দ্র. **রং**।

রক$_১$— ১বি. কাল্পনিক বৃহৎ পক্ষী। [রক্ব رق ফা.]।

রক$_২$—দ্র. **রোয়াক**।

রকদস্তি (আদালতের পরিভাষা)—বি. জমির চতুঃসীমার বিবরণ। [রক্ব্ দস্তি رق دستی ফা.]।

রকবা—বি. জমির পরিমাণ, area [রক্ব্বঃ رقبہ আ.]।

রকম—১বি. মত, প্রকার। ২বি. ধরণ, রীতি, ভঙ্গি। ৩বি. প্রায়, কতোকটা। [রক্ব্ম رقم আ.]।

রকমারি, রকমওয়ারি—১বিণ. নানা প্রকার, বিভিন্ন ধরণের। ২ক্রি-বিণ. দফায় দফায়। [রক্ব্ম+ওয়ার رقم+وار ফা. প্রত্যয়+ই, বাং]।

রগবৎ, রগবত—বি. আকর্ষণ, টান। [রগ্বত্ رغبت আ.]।

রঙ—দ্র. **রং**।

রঙমহল—দ্র. **রং**।

রঙিন—দ্র. **রঙ্গিন**।

রঙিলা, রঙীলা—দ্র. **রঙ্গিলা**।

রঙ্গ—১বি. পরিহাস, কৌতুক, তামাশা, ঠাট্টা। ২বি. রগড়, মজা, আমোদ। [রঙ্ রঙ্গ ফা.]।

রঙ্গমহল—দ্র. **রং**।

রঙ্গিন, রঙিন—১বিণ. রঞ্জিত, রঙযুক্ত। ২বিণ. নানা রঙে শোভিত। [রংগীন رنگین ফা.]।

রঙ্গিলা, রঙ্গীলা, রঙিলা, রঙীলা, রংগিলা, রংগীলা —বিণ. রঙ্গপ্রিয়, রঙ্গকারী, স্ফূর্তিবাজ। [রংগিলা رنگیلا হি.]।

রঙ্গীন—বিণ. রঙ্গিন-এর বানান ভেদ।

রঙ্গীলা—রঙ্গিলার বানানভেদ।

রজাই—বি. লেপ, বিছানার চাদর। [রযা'ঈ رضائی ফা.]।

রজীল—১বিণ. হীন, নীচ। ২বি. অধম, পাপিষ্ঠ। [রযীল رذیل আ.]।

রঞ্জ—বি. দুঃখ, বেদনা, মনোকষ্ট। [রন্জ্ رنج ফা.]।

রদ—১বিণ. খারিজ, মকুফ, রহিত (রদ হবেনা কিস্তি, জমি উঠবে না আর লাটে—নজরুল)। ২বি. খারিজকরণ, রহিতকরণ। [রদ্দ رد আ.]। **রদবদল**—বিণ. পরিবর্তন, পরিবর্জন। ২বি. উল্টাপাল্টা। [—+ بدل আ.]।

রদি, রদী, রদ্দী, রোদি—১বিণ. নিকৃষ্ট খারাপ। ২বিণ. অব্যবহার্য, অচল। **রদিমাল, রদীমাল, রদ্দীমাল, রোদী মাল**—বি. অপকৃষ্ট জিনিস, বাজে জিনিস। [رد আ.+ مال আ.]।

রদ্দী—দ্র. **রদি**।

রপ্ত—১বি. আয়ত্ত, কণ্ঠস্থ। ২বিণ. অভ্যস্ত। [রব্ত ربط আ.]।

রপ্তানি, রফতানী—বি. বিক্রয়ের জন্য পণ্যদ্রব্য বিদেশে প্রেরণ। [রফ্‌তান্ رفتن ফা. ই. ঈ বাং]।

রফরফ—বি. মেরাজে হযরত মুহম্মদ (সা.) যার উপর আরোহণ ক'রে সিদ্‌রাতুল মুনতাহার পরে আল্লাহ্‌র আরশে গিয়েছিলেন। [রফ্‌রফ্ رف رف আ.]।

রফা—১বি. আপোস মীমাংসা, মিটমাট, নিষ্পত্তি। [রফ' رفع আ.]। **রফানামা**—বি. নিষ্পত্তিপত্র। [—+নামহ্ نامه ফা.]।

রফিক, রফীক—বি. বন্ধু, সাথী, মিত্র [রফীক্ব رفيق আ.]।

রব—বি. প্রভু, পালয়িতা প্রভু। [রব্ رب আ.]। **ইয়ারব্**—হে (আমার) প্রতিপালক প্রভু! [য়ারব্ يارب আ.]।

রবাব, রোবাব—বি. বীণা জাতীয় বাদ্যযন্ত্র বিশেষ (নীরব রবাব বীণা, মুরজ, মুরলী—মাইকেল; রঙ্গীন রাখী, শিরীন শারাব, মুরলী রোবাব বীণ—নজরুল)। [রুবাব্ رباب ফা.]।

রবিখন্দ, রবিশস্য, রবীখন্দ, রবীশস্য—বি. গম-যবাদি বসন্তকালীন ফসল, বসন্ত কালের শস্য। [রবী' ربيع আ.+খন্দক্ব خندق ফা., শস্য সং]।

রবিউল আউওল—বি. হিজরী সালের তৃতীয় মাস। এই মাসে হযরত মুহম্মদ (সঃ)-এর জন্ম এবং মৃত্যু হয়েছিল। [রবীউল্ আউব্‌ল্ ربيع الاول আ.]।

রমজান, রমযান, রমাদান—বি. হিজরী সনের নবম মাস (ও মন রমজানের ঐ রোজার শেষে এল খুশির ঈদ—নজরুল)। [রমযান رمضان আ.]।

রমযান—দ্র. **রমজান**।

রশদ—দ্র. **রসদ**।

রসদ, রশদ—১বি. সৈন্যগণের আহার্য সামগ্রী, ration। ২বি. খোরাক। ৩বি. উপকরণ। [রসদ رسد ফা.]।

রসম, রেসম—১বি. রীতি, নিয়ম। ২বি. আচার। [রস্‌ম্ رسم আ.]। **রসম বা রেসম রেওয়াজ**—বি. প্রচলিত রীতি বা আচার ব্যবহার (হেজাজী আচার মত/রেসম রেওয়াজ যত—নজরুল)। [—+রিওয়াজ্ رواج আ.]।

রসিদ, রসীদ—বি. অর্থাদির প্রাপ্তিস্বীকারপত্র [رسيد ফা.]।

রসীদ—দ্র. **রসিদ**।

রসুমত, রসুমাত, রোছমত, রোসমত—বি. আচার-অনুষ্ঠান, বর-কনের প্রথম দৃষ্টি বিনিময় (এক সপ্তাহ পরে রসুমৎ—শওকত; সুবিধামত বিবেচনা করে রোছমত করা যাবে—মোস্তফা)। [রসুমাত رسومات আ. = রস্‌ম্ رسم আ. এর ব.ব.]।

রহম, রহমত, রাহমত—বি. করুণা, দয়া, কৃপা (খোদার রহম এলরে আখেরে নবীর বেশে—নজরুল; আল্লার রহমত ঝরে/ঘরে বাইরে তোর উপরে—নজরুল)। [রহম رحم আ.+রহমত رحمت আ.]।

রহমান, রাহমান—১বিণ. পরম করুণাময়, করুণাময় আল্লাহ্‌। ২বি. খোদার এক নাম (বিচার যদি করবে কেন রহমান নাম নিলে—নজরুল)। [রহমান رحمٰن আ.]।

রহমানুর রহিম—কি পরমদয়ালু, পরম করুণাময় আল্লাহ্‌ (বলেছেন রহমানুর রহিম, বলেছেন রসুলে করিম—

নজরুল)। [রহমান আল্ রহিম الرحمٰن الرحيم আ.]।

রহিম, রহীম—১বিণ পরম দয়ালু, করুণাময়। ২বি. খোদার এক নাম। [রহীম رحيم আ.]।

রহিমুর রহমান—বিণ. পরম করণাময় পরম দয়ালু (তুমি রহিমুর রহমান/আমি গুনাহগার বান্দা—নজরুল)। [রহিম আল্ রহমান رحيم الرحمٰن আ.]।

রাইয়ত, রায়ত—১বি. প্রজা। ২বি. যে প্রজা নিজে চাষ করার বা নিজ স্বার্থে অন্যের দ্বারা চাষ করাবার জন্য ভূমিস্বত্ব লাভ করেন। [র'ইয়ত্ رعيت আ.]। **রাইয়তী, রায়তী** —১বিণ. রাইয়ত সংক্রান্ত। ২বিণ. রাইয়তের প্রাপ্য। ৩বিণ. রায়তের দাবিযুক্ত। [র'ইয়তী رعيتى আ. (ঈ) ی ফা.]।

রাঁদা, রেঁদা—বি. কাঠ মসৃণ করার যন্ত্র বি.। [রন্দাঃ رنده ফা.]।

রাক'আত—দ্র. **রেকাত**।

রাজী, রাজি, রাযী—বিণ. সম্মত, স্বীকৃত (ত্যাগ ও শহীদ হওয়া ছাড়া মোরা আর সব হতে রাজি—নজরুল) [রাযী راضى আ.]। **রাজীনামা**—বি. চুক্তিপত্র। [—+ নামহ্ نامه ফা.]।

রাজ্জাক—বি. অন্নদাতা। আল্লাহ্‌র অপর এক নাম। [রয্যাক্ব رزاق আ.]।

রাতিব—বি. দৈনিক আহার, খোরাক বরাদ্দ, ভাতা, ration। [راتب আ.]।

রান—বি. উরু (এক মুরগীর ছয় রান/বাঁটতে বাঁটতে হয়রান—প্রবাদ)। [ران ফা.]।

রাবী—বি. বর্ণনাকারী, হযরতের উক্তি, কর্ম বা অনুমোদনের প্রবক্তা। [রাবী راوى আ.]।

রাযাই—দ্র. **রেজাই**।

রাযী—দ্র. **রাজী**।

রায়—বি. বিচারপতির সিদ্ধান্ত ও নির্দেশ, বিচার ফল (রায় শোনার পরই আফিম খেয়ে ফেলেছিল এক ঢ্যাল— নজরুল)। [রায় رائے আ.]।

রায়ত, রায়তী—দ্র. **রাইয়ত**।

রাস্তা—১বি. পথ, মার্গ, বর্ত্ম। ২বি. উপায়, ব্যবস্থা। [রাস্‌তঃ راسته ফা.]।

রাহ্‌বর—দ্র. **রাহাবর**।

রাহমত—দ্র. **রহম**।

রাহমান—দ্র. **রহমান**।

রাহযন—দ্র. **রাহাজান**।

রাহা—১বি. রাস্তা, পথ। ২বি. উপায়, ব্যবস্থা। [রাহ্ راه ফা.]।

রাহাখরচ—বি. পথখরচ, ভ্রমণকালে গাড়িভাড়াদির প্রয়োজনীয় খরচা। [—+ খরচাঃ خرجه ফা.]।

রাহাজান, রাহযন— বি. যে ব্যক্তি প্রকাশ্য রাজপথে ডাকাতি করে। [রাহ্‌যন راهزن ফা.]। **রাহাজানি**—বি. রাহাজানের বৃত্তি, ডাকাতি, প্রকাশ্য রাস্তায় ডাকাতি। [رهزنى ফা.]।

রাহাগির—বি. পথিক (চলে যাও রাহাগির নিজের গরজে—ফররুখ)। [রাহ্‌গীর راهگير ফা.]।

রাহাবর, রাহ্‌বর—বি. পথ-প্রদর্শক, যে পথ দেখিয়ে নিয়ে যায়। [রাহ্‌বর, راهبر ফা.]।

রাহী—বি. পথচারী, পথিক, মুসাফির (মুজাহিদ রাহী আজি হিন্দের মুসলমান—তালিম)। [রাহী راهى ফা.]।

রাহে খোদা, রাহে লিল্লাহ—আল্লার পথে, আল্লার সন্তুষ্টির জন্য। [راه الله আ.]।

রিওয়াজ—দ্র. রেওয়াজ।

রিকাব, রিকিব—দ্র. রেকাব১।

রিজক—দ্র. রেজেক।

রিফু, রিপু—বি. বস্ত্রের ছিন্ন অংশ সুঁচ সুতা দিয়ে বুনে মেরামত। [রফ্ رفو আ.]।

রিযক—দ্র. রেজেক।

রিয়া—১ক্রি. বিণ. লোক দেখানো। ২বি. কপটতা, ভান। [ریا আ.]।

রিয়াইত—বি. বিবেচনা, শ্রদ্ধা, সুবিধা। [রি'আয়ত্ رعایة আ.]।

রিয়াকারী—বি. প্রদর্শনের জন্য ধর্মাচরণ, লোক দেখানো ধার্মিকতা। [রিয়াকারী ریاکاری ফা.]।

রিয়াজত—১বি. আত্মশুদ্ধির চেষ্টা, উদ্যম, আধ্যাত্মিক সাধনা। ২বি. ব্যায়াম। [রিয়াযত্ ریاضت আ.]।

রিয়াসত—১বি. রাজত্ব। ২বি. শাসন। [ریاست আ.]।

রিশতা, রেশতা—বি. সম্বন্ধ। [رشته ফা.]

রিশতাদার, রেশতাদার—আত্মীয়। [— + দার دار ফা.]।

রিসালা—দ্র. রেশালা।

রিসালাদার, রিসালদার—বি. অশ্বারোহী সেনাবাহিনীর অধিনায়ক। [রিসালহ্ رسالہ আ. + দার دار ফা.]।

রিসওয়াত, রিশওত—বি. ঘুষ। [রিশ্ওত্ رشوة আ.]।

রুকসত—দ্র. রোখসত।

রুকু—বি. নামাজের সময় দুই হাঁটুতে ভর ক'রে নতমস্তকে দাঁড়ান। [রুকূ' رکوع আ.]।

রুজি, রুযি, রুযী—বি. জীবিকা, উপার্জন, দৈনন্দিন খাদ্য সংস্থান। [রূযী, রোযী روزی ফা.]।

রুজু, রুজূ—১বিণ. দায়ের, দাখিল, উপস্থাপিত। ২বিণ. প্রত্যাবর্তন। [রুজূ' رجوع আ.]।

রুটি—১বি. আটা ময়দা প্রভৃতি দিয়ে তৈরি খাদ্যদ্রব্য। ২বি. চাপাতি, পাউরুটি। [রোটি روٹی হি.]।

রুবাই, রুবাঈ—বি. আরবী-ফারসী ভাষায় রচিত চার পংক্তির কবিতা (হাফিজ-উমর শিরাজ পালিয়ে লেখে রুবাই—নজরুল)। [রুবা'ঈ رباعی আ. ; ব.ব. رباعیات]।

রুবাইয়াৎ, রুবাঈয়াত, রোবাইয়াৎ— বি. রুবাই সমূহ (ওমর আগাগোড়া মাতালের 'পোজ্' নিয়ে তাঁর রুবাইয়াৎ লিখে গেছেন—নজরুল)। [رباعیات আ.]।

রুম, রূম—বি. গ্রীস। **রুমী**—বিণ. গ্রীক, রোমক। [রূম্ روم আ.]।

রুমাল, রূমাল, রোমাল—১বি. মুখের ঘাম ও হাতমুখ মুছিবার বস্ত্রখণ্ড। ২বি. ছোট শাল বিশেষ [রূমাল رومال ফা.]।

রুয়ৎ—বি. দর্শন, সাক্ষাতকার (আজ আরশের বাসর-ঘরে/হবে মোবারক রুয়ৎ—নজরুল)। [রুইয়ত্ رویت আ.]।

রুশনী—দ্র. রওশনি।

রুসুম—১বি. শুল্ক, টেক্স। ২বি. প্রথা, দেশাচার, দস্তুর। [রুসুম رسوم আ. ; এক. رسم]।

রুহ—দ্র. রূহ।

রূপিয়া, রুপিয়া—বি. টাকা। [রূপিয়াঃ روپیہ হি.]।

রূপোশ, রূপোষ—বি. মুখঢাকা। [روپوش ফা.]।

রূহ, রুহ—বি. আত্মা, অন্তরাত্মা, অন্তর (তোমায় আমি ভুলব কিসে/আছ আমার রুহে মিশে—নজরুল)। [روح আ.]।

রূহানী, রুহানী—বিণ. অন্তর থেকে উৎপন্ন, আত্মাজাত, আত্মিক (তোর রুহানী আয়নাতে দেখ্‌রে সেই নূরী রওশন—নজরুল)। [রূহানী روحانی আ.]।

রেওয়াজ, রিওয়াজ—১বি. রীতি, পদ্ধতি, ধরণ। ২বি. আচার, চলন। [রিওয়াজ رواج আ.]।

রেওয়ায়ৎ—বি. বর্ণনা, বিবরণ। [রিওয়ায়ত্ روایت আ.]।

রেকাত, রেকাৎ, রাক'আত—বি. নামাজের অংশ বিশেষ। [রক্'আত্ رکعت আ.]।

রেকাব১, রিকাব১, রিকিব—বি. ঘোড়ার দুপাশে জিন-সংলগ্ন অশ্বারোহীর পাদান। [রিকাব رکاب আ.]।

রেকাবদার—বি. সহিস (পিছেতে রেকাবদার চলিল ওম্মর—হামজা)। [—+ دار ফা.]।

রেকাব২, রিকাব২ রেকাবি, রেকাবী—বি. থালা, ডিস (বেহেশ্‌ত হইতে আনিত সোনার রেকাবী—আকরম)। [রিকাবী رکابی]।

রেজগি, রেজকি—বি. টাকার ভাঙতি খুচরা পয়সা। [রেযগী ریزگی ফা.]।

রেজাই, রাযাই—বি. লেপ, শীতের লেহাপ, বালাপোশ। [রযাঈ رضائی আ.]।

রেজারেজা—বিণ. চূর্ণবিচূর্ণ, টুকরা টুকরা। [রেযঃ রেযঃ ریزہ ریزہ ফা.]।

রেজেক, রিজক, রিযক—বি. আহার, জীবনোপকরণ। [রিয্‌ক্ رزق আ.]।

রেয়াইত—দ্র. রেয়াত।

রেয়াত, রেয়াৎ, রেয়াইত—১বি. অব্যাহতিদান, রেহাই। ২বি. খাতির, অনুগ্রহ। [রি'আয়ত্ رعایت আ.]।

রেশতা—দ্র. রিশতা।

রেশম—বি. গুটিপোকার লালাজাত তন্তু থেকে যে সুতা প্রস্তুত হয়। [ریشم ফা.]। **রেশমী**—বিণ. রেশম সূতায় প্রস্তুত। [—+ ی (ঈ) ফা.]।

রেশালা, রেসালা, রিসালা—বি. অশ্বারোহী সৈন্যদল। [رسالہ আ.]।

রেসম—দ্র. রসম।

রেহাই—বি. অব্যাহতি, নিষ্কৃতি, মুক্তি। [রিহাই رہائی ফা.]।

রেহান—বি. বন্ধক। [রিহ্‌ন্ رهن আ.]। **রেহাননামা**—বি. বন্ধকীপত্র। [—+ নামহ্ نامہ ফা.]।

রেহেল—বি. কাষ্ঠনির্মিত কাঠামো বিশেষ, যার উপর কোরআন শরীফ রেখে পড়া হয়। [রহ্‌ল رحل আ.]।

রোখসত, রোকসত, রুকসত—বি. কর্মাবসান, বিদায়। [রুখ্‌সত্ رخصت আ.]।

রোছমত—দ্র. রসুমত।

রোজ—১বি. দিন, তারিখ। ২বি. দৈনিক মজুরি। ৩বি. প্রতিদিন, প্রত্যহ। [রোয্ روز ফা.]। **রোজকিয়ামত, রোজকেয়ামত**—বি. মৃত্যুর পর পুনরায় জীবিত হয়ে ওঠার দিন। শেষ বিচারের দিন। অতি কষ্টকর অবস্থা (মোর জীবনের রোজ কেয়ামত ভাবিতেছি কত দূর—জসীম। [— قیامت আ.]।

রোজ হাশর—বি. মহাসম্মেলনের দিন, আল্লাহ্‌র সামনে হাজির হওয়ার দিন (রোজ হাশরে আল্লাহ্ আমার করো না বিচার—নজরুল)। [রোজ হশ্‌র روزحشر আ.]।

রোদী—দ্র. রদি।

রোবাইয়াৎ—দ্র. রুবাইয়াৎ।

রোবাব—দ্র. রবাব।

রোমাল—দ্র. রুমাল।

রোয়াক, রক$_২$—১বি. ঘরের সামনের খোলা জানালা বা বারান্দা। ২বি. অঙ্গন, সামনের খোলা স্থান (রোয়াকে বসা)। [রিওয়াক্ رواق আ.]।

রোশন—দ্র. রওশন।

রোশনাই, রোশনি, রোশনী—দ্র. রওশনি।

রোসমত—দ্র. রসুমত।

রৌশন—দ্র. রওশন।

রৌশনি, রৌশনী—দ্র. রওশনি।

[ল]

লওয়াজিম, লওয়াজিমা, লোয়াজিমা নওয়াজিমা—১বি. প্রয়োজনীয় জিনিসপত্র। ২বি. জমিদারী কাগজপত্র। [লওয়াযিমঃ لوازمه আ.]।

লওহ—বি. ফলক, তখ্‌তা। [লওহ্ لوح আ.]।

লকব—বি. সম্মানসূচক উপাধি বা খেতাব, উপনাম (এই লকবের সম্পূর্ণ সার্থকতা ঘটিয়াছিল—বরকত)। [লক্‌ব্ لقب আ.]।

লঙর—১বি. লোহার অঙ্কুশ যুক্ত কাছি বা শিকল যা পানির নীচে ফেলে নৌকা-জাহাজের গতিরোধ করা হয়। [লঙ্গর لنگر ফা.]।

লঙ্গরখানা, লংগরখানা—১বি. গরীব মিসকিনকে যেখানে বিনামূল্যে বাসস্থান ও খাদ্য পরিবেশন করা হয়। ২বি. সাধারণের রান্নাঘর। [লঙ্গর-খানহ্ لنگرخانه ফা.]।

লজ্জত, লজ্জৎ, লযযৎ—বি. স্বাদ, মজা, রুচি আনন্দ (চরকায় উজ্জ্বল লক্ষ্মীর লজ্জৎ—সত্যেন্দ্র)। [লয্‌যত্ لذّت আ.]।

লফজ, লবজ—বি. শব্দ, কথা বা উচ্চারণ (মওলানা সাহেব তার দুএকটা লফজ ছাড়া আর কিছুই বুঝিলেন না—মনসুর)। [লফ্‌য্ لفظ আ.]।

লবেজান—১বিণ. ওষ্ঠাগত প্রাণ, পর্যুদস্ত, হয়রান, পেরেশান (বিবিজান চলে যান লবেজান করে—ঈশ্বর)। ২বিণ. অতিশয় অস্থির বা উৎকণ্ঠিত। [لب‌جان ফা.]।

লয্‌যৎ—দ্র. লজ্জত।

লশকর, লসকর, লস্কর—১বি. সৈন্য (ডঙ্কা নিশান সঙ্গে লইয়া লস্কর অফুরান—সত্যেন্দ্র)। ২বি. ফৌজ। [লশ্‌কর لشكر ফা.]। **লস্করী**—বি. সেনা সম্বন্ধীয়, সেনার মত (সাঁতার ভুলে মেষ চলে আজ লস্করী চালে—সত্যেন্দ্র)। [—+ ঈ, বাং]।

লস্কর—দ্র. লশকর।

লস্‌সী—বি. দই চিনি দিয়ে প্রস্তুত একপ্রকার পানীয় (পাঞ্জাবীর হালুয়া, লস্‌সী আরও কত প্রদেশের কত অনবদ্য অবদান—মুজতবা)। [لسّی হি.]।

লহমা—বি. মুহূর্ত, ক্ষণ, অতি অল্প সময় (এক লহমার খুশীর তুফান এই ত জীবন—নজরুল)। [লম্‌হঃ لمحه আ.]।

লহর—১বি. তরঙ্গ, ঢেউ। ২বি. আশা, উৎসাহ। ৩বি. উন্মাদনা (লুপ্ত তোমার রূপের লহর জঙ্গলে আর জঞ্জলে—সত্যেন্দ্র)। [لہر হি.]।

লহু, লোহু—বি. রক্ত, শোণিত (ভুলিনি গো আজো সেই শহীদের লোহু লাল—নজরুল)। [লহূ لہو হি.]।

লা-ইলা, লা-এলা—'লা ইলাহা ইল্লাল্লাহু'-র সংক্ষিপ্ত রূপ। এখানে 'আল্লা' অর্থে (লায়লি কোথায়? আমি শুধু দেখি/লা-এলার জ্যোতি—নজরুল; লায়লির প্রেমে মজনু পাগল/আমি পাগল 'লাইলা'র—নজরুল)।

লাইলাতুল কদর—১বি. সম্মানিত রাত্রি, মুবারক রাত। ২বি. ইসলামী শাস্ত্রমতে রমজান মাসের শেষ দশদিনের কোনও একটি বেজোড় রাত। অনেকের মতে সাতাশে রমজানের রাত। এই একটি রাতের ইবাদতের পুণ্য হাজার মাসের ইবাদতের তুল্য। [ليلة القدر আ.]।

লা-এলা—দ্র. লা-ইলা।

লাওয়ারিশ, লাওয়ারেশ, লাওয়ারেস—বিণ. উত্তরাধিকারশূণ্য (লাওয়ারেশ শবগুলি গ্রাম হইতে বাহির করিবে— আকরম)। [লাওয়ারিছ لاوارث আ.]।

লাকড়ি—বি. জ্বালানি কাঠ [লকড়ী لکڑی হি.]।

লাখেরাজ, লা-খরাজ, নাখেরাজ—১বি. নিষ্কর জমি। ২বিণ. নিষ্কর (তার বিস্তর লাখেরাজ সম্পত্তি ছিল)। [لاخراج আ.]।

লাগাৎ, লাগাদ—দ্র. নাগাইত।

লাগাম—১বি. ঘোড়ার বল্গা, রাশ। ২বি. সংযম, check। [لگام ফা.]।

লাগায়েৎ, লাগায়েত—দ্র. নাগাইত।

লাচার, নাচার—বিণ. নিরুপায়, সহায়হীন, নিঃসহায় (লোকজন বিনে আছি বহুত লাচার—হামজা)। [لا আ.+ چار ফা.]

লা-জওয়াব—বিণ. নিরুত্তর। [لاجواب আ.]।

লাড়কা—দ্র. লেড়কা।

লাথি, লাথ—বি. পদাঘাত, পায়ে আঘাত করা। [লাত لات হি.]।

লা-দাবী—বিণ. যার জন্য কোন দাবী নেই। [লা দ'ওয়া لادعوی আ.]।

লানত, লানৎ, লাহানতি—১বি. অভিশাপ (হাজার লানত যে এমন কাজ করে—হামজা)। ২বি. অপমান, লাঞ্ছনা, ভর্ৎসনা। [লা'নত لعنت আ.]।

লায়েক—বি. সাবালক, উপযুক্ত (বিয়ের লায়েক বেটি হইল সেয়ানা—হামজা)। [লাইক্ব لائق আ.]।

লাল১—বি. রক্তবর্ণ, লোহিত। [লাল لال ফা.]।

লা'ল২—১বি. শিশুপুত্র, প্রিয় সন্তান (আম্মা লা'ল তেরি খুন কিয়া খুনিয়া—নজরুল)। [লা'ল لال হি; ল'ল لال ফা.]।

লালা—বি. লাল রঙের ফুল বিশেষ (সাহারাতে ফুটলরে রঙিন গুলে-লালা—নজরুল)। [লালঃ لالہ ফা.]।

লাশ, লাস—বি. শব, মৃতদেহ (ময়দানে লুটাতে রে লাশ এই খাস্ দিন—নজরুল)। [লাশ لاش তু..]।

লাশরীক, লা-শারিক—বিণ. শরীকহীন, যার কোনো অংশীদার নেই (দাড়ি মুখে সারি গান—লা-শরীক আল্লাহ—নজরুল; লা-শরিকের জলসাতে তাই/শরিক হল এসে সবাই—নজরুল)। [لاشریک আ.]।

লাহানতি—দ্র. লানত।

লিল্লা, লিল্লাহ্—বি. আল্লাহর রাস্তায় দান, আল্লাহ্‌কে সন্তুষ্ট করার উদ্দেশ্যে কোন কিছু উৎসর্গ করা। [লিল্লাহ্ لله আ.]।

লু, লূ—১বি. গ্রীষ্মকালের অতিশয় উত্তপ্ত বায়ুপ্রবাহ বিশেষ. ২বিণ. গরম বাতাস (বহিছে সাহারায় শোকের 'লু' হাওয়া—নজরুল)। [লু لو উ.]।

লুকমা—দ্র. **লোকমা**।

লুঙ্গি, লুঙ্গী, লুঙি, লুঙী—বি. পুরুষের নিম্নাঙ্গে পরিহিত কাছা-কোঁচাহীন সুপরিচিত বস্ত্র বিশেষ। [লঙ্গী لنگی হি./ফা.]।

লুচ্চা, লোচ্চা—বি. লম্পট। [লস্‌স لصّ আ.]

লুঠেরা, লুঠেল, লুটেরা, লুটেল—বিণ. বি. লুণ্ঠনকারী, ডাকাত, দস্যু, লুণ্ঠক, অপহারক। [লুটেরা لٹیرا হি.]

লুবান—দ্র. **লোবান**।

লূ—দ্র. **লু**।

লেং, লেঙ, লেঙ্গ, ল্যাং, লেঙ্গি, লেঙ্গী— বি. পা, পদ (পতনের উট তথা বৈসে লেঙ্গ পাড়ি'—হায়াত)। [লেঙ্গ لنگ ফা.]

লেংটি, লেঙ্‌টি—বি. অল্প পরিসর কাপড় যা কোমরে জড়ানো হয়। [লঙ্গোটি لنگوٹی হি.]।

লেঙড়া, লেঙ্গড়া, ল্যাঙড়া, নেংড়া, নেংরা, নেঙরা—বি. খোঁড়া লোক, খঞ্জ। [লঙ্গ +ড়া ڑا হি. প্রত্যয়]।

লেকিন—(অব্যয়) কিন্তু। [লাকিন لیکن আ.]

লেঙ, লেঙ্গ—দ্র. **লেং**।

লেজা—বি. নেযা, বল্লম জাতীয় অস্ত্র বিশেষ। [নেযা: نیزہ ফা.]।

লেড়কা, লাড়কা—বি. বালক, শিশু, ছেলে, অল্পবয়সী পুত্রসন্তান। [লড়্‌ক' لڑکا হি.]।

লেত্তি, লেত্তি—বি. লাটিম ঘুরাবার দড়ি বা নেতি। [লত্তী لتّی উ.]।

লেপ—বি. শয়নকালে ব্যবহার্য তুলাভরা শীতনিবারক গাত্রাবরক বিশেষ। [লিহাফ لحاف আ.]।

লেফাফা—বি. খাম, চিঠিপত্রের উপরের আবরণ। [লিফাফঃ لفافہ আ.]। **লেফাফাদোরস্ত, লেফাফাদুরস্ত**—বি. বাইরের আদবকায়দায় ত্রুটিহীন কিন্তু ভিতরে ফাঁকিবাজ। [—দুরস্ত درست ফা.]।

লেবাছ, লেবাস—বি. পোশাক। [লিবাস لباس আ.]।

লেহাজ—১বি. লজ্জাশরম। ২বি. শিষ্টাচার, আদবকায়দা। [লিহায্ لحاظ আ.]।

লোকমা, লুকমা—বি. গ্রাস (দুইবার লোকমা খেয়েছি—ইব্রাহীম)। [লুক্বমঃ لقمہ আ.]।

লোকসান, নোকসান—বি. পণ্য দ্রব্যের বিনিময়ে মূলদরের অপেক্ষাও কম মূল্য প্রাপ্তি। [নুক্বসান نقصان আ.]।

লোচ্চা—দ্র. **লুচ্চা**।

লোবান, লুবান—বি. ধুনার ন্যায় গন্ধযুক্ত বৃক্ষ নির্যাস বিশেষ। [লুবান لبان আ.]।

লোয়াজিমা—দ্র. **লওয়াজিম**।

লোহু—দ্র. **লহু**।

ল্যাং—দ্র. **লেং**।

ল্যাঙড়া—দ্র. **লেঙড়া**।

[শ]

শইখ—দ্র. শেখ।

শওক, শওখ—দ্র. শখ।

শওকৎ, শওকত,—বি. জাঁকজমক, শক্তি। [شوكت আ.]

শওকীন—দ্র. শৌখিন।

শওয়াল—বি. হিজরী সনের দশম মাস। [শওওয়াল شوّال আ.]।

শওহর—বি. স্বামী। [শওহর شوهر ফা.]।

শক, সক$_1$—বি. সংশয়, সন্দেহ, দ্বিধাদ্বন্দ্ব। [শক্ شک আ.]।

শকরকন্দ, সকরকন্দ—বি. মিষ্টি আলু। [শক্‌র কন্দ্ شکر قند ফা.]।

শক্‌স, শখস—বি. ব্যক্তি। [শখ্‌স্ شخص আ.]।

শক্কর, সক্কর—বি. চিনি। [শকর্ شکر ফা..]।

শখ, সখ, শওক, শওখ, সক$_2$—১বি. অভিরুচি, আগ্রহ। ২বি. উচ্চাশা, যশ। ৩বি. ঝোঁক। ৪বি. আমোদ। ৫বি. বিলাস। [শওক্ شوق আ.]।

শখিন, শখীন—দ্র. শৌখিন।

শজরা—বি. বংশতালিকা। [শজরহ্ شجرہ আ.]।

শতরঞ্জি, শতরঞ্জী, সতরঞ্জি—বি. এক ধরনের কার্পেট—বিভিন্ন রঙে ও ডিজাইনে তৈরী। [শত্‌রন্‌জী شطرنجی ফা.]।

শনাক্ত, সনাক্ত—বি. নিশানদিহি, পরিচিত বলে নির্দেশ। [শনাখ্‌ত্ شناخت ফা.]।

শবনম্—বি. শিশির, কুজ্ঝটিকা। [শবনম্ شبنم ফা.]।

শবীনাখতম—বি. একরাতে কয়েক জন হাফিজ মিলিত ভাবে বিভিন্নাংশ পাঠ করে একবার কোরআন মজীদ খতম করার প্রথা। [শবীনঃ شبینہ ফা.]

শবেকদর—বি. মর্যাদাপূর্ণ রাতে। রমজান মাসের ২১,২৩,২৫,২৭, অথবা ২৯ তারিখের রাতে, যে রাতে কোরআন শরীফ প্রথম অবতীর্ণ হয়েছিল (আল্‌-কেরানের গাইলে গজল শবে-কদর রাতে—নজরুল)। [শব شب ফা.+ক্বদর قدر আ. 'শব্' শব্দের পরে ফা. 'ই' প্রত্যয় বাংলায় 'এ' হয়েছে]।

শবেবরাত, শবে'রাত—বি. সৌভাগ্য রজনী, চান্দ্র শাবান মাসের চতুর্দশ দিন—এইদিন মুসলমানেরা রুটি হালুয়া বিতরণ করেন ও ভাল খাবার খান (শবে'রাত আজ উজালা গো, আঙিনায় জ্বল্‌ল দীপালি—নজরুল)। [—برات আ.]।

শমসুল উলামা/শামসুল উলামা—জ্ঞানীদের সূর্য। আরবী ও ইসলামী বিষয়ে উচ্চ শিক্ষিত পণ্ডিতদিগকে বৃটিশ সরকার বর্তৃক্ প্রদত্ত উপাধি বিশেষ। [شمس العلماء আ.]।

শমশের—বি. তরবারী, তলোয়ার (চাই না মেহ্‌দী তুমি এস বীর হাতে নিয়ে শমশের —নজরুল)। [শমশের شمشیر ফা.]।

শয়খ—দ্র. শেখ।

শয়তান—১বি. ইহুদী, খৃষ্টীয় ও ইসলামী শাস্ত্রোক্ত আল্লাহ্ দ্রোহী। ২বি. পাপাত্মা, অতিশয় দুর্বৃত্ত ব্যক্তি। [শয়্‌তান شیطان আ.] **শয়তানি, শয়তানী**—বি. দুর্বৃত্ততা, বদমায়েশী (হাসে শয়তানী হাসি হেটো লোক যত—সত্যেন্দ্র)। [শয়তান্ شیطان +ই,ঈ.বাং.]।

শরবত, সরবত, সরবৎ—১বি. মিষ্ট শীতল পানীয়। ২বি. চিনি, মিশ্রি, ফলের রস

ইত্যাদি সমন্বয়ে তৈরী ঠাণ্ডা পানীয় (ত্যক্ত আমি হাতের কাছের/ পেয়ালা-ভরা শরবতে—নজরুল)। [শর্‌বত্ شربت আ.]।

শরম, সরম— বি. লজ্জা। [শরম شرم ফা.]। **শরমিন্দা, শর্মিন্দা, শরমেন্দা**—বিণ. লজ্জিত। [শর্‌মিন্‌দঃ شرمندہ ফা.]।

শরা, সরা—বি. ইসলামী বিধানাবলী। [শরা' شرع আ.]। **শরা-শরিয়ত**—বি. ইসলামী কানুন, ইসলাম-প্রদত্ত জীবন বিধান। [শরী'অত্ شریعت আ.]।

শরাব, শরাব, শারাব, সরাব—১বি. মদ্য, সুরা। (শারাব পিয়ে দিশ্-দরিয়া উড়িয়ে দি-ভয়-ভাবনায়—নজরুল; ২বি. সুস্বাদু পানীয়, শরবৎ)। [শরাব شراب আ.]। **শরাবন তহুরা**—বি. পবিত্র পানীয়, বেহেশতে যে পানীয় পান করতে দেয়া হবে। **শরাবী, শারাবী, শারাবখোর**—বি. যে মদ্যপান করে, মদ্যপায়ী মাতাল (দোষ দিও না প্রবীণ জ্ঞানী, হেরি' খারাব শারাব খোর—নজরুল)। [শরাব আ. شراب ফা. شرابی, شرابخور আ.+ফা.]।

শরাফত, শরাফৎ, সরাফত—১বি. ভদ্রতা, ভদ্র আচরণ। ২বি. আভিজাত্য। [শরাফত شرافت আ.] **শরাফতি, সরাফতি**—বি. ভদ্রতা, সৌজন্য (বেল্লিক তুমি সরাফতি বোঝনা লোকের—ফররুখ)। [—+ই বাং.]।

শরাবন তহুরা—দ্র. **শরাব**।

শরাবী—দ্র. **শরাব**।

শরিক, শরীক, সরিক—বি. অংশী। [শরীক شریک আ.]। **শরীকান, শরিকান**—বি. একাধিক শরিক। [আ.+ان ফা. বহু.]।

শরীকানা, শরিকানা, সরিকানা—বি. শরীকের প্রাপ্য অংশ।

শরিফ, শরীফ—১বিণ. ভদ্র, মহানুভব, উচ্চমনা, অভিজাত, শ্রেষ্ঠ। ২বিণ. মক্কার শাসনকর্তার উপাধি। [শরীফ شریف আ.]। **শরীফী**—বিণ. অভিজাত জনোচিত, 'শরীফ' বিষয়ক (শির-দার তুমি ছিলে রীফের/পরনি ক' শিরে শরীফী তাজ—নজরুল)।

শরিয়ত, শরীয়ৎ—১বি. ইসলামের বিধি-বিধান। ২বি. ধর্মাচার ও ধর্মীয় আইনকানুন। [শরী'অত্ شریعت আ.]। **শরীয়তি, শরীয়তী**—১বিণ. ধর্মীয়, শরীয়ত সম্পর্কীয়। ২বিণ. শরীয়ত যে মানে এমন, যে শরীয়ত অনুসারে চলে। [—+ঈ (ঈ) ফা.]।

শরীক—দ্র. **শরিক**।

শরীফ—দ্র. **শরিফ**।

শর্কী—পূর্ব দেশীয় (শর্কী সৈয়দ সুলতানদের স্মরণ সাধন জড়োয়া তাজ—সত্যেন্দ্র)। [শর্‌ক্বী شرقی আ.]।

শর্ত, সর্ত—বি. চুক্তির নিয়ন্ত্রক, নিয়ম, করার। [শর্‌ত্ شرط আ.]।

শলা, সলা—বি. পরামর্শ, সৎপরামর্শ। [সলাহ্ صلاح আ.]।

শলিতা, সলিতা, সলতে—১বি. প্রদীপের পলিতা। ২বিণ. পলিতা সদৃশ সরু। [ফতীলঃ فتیلہ আ. >পতীলঃ پتیلہ ফা.>ফলীতঃ فلیتہ ফা.; আ. سلیطا সলিতা(=সরু ফিতা)]।

শশম, শশুম— দ্র. **সসম**।

শহ্‌ওয়াত—বি. কামনা, কামভাব (শহ্‌ওয়াত গালেব হয়— মনসুর)। [শহ্‌বত্ شہوت আ.]।

শহদ—বি. মধু (গাহে বুলবুলি নার্গিস লালা আনারকলির পিয়ে শহদ—নজরুল)। [شَهد আ.]।

শহর, সহর—১বি. বৃহৎ নগর। ২বি. নগর (জাহাঙ্গীর ঢেড়া দিল সকলের শহরে—ভারত)। ৩বি. মহানগর, রাজধানী। [শহ্‌র شهر আ.]।

শহরৎ—দ্র. **শোহরত**।

শহীদ, শহিদ, সহিদ—বি. ধর্মযুদ্ধে নিহত, ন্যায়সঙ্গত অধিকার লাভের জন্য আত্মোৎসর্গকারী ব্যক্তি। [শহীদ شهيد আ.]। **শহীদান, শহিদান**—বি. বহু. শহিদ (মোরা সৈনিক, মোরা শহীদান বীর বাচ্চা—নজরুল; ধর্মের পথে শহীদ যাহারা আমরা সেই সে জাতি—নজরুল)। [شهيد আ.+ ان ফা.]। **শহীদী, শহীদি**—বিণ. শহীদের যোগ্য. শহীদের অবস্থা (শহীদি ঈদ্‌গাহে দেখ্ আজ জমায়ত ভারি—নজরুল)। [শহীদী شهيدى আ.]।

শা—দ্র. **শাহ্**।

শা, শাহ্—বি. প্রধান, বড় (অন্যশব্দের সাথে যুক্ত হয়ে ব্যবহৃত হয়)। [শাহ্ شاه ফা.]। **শাহ্-নজর**—বি. বিবাহের পর দুলহা-দুলহিনের প্রতি প্রথম দৃষ্টিপাত এবং ঐ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠান। [শাহ্ নযর شاه نظر ফা.+আ]।

শাইখ—দ্র. শেখ।

শাকরেদ, শাগরেদ, সাগরেদ—বি. শিষ্য, সহকারী। [শাগিরদ্ شاگرد ফা.] **শাকরেদি, শাগরেদী, শাগরেদি**—বি. শিষ্যত্ব। [শাগিরদ্ شاگرد ফা.+ ى(ঈ) ফা.]।

শাগরেদ—দ্র. **শাকরেদ**।

শাগরেদি—দ্র. **শাকরেদ**।

শাজাদা, শাহ্‌জাদা—দ্র. **শাহ**।

শাজাদী, শাহজাদী—দ্র. **শাহ্**।

শাদি, শাদী, সাদি—১বি. আনন্দ, উৎসব। ২বি. বিবাহ, পরিণয় (শাহাজাদীর শাদির দিনে নাচে হাজার বাঁদী—সত্যেন্দ্র)। [শাদী شادى ফা.]।

শাদিয়ানা, শাদীয়ানা, সাদিয়ানা—১বি. আনন্দ, আনন্দোল্লাস, আনন্দোৎসব। ২বি. বিবাহোৎসবের বাদ্য (হঠাৎ সাদিয়ানা বাদ্য বাজিয়া উঠিল—মশাররফ)। [শাদিয়ানঃ شادیانه ফা.]।

শাদ্দাদ—বি. 'আদ গোত্রের এক প্রাচীন রাজা যে বেহেশতের নমুনায় দুনিয়ায় এক জান্নাত তৈরী করেছিল, সেই জান্নাত বা উদ্যান বাগ্-ই-ইরম' নামে পরিচিত। [শদ্দাদ شدّاد আ.]।

শান১—বি. ইষ্টকাদি নির্মিত স্থান, পাকা মেঝে। [সহ্‌ন صحن আ.]।

শান২—বি. মাহাত্ম্য, মর্যাদা। [শান شان আ.]। **শানশওকত, শানশৌকত**—১বি. গৌরব, জাঁকজমক (কোথায় সে তেজ ঈমান, কোথায় সে শান শওকত—নজরুল)। ২বি. প্রতাপ। [شان شوكت আ.]।

শানাই, সানাই—বি. সুপরিচিত বাদ্যযন্ত্র বিশেষ (বাজল কিরে ভোরের সানাই নিদ-মহলার আঁধার পুরে—নজরুল)। [শাহ্‌নাঈ شهنائى ফা.]।

শাফা—বি. আরোগ্য, রোগমুক্তি। [শিফা' شفاء আ.]। **শাফাখানা**—বি. হাসপাতাল, ডাক্তারখানা। [—খানহ্ خانه ফা.]।

শাফায়ত, সাফায়াৎ, সাফাত—বি. সুপারিশ, বিশেষত: কিয়ামতে আল্লাহ্‌র নিকট নবী

করীমের এই সুপারিশ (পাব কিয়ামতে তাঁহার শাফায়ত—নজরুল)। [শাফ'অত্, শিফা'অত্ شفعت, شفاعت আ.]।

শাফায়তি— বি. শাফায়তের কাজ, সুপারিশ (নবীর কাছে শাফায়তি করিবেন তলব— নজরুল)। [— আ.+ই বাং.]।

শাফী— বিণ. বি. রোগমুক্তিদাতা, আরোগ্যদাতা। [শাফী شافی আ.]।

শাবান—বি. হিজরী সনের অষ্টম মাস। [শা'বান شعبان আ.]।

শাবাশ, শাবাস, সাবাস—অব্য. প্রশংসা-সূচক উক্তি, ধন্য, বলিহারি, মারহাবা। [শাহ্বাশ,باش ٤ شاه ফা.]।

শাম১—বি. সন্ধ্যা। [শাম شام ফা.]।

শাম২—বি. সিরিয়া, মধ্যপ্রাচ্যের দেশ বিশেষ। [শাম شام আ.]।

শামলা—বি. শালের পাগড়ি বিশেষ (উকিলের শামলা)। [শমলহ্ شمله ফা.]।

শামসুল উলামা—দ্র. **শমসুল উলামা**।

শামা—বি. প্রদীপ, বাতি। [শম' شمع ফা.]। **শামাদান**—বি. বাতিদান, শেজ, দীপাধার। (আমার হৃদয়-শামাদানে জ্বালি' মোমের বাতি—নজরুল)। [— +দান دان ফা.]।

শামিয়ানা, শামীয়ানা, সামিয়ানা—বি. চন্দ্রাতপ, চাঁদোয়া, বস্ত্র নির্মিত অস্থায়ী ছাদ বিঃ। [শামিয়ানঃ شامیانه ফা.]।

শামিল, সামিল, সামেল—বিণ. অন্তর্গত, অন্তর্ভুক্ত (জামাত-শামিল হও এশাতে এখানো জামাতে আছে স্থান—নজরুল)। [শামিল شامل আ.]।

শামী, সামী—১বি. ইহুদী আরবী মিশ্রভাষা, semetic। ২বিণ. সাম বা সিরিয়া দেশে উৎপন্ন বা তদ্দেশ সম্পর্কিত [শামী شامی আ.]।

শামীকাবাব, শামিকাবাব—বি. মাংস ও ডাল দিয়ে এক ধরনের বিশেষ প্রক্রিয়ায় প্রস্তুত কাবাব বা বড়া বিশেষ। [শামীকবাব شامی کباب আ.]।

শায়েব, সায়ের২—কবি। [শা'ইর شاعر আ.]। শায়েরী—বি. কবিত্ব, কাব্যচর্চা। [শা'ইরী شاعری আ.]।

শায়েস্তা, সায়েস্তা—১বিণ. সুষম, শোভন। ২বিণ. শিক্ষাপ্রাপ্ত, শিষ্ট। ৩বিণ. শাস্তিপ্রাপ্ত, জব্দ। ৪বিণ. দমিত, শাসিত। [শাইস্তহ্ شایسته ফা.]।

শারাব—দ্র. **শরাব**।

শারাবী—দ্র. **শরাব**।

শারারতি, শারারতী—বি. দুষ্টুমী, শয়তানী। [শরারত شرارت আ.+ঈ]।

শাল—বি. মূল্যবান পশমী গাত্রবস্ত্র বিশেষ। [শাল شال ফা.]।

শালওয়ার—দ্র. **শালোয়ার**।

শালগম—বি. আনাজ বা তরকারী, কন্দ বিশেষ। [শল্গম্ شلغم ফা.]।

শালিস, সালিস, সালিশ—বি. মধ্যস্থ, তৃতীয় ব্যক্তি। [সালিস ثالث ফা.]। **শালিশী, সালিসী, সালিশী**—বি. মধ্যস্থ দ্বারা বিচার। [ثالثی]।

শালোয়ার, শালওয়ার, সালোয়ার— বি. ঢিলা পায়জামা। [শল্ওয়ার شلوار ফা.]।

শাহ্, শা—১বি. বাদশা, নৃপতি। ২বি. পারস্যরাজের উপাধি। [শাহ্ شاه ফা.]। **শাহ্জাদা, শাজাদা**—বি. রাজকুমার, বাদশার পুত্র। [شاه زاده ফা.]। **শাহজাদী, শাজাদী**— বি. বাদশাহ্র কন্যা, রাজকুমারী। [شاه زادی ফা.]। **শাহ্জাহান**—১বি. বিশ্বের সম্রাট্। ২বি. সম্রাট্ জাহাঙ্গীরের পুত্র। [شاه جهان ফা.]

শাহানশাহ্, শাহানশা—বি. রাজাধিরাজ, বাদশাহ্। [ফা. شاهان شاه]

শাহী—১বিণ. রাজকীয়। ২বিণ. বড় মানুষী, নবাবী (শাহী চালচলন)। [ফা. شاهی]।

শাহাদত১—বি., সাক্ষ্য। [আ. شهادت]।

শাহাদত২—বি. শহীদ হওয়া, আল্লার বাণী বা ইসলামী সত্যকে প্রতিষ্ঠিত করতে গিয়ে মৃত্যু বরণ (শাহাদত ছিল কাম্য মোদের—নজরুল)। [আ. شهادت]।

শাহানশাহী—বি. সাম্রাজ্য (মনের রাজ্যে অক্ষয় তার শাহানশাহী—নজরুল)। [ফা. شاهان شاه + ی (ঈ)ফা.]।

শাহানা, সাহানা—১বিণ. রাজকীয়। ২বিণ. জাঁকজমকপূর্ণ। ৩বি. সংগীতের রাগিণী বি.। [ফা. شاهانه]।

শাহী—দ্র. **শাহ্**।

শাহী তক্ত, শাহি তক্ত, শাহী তখৎ—বি. রাজ সিংহাসন (শাহী তখতে বসেছে ফুল/দেখনু সেদিন গুলবাগিচায়—নজরুল)। [ফা. تخت شاهی]।

শাহীদ, শাহিদ, শাহেদ, সাইদ—বি. সাক্ষী, সাক্ষ্যদানকারী। [আ. شاهد]।

শাহীনামা, শাহিনামা—বি. রাজকীয় আদেশপত্র, ফরমান। [ফা. شاهی نامه]।

শাহেদ—দ্র. **শাহীদ**।

শিক—বি. শলাকা, সরুদণ্ড। [সীখ্ سیخ ফা.]। **শিককাবাব**—বি. গোশ্‌তে মসলা মাখিয়ে শিকে গেঁথে গন্‌গনে কয়লার আগুনে ধরে প্রস্তুত কাবাব। [সীখ্ কবাব سیخ کباب আ.]।

শিকদার—বি. বিভাগীয় রাজস্ব আদায়কারী কর্মচারী। [শিক্ سیخ + دار ফা.]।

শিকম, শেকম—বি. পেট, উদর। গরু বা ছাগলের পাকস্থলী বা নাড়ীভুঁড়ি। [شکم ফা.]।

শিকস্ত—বি. পাকা হাতের টানা লেখা, জড়ান ফার্সী বা উর্দু লেখা। [শিকস্ত شکسته ফা.]।

শিকায়ৎ, শিকায়েত—বি. অভিযোগ, নালিশ, দোষারোপ, নিন্দা। [شکایت আ.]।

শিকার—বি. তীর-বন্দুকাদির দ্বারা বনের পশুপাখী বধ করা, মৃগয়া। ২বি. (আল.) হত্যার শিকার, বধ্য প্রাণী (মিথ্যা ভয়ের ভয় পেল না? নিত্য ভয়ের হও শিকার—নজরুল)। [শিকার شکار ফা.]।

শিগাফ—দ্র. **সেগাফ**।

শিন্নি—দ্র. **শিরনি**।

শিয়া, সীয়া১—বি. মুসলমান সম্প্রদায় বিশেষ। এই সম্প্রদায়ের মতে হযরত (সঃ)-এর ইন্তেকালের পরে হযরত আলীরই (রাঃ) প্রথম খলিফা হওয়া উচিত ছিল। [শী'আঃ شیعه আ.]।

শির—বি. মাথা, মাথার খুলি (খোদার নামে শির লুটায়ে জীবন কর্ সফল—নজরুল)। [সর্ سر ফা.]। **শিরতাজ**—বি. মাথার ভূষণ, শ্রেষ্ঠ (দিনে শিরে শিরতাজ নাম মুসলিম আমায়—নজরুল)। [— + تاج আ.]।

শিরক—দ্র. **শেরেক**।

শিরনি, শিরনী, শিনী, শিন্নী, সিন্নি—১বি. মিষ্টান্ন, মিঠাই। ২বি. খোদার বা কোনো দরবেশের নামে উৎসর্গীত কোনো মিষ্টান্ন। ৩বি. উৎসর্গ, আত্মত্যাগ (শিরনী দে তুই

শিরীন জবান/তশতরীতে প্রেম মফিদ—নজরুল)। [শীরীনী شَرِينِی ফা.]।

শিরপেচ—বি. পাগড়ি বিশেষ। [সর্‌পেচ سرپیچ ফা.]।

শিরাজ—দ্র. **সিরাজ**।

শিরাজী, শিরাজি—১বি. ইরানের শিরাজ নগরে প্রস্তুত। ২বি. শিরাজে প্রস্তুত মদ (তৃষ্ণাতুরের কেউ জল চায়। কেউ বা শিরাজী মাগে-নজরুল)। [শিরাজী شِيرَازِی ফা.]।

শিরিন, শিরীন—বি. মিষ্ট, মধুর (মিলন-চুমুর শিরিন স্মৃতি আবছায়া তাও হয় না মনে—নজরুল)। [শীরীন شِيرِين ফা.]।

শিরিষ—বি. আঠা বিশেষ। [সিরীশ سِرِيش ফা.]।

শিরোনাম, শিরোনামা—১বি. চিঠিপত্রের উপরে লেখা নামঠিকানা। ২বি. রচনাদির নাম; পত্রিকা বা অন্যত্র প্রকাশিত প্রধান বিষয়। [সর্‌নামহ্‌ سرنامہ ফা.]।

শিরোপা—১বি. পাগড়ি, উষ্ণীষ। ২বি. পারিতোষিক হিসেবে প্রদত্ত পোশাক। [সরাপা سراپا ফা.]।

শিশ, শীস—বি. জনৈক নবীর নাম। [শীস شِيث আ.]।

শিশমহল—বি. কাঁচনির্মিত বাড়ি (ঊষসীর শিশমহলে আসতে যদি চাস্‌ নিরবধি—নজরুল)। [শীশ্‌মহল্‌ شِيشِ محل ফা.]।

শিশা, শীশা—১বি. কাঁচ। ২বি. আর্শী, দর্পণ। [শীশহ্‌ شِيشہ ফা.]।

শুকুর—দ্র. **শোকর**।

শুবা, শুবে, শোবা, শোবে, সোবে—১বি. সংশয়, সন্দেহ। [শুব্‌হ্‌ شُبہہ আ.]।

শুমার, শুমারি—দ্র. **সুমার**।

শুরু, সুরু—১বি. আরম্ভ। ২বি মুল। [শুরু' شُروع আ.]।

শুরুয়া, সুরুয়া—১বি. ঝোল, রসা। ২বি. মাংসের ক্বাথ। [শূরবা شُوربا আ.]।

শুহরত—দ্র. **শোহরত**।

শেকম—দ্র. **শিকম**।

শেখ, সেখ, শাইখ, শইখ, শয়খ—১বি. সম্মানিত বৃদ্ধ। ২বি. প্রধান, সরদার। ৩বি. পীর, মুর্শিদ। [শইখ شَيخ আ.]

শের—বি. ব্যাঘ, সিংহ (জোরওয়ার শের কই?-জেরবার জানোয়ার—নজরুল)। [শের شِير ফা.]।

শেরওয়ানী—বি. হাঁটু পর্যন্ত লম্বা জামা, আচকান। [شِروانی উ.]।

শেরেক, শির্‌ক—১বি. অংশীকরণ। ২বি. আল্লাহ্‌র সাথে অন্য কারো শরীক করা। ৩বি. পৌত্তলিকতা। [শির্‌ক شِرک আ.] **শেরেকী**—বি. শেরেক করার কাজ। [শেরেকী হইতে দূরে থাক]। [—+ঈ.বাং]।

শেরেখোদা—১বি. খোদার সিংহ। ২বি. হযরত আলী (রাঃ)-র উপাধি। [شِیر خدا ফা.]।

শোকর, শুকুর, সোকর—বি. ধন্যবাদ, কৃতজ্ঞতা। [শুক্‌র্‌ شُکر আ]।

শোকরানা—বি. কোনো সাহায্যকারীর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ। [শুক্‌রানাঃ شُکرانہ আ.]।

শোবা, শোবে—দ্র. **শুবা**।

শোয়ারী—দ্র. **সোয়ার**।

শোর, সোর—বি. কোলাহল, চিৎকার, চেঁচামেচি। [শোর شور ফা.]। **শোরগোল, সোরগোল**—বি. তীব্র গোলমাল, হৈ চৈ, গন্ডগোল (শুরু ঝোরায় বর্ষ নূতন জাগালে সোরগোল—সত্যেন্দ্র)। [—+গোল তা.]।

শোর-শরাবত—দ্র. **সোর-সরাবত**।

শোহরত, শুহরত, শহরৎ, সোহরত, সোহরৎ, সহরত, সোরৎ—বি. প্রচার, ঘোষণা, ঢোল বাজিয়ে বিজ্ঞপ্তি ঘোষণা (শোহ্‌রত দাও, নওরাতি আজ। হর্ ঘরে দীপ জ্বালাও—নজরুল)। [শুহ্‌রত شهرت আ.]।

শৌকীন—দ্র. **শৌখিন**।

শৌখিন, শৌখীন, শওকীন, সৌখিন, সৌখীন, শখিন, শখীন, শৌকীন—১বিণ. সখযুক্ত, বিলাসী (তারি আমি বান্দা গোলাম/সৌখিন যে রস-পিয়াসীনজরুল) [শওক্ شوق আ.+ইন ين ফা. প্রত্যয়। শওখীন্ شوخين ফা.]।

শৌহর—বি. স্বামী, পতি। [শৌহর্ شوهر ফা.]।

[স]

সই১, **সহি**—বি. দস্তখত, স্বাক্ষর। [সহীহ্ صحيح আ.= ঠিক, নির্ভুল]।

সই২—১বিণ. পর্যন্ত, সমান। ২বিণ. যোগ্য, অনুরূপ (পসন্দসই, টেকসই)। [সহীহ্ صحيح আ.]।

সইস—দ্র. **সহিস**।

সওগাত, সওগাৎ, সওগাদ—বি. উপঢৌকন, ভেট, উপহার। [সওগাত سوغات তু.]।

সওদা, ছওদা—বি. ক্রয়, খরিদ, পণ্য বেচাকেনা। [সওদা سودا ফা.]।

সওদাগর, সদাগর—বি. ব্যবসায়ী, বণিক। [সওদাগর سوداگر ফা.] **সওদাগরি, সদাগরী**—১বি. ব্যবসা-বাণিজ্য। ২বিণ. ব্যবসায় সংক্রান্ত (সওদাগরী জাহাজী)। [—+ ی (ঈ) ফা.]।

সওয়াব—দ্র. **সোয়াব**।

সওয়ার, সওয়ারি, সওয়ারী—দ্র. **সোয়ার**।

সওয়াল, ছওয়াল, সোয়াল—১বি. প্রশ্ন। ২বি. জেরা। ৩বি. প্রার্থনা। ৪বি. ভিক্ষাবৃত্তি। [সুওয়াল سوال আ.]। **সওয়াল জবাব**—বি. প্রশ্নোত্তর, মকদ্দমায় উকিলের বাদপ্রতিবাদ। [সুওয়াল্ سوال আ.+জওয়াব্ جواب ফা.]।

সংগ, সঙ্গ—বি. পাথর, প্রস্তর। [সংগ্ سنگ ফা.]। **সঙ্গতরাশ**—বি. পাথর খুদে মূর্তি নির্মাণকারী, ভাস্কর। [—+তরাশ تراش ফা.]। **সংগদিল, সঙ্গদিল**—বিণ. পাষাণপ্রাণ, অত্যাচারী। [—দিল্ دل ফা.]। **সঙ্গেমর্মর**—বি. মর্মর পাথর, মার্বেল পাথর। [—+মর্‌মর مرمر ফা.]। **সংগসার, সঙ্গসার, সঙ্গেসার**—বি. পাথরের আঘাতে মৃত্যু ঘটান। [সংগসার্ سنگ سر ফা.]।

সংগিন, সংগীন, সঙ্গিন, সঙ্গিন, সঙ্গীন—১বি. বন্দুকের অগ্রভাগে ব্যবহৃত ফলা বা কিরীচ। ২বিণ. শক্ত, কঠিন, জটিল। ৩বিণ. ভয়ানক, গুরুতর। ৪বিণ. ভারী। [সঙ্গীন سنگين ফা.]।

সংদিল—দ্র. **সংগ**।

সক১—দ্র. **শক**।

সক২—দ্র. **শখ**।

সকরকন্দ—দ্র. **শকরকন্দ**।

সক্কর—দ্র. শক্কর।

সখ—দ্র. শখ।

সখাওত, সাখাওত, ছখাওত, ছাখাওত—১বিণ. দানশীলতা, উদারতা। ২বিণ. উদার, দাতা। [সখাব্‌ত سخاوت আ.]। **সখী**—বিণ. দাতা, উদার, দানশীল, মুক্তহস্ত। [سخی আ.]।

সখী—দ্র. **সখাওত**।

সঙিন, সঙীন—দ্র. সংগিন।

সঙ্গ—দ্র. সংগ।

সঙ্গদিল—দ্র. সংগ।

সঙ্গসার—দ্র. সংগ।

সঙ্গিন—দ্র. সংগিন।

সঙ্গেমর্মর, সঙ্গেসার—দ্র. সংগ।

সচ্—১বিণ. সত্য। ২বিণ. সত্যবাদী, খাঁটি। [সচ سچ উ.]

সজদা—দ্র. সেজদা।

সঞ্জাব—বি. জামাকাপড়ের পাড়; আস্তর, lining। [সন্‌জাফ سنجاف ফা.]।

সতর—বি. লজ্জাস্থান আচ্ছাদন, ইসলামী শাস্ত্রমতে পুরুষ ও নারীর দেহের বিশেষ স্থান ঢেকে রাখার নাম। পুরুষের নাভি থেকে হাঁটু পর্যন্ত এবং স্ত্রীলোকের মুখমণ্ডল, হাত ও পায়ের পাতা ব্যতীত সর্বাঙ্গ সতর বা আচ্ছাদনযোগ্য। [সিত্‌র ستر আ.]।

সতরঞ্জি—দ্র. **শতরঞ্জি**।

সতুন—বি. স্তম্ভ, থাম। [সুতুন ستون ফা.]।

সদকা, ছদকা, সাদকা—বি. খয়রাত, সাহায্য দান, দান (তোর আমানতের হিস্‌সা সাদকা দে খোদার রাহে—নজরুল)। [সদ্‌কা ঃ صدقہ আ.]।

সদমা— বি. দুঃখ, ক্ষোভ,বিচ্ছেদ-বেদনা, অন্তরে আঘাত। [সদ্‌মঃ صدمہ আ.]।

সদর, ছদর—১বি. বহির্বাটি, অন্তঃপুরের বাহির। ২বি. বাইরের পিঠ। ৩বি. জেলার প্রধান শহর, রাজধানী, Headquarters। ৪বি. দেশের সর্বোচ্চ শাসনকর্তার পদবী বিশেষ, President। ৫বিণ. খোলা, ফাঁকা। [সদর صدر আ.]। **সদর-অন্দর**—বি. বাহির ও ভিতর। [—— আ. اندر ফা.]। **সদর আমীন**— বি. রাজস্ব বিভাগীয় নিম্নশ্রেণীর বিচারক, মুনসিফ। [—+ امین আ.]। **সদর আলা, সদরালা**—১বি. সাবজজ। ২বি. সর্বোচ্চ ক্ষমতার অধিকারী, মুনসিফ। [—+আ'লা علیٰ আ.]। **সদর খাজনা, সদর জমা**—বি. সরকারী রাজস্ব [—+খযানহ্‌ আ., জম্‌' جمع আ.]। **সদর দফতর**—বি. প্রধান কার্যালয়। [—+ دفتر ফা.]। **সদর দরজা**—বি. প্রধান ফটক, প্রধান প্রবেশদ্বার। [—+দরওয়াযাঃ دروازہ ফা.]। **সদর মফস্বল**—বি. শহর ও গ্রাম। [صدر আ. + مفصل আ.]। **সদর মালগুজার**—বি. যিনি সাক্ষাৎ সম্বন্ধে সরকারী খাজাঞ্চীখানায় খাজনা বা রাজস্ব দাখিল করেন। [— +মাল مال আ.+গুযার گزار ফা.]। **সদর মোকাম** —বি. ব্যবসা-বাণিজ্যের বা আইন-আদালতের প্রধান কেন্দ্র। [— আ.+ مقام আ.]। **সদর রাস্তা**—বি. প্রধান সড়ক। [—+রাস্তহ্‌ راستہ ফা.]। **সদর রিয়াসত**—বি. রাষ্ট্রপ্রধান, রাষ্ট্রের সর্বোচ্চ প্রশাসক। [— + রিয়াসত্‌ ریاست ফা.]।

সদরি, সদরিয়া, সুদুরি— বি. কারুকার্য করা বহিরাবরণ, ছোট জামা বিশেষ, সাধারণত যার আস্তীন হয় না। [صدری ফা. صدر আ.+ই, ইয়া বাং.]।

সদাই, সদায়—বি. পণ্যদ্রব্য, বেসাতি, সওদা। [سودا ফা.]। দ্র. **সওদা**।

সদাগর—দ্র. **সওদাগর**।

সন—বি. বৎসর, সাল, অব্দ। [সন্‌হ্ سنه আ.]। **সনতারিখ**—বি. ঘটনার বৎসর ও তারিখ। [—+ تاريخ আ.]। **সনহাল**—বি. চলতি বৎসর, বর্তমান বর্ষ। [—+ حال আ.]। **হিজরীসন**—বি. বিশ্ব নবীর মক্কা থেকে মদীনায় গমনের সময় হ'তে নির্ধারিত চান্দ্র বৎসর। [هجری سنه আ.]।

সনদ, সনন্দ (অ.প্র)—১বি. বাদশাহী হুকুম, দলিল, প্রমাণপত্র (বাঁচাতে সৃষ্টি খোদার এলে খোদার সনদ লয়ে—নজরুল)। ২বি. উপাধিপত্র। ৩বি. বিশেষ পাঠ সমাপনান্তে প্রাপ্ত উপাধি বা প্রশংসাপত্র, সার্টিফিকেট। [সনদ سند আ.]।

সনতারিখ—দ্র. **সন**।

সনহাল—দ্র. **সন**।

সনাক্ত—দ্র. **শনাক্ত**।

সন্দল—বি. চন্দনবৃক্ষ, চন্দন। [সন্দল صندل আ.]।

সন্দুক—দ্র. **সিন্দুক**।

সপ—বি. বড় মাদুর, পাতলা পাটি বিশেষ। [সফ্‌ফ صفّ আ.]।

সফর১, ছফর—১বি. ভ্রমণ, দেশ পর্যটন (এল আজ সফর করে সফর চাঁদে চাঁদ মুসাফের—নজরুল)। ২বি. যাত্রা। [سفر আ.]।

সফর২—বি. আরবী মাস বিশেষ, চান্দ্র বৎসরের দ্বিতীয় মাস। [সফর صفر আ.]।

সফেদ, ছফেদ, সুফেদ—বি. সাদা, শ্বেতবর্ণ। (পুলকের ফেনা সফেদ বাতাসা/শুভ্র চামেলি ফুল—সত্যেন্দ্র)। [সফেদ্ سفيد ফা.]।

সফেদা—১বি. চাউলের গুঁড়া। ২বি. সাদা রঙ। ৩বি. ফর বিশেষ। ৪বি. সীসা বিশেষ, White lead। [سفيدا ফা.]।

সবক, ছবক—বি. পাঠ, দৈনিক পড়া, শিক্ষা। [সবক্ سبق আ.]।

সবকৎ—বি. শ্রেষ্ঠত্ব, অগ্রবর্তিতা superiority। [সব্‌কুত্ سبقت আ.]।

সবজা—বি. সবুজ, তৃণ বা গাছপালার সবুজ রং (মরু সাহারা-গোবীতে সবজার জাগে দাগ—নজরুল)। [সব্‌যহ্ سبزه ফা.]

সবজি, সব্জী—বি. কাঁচা বা সবুজ তরকারী। [সব্‌যী سبزی ফা.]

সব্‌জে—বিণ. সবুজের আভা, সবুজময় (সব্‌জে তোমার দোবজা খানি—আলো-ছায়ার সঙ্গমে—সত্যেন্দ্র)। [সব্‌যহ্ سبزه ফা.]।

সবর—দ্র. **সবুর**।

সবুজ—১বিণ. রং, বর্ণবিশেষ, হরিৎ। ২বিণ. তরুণ, অল্প বয়স্ক (ওরে সবুজ, ওরে অবুঝ, / আধমরাদের ঘা মেরে তুই বাঁচা—রবীন্দ্র)। [সব্‌য্ سبز ফা.]

সবুর, সবর, ছবর—১বি. ধৈর্য, সহ্য। ২বি. অপেক্ষা, দেরী বা বিলম্ব করণ। [সব্‌র صبر আ.] **সবুরী**—বি. সবর, ধৈর্য।

সব্জী—দ্র. **সবজি**।

সবোরোজ—বি. শব ও রোজ, রাত্রিদিন। [শব্ ওয়া রোয্ شب و روز ফা.]।

সমঝ, সমজ, সমুজ—বি. বুদ্ধি, বোধ, উপলব্ধি, বিবেচনা। [সমঝ্ سمجھ হি.]। **সমঝদার**—বিণ. রসজ্ঞ, উপলব্ধিকারী, বিবেচক। [সমঝ্ سمجھ হি.+দার دار ফা.]। **সমঝান**—ক্রি. বুঝানো,

সতর্ককরা (বৃথা ভীরু সমঝায়—নজরুল)। [সমঝানা سمجھانا হি.]।

সমসা—দ্র. **সমুসা**।

সমালুম—বিণ. সম্যকভাবে জ্ঞাত হয়েছে এমন, ভালোভাবে জানা। [স+ মা'লুম معلوم আ.]।

সমুজ—দ্র. **সমঝ**।

সমুদ, সমূদ—বি. আরবদেশের প্রাচীন সম্প্রদায় বিশেষ। [ছমূদ ثمود আ.]।

সমুন্দ—১বি. অতি উৎকৃষ্ট ঘোড়া। ২বি. যে ঘোড়ার রং হলদে ও লেজ কালো (সমুন্দের পৃষ্ঠে বীর চলিল লাফিয়ে—হেয়াত)। [সমন্দ سمند ফা.)]।

সমুম—দ্র. **সাইমুম**।

সমুসা, সমসা—বি. ত্রিকোণাকার শিঙ্গাড়া বিশেষ। [সমুসহ্ سموسہ ফা.]

সয়ফুল্লাহ—বি. আল্লাহর তরবারি, মহাবীর খালেদ ইব্‌নে ওলীদের উপাধি। [সইফুল্লাহ্ سیف اللہ আ.]

সয়লাব—দ্র. **ছয়লাপ**।

সরওয়ার—বি. সর্দার, নেতা, বিশ্বনবীর উপাধি। [শরহ্‌ওয়ার شرح আ.+ফা. প্রত্যয় 'ওয়ার' وار]।

সরকার—১বি. প্রভু, মালিক। ২বি. রাজা, শাসনকর্তা; শাসনতন্ত্র পরিচালক। ৩বি. শাসনবিভাগ, গভর্নমেন্ট। ৪বি. আয় ও ব্যয়ের হিসাব রক্ষক কর্মচারী। [সরকার سرکار ফা.]। **সরকারি, সরকারী**—১বিণ. সরকার সম্বন্ধীয়। ২বিণ. গভর্নমেন্টের, রাষ্ট্রের। [সরকারী سرکاری ফা.]।

সরগরম—১বিণ. গুলজার, পরিপূর্ণ। ২বি. উদ্দীপনাযুক্ত। ৩বিণ. জমজমাট। [سرگرم ফা.]।

সরজমিন, সরেজমিন—বি. ঘটনাস্থল, অকুস্থল। [সর্‌যমীন্ سرزمین ফা.]।

সরঞ্জাম—১বি. উপকরণ, আসবাব। ২বি. আয়োজন, আসবাব সংগ্রহ। ৩বি. অবশেষ। [সর্‌অন্‌জাম্ سرانجام ফা.] **সরঞ্জামি**—বিণ. আদায়কারীর খরচ বাবদ পাওনা। [—+ই.বাং.]।

সরদ—১বিণ. চাপা। ২বিণ. ঠাণ্ডা। [সর্‌দ্ سرد ফা.]।

সরদার—দ্র. **সর্দার**।

সরপোশ, সরপোষ—বি. আচ্ছাদনী, ঢাকনি। [সর্‌পোশ سرپوش ফা.]।

সরফরাজ—১বি. বাংলার জনৈক নবাব। ২বি. মোড়ল, নেতা, কর্তা। [সর্‌ফরায্ سرفراز ফা.]।

সরফর্দ্দা—বি. সঙ্গীতের সুরবিশেষের নাম। [সরপর্‌দহ্ سرپردہ ফা.]।

সরবত, সরবৎ—দ্র. **শরবত**।

সরবন্ধ, সরবন্দ—বি. পাগড়ী, শিরস্ত্রাণ [سربند ফা.]।

সরবরাহ, সরবরা—বি. যোগান, সরবরাহ। [সর্‌বর্‌রাহ্ سربراہ ফা.]। **সরবরাহী**—বি. যোগানদার। [—+ঈ, বাং.]।

সরবসর—১ অব্য. ক্রি-বিণ. সরাসরি, বরাবর। ২বিণ. সর্বশেষ। [সর্‌বসর্ سربسر ফা.]।

সরম—দ্র. **শরম**।

সরহদ্দ, সরহদ, ছরহদ—বি. চতুঃসীমা, চৌহদ্দী। [সর্ سر ফা. + হদ্দ্ حد আ.]।

সরা—দ্র. **শরা**।

সরাই, সরাইখানা—বি. পান্থশালা, পথিক নিবাস, চটি। [সরায়খানহ্ سرائے خانہ ফা.]।

সরাব—দ্র. **শরাব**।

সরাফত, সরাফতি—দ্র. **শরাফত**।

সরাসর, সরাসরি—ক্রি. বিণ. সিধা, সোজাসুজি। [সরাসর سراسر ফা.+ ই.বাং.]।

সরিক—দ্র. **শরিক**।

সরিকানা—দ্র. **শরিকানা**।

সরেওয়ার—ক্রি. বিণ. ব্যাখ্যা ক'রে, সাজিয়ে গুছিয়ে (কিন্তু সে ব্যক্তি সরেওয়ার কিছুই বলিতে পারিল না—আলাল)। [শর্‌হ্ شرح আ.+ বর(ওয়ার) وار ফা.প্রত্যয়]।

সরেজমিন—দ্র. **সরজমিন**।

সরো—বি. সাইপ্রেস বৃক্ষ। [সর্‌ব্ سرو ফা.]।

সরোকার—বি. সম্বন্ধ, দাবী, দখলদারী, অধিকার। [সরোকার سروکار ফা.]।

সর্ত—দ্র. **শর্ত**।

সর্দার, সর্দ্দার, সরদার—বি. দলপতি, নেতা, পরিচালক। [সরদার سردار ফা.]। **সর্দারী, সর্দ্দারী, সরদারি**—১বি. সরদারের পদ বা কাজ। ২বি. সর্দারের প্রাপ্য দস্তুরি। ৩বি. মোড়লি। [—+ (ঈ) ফা.]।

সর্দি, সর্দী—১বি. শৈত্য, শীত। ২বি. কফরোগ। [সর্‌দী سردی ফা.]।

সলওয়া—১বি. পাখী বিশেষ। ২বি. বনি ইসরাঈলীদের জন্য আল্লাহ্ প্রেরিত খাদ্য বিশেষ। [সল্‌ব্‌া, সেল্‌ওয়া سلوی আ.]।

সলমা, সল্মা/সলমা চুমকি—বি. সোনা বা রূপার চকচকে পাকানো তীর বা বুটিদানা। [সল্‌মাঃ سلمہ হি.]।

সলা—দ্র. **শলা**।

সমামত—দ্র. **সেলাম**।

সলিকা—১বি. প্রতিভা। ২বি. ভব্যতা। ৩বি. কর্মে নিপুণতা, হুনর। [সলীক্বঃ سلیقہ আ.]।

সলিতা/সলতে—দ্র. শলিতা।

সলুক—বি. সদ্ভাব, তপস্যার ধারা বিশেষ। [সুলূক سلوک আ.]।

সসম, শশম, শশুম—বিণ. ষষ্ঠ, ষষ্ঠতম। [শশুম ششم ফা.]।

সস্তা—১বিণ. কমদাম, স্বল্পমূল্য। ২বিণ. সুলভ। [সুস্ত سست ফা.]।

সহবত, সহবৎ, সোহবত, ছোহবত—১বি. সংসর্গ থেকে প্রাপ্ত জ্ঞান, তরিকত। ২বি. সান্নিধ্য। ৩বি. নিয়মকানুন, পদ্ধতি। ৪বি. স্ত্রীসঙ্গ, সহবাস। [সুহ্‌বত্ صحبت আ.]। **সহবতি**—বিণ. যে সর্বদা নিকটে থাকে, অন্তরঙ্গ। [—+ই.বাং.]।

সহর—দ্র. **শহর**।

সহরত—দ্র. **শোহরত**।

সহলে সহলে—বিণ. কোমল স্পর্শে, ধীরে ধীরে। [সহ্‌ল্ سہل আ.]।

সহি—দ্র. **সই**।

সহিদ—দ্র. **শহীদ**।

সহিলি, সহেলী, সহেলি, সেহলি, সেহেলি—বি. চিত্ত বিনোদিনী, সখী, বান্ধবী (সহেলি গো, কিছু ভালো নাহি লাগে—নজরুল; চলুক সেহ্‌লির শরাব সঙ্গীত— নজরুল)। [সহেলী سہیلی হি.]।

সহিস, সইস—বি. অশ্বের তত্ত্বাধবায়ক বা পালক। [সাইস্ ساٴس আ.]।

সহি, সহী—বিণ. শুদ্ধ, নিখুঁত, নির্ভুল। [সহীহ্ صحیح আ.]। **সহী সালামৎ**—বিণ. খোশহাল, সুখশান্তি। [صحیح আ.+ سلامت আ.]।

সহুর—বি. জ্ঞান, বুদ্ধি, বোধশক্তি (জেলেখা বলেন মোর হইল সহুর—গরীব)। [শু'উর شعور আ.]।

সহেশি, সহেলী—দ্র. **সহিলি**।

সাইদ—দ্র. শাহীদ।

সাইমুম, সিমুম, সমুম—বি. মরুভূমির বিষাক্ত ঝড়, গরম বাতাস। [সমুম سموم আ.]।

সাইয়িদ—দ্র. সৈয়দ।

সাএল—দ্র. **সায়েল**।

সাওয়াব—দ্র. সোয়াব।

সাঁচা, সাঁচ্চা, সাচ্চা, সাচা—১বি. সত্য, অকৃত্রিম (লাগবে লড়াই মিথ্যা এবং সাঁচায়—রবীন্দ্র)। ২বিণ. সত্যিকারের, বাস্তবিক (লাল পল্টন মোরা সাচ্চা—নজরুল)। ৩বিণ. নির্ভেজাল (সাচ্চা ছিল সৈন্য যারা শহীদ হ'ল ম'রে—নজরুল)। [সাচ্চা سچا হি.] স্ত্রী. **সচ্চী**।

সাকি—দ্র. **সাকী**।

সাকিন, সাকিম, সাং—বি. বাসস্থান, ঠিকানা; (ঢুঁড়ে ফেরে হেথা যুবা সেলিম/ নূরহাজানের দূর সাকিম—নজরুল)। [সাকিন্ ساكن আ.]।

সাকী, সাকি—১বি. সুরা পরিবেশনকারী তরুণ বা তরুণী (সাকি। আনো আমার হাতে মদ-পেয়ালা, ধরতে দাও—নজরুল)। ২বি. প্রেমিকা (প্রিয় সাকি, তাহার সাথে একখানি বই কবিতার—নজরুল)। [সাকী ساقی আ.]।

সাখরচে—বিণ. অতিব্যয়ী, খরচকারী। [সা+খরচ্ خرچ ফা.]।

সাখাওত—দ্র. **সখাওত**।

সাগরেদ—দ্র. **শাকরেদ**।

সাচ্চা—দ্র. **সাঁচা**।

সাজ—১বি. পোশাক, বেশ, পরিচ্ছদ। ২বি. উপকরণ, সরঞ্জাম। ৩বি. গহনাদি। ৪বি. আচ্ছাদন। ৫বি. রণসজ্জা বা দাংগার জন্য প্রস্তুত হওয়া। ৬বি. সাঁচ। [সাজ্ ساز ফা.]। **সাজসরঞ্জাম**—বি. পোশাক ও উপকরণ। [ساز + سرانجام ফা.]।

সাজা—বি. শাস্তি, দণ্ডবিধান (আরে যা যা/উচিত সাজা—নজরুল)। [সযা سزا ফা.]।

সাদকা—দ্র. **সদকা**।

সাদা—১বিণ. সফেদ, শুভ্র। ২বি. শ্বেতবর্ণ। ৩বিণ. অকুটিল। ৪বি. সহজ। ৫বিণ. আড়ম্বরহীন, অরংগীন। ৬বিণ. শান্ত, নম্র। ৭বিণ. অলঙ্কারহীন। [সাদহ্ سادہ ফা.]।

সাদি—দ্র. **শাদি**।

সাদিক—বিণ. সত্যবাদী, বিশ্বস্ত (এসেছে সাদিক আমীন মোহাম্মদ আরবস্তানে—নজরুল)। [সাদিক্ صادق আ.]।

সাদিয়ানা—দ্র. **শাদিয়ানা**।

সানাই—দ্র. **শানাই**

সানি, সানী—বিণ. পুনর্বার, দ্বিতীয় বার। [ছানী ثانی আ.]।

সাফ—১বিণ. পরিষ্কার (ধর্মেরি বর্মে সু-রক্ষিত দিল্-সাফ্—নজরুল)। ২বিণ. স্পষ্ট, নির্মল (আনোয়ার! আফসোস! / বখ্‌তেরই সাফ্ দোষ—নজরুল)। ৩বিণ. মৃত (আনোয়ার ভাই! জানোয়ার সব সাফ—নজরুল)। [সাফ صاف আ.]। **সাফাই**—১বি. পরিষ্করণ, দোষমুক্ত করণ। ২বিণ. সুদক্ষ, পাকা। [সফাই صفائی ফা.]।

সাফাত, সাফায়াৎ—দ্র. **শাফায়াত**।

সাবান—বি. সোডা, ক্ষার, চর্বিসহকারে প্রস্তুত ময়লা পরিষ্কারক দ্রব্য। [স্যাবুন্ صابون আ.]।

সাবাস—দ্র. **শাবাশ**।

সাবিত—দ্র. **সবেত**।

সাবুদ, সাবুৎ—১বিণ. দৃঢ়। ২বিণ. প্রমাণীকৃত। ৩বি. প্রমাণ। [সবূত, ছবূত ثبوت আ.]।

সাবেঈন—বিণ. নক্ষত্রপূজক('সাবে ঈন্' তাবে ঈন্ হয়ে চিল্লায় জোর "ওই ওই নাবে দীন।"—নজরুল)। [স্যাবিয়ীন صابئين আ.]।

সাবেক—বিণ. পূর্ববর্তী, আগেকার। [সাবিক্ব سابق আ.]। **সাবেকী**—বিণ. পূর্বকালীন, সেকেলে। [—+ ی (ঈ) ফা.]।

সাবেত, সাবিত—১বি. প্রমাণ। ২বিণ. প্রমানকৃত, সত্য, ন্যায়। ৩বিণ. মজবুত। [ছাবিত্ ثابت আ.]।

সাবের—বিণ. ধৈর্যশীল, সহিষ্ণু। [সাবির صابر আ.]।

সাম$_১$—বি. নূহনবী (আঃ) এর এক পুত্রের নাম। [শাম্ شام আ.]।

সাম$_২$—দ্র. **শাম**$_২$।

সামান—১বি. সাজসরঞ্জাম, আসবাবপত্র। ২বি. যোগাড়, ব্যবস্থা। [সামান سامان ফা.]।

সামিয়ানা—দ্র. **শামিয়ানা**।

সামিল, সামেল—দ্র. **শামিল**।

সামী—দ্র. **শামী**।

সায়েব—দ্র. **সাহেব**।

সায়ের$_১$—১বি. ভ্রমণ। ২বি. সফর। ৩বি. ভিক্ষার জন্য গমন। [সয়র سير আ.]।

সায়ের$_২$—দ্র. **শায়ের**।

সায়েরে নাজাবী—বি. সুফী সাধনমার্গের শ্রেষ্ঠ স্থানে গমন বা ভ্রমণ ও তা করতে সমর্থ হওয়া। [سير نجابي আ.+আ.]।

সায়েল, সায়িল, সাএল, ছায়েল—বি. বিণ. প্রার্থী, ভিক্ষুক, ফকীর, মিস্‌কিন। [সায়িল سائل আ.]। **সায়েলী**—বি. ভিক্ষাবৃত্তি। [—+ ی (ঈ) ফা.]।

সায়েস্তা—দ্র. **শায়েস্তা**।

সারেং$_১$—বি. জাহাজের পরিচালক। [সর্‌হঙ্ سرهنگ ফা.]।

সারেং$_২$—বি. বেহালার ন্যায় তারের বাদ্যযন্ত্র, সারঙ্গী। [সারঙ্গী سارنگی হি.]।

সারেঙ্গী—বি. সারিন্দা। [সারঙ্গী سارنگی হি.]।

সারে জাহান—বি. সমস্ত দুনিয়া। [সারা জাহান سارا جہاں হি. + ফা.]।

সাল$_১$—বি. বৎসর, অব্দ। [সাল سال ফা.]। **সালতামামী**—১বি. বৎসরান্তের হিসাব। ২বি. বৎসরান্ত। [— تمامی ফা.]।

সাল$_২$, **শাল**—বি. শাল, পশমী চাদর। [শাল شال ফা.]।

সালতামামী—দ্র. **সাল**$_১$।

সালন—দ্র. **ছালন**।

সালব মিছরি—বি. ওষুধে ব্যবহৃত ঈষৎ মিষ্ট মূল বিশেষ। [ছ'লব-ই-মিসরী ثعلب مصری আ., ফা. তে' স'লব']

সালাত—বি. নামাজ, ইসলামী ইবাদত বা উপাসনা। [صلوٰة আ.]।

সালানা—বিণ. বার্ষিক। [سالانہ ফা.]।

সালাম—১বি. শান্তি, নিরাপত্তা। ২বি. শান্তিকামনা। ৩বি. শান্তিদাতা। [সলাম

سلام আ.]। **সালাম আলেকুম** (سلام علیکم আ.) ইসলামী শান্তি কামনা প্রকাশ, আপনার উপর শান্তি বর্ষিত হোক। [سلام علیکم আ.]।

সালামত, ছালামত—বি. নিরাপত্তা, শান্তি, সুখ। [سلامت আ.] সহি **সালামত**—বি. সুখ, শান্তি, স্বাস্থ্য—নিরাপত্তা। [صحیح আ. —]।

সালামি, সালামী, সেলামি, সেলামী—১বি. নজরানা, প্রদত্ত সম্মানী, অর্থ। ২বি. ঘুষ, অতিরিক্ত অর্থ। [সলামী سلامی আ.]।

সালিয়ানা—১বি. বাৎসরিক খাজনা। ২বিণ. বাৎসরিক। [সালিয়ানঃ سالیانہ ফা.]

সালিস, সালিশ—দ্র. শালিস।

সালিসী, সালিশী—দ্র. শালিস।

সালেক, সালিক, ছালেক—১বি. পথিক। ২বি. সাধনপথের পথিক বা মুরশিদ, অধ্যাত্মপন্থী, সুফীসাধক। [সালিক سالک আ.]।

সালেহীন, সালেহিন—বি. সাধুগণ। [সালিহীন صالحین আ.]।

সালোয়ার—দ্র. শালোয়ার।

সাল্লে আলা—হযরতের উদ্দেশ্যে দরুদ পাঠ করো (মোহাম্মদ মুস্তফা সাল্লে আলা তুমি বাদশারও বাদশা কমলিওয়ালা)। [সল্লিআ'লা صلّی علیٰ আ.]।

সাহানা—দ্র. শাহানা।

সাহাবী—বি. যে সমস্ত মুসলিম হযরত মুহাম্মদ (সাঃ) এর সাহচর্য লাভ করেছিলেন। [সহাবী صحابی আ.]।

সাহারা—বি. মরুভূমি, সাহারা নামক মরুভূমি। [সাহ্‌রা' صحراء আ.]।

সাহেব, সায়েব—১বি. সম্ভ্রান্ত ব্যক্তি, মহাশয়। ২বি. কর্তা, প্রভু। ৩বি. উচ্চ কর্মচারী। ৪বি. ইউরোপীয়, ইংরেজ। [সাহিব صاحب আ.]। **সাহেবান**—বি.-সুধীবৃন্দ, সম্ভ্রান্ত ব্যক্তিগণ [সাহিবান আ+ফা.]।

সিওম—দ্র. সুয়েম।

সিকি, সিকা, সিকে—১বিণ. চতুর্থাংশ। ২বি. টাকার চতুর্থাংশ বা পঁচিশ পয়সা মূল্যের মুদ্রা। [সিক্‌কাঃ سکّہ আ.]।

সিক্কা—বি. মুদ্রার ছাঁচ, বাদশাহী আমল-পরবর্তী কোম্পানী আমলের মুদ্রা। [সিক্‌কাঃ سکّہ আ.]।

সিজ্‌জীন—দ্র. ছিজ্জিন।

সিজদা—দ্র. সেজদা।

সিজিল—১বি. পারিপাটা ব্যবস্থা। ২বি. ফেরেস্তার খাতাপত্র। [সিজ্জিল্ سجل আ.]।

সিতার—দ্র. সেতার।

সিতারা, সেতারা—বি. তারকা, নক্ষত্র। [সিতারহ্ ستارہ ফা.]।

সিদরাতুল-মুন্‌তাহা—১বি. শেষ কুলবৃক্ষ। ২বি. মিরাজের রাতে বিশ্বনবীর জিব্রাঈলের সাথে যাত্রার শেষ সীমা, চরম লক্ষ্য। [سدرۃ المنتہیٰ আ.]।

সিদ্দত—দ্র. সেদ্দত।

সিদ্দিকিন, সিদ্দিকীন—বি. বিশ্বস্তগণ। [সিদ্দিক্বীন্ صدّیقین আ.]।

সিনা—বি. বক্ষঃস্থল, ছাতি। [সীনঃ سینہ ফা.]। **সিনা কলিজা**—বি. যকৃৎ ও হৃদপিণ্ড। হৃদপিণ্ড ও যকৃৎ দ্বারা তৈরী তরকারী। [— کلیجہ ফা.]। **সিনাচাক**—বি. বক্ষ বিদারণ। ফেরেশ্‌তা কর্তৃক হযরত মুহম্মদ (সাঃ) -এর বক্ষ বিদারণ। [— + چاک ফা.]।

সিন্দুক, সন্দুক—বি. মজবুত ও বৃহদাকার বাক্স বিশেষ। [সন্দূক্, সিন্দুক্ صندوق আ.]।

সিন্ধী—১বি. সিন্ধুপ্রদেশের অধিবাসী। ২বি. সিন্ধু প্রদেশের আঞ্চলিক ভাষা। ৩বিণ. সিন্ধু প্রদেশের উৎপন্ন দ্রব্য। [সিন্ধী سندھی ফা.]।

সিন্নি—দ্র. শিরনি।

সিপাই, সিপাহি, সিপাহী, সেপাই—১বি. সৈনিক। ২বি. প্রহরী। ২বি. পুলিশ বিভাগের নিম্নপদস্থ কর্মচারী। [سپاهی ফা.]।

সিপারা—১বি. ত্রিশতম অংশ। ২বি. কোরআন শরীফের ত্রিশ অংশের এক অংশ। [সিপারহ্ سپارہ ফা.]।

সিপাহসালার, সেপাহসালার—বি. সেনাপতি, প্রধান সৈন্যাধ্যক্ষ। [سپاہ سالار ফা.]।

সিপাহি, সিপাহী—দ্র. **সিপাই**।

সিফাত, সিফাৎ—বিণ. বি. গুণ, মাহাত্ম্য, সচ্চরিত্রতা। [সিফত্ صفت আ.]।

সিমুম—দ্র. **সাইমুম**।

সি-মোরগ—বি. কাল্পনিক অতি বৃহৎ পক্ষী বিশেষ। [সীমুর্গ سیمرغ ফা.]।

সিয়া—দ্র. **সীয়া**$_২$।

সিয়াবাস—১বি. কৃষ্ণবর্ণ পরিচ্ছদ। ২বি. ময়লা বস্ত্র। [সিয়াহ্ سیاہ ফা.+ বাস বাং]।

সিয়াম—বি. রোজা, উপবাস ব্রত। [সিয়াম صیام আ.]।

সিয়াহী—১বি. অন্ধকার। ২বি. কালি। [সিয়াহ্ سیاہ ফা.+ঈ. বাং.]।

সিরকা—দ্র. **সির্কা**।

সিরা—বি. রস, ঝোল। [শীরঃ شیرہ ফা.]।

সিরাজ, শিরাজ—১বি. প্রদীপ, আলো। ২বি. শ্রেষ্ঠ ব্যক্তি। [সিরাজ سراج আ.]। **সিরাজামমুনিরা**—১বি. উজ্জ্বলকারী প্রদীপ। ২বি. তিমিরনাশক মশাল। ৩বি. হযরত মুহম্মদ (সাঃ) -এর অন্য এক উপাধি। [সিরাজাম্মনীরা سراجًا منیرا আ.]।

সিরাতুল মুস্তাকিম, সিরাতুল মুস্তাকীম—বি. সরল ও সহজ পথ। [صراط المستقیم আ.]।

সিরিশ, সিরিষ—১বি. গাছ বিশেষ। ২বি. পশুর হাড়চর্মশৃঙ্গ ইত্যাদি থেকে তৈরী আঠা। [সরিশ سریش ফা.]।

সির্কা, সিরকা—বি. আঙুরের রস, ইক্ষু রস প্রভৃতি গাঁজিয়ে প্রস্তুত অম্লরস বিশেষ। [সির্‌কঃ سرکہ ফা.]।

সিলাপ্‌চি, সিলিপচি—বি. হাত ধোওয়ার পাত্র, চিলেমচি। [চিলম্‌চী چلمچی হি.]।

সিহরা—দ্র. **সেহেরা**।

সীয়া$_১$—দ্র. **শিয়া**।

সীয়া$_২$, **সিয়া**—বিণ. কাল. কৃষ্ণবর্ণ (নীল সিয়া আসমান—নজরুল)। [সিয়াহ্ سیاہ ফা.]।

সুওম—দ্র. **সুয়েম**।

সুকানি, সুকানি, সুখানি—বি. কর্ণধার, নৌকা বা জাহাজের হাল ধরে যে। [সুক্কান سکان আ. + ی (ঈ) ফা.]।

সুখা—১বি. বিড়ি সিগারেট তৈরীর জন্য কলে-কাটা তামাক, সূর্তি। ২বি. চুন, খয়ের ও তামাকের সংমিশ্রণে মুখে খাওয়ার মত তামাক। [সুখা سوکھا হি.]।

সুখানি—দ্র. **সুকানি**।

সুজনি, সুজনী—বি. নকসী-করা মোটা চাদর বিশেষ। [সুয্‌নী سوزنی ফা.]।

সুজি—বি. গম, যব, চালের অমিহি চূর্ণ, মোটা দানাদার আটা। [سوجی হি.]।

সুদ—বি. ঋণগ্রহণ বাবদ ঋণের পরিমাণের হিসাবে যে অতিরিক্ত লাভ বা অর্থ দেওয়া হয়, উহা (সুদের সুদটি শুষে নিয়ে বেচে ভিটেমাটি— সত্যেন্দ্র)। [সূদ سود ফা.] **সুদখোর**—বি. ধার দেয়ার জন্য অতিরিক্ত অর্থ আদায়কারী। [— + خور ফা.]।

সুন্নত, সুন্নৎ—১বি. হযরতের ধর্মকর্ম পদ্ধতি। ২বি. মুসলিমদের লিঙ্গের অগ্রভাগের অতিরিক্ত চর্ম কর্তন, circumcision। [সুন্নত سنت আ.]।

সুন্নী—বি. মুসলমান সম্প্রদায় বিশেষ, আহলে সুন্নত। [সুন্নী سنی আ.]।

সুপারিশ, সুপারিস—বি. কারো অনুকূলে কিছু বলা, recommendation। [সিফারিশ্‌ سفارش ফা.]।

সুফী, সূফী—১বিণ. ধার্মিক। ২বিণ. ধ্যান-রসিক বা মরমী সাধক (সুফি-বৈষ্ণবে করে কোলাকুলি / আমাদের এই দেশে— সত্যেন্দ্র)। [সূফী صوفی আ.]।

সুফেদ—দ্র. **সফেদ**।

সুবহ্, সুবে—বি. প্রাতঃকাল, প্রত্যূষ। [সুবহ্ صبح আ.]। **সুবহে উম্মিদ/ সুবে উম্মীদ**—বি. আশার প্রভাত, আশার আলো। [—উম্মীদ امید ফা.]। **সুবহ্ শাম, সুবহে-সাদিক**—বি. ভোর, উষাকাল, প্রাতঃকাল। [-صادق] **সুবো-শাম** সকাল-সন্ধ্যা (দেশ-বিদেশে পথে-ঘাটে / হাঁকি সুবহ্-শাম— নজরুল)। [সুবহ্ صبح আ.+শাম شام ফা.]।

সুবা, সুবে—বি. প্রদেশ, বাদশাহী আমলে দেশের রাজনৈতিক বিভাগ। [সূবহ্ صوبہ আ.]। **সুবাদার**—১বি. প্রাদেশিক শাসনকর্তা। ২বি. নবাব। [— + দার دار ফা.]। **সুবাদারি, সুবেদারি**—বি. সুবেদারের কাজ। [— + ই., বাং.]।

সুমার, শুমার, সুমারি, শুমারি—১বি. গণনা। ২বি. সাংগ, সমাধা। [শুমার شمار ফা.] **সুমার নবীশি**—বিণ. গণনাকারী, হিসাব রক্ষক। [শুমার নবীস شمار نویس ফা.]।

সুয়েম, সুয়ম, সুওম, সিওম— বিণ. তৃতীয়। [সুবম্ سوم ফা.]।

সুরকি/সুরখি, সুর্কি, সুর্কী, সুর্খী—১বি. ইটের গুঁড়া। ২বি. লালিমা। [সুর্খী سرخی ফা.]।

সুরত, সুরৎ, সূরত, সুরাত, ছুরত, ছুরৎ—১বি. চেহারা, আকৃতি। ২বি. রূপ। ৩বি. প্রকার, রকম, উপায়। ৪বি. ধরণ, প্রকৃতি, ঢং। ৫বি. অবস্থা। ৬বি. মূর্তি। [সূরত্ صورت আ.]। **সুরতহাল**—বি. বর্তমান অবস্থা। [— + حال আ.]। **সুরত জামাল**—বি. সুন্দর চেহারা। [—জমাল جمال আ.]।

সুরমা, সুর্মা—বি. চোখে দেয়ার পরিচিত গুঁড়া বিশেষ। [সুরমঃ سرمہ ফা.] **সুরমাদান, সুরমাদানী**—বি. সুর্মা রাখার ছোট পাত্র। [سرمہ دانی ফা.]

সুরাইয়া—বি. সপ্তর্ষিমণ্ডলের তারকা। [সুরইয়া ثریّا আ.]

সুরাখ, সুরাক—বি. গর্ত, ছিদ্র-সুড়ঙ্গ। [সূরাখ سوراخ ফা.]।

সুরাত—দ্র. **সুরত**।

সুরাহী, সুরাহি, সুরাই, সোরাহি, সোরাহী/সোরাই—১বি. কুঁজো। ২বি. জলপাত্র বিশেষ। ৩বি. সুরাপাত্র (সোরাই ভরা রঙিন শারাব /নিয়ে চলো নদীর তটে— নজরুল)। [صراحی আ.]

সুরু—দ্র. শুরু।

সুরুক, সুলুক—১বি. পক্ষ। ২বি. সন্ধান। ৩বি. ছিদ্র, রন্ধ্র। ৪বি. উপায়। [সুলূক سلوک আ.]।

সুরুয়া—দ্র. শুরুয়া।

সুর্কি, সুর্কী—দ্র. সুরকী।

সুর্খ—বিণ. লালবর্ণ। [سرخ ফা.] **সুর্খ নুর**—বি. লাল আলো। [— + نور আ.]।

সুর্খী—দ্র. সুরকি।

সুর্মা—দ্র. সুরমা।

সুলতান, ছোলতান—১বি. বাদশাহ, রাজা, শাসনকর্তা। ২বি. তুরস্কের পূর্বতন বাদশাহগণের উপাধি বিশেষ। [সুলতান سلطان আ.]। **সুলতানা**—বি. বেগম। [সুলতানঃ سلطانہ আ.]। **সুলতানি/সুলতানী**—বিণ. সুলতান সংক্রান্ত। [— + ই, ঈ. বাং.]।

সুলতানাত, সুলতনৎ—বি. বাদশাহী, রাজত্ব। [সল্‌তনত্ سلطنت আ.]।

সুলুক—দ্র. সুরুক।

সুলেমানী—১বি. সুলায়মান (আঃ) নবী সম্পর্কিত। ২বিণ. তৎকর্তৃক উদ্ভাবিত বলে লোকবিশ্বাস। [সুলয়মানী سلیمانی আ.]।

সুস্ত, সোস্ত—বিণ. অলস, ঢিলে, দুর্বল। [সুস্‌ত্ سست ফা.]। **সুস্তি, সুস্তী**—১বি. আলস্য, ঢিলেমি, দুর্বলতা। ২বিণ. আলস্যযুক্ত। [সুস্‌তী سستی ফা.]।

সূরত—দ্র. সুরত।

সেকরা—বি. স্বর্ণকার, অলঙ্কারাদি যে নির্মাণ করে। [সিক্কঃ+কার = سکہ کار ফা.]।

সেকেন্দর, সেকান্দর—বি. স্বনামখ্যাত গ্রীক সম্রাট আলেকজাণ্ডার। [সিকন্দর سکندر ফা.]।

সেখ—দ্র. শেখ।

সেগাফ, শিগাফ—বি. ফাটল, ছিদ্র। [শিগাফ্ شگاف ফা.]

সেজদা, সিজদা, সজদা—বি. দুইপা, দুই হাত, কপাল এবং নাকের অগ্রভাগ মাটিতে ঠেকিয়ে নিবেদন। [সজ্‌দহ্ سجدہ আ.]।

সেতখানা—বি. পায়খানা [صحت خانہ আ.+ ফা.]।

সেতাব—ক্রি-বিণ. দ্রুত, তাড়াতাড়ি। [শিতাব شتاب ফা.]। **সেতাবি, সেতাবী**—ক্রি-বিণ. অবিলম্বে, তাড়াতাড়ি। [— + ই, ঈ. বাং.]।

সেতার, সিতার—বি. তিন বা পাঁচ তারযুক্ত বাদ্যযন্ত্র বিশেষ (বাণী-মন্দিরে বীণার সঙ্গে/সিতার উঠেছে বাজি'— সত্যেন্দ্র)। [সিতার ستار ফা.]। **সেতারী**—বিণ. সেতার বাজায় যে, সেতার বাদক। [— + ঈ. বাং.]।

সেতারা—দ্র. সিতারা।

সেদ্দত, সিদ্দত—১বি. কষ্ট, দুঃখ। ২ক্রি. কষ্ট দেওয়া, দুঃখ দেওয়া। [شدت আ.]।

সেপাই—দ্র. সিপাই।

সেপায়া—দ্র. ছেপায়া।

সেপাহসালার—দ্র. সিপাহসালার।

সেমই, সেমাই, সেমুই—বি. সরু ও লম্বা আটা বা ময়দাজাত খাদ্য বিশেষ। [সেব্‌ঈ' سیوئی উ.]।

সেমুই—দ্র. **সেমই**।

সেরকশ—বিণ. বেয়াড়া, উদ্ধত, একরোখা। [সর্‌কশ্‌ سرکش ফা.]।

সেরা—১বি. শীর্ষস্থানীয়, উৎকৃষ্ট। ২বিণ. অপ্রতিদ্বন্দ্বী। [সর্‌ سر ফা.+ আ. বাং]

সেরেফ, ছেরেফ, ছেরেপ—বিণ. কেবল, কেবলমাত্র, শুধুমাত্র (সবারই এই জীবন যখন / সেরেফ দুটো দিনের রে ভাই—নজরুল)। [সির্‌ফ্‌ صرف আ.]।

সেরেস্তা, সেরেশ্‌তা—১বি. কার্যালয়, দফতর, অফিস। ২বি. আদালত। [সর্‌ রিশ্‌তহ্‌ سررشتہ ফা.]। **সেরেস্তাদার**—বি. সেরেস্তার ভারপ্রাপ্ত কর্মচারী, বড় কেরানী। [—+ دار ফা.]।

সেলাই—বি. সুঁই-সুতা দিয়ে বন্ধ করণ বা জোড়া দেয়া। [সিলাঈ سلائی হি.]।

সেলাখানা, সোলেখানা—বি. অস্ত্র রাখার ঘর। [সিলাহ্‌খানহ্‌ سلاح خانہ ফা.]

সেলাম—১বি. সালাম, অভিবাদন। ২বি. আশীর্বাদ। ৩ক্রি. আশীর্বাদ করা। [সলাম سلام আ.]। **সেলামত, সেলামৎ, সলামত**—১বি. মঙ্গল বা শুভ। ২বি. শান্তি। [সলামত্‌ سلامت আ.]।

সেলামি, সেলামী—দ্র. **সালামি**।

সেলেখানা—দ্র. **সেলাখানা**।

সেহ্‌লি—দ্র. **সহিলি**।

সেহেরা, সিহ্‌রা, ছেহেরা—১বি. ফুল বা জরীর তৈরী টোপর বিশেষ (সেহ্‌রা খেয়ে কাটল রোজা, আজ সেহেরা বাঁধ—নজরুল)। ২বি. ললাটের টিপ [সিহ্‌রা سہرا হি.]।

সেহেরী, সেহেরি—বি. সূর্যোদয়ের ঘণ্টা দেড়েক আগে মুসলমানদের রোজা রাখার জন্য আহার্য। [সহ্‌রী سحری আ.]।

সেহেলি—দ্র. **সহিলি**।

সৈয়দ, সাইয়িদ—১বি. নবীনন্দিনী হযরত ফাতিমা ও হযরত আলীর বংশধরদের পদবী। ২বি. সম্ভ্রান্ত, কুলীন। [সয়্যিদ سیّد আ.]।

সোওয়াব—দ্র. **সোয়াব**।

সোওয়ার, ছওয়ার—দ্র. **সোয়ার**।

সোকর—দ্র. **শোকর**।

সোপর্দ্দ, সোপরদ—১বি. সমর্পণ। ২ক্রি. বিচারার্থে সমর্পণ, হস্তান্তর বা প্রেরণ করা। [সুপুর্দ سپرد ফা.]।

সোবে—দ্র. **শুবা**।

সোয়াব, সওয়াব, সাওয়াব, সোওয়াব, ছওয়াব—১বি. পুণ্য। ২বি. ফায়দা। [ছওয়াব ثواب আ.]।

সোয়ার, সওয়ার, সোওয়ার, ছওয়ার—বি. আরোহী, অশ্বারোহী। [সওয়ার سوار ফা.] **সওয়ারি, সওয়ারী, সোয়ারী, শোয়ারী**—১বিণ. আরোহী। ২বি. পাল্কী, ডুলী, চৌদোলা [সওয়ারী سواری ফা.]।

সোয়াল—দ্র. **সওয়াল**।

সোর—দ্র. **শোর**।

সোরগোল—দ্র. **শোর**।

সোরৎ—দ্র. **শোহ্‌রত**।

সোর-সরাবত, শোর-শরাবত—বি. আওয়াজ, সোরগোল, সাড়াশব্দ। [শোর شور ফা.+ শুহ্‌রত্‌ شہرت আ.]।

সোরসার—বি. মিলিত কণ্ঠের প্রতিবাদজনক সাড়াশব্দ, গণ্ডগোল, চেঁচামেচি। [سورسار ফা.]।

সোহ্‌লি—দ্র. **সহিলি**।

সোরাহি, সোরাহী/সোরাই—দ্র. **সুরাহী**।

সোলে, ছোলে—বি. আপোষ-নিষ্পত্তি। [সুল্‌হ্ صلح আ.] **সোলেনামা, ছোলেনামা**—বি. নিষ্পত্তির দলিল। [— + নামহ্ نامه ফা.]।

সোলেখানা—দ্র. **সেলাখানা**।

সোস্ত—দ্র. **সুস্ত**।

সোহবত—দ্র. **সহবত**।

সোহরত, সোহরৎ—দ্র. **শোহরত**।

সোহাগা—বি. স্বর্ণাদি গলানোর জন্য ক্ষার জাতীয় পদার্থ। [سرهاگا হি.]

সৌখিন, সৌখীন—দ্র. **শৌখিন**।

[হ]

হক—১বি. ন্যায্য অধিকার, ন্যায্য স্বত্ব, দাবী। ২বি. ন্যায্য কথা। ৩বিণ. প্রকৃত, সত্য, যথার্থ, সঙ্গত। [হক্কুক্ حق আ.] **হকদার**—বিণ. ন্যায্য অধিকারী, ন্যায্য দাবীদার। [হক্‌দার حقدار আ.+ফা.]।

হকিকত, হকীকত—বি. সঠিক বিবরণ, তথ্য, বয়ান। [হক্বীক্বত্ حقيقت আ.]। **হকিকত নামা**—বি. যথার্থ বিবরণ, প্রকৃত তথ্যাবলী সংবলিত বিবরণী। [— + নামহ্ نامه ফা.]। **হকিয়ত, হকিয়ৎ**—১বি. স্বত্ব সাব্যস্তের মামলা। ২বি. বাস্তবতা, যথার্থতা। [হক্কিয়ত্ حقيت আ.]। **হক-নাহক**—বি. সত্যমিথ্যা সঙ্গত কারণে বা অন্যায়-ভাবে। [حق ناحق আ.+ ফা.]

হকিকত—দ্র. **হক**।

হকিম, হাকিম$_২$, **হাকীম**—১বি. ইউনানী চিকিৎসক, তিব্বী কবিরাজ। ২বি. বিজ্ঞ, জ্ঞানী। [حكيم আ.]। **হকিমী**—১বিণ. হাকিম সম্পর্কিত। ২বিণ. ইউনানী, ইউনানীতে চিকিৎসা। [حكيمى আ.]।

হকিয়ত—দ্র. **হক**।

হছরত—দ্র. **হসরত**।

হজ্জ—বি. যুলহজ চান্দ্রমাসে নির্দিষ্ট স্থানে ইহ্‌রাম বাঁধা, ৯ই তারিখে মক্কার অদূরবর্তী আরাফাত ময়দানে অবস্থান ও পরে কাবার তওয়াফ সম্বলিত ইসলামী অনুষ্ঠান। [হজ্জ্ حج আ.]।

হজম—১বি. পরিপাক। ২বি. সহ্য করণ। ৩বি. আত্মসংবরণ। [হযম هضم আ.]

হজরত, হযরত—বি. সম্ভ্রমের পাত্র, পয়গম্বর, প্রভু, অতি সম্মানিত, ব্যক্তি। [হয্‌রত حضرت আ.]।

হজিমত—বি. পরাজয়, ধ্বংস [হযীমত্ ہزیمت আ.]।

হদ—দ্র. **হদ্দ**।

হদিশ—দ্র. **হদিস**$_১$।

হদিস$_১$, **হদিশ**—১বি. খোঁজ-খবর, সন্ধান। ২বি. দিশা, পথ। ৩বি. কূলকিনারা। ৪বি. নির্দেশ। [হদীছ حديث আ.]।

হদিস$_২$, **হদীস**$_২$, **হাদিছ, হাদিস, হাদীস**—বি. হযরত মুহম্মদের (সঃ) বাক্য, কার্য এবং অনুমোদিত বাক্য ও কার্য। [হদীছ্ حديث আ.]।

হদ্দ, হদ—১বি. সীমা, এলাকা। ২বি. শেষ পর্যন্ত। ৩বিণ. চূড়ান্ত, চরম। ৪বিণ. বড়জোর, মোট, অনধিক। ৫বিণ. হয়রান। [হদ্দ حدّ আ.]। **হদ্দমুদ্দ**—১অব্য. চেষ্টার বাকী না রাখা, চেষ্টার শেষ পর্যন্ত, যতদূর সম্ভব। ২অব্য. খুব বেশী হলে, বড় জোর। [حد+مدّ আ.]।

হনাফী—দ্র. **হানাফী**।

হপ্তা—১বি. সপ্তাহ। ২বি. পরপর সাতদিন। [হফ্‌তহ্‌ هفته ফা.]।

হবশী—দ্র. **হাবশী**।

হবা, হাওয়া১— বি. বিবি হাওয়া, হযরত আদম (আঃ)-এর স্ত্রী। Eve. [হব্বা حوا আ.]।

হম—দ্র. **হাম**।

হযরত—দ্র. **হজরত**।

হয়রাণ—দ্র. **হয়রান**।

হয়রান, হয়রাণ—১বিণ. ক্লান্ত, পরিশ্রান্ত। ২বিণ. উত্যক্ত, জ্বালাতন। ৩বিণ. উৎপীড়িত, নাকাল। [হয়রান حيران আ.] **হয়রানী, হয়রানি**—১বি. হয়রান হওয়ার ভাব, নাকালের একশেষ। ২বি. বিব্রত অবস্থা। **হয়রান পেরেশান**—১বিণ. অতিশয় ক্লান্ত, অত্যন্ত পরিশ্রান্ত। ২বিণ. অতিশয় বিব্রত। [— আ. + پریشان ফা.]।

হর—১বিণ. প্রতি, প্রত্যেক। ২বিণ. বিবিধ, নানা, বিভিন্ন। [হর্‌ هر ফা.]। **হরওক্ত, হরওক্‌ত, হরবকৎ, হরবখত**—বি. সর্বদা, সবসময়। [ہر وقت ফা.]। **হরদম, হর্দম**—অব্য. সর্বদা, অনবরত। [ہر دم ফা.]। **হররোজ**-ক্রি-বিণ. প্রতিদিন, প্রত্যহ। [ہر روز ফা.]।

হরকত, হরকৎ—১বি. আপত্তি, বাধা, বিঘ্ন, ক্ষতি। ২বি. আপত্তিকর ব্যবহার। [হরকত্‌ حرکت আ.]।

হরকরা—১বি. সংবাদ, চিঠি প্রভৃতির বাহক, পিয়ন। ২বি. দূত, চর। [হরকারঃ हरकारः]

হরগিজ, হরগেজ—অব্য. কিছুতেই, আদৌ, কখনও। [هرگز ফা.]।

হরদম—দ্র. **হর**।

হরফ, হরপ—বি. অক্ষর, বর্ণমালার লেখ্য সংকেত। [হরফ্‌ حرف আ.]।

হরবখত, হরবকৎ—দ্র. **হর**।

হরেক—১বিণ. বিবিধ, নানা প্রকার। ২বিণ. এক-এক, বিভিন্ন। [হরেক هریک ফা.]।

হলক— দ্র. **হলকা**।

হলকা, হল্‌কা, হল্কা, হলক—১বি. দল, পাল, সমূহ, দঙ্গল। ২বি. চক্র। ৩বি. ঘোড়ার গলায় পরাবার চামড়ার বেড়। ৪বি. উত্তপ্ত প্রবাহ। [হল্‌কঃ حلقه আ.]।

হলকুম, হোলকুম—১বি. কণ্ঠনালী, গলা। ২বি. বাগযন্ত্র। [হলকু'ম حلقوم আ.]।

হলফ, হলপ—বি. সত্য বলার জন্য শপথ বা দিব্য, শপথ [হল্‌ফ্‌ حلف আ.]।

হল্‌কা, হল্কা—দ্র. **হলকা**।

হল্লা—বি. কোলাহল, গোলমাল, সমস্বরে চীৎকার। [هلا উ.]।

হসবনসব—দ্র. **নছব**।

হসরত, হছরত— বি. দুঃখ, বেদনা। [হস্‌রত حسرت আ.]।

হস্তবুদ—১বি. বর্তমান ও অতীতের হিসাব, জমাবন্দি। ২বি. জমিদারীর মোট আয়ের হিসাবের কাগজপত্র। [হস্ত ও বুদ هست و بود ফা.]।

হাইওয়ান—দ্র. **হায়ওয়ান**।

হাউলী—দ্র. **হাবেলী**।

হাউস—বি. শখ, আকাঙ্ক্ষা, ইচ্ছা। [হব্‌স্‌ هوس ফা.]।

হাউয, হাওজ— বি. জলাধার, চৌবাচ্চা। [হওয্‌ حوض আ.]। **হাউযে-কওসর**—

১বি. ইসলামী বিশ্বাস মতে শেষ বিচার দিবসে হযরত মুহম্মদ (সঃ)- কে এই নামের একটি বিশিষ্ট চৌবাচ্চা দেওয়া হবে। তিনি উম্মতদিগকে এর সুশীতল পানি পান করাবেন। ২বি. মতান্তরে জান্নাতের একটি নহর বা স্রোতস্বিনীর নাম। [حوض كوثر আ.]।

হাওজ—দ্র. **হাউয**।

হাওদা—১বি. হাতি, বা উটের পিঠে চড়বার জন্য যে আসন পাতা হয়। ২বি. বিস্তৃত পরিসর বস্তু। ৩বি. অতি স্থূলোদর ব্যক্তি। [হওদজ্ هودج আ.]।

হাওয়া$_১$—দ্র. **হবা**।

হাওয়া$_২$—১বি. বায়ু, বাতাস। ২বি. জলবায়ু, climate। [হওয়া هواء আ.]।

হাওলা, হাওয়ালা, হাবালা, হাবাল—বি. তত্ত্বাবধান, খবরদারি, অধিকারী, ভার, জিম্মা। [হবালঃ حوالة আ.]। **হাওলাদার, হাবিলদার, হালদার**—১বি. হাওলাজমির মালিক/বা ভোগকারী। ২বি. পদবী বি.। ৩বি. পুলিশের বা সামরিক কর্মচারী। [— আ.+ دار ফা.]।

হাওলাত, হাওলাৎ—১বি. ঋণ, কর্জ, ধার। ২বি. আমানত, জিম্মা। [হবালত্ حوالة আ.]। **হাওলাত/ বরাত**—বি. কর্জ ও অনুগ্রহ। [حوالة + برات আ.]। **হাওলাতী** —১বিণ. ঋণসম্পর্কীয়। ২বিণ. ঋণরূপে গৃহীত। [হবালতী حوالتی ফা.]।

হাওয়াস—১বি. চৈতন্য। ২বি. জ্ঞান। ২বি. ইন্দ্রিয়। [হওয়াস حواس আ.]।

হাকিম$_১$—১বি. বিচারপতি। ২বি. শাসনকর্তা। [হাকিম حاكم আ.]। **হাকিমি**—বি. বিচারকের বৃত্তি। **হাকিমী**— বিণ. বিচার বা বিচারক সম্বন্ধীয়।

হাকিম$_২$, **হাকীম**—দ্র. **হকিম**।

হাঙ্গাম— দ্র. **হাঙ্গামা**।

হাঙ্গামা, হাঙ্গাম, হেঙ্গাম, হেঙ্গামা, হ্যাঙ্গামা— ১বি. দাংগা, লড়াই, মারামারি। ২বি. গোলমাল। ৩বি. ফেসাদ। ৪বি. উৎপাত। ৫বি. বিপত্তি। [হাংগামঃ هنگامه ফা.]।

হাজত, হাজৎ— ১বি. বিচারের আগে অপরাধীকে প্রয়োজন মত হাজির করবার জন্য পুলিশের জিম্মায় রাখার স্থান। ২বি. অভাব, প্রয়োজন (সালাতুল হাজত)। ৩বি. প্রাকৃতিক ডাক, পেশাব-পায়খানার বেগ। [হাজত্ حاجت আ.]।

হাজরি—দ্র. **হাজির**।

হাজাম, হাজ্জাম—১বি. মুসলমান ক্ষৌরকার বা নাপিত। ২বি. যে খৎনা করে। [হজ্জাম حجّام আ.]। **হাজামত, হাজামৎ**— ১বি. ক্ষৌরকর্ম। ২বি. খৎনা করন। [হজামত্ حجامت আ.]।

হাজার, হাযার— ১বি. দশশত সংখ্যা. ১০০০। ২বিণ. সহস্র, দশশত সংখ্যক। [هزار ফা.]। **হাজারী, হাযারী, হাজারি**—১বি. সহস্র সৈন্যের অধিনায়ক, ২বি. সহস্র গ্রামের মণ্ডল।

হাজি—দ্র. **হাজী**।

হাজির, হাযির—বিণ. উপস্থিত। [হাযির حاضر আ.]। **হাজিরা, হাজিরি, হাযিরী, হাজিরী/ হাজরি**— বি. উপস্থিতি। **হাযির যামিন**—বিণ. কোন ব্যক্তি নির্দিষ্ট কালে আদালতে উপস্থিত হবে এই অঙ্গীকারে যে জামিন থাকে।

গরহাজির, গরহাযির—বিণ. অনুপস্থিত। [গয়র্ হাযির غير حاضر আ.]।

হাজী, হাজি—বি. যিনি মক্কা হতে হজ্জ করে এসেছেন। [হাজ্জ حاجّ আ حاجی ফা.]।

হাজ্জাম—দ্র. হাজাম।

হাতা, হাথা—১বি. সীমা, এলাকা, গৃহসংলগ্ন স্থান। ২বি. কবল, অধিকার। [ইহাতঃ احاطه আ.]।

হাতিয়ার/ হেতের—১বি হাত দিয়ে বহনযোগ্য অস্ত্রশস্ত্র। ২বি. শিল্পসাধন যন্ত্র. হাত দিয়ে ব্যবহার যোগ্য যন্ত্রপাতি। ৩বি. প্রয়োজনীয় অস্ত্রাদি। [হাথিয়ার ہتھیار উ.]।

হাদিছ, হাদিস, হাদীস—দ্র. **হদিস**$_২$।

হানাফী, হানিফী, হনাফী—বি. ইমাম আবু হানীফার মতাবলম্বী মুসলিম (দুনিয়ার অধিকাংশ মুসলমান হানাফী)। [হনফী حنفی আ.]।

হানিফী— দ্র. **হানাফী**।

হাবলা—বিণ. হাবা, নির্বোধ, বুদ্ধিহীন। [অব্‌লহ্ ابله ফা.]।

হাবলি— দ্র. **হাবেলী**।

হাবশী, হাব্‌সী, হাবশী, হবশী—১বি. আবিসিনিয়ার অধিবাসী। ২বি. কাফ্রি, নিগ্রো। [হাব্‌শী حبشی আ.]।

হাবালা, হাবাল—দ্র. **হাওলা**।

হাবিব, হাবীব—বি. প্রিয়, প্রিয়জন। [হবীব حبیب আ.]।

হাবিবা— বি. বান্ধবী, সখী (খোদার হাবিব/ হাবিবায় পেল আজি— নজরুল)। [হবীবাহ্ حبیبه আ.]।

হাবিয়া—বি. দোজখ, নরক (ভয়ে সপ্ত নরক হাবিয়া দোযখ নিভে নিভে যায় কাঁপিয়া— নজরুল)। [হাবিয়ঃ هاویه আ.]।

হাবিলদার—দ্র. হাওলা।

হাবুজখানা—বি. কারাগার, জেলখানা। [হব্‌স্ حبس আ. + খানহ্ خانه ফা.]।

হাবেলী, হাবলি, হাউলী—১বি. পাকা বাড়ি. অট্টালিকা। ২বি. বাসগৃহের শ্রেণী, পাড়া। ৩বি. বাসস্থান, গৃহ। [হবীলী حویلی আ. **হবালঃ**-এর বিকৃত রূপ]।

হাম, হম—সর্ব. আমি। [হম্ ہم উ., অহং সং.]।

হামছায়, হামছায়া— বি. প্রতিবেশী। [হামসায়হ্ همسایه ফা.]।

হামদম—১বি. বন্ধু (আসহাবের হামদম, ওয়ালিদ ফাতেমার— নজরুল)। ২বি. প্রেমিক। ৩বি. সাথী। [হম্‌দম্ همدم ফা.] **হামদর্দি, হামদর্দী**— বি. সমবেদনা। [همدردی ফা.]। **হামদিল**—বি. সখা। [ہمدل] **হামরাহী, হামরাই**—বি. বিণ. সহযাত্রা, সহযাত্রী। [হম্‌রাহী همراهی ফা.]।

হামলা—১বি. যুদ্ধের আক্রমণ। ২বি. চড়াও হয়ে মারপিট। ৩বি. দাঙ্গা। [হম্‌লঃ حمله আ.]।

হামানদিস্তা—বি. কঠিন দ্রব্যাদি চূর্ণ করার লৌহপাত্র ও লৌহদণ্ড। [হাব্‌নদস্তঃ هاون دسته ফা.]।

হাম্মাম, হাম্মাম—১বি. স্নানাগার। ২বি. সাধারণের ব্যবহারের জন্য গরম পানির গোসলখানা। [হাম্মাম حمّام আ.]।

হামায়িল, হামিলা—বি. গর্ভবতী। [হামিলঃ حامله আ.]।

হামায়িল শরীফ— দ্র. **হেমায়েল শরীফ**।

হামিলা—দ্র. **হামায়িল**।

হামেশা, হামেসা, হামেসাহ—১ক্রি-বিণ. প্রায়ই। ২ক্রি-বিণ. সর্বদা, সবসময় (গোস্ত খাওয়ায়ে দোস্ত করিতে/ তাই ত চেষ্টা হামেশা—নজরুল)। [হমিশঃ همیشه ফা.]।

হাম্মাম—দ্র. ইমাম।

হাযার—দ্র. হাজার।

হাযির, হাযিরী—দ্র. হাজির।

হায়দার—১বি. সিংহ। ২বি. হযরতের (সঃ) জামাতা আলীর (রাঃ) উপাধি। [হয়দর حیدر আ.] **হায়দরী হাঁক**—বি. মহাবীর হযরত আলীর রণ-হুংকার।

হায়ওয়ান, হাইওয়ান—বি. প্রাণী, পশু। [হয়্ওয়ান حیوان আ.]। **হায়ওয়ানাত**—বি. প্রাণীজগত, পশুজাতি **হায়ওয়ানীয়ত, হায়ওয়ানাত**—বি. পাশবিকতা, পশুর কাজ। [হয়্ওয়ানিয়াত্ حیوانیت আ.]।

হায়া—বি. লজ্জা, শরম। [হয়া' حیاء আ.]। **হায়াশরম**—বি. শালীনতাবোধ। [— আ. +শরম شرم ফা.]

হায়াত—বি. আয়ু, জীবন, পরমায়ু। [হয়াত্ حیات আ.]।

হারাম—১বি. ইসলাম ধর্মের বিধানে অবৈধ বা নিষিদ্ধ কাজ, বিষয়বস্তু বা প্রাণী। ২বি. শূকর। [حرام আ.]। **হারামজাদা, হারামযাদা, হারামযাদ**—১বি. বিণ. গালি বিশেষ। ২বিণ., বিণ. অবৈধ সন্তান। স্ত্রী. **হারামজাদী**। [হারামযাদঃ حرام زادہ আ., ঈ. বাং.]।

হারেম—বি. অন্তঃপুর, অন্দরমহল। [হরম حرم আ.]।

হাল—বি. অবস্থা, দশা। [হাল حال আ.] **হালখাতা**—বি. নববৎসরের হিসাব নিকাশের জন্য নতুন খাতা। **হালচাল**—১বি. অবস্থা, দশা। ২বি. আচার আবরণ। ৩বি. ভাবভঙ্গি। [হালচাল حال چال আ. +হি] **হালহকিকত**—বি. প্রকৃত অবস্থা (বন্ধুর হাল হকিকত আমার জানা)। [হাল حال + হক্কিকৃত্ حقیقت আ.]।

হালকা, হাল্কা—১বি. অল্পভার, লঘু। ২বিণ. মৃদু (দখিনের হালকা হাওয়ায় আসলে ভেসে সুদূর বরাতী— নজরুল)। ৩বিণ. ফিকা। ৪বিণ. গুরুত্বহীন। ৫বিণ. কর্মহীন। [হল্কান هلکان আ.]।

হালদার, হাওলাদার—দ্র. হাওলা।

হালফিল—১ক্রি. বিণ. বর্তমান, সম্প্রতি, অধুনা। ২ক্রি. বিণ. সর্বদা। [ফিল্হাল فی الحال আ.]।

হালাক, হাল্লাক—১বি. সর্বনাশ। ২বি. বধ, হত্যা। ৩বিণ. পরিশ্রান্ত। ৪বিণ. প্রাণান্ত। [হলাক هلاک আ.]।

হালাল—১বিণ. ইসলাম ধর্মানুসারে বৈধ ও পবিত্র। ২বি. বৈধ পথ। [হলাল حلال আ.]।

হালুইকর—বি. ময়রা, মিষ্টান্ন প্রস্তুতকারক। [হলবা حلوا আ.+ گر ফা.]।

হালুয়া—বি. মোহনভোগ; ঘি, চিনি, দুধ, সুজি বা অন্যান্য বস্তু সহযোগে প্রস্তুত মিষ্টান্ন বিশেষ। [হল্বা' حلواء আ.]।

হাল্কা—দ্র. হালকা।

হাল্লাক—দ্র. হালাক।

হাশ্‌মত— বি. আড়ম্ব, সমারোহ, মহিমা, গরিমা (দাও সেই খলিফা, সে হাশ্‌মত,

দাও সেই মদিনা, সে বোগদাদ— নজরুল)। [হশ্‌মত্ حشمت আ.]।

হাশর—বি. পুনরুত্থান, কিয়ামত্ [হশর حشر আ.]।

হাশিশ, হাশীশ—১বি. ভাং। ২বিণ. ক্লান্তিনাশক, শান্তিদায়ক। [হশীশ্ حشيش আ.]

হাসিনা, হাসীনা—বি. সুন্দরী। [হসীনঃ حسينه আ.]।

হাসিল, হাসেল—১বি. বুদ্ধি ও কৌশলপূর্বক কার্যোদ্ধার (মতলব হাসিল করো তোমার / খুবসুরতী রতির সাথে — নজরুল)। ২বি. আদায়, সিদ্ধি, অর্জন। [হাসিল حاصل আ.]।

হিকমত, হেকমত—১বি. কৌশল। ২বি. দক্ষতা, কর্মকুশলতা (তাতে লেখা আছে সব পরীদের হিকমত— নজরুল)। ৩বি. চাতুর্য, কৌশল, কায়দা। ৪বি. জ্ঞানবত্তা। [হিকমত্ حكمت আ.]।

হিকারত—দ্র. **হেকারত**।

হিজড়া/হিজড়ে—বি. নপুংসক, ক্লীব। [হিজড়া হি.]

হিজরী, হিজরা—বি. খ্রীস্ট জন্মের ৬২২ বছর পরে হযরত মুহম্মদ (সঃ) এর মক্কা ত্যাগ করে মদিনায় গমনের দিন হতে গণিত অব্দ। [হিজরী هجرى আ.]। **হিজরত**—বি. দেশত্যাগ, হযরত মুহম্মদের (সঃ) মক্কা হতে মদিনায় গমন। [হিজরত্ هجرت আ.]।

হিদায়েত, হিদায়ত, হেদায়েত—বি. সত্যপথ প্রদর্শন, ন্যায়পথে পরিচালন। [হিদায়ত্ هدايت আ.]। **হিদায়তী, হেদাতি**— বি. হেদায়ত বা সৎপথ অবলম্বনকারী। [— + ঈ, বাং.]।

হিন্দী—বি. উত্তর ভারতের ভাষা বিশেষ, বর্তমান ভারতের রাষ্ট্রভাষা, হিন্দুস্থানী, উর্দু। [হিন্দী هندى ফা.]।

হিবা, হেবা— বি. দান। [হিবাঃ هبه আ.]। **হিবানামা, হেবানামা**— বি. দানপত্র, উত্তরাধিকারীকে সম্পত্তি প্রদানের দলিল। [— + নামহ্ نامه ফা.]।

হিফ্‌জ—দ্র. **হেফজ**।

হিফাযত—দ্র. **হেপাপত**।

হিমাকত, হেমাকত— বিণ. নির্বুদ্ধিতা, গোঁয়ার্তুমি। [হমাক্বত্ حماقت আ.]।

হিমায়েত, হিমায়ত—১বি. সাহায্য। ২বি. উৎসাহ দান। [حمايت আ.]।

হিম্মত, হিম্মৎ—১বি. সাহস, মনোবল (হিম্মত হেষা হেঁকে চলে— নজরুল)। ২বি. ক্ষমতা, বীরত্ব, তেজ। [হিম্মত্ همت আ.]।

হিলা— বি. ছল, চাতুরী কৌশল। [হীলঃ حيله আ.]।

হিলাল—দ্র. **হেলাল**।

হিল্লা/হিল্লে— ১বি. উপায়, গতি ২বি. ব্যবস্থা। ৩বি. আশ্রয়, অবলম্বন। [হীলঃ حيله আ.]।

হিসাব, হিসেব—১বি. গণনা। ২বি. জমাখরচের গাণিতিক বিবরণ। ৩বি. জমাখরচ নির্ধারণ। ৪বি. দর। ৫বি. বিচার বিবেচনা, ৬বি. কৈফিয়ত। [হিসাব حساب আ.] **হিসাব কিতাব**—১বি. বিস্তারিত বা খুঁটিনাটি হিসাব। ২বি. বিচার-বিবেচনা। [— + كتاب আ.]। **হিসাব নবিস**— বি জমাখরচ লেখক। [

আ.+نويس ফা.]। **হিসাব-নিকাশ**—১বি. আয় ও ব্যয়ের বিস্তারিত লিখিত বিবরণ। ২বি. হিসাবপত্রের কাজ। ৩বি. কৈফিয়ত। [— + নিক্কাশ نقاش আ.]। **হিসাবানা**—বি. প্রধানত তহসিলদারগণ কর্তৃক প্রজাদের খাজনাদি হিসাব করে দেয়ার বাবদ পারিশ্রমিক বা ঘুষ। [— + আনা. বাং.]। **হিসাবী**—বিণ. হিসাব সম্বন্ধীয়। [— + ী (ঈ) ফা.]।

হিসেব—দ্র. **হিসাব**।

হিস্‌সা/হিস্‌সে, হিস্যা/ হিস্যে—১বি. প্রাপ্য অংশ, প্রাপ্য ভাগ। ২বি. অংশ। [হিস্‌সঃ حصّه আ.]। **হিস্‌সেদার, হিস্যাদার/ হিস্যেদার**—বি., বিণ. অংশীদার। [হিস্‌সঃ حصه + দার دار ফা.]।

হুঁকা/হুঁকো—বি. নারকেল খোলে তৈরী ও নলিচাযুক্ত তামাক খাওয়ার পাত্র বিশেষ। [হুক্কঃ حقّه আ.]। **হুঁকো বরদার**—বিণ. হুঁকা নিয়ে প্রভুর সঙ্গে সঙ্গে ফেরে এরূপ ভৃত্য, মোসাহেব। [— আ.+ বরদার بردار ফা.]।

হুঁশ, হুঁস, হুশ, হোশ— ১বি. চেতনা, জ্ঞান, চৈতন্য। ২বি. সতর্কতা। [হোশ هوش ফা.]। **হুঁশিয়ার, হুশিয়ার, হোশিয়ার**— ১বিণ. সতর্ক, সচেতন, সাবধান। ২বিণ. চতুর। [— + ইয়ার يار ফা. প্রত্যয়]। **হুঁশিয়ারি, হুঁশিয়ারী, হুশিয়ারি, হুশিয়ারী**— বি. সতর্কতা। [— + ী(ঈ) ফা.]।

হুকুমত, হুকুমৎ—দ্র. **হুকুম**।

হুকুম—১বি. আজ্ঞা, আদেশ। ২বি. অনুমতি। ৩বি. আদালতাদির নির্দেশ। [হুক্‌ম حلم আ.]। **হুকুমজারি**—বি. হুকুম প্রচার। [حلم + জারী جارى আ.]। **হুকুমত, হুকুমৎ, হুকমত, হুকমৎ**—১বি. প্রভুত্ব। ২বি. শাসন। ৩বি. সরকার, গভর্নমেন্ট। [হুকূমত্ حكومت আ.]। **হুকুম তামিল**—বি. আদেশ পালন। [— তা'মীল تعميل আ.]। **হুকুমনামা**—বি. আদেশনামা। [حكم আ.+ নামহ্ نامه ফা.]। **হুকুমবর্দার, হুকুমবর্দ্দার**—বি. আজ্ঞাবাহক। [—বরদার بردار ফা.]। **হুকুমরদ**—বি. হুকুম রহিতকরণ। **জোহুকুম**—১অব্য. যে আজ্ঞা। ২বি. বিণ. আজ্ঞাবহ. স্তাবক। [জো جو হি.+ —]।

হুজরা, হোজরা— বি. ছোট কামরা, মসজিদের সংলগ্ন ছোট কামরা, কুঠরি। [হুজ্‌রঃ حجره আ.]।

হুজুক, হুজুগ—১বি. সাময়িক আন্দোলন। ২বি. জনরব. গুজব। [হজব هجو আ., ফা. হুজ্‌ হুج]।

হুজুর, হুযুর—১বি. সম্মান সূচক সম্বোধন, মহাশয়। ২বি. প্রভু, মনিব। ৩বি. প্রভুর সমীপ, নিকট, সম্মুখ। [حضور আ.]

হুজ্জত, হুজ্জৎ— ১বি. গোলমাল। ২বি. তর্কাতর্কি, কলহ। ৩বি. জিদ। [حجّة আ.]।

হুনর—১বি. গুণ। ২বি. বিদ্যা, কৌশল, কলাজ্ঞান। ৩বি. কর্মদক্ষতা, শ্রমশিল্পে কুশলতা। [হুনর هنر ফা.]। **হুনরমন্দ**—বিণ. কৌশলী, গুণী। [হুনর মন্দ هنرمند ফা.]।

হুবহু—অব্য. সঠিক, অবিকল, যথাযথ। [হু هو আ.+ ب ফা.+ هو আ.]।

হুযুর—দ্র. **হুজুর**।

হুর, হুরী— ১বি. অতিশয় সুন্দরী। ২বি. বেহেশ্‌তের সুন্দরী। [হূর حور আ.]।

হুরমত—বি. সম্ভ্রম, সম্মান, ইজ্জত। [হুরমত্ حرمت আ.]।

হুরী—দ্র. **হুর**।

হুলিয়া—বি. পলাতক আসামীকে গ্রেপ্তার করার জন্য তার চেহারার বিবরণসহ বিজ্ঞাপন। [হুলিয়াঃ حلیه আ.]।

হুশ—দ্র. **হুঁশ**।

হুশিয়ার, হুশিয়ারী—দ্র. **হুঁশ**।

হুঁস—দ্র. **হুঁশ**।

হেকমত—দ্র. **হিকমত**

হেকারত, হিকারত—বি. তাচ্ছিল্য, ঘৃণা [হিক্বারত্ حقارت আ.]।

হেঙ্গাম, হেঙ্গামা—দ্র. **হাঙ্গামা**

হেজাজ—বি. সৌদী আরবের নগরী বিশেষ। [হিজায্ حجاز আ.]।

হেতের—দ্র. **হাতিয়ার**।

হেদাতি—দ্র. **হিদায়েত**।

হেদায়েত—দ্র. **হিদায়েত**।

হেনা—১বি. মেহেদি (ভায়েরা আমার দুশমন খুনে মাখিতেছে হাতে হেনা—নজরুল)। ২বি. মেহেদি গাছ। [হিন্না حنّاء আ.]।

হেপাজত, হেফাজত, হিফাযত—বি. রক্ষণাবেক্ষণ, যিম্মাদারী, তত্ত্বাবধান, দায়িত্ব, পরিচর্যা। [হিফাযত্ حفاظت আ.]।

হেফজ, হিফজ—১বি. মুখস্থ, কণ্ঠস্থ। ২বি. রক্ষণ। [হিফ্য্ حفظ আ.]।

হেফাজত—দ্র. **হেপাজত**।

হেবা—দ্র. **হিবা**।

হেমাকত—দ্র. **হিমাকত**।

হেমায়েল শরিফ, হামায়িল শরীফ—বি. খুব ছোট আকারের কোরআন শরীফ, যা সাধারণত কণ্ঠে ঝুলিয়ে রাখা হয়। [হমাইল حمائل আ.+ শরীফ شریف আ.]।

হেরফের—বি. অদলবদল, অসঙ্গতি (চারিটি জিনিষ চিনেছিলে তুমি, জানিতে না হেরফের / আল্লা, রসুল, ইসলাম আর শের মারা শমশের—নজরুল)। [هیرپھیر হি.]।

হেরা, হিরা—বি. মক্কার অনতিদূরে অবস্থিত পাহাড় বিশেষ যার গুহায় হযরত নবুয়ত লাভ করেন এটিকে জবল-এ নূরও বলা হয়। [حرا আ.]।

হেরেম—১বি. অন্দরমহল। ২বি. পবিত্র স্থান ৩বি. স্ত্রী। [হরম حرم আ.]।

হেলাল, হিলাল—বি. নবশশিকলা, নতুন চাঁদ (তুমি যে হেলাল, তুমি কেন থাকো চিন্তাম্লান—নজরুল)। [হিলাল ہلال আ.]।

হেলেম—১বি. ধৈর্যশীলতা, সহনশীলতা। ২বি. নম্রতা, ভদ্রতা। [হিল্‌ম حلم আ.]।

হেস্তনেস্ত—১অব্য. শেষ নিষ্পত্তি বা মীমাংসা। ২অব্য. ভালমন্দ যা-ই হোক একটা সমাধান। [হস্ত ও নীস্ত هست و نیست ফা.]

হোজরা—দ্র. **হুজরা**।

হোবল—বি. প্রাক-ইসলামী যুগের আরবদের দেবতার নাম, কাবাগৃহে প্রতিষ্ঠিতদের মূর্তি সমূহের অন্যতম ও প্রধান (রোয়ে 'ওয্যা হোবল' ইবলিস্ খারেজিন/ কাঁপে জীন—নজরুল)। [হুব্‌ল্ هبل আ.]।

হোমরা চোমরা—১বিণ. সম্ভ্রান্ত ও খ্যাতি প্রতিপত্তিযুক্ত। ২বিণ. উচ্চপদস্থ লোক। [তুল. আমীর উমরা' امیر اُمراء আ.]।

হোঁশ—দ্র. **হুঁশ**।

হোলকুম—দ্র. **হলকুম**।

হোশ—দ্র. **হুঁশ**।

হোশিয়ার—দ্র. **হুঁশ**।

হ্যাঙ্গামা—দ্র. **হাঙ্গামা**।

সমাপ্ত